হাদয়োচ্ছ্ব

ভারতবিষয়ক প্রবন্ধাবলি ।

ত্রীযোগেব্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

বিদ্যাভূষণ এম, এ—প্রণীত।

-50-0(5)0-03-

শ্রীমহেন্দ্রনাথ রায়-সঙ্কলিত।

--- * D D D A ---

২৩ নং কালিদাস সিংহের গলি হইতে শ্রীননীগোপাল মুখোপাধ্যায় কর্তৃক প্রকাশিত।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা

৫৪৷২৷১ নং গ্রে ষ্ট্রীট, আর্য্যযন্তে, এীগিরিশ্চল ঘোষ দারাশমুক্তিত।

বিজ্ঞপ্তি।

কতিপয় বন্ধুর বিশেষ অমুরোধে ''আর্য্যদর্শনে" প্রকাশিত সম্প্রা-দকের রচনাবলির মধ্যে, রাজনীতি ও সমাজবিজ্ঞান-সংক্রাস্ত কতিপয় প্রবন্ধ একত্র সংগ্রহ করিয়া স্বতন্ত্র পুস্তকাকারে প্রচারিত হইল। শুদ্ধ ` বন্দগণের প্ররোচনা-প্রেরিত উত্তেজনায় এই গ্রন্থেব উৎপত্তি হয় নাই। সাময়িক পত্রিকা-লিখিত সন্দর্ভের অতি অল্পসংখ্যকই সাধারণের বিষয়-গোচর থাকে। অমুসন্ধিৎসাশালী পঠনশীল ব্যক্তি ব্যতীত অম্ফের নিকটে তাহাদের অন্তিত্ব অবান্তব। কিন্তু অন্ধশিক্ষিত চৌর্য্য-প্রেয় দলের তাহা প্রধান উপজীব্য হইয়া উঠে। উপরে যাহা বলা হইল, তাহার মধ্যে কল্পনার বর্ণে অন্তর্ঞ্জিত বর্ণমাত্রও নাই। হীনাবস্থ বর্ত্ত-মান বঙ্গীয় হিন্দুসমাজের এক দলের চৌর্যাই আজ কাল প্রধান অব-লম্বন—একমাত্র ব্যবসায়। দৃষ্টান্তস্বরূপ এই স্থলেই নির্দেশিত হইতে পারে, "স্বজাতিপ্রেম ও স্বদেশামূরাগ" "আধুনিক ভারত" ও "ভারতের ভাবী পরিণাম" এই কয়েকটা অবলম্বন করিয়া কিছু দিন হইল, এক বক্তা-পুস্তক প্রচারিত হইয়াছে। অধিক কি, হৃদয়োচ্ছাসের প্রণেতার অন্তত্ম গ্রন্থ মিলের "অবতরণিকার" প্রথমাংশের স্থব্যক্ত ছায়ায় • এক থান জীবনীর স্তুচনা পর্যান্তও হইয়াছে! এইরূপেই মূলীভূতের অসমাননা ও নকলের আধিপতা হয়। তাই বলিতেছিলাম "হৃদয়ো-চ্ছাসের" জন্মের কারণ একাধিক।

এই 'পুস্তকনিবদ্ধ সন্দর্ভসকলে যথেষ্ট উদ্দীপনার প্রসার ও ভীবিতরঙ্গের থেলা আছে; এজন্ম গ্রন্থের আথ্যা "হৃদযোচ্ছ্বাস" দেওয়া
গিয়াছে! ইহাতে ক্রমান্বরে দশটী বিষয়ের বিবরণাত্মক প্রবদ্ধ সমাই
বেশিত আছে। তন্মধ্যে দিতীয় ও তৃতীয় প্রস্তাব আদৌ 'হিন্দ্মেলা' ও
'বঙ্গভাষাসমালোচনী সভায়' পঠিত হইবার জন্ম বিরচিত হয়। এই
সকল, রচনার ভাষা বা ভাব-সন্ধন্ধে সাধারণকে আমাদের আ্রাম্কাভিভি

মতি প্রদান কর' অপেক্ষা, বহুজ ব্যক্তিগণের মতের সারাংশ নির্দেশ কবা আবশ্রক। গুণগ্রাহী পাঠক তাহা দেখিয়া রচযিতাব গভীর প্রক্রুত্বালোচনা, কাব্যোপম স্থানব বর্ণনাচ্ছটা ও সহ্বদয় ভাবোচ্ছা সাদিব বিষয় হ্বদয়সম করিতে সমর্থ হইবেন। বহু আড়ম্বর করা নিপ্রয়োজন। এই স্থলে আমবা কেবল 'অতীত ও বর্তমান ভারত' সম্বন্ধে বিজ্ঞগণের মতামত প্রকটন করিলামঃ—

"অতীত ও বর্ত্তমান ভাবত" কলিকাতান্ত "বঙ্গভানাসমালোচনী সভাব" ৬ ছ বার্ষিক ১ম ও ২য় অধিবেশনে* আলবার্ট হলে প্রদত্ত হয়। উভব দিবসেই মহামান্ত বেভাবেও শ্রীযুক্ত ক্ষুমোহন বন্দ্যোপাধ্যায় মহাশ্য সভাপতিব আসনে আসীন ছিলেন। সভান্থলে সমবেত বিশ্ববিদ্যালযেব অধ্যাপক, বিদ্যাথিবৃদ্দ ও সমাচাবপত্রিকাসম্পাদক প্রভৃতিব উপন্থিতিতে সভায় নযন-মনোবম এক অপূর্ক শোভা হইযাছিল। সে মহা হউক, সভাপতি মহাশ্য সেই স্থানীর্থ প্রীতিপ্রাদ, মহান্ ভাবব্যঞ্জক অথচ গবেষণাসন্থল বক্তৃতাব ভূযদী প্রশংসা কবেন। তাহাব মতে বক্তৃতাব ভাষা 'অসূত্ম্য' +।

আদি ব্রাক্ষসমাজের সভাপতি শ্রদ্ধাম্পদ শ্রীযুক্ত বাবু বাজনাবায়ণ বস্থ নহাশ্য আমাদিগকে কোন পত্রে লিখিতেছেন ‡ — "যোগেল্র বাব্ব প্রবন্ধ পাঠ কবিষা পুলকিত হইলাম। যদ্যণি কোন কোন বিষয়ে তাঁহার সহিত আমাব মতের ঐক্য নাই, তথাপি লেখাটী অতি উংকুট হইরাছে বলিতে হইবে। তিনি আমাদেব বক্তাদিগকে যে, বঙ্গ-ভাষায় বক্তৃতা করিতে অমুবোধ কবেন শ, ইহাতে আমি বিশেষ সন্তুষ্ট হইলাম।"

३२४१ मान, २१८म दिनाथ ७ २वा देकार्छ ।

^{+ &#}x27;वक्र ভाষाসমালোচনী সভাব' কার্য্য বিবৰণ।

[‡] ১২৮৭ সাল, ২৩শে শ্রাবণের পত্র।

শাধারণী সম্পাদকও ইহাকে "চিস্তাপ্রস্ত" * বলিয়াছেন ইত্যাদি।"
আর অধিক মন্তব্য-উদ্ধারের প্রযোজন নাই। সম্পাদকের অক্তান্ত
রচনা-সম্বন্ধে আমরা আমাদের স্বতন্ত কোন মন্তব্য প্রকাশ করিতে চাহি
না। স্থণী পাঠকগণের উপর তাহার ভার অর্পণ করিতেছি। তাঁহারা
পাঠ করিয়া দেখুন যে, উক্ত বর্ণনাব মধ্যে কবিম্ব ও গবেষণা, নীতিজ্ঞত্য
ও ভূয়োদর্শন, ভাষার পারিপাট্য ও ওদার্য্যগুণের সত্তা বর্ত্তমান কি না।
কলে রচনাবলি যে, মৌলিকতা-বিবর্জিত নহে, নির্দেশ অত্যুক্তিমাত্র।

ভারত-বিষয়ক এই সকল চিত্র যদি, ভারতীয়গণের অস্তর-মুকুবে প্রতিকলিত হয়, তাহা হইলেই এই পুস্তক-মুদ্ণরে উদ্দেশ্য সফল।

२० नः मृजाशूत द्वीहै। ১२ই माघ, ১२৮१ मान। শ্রীমহেন্দ্রনাথ রায়। সঙ্গলয়িতা।

[&]quot;এই প্রস্তাবটী বঙ্গভাষাসমালোচনী সভায় পঠিত হয়। বঙ্গ-ভাষাসমালোচনী সভায় পঠিত হয়। বঙ্গ-ভাষাসমালোচনী সভায় পঠিত হয়। বঙ্গ-ভাষাসমালোচনী সভায় পঠিত হয়। বঙ্গ-ভাষার করিতেছেন, তাহাতে তাঁহাদিগকে আময়া অস্তরের সহিত ধয় বাদ না দিয়া থাকিতে পারিলাম না। যে দিন দেথিব, যে, অয়ায় সভায় অধ্যক্ষগন্ন তাঁহাদিগের উদায় দৃষ্টান্তের অয়ুবর্ত্তন করিয়া, বঙ্গ-ভাষায় বক্তৃতাদি আয়য় করিয়াছেন, সেই দিন ব্ঝিব যে, আমাদিগের প্রকৃত জাতীয় জীবন আয়য় হইয়াছে।" [আর্যাদর্শন; ৬৯ থও, ১য় সংখ্যা(১২৮৭, বৈশাথ)]

^{*} সাধারণী ; ১৪ ভাগ, ১৬ সংখ্যা [১৮ই শ্রাবণ, ১২৮৭ সাল]

স্বজাতিপ্রেম ও স্বদেশানুরাগ।



অদ্য উনবিংশ শতাকী। চতুর্দ্ধিক সংস্কার বা পরিবর্ত্তনের স্রোত তর্ তর্ বেগে প্রবাহিত হইতেছে। ধর্মের মূল পরিবর্ত্তিত হইতেছে, সামাজিক নীতির আদর্শ পরিবর্ত্তিত হইতেছে, রাজনীতি নৃতন ভিত্তির উপর সংস্থাপিত হইতেছে, জীবনের লক্ষ্য নৃতন আকার ধারণ করিতিছে। সমস্ত ব্রহ্মাণ্ড যেন আবার নৃতন করিয়া গঠিত হইতেছে। এই বিশ্ববাণী প্রলয়কালে—বখন সকল বস্তুই আমূল আলোড়িত হইতেছে, যখন স্থান্ডা দেশমাত্রই নবীন উৎসাহে মাতিরা উঠিতেছে—জগতের আদি সংস্কারক, সভাতা-মার্গের প্রথম অধিনায়ক, মানবকুলের শৈশবদোলা, ভারত কেন ঘুমাইয়া রয় ?

যে তারে এক দিন আর্য্য-হ্বদয় পরস্পর গ্রাথত ছিল, যে তারে এক
দিন ভারতবাসীমাত্রেরই হৃদয় অনুস্তাত ছিল, সে তার আজ্ কেন ছিন্ন ?
যে তারের বৈচ্যাতিক বলে এক দিন কতিপয়মাত্র আর্য্য ঔপনিবেশিক
অমান্থবী শক্তি লাভ করিয়াছিলেন, যে তারের বৈহ্যাতিক সংযোগে
একটী আর্যাহ্রদয়ে আঘাত লাগিলে এক দিন সমস্ত আর্য্য-হ্রদয় আহত
হুইত, আজ, কেন সেই তার বিযুক্ত ? ভারতকে জগতের আদর্শ বলিয়া
পরিচয় দিয়া যে আর্যাজাতি এক দিন স্বদেশান্থরাগের পরাকান্তা
প্রদর্শন করিয়াছিলেন, যে আর্যাজাতি আপনাদিগকে "আর্য্য" (পূজা,
বা মানবকুলের শ্রেষ্ঠ) এই উপাধি প্রদান করিয়া এক দিন স্বজাতিশ
প্রেদের চূড়ান্ত পৃষ্টান্ত প্রদর্শন করিয়াছিলেন, সে আর্যাজাতি আজ্
কোথায় ? স্বজাতি-প্রেম ও স্বদেশান্থরাগের সে জলন্ত দৃষ্টান্ত আজ্

যৎকালে ঋক্বেদ-প্রণেতা ঋষিগণ কতিপ্য বীর পুরুষ ও কতিপ্য বণিক্-সম্ভিব্যাহারে ধীরে ধীরে হিন্দুকুশ বাহিয়া সিন্ধ উত্তর্ণ পূর্ব্ধক প্রুনদ প্রদেশে অবতবণ কবেন, তথন তাঁহাবা কয় জন ছিলেন? যথন কপালাভবণা কালী তাঁহাদিগেৰ হইয়া অম্বৰ-বিমর্দে প্রবৃত্ত হন. তথন তাঁহাবা ক্ষ জন ছিলেন ? বাক্ষসদিগেব উপদ্ৰবে যথন ঋষি দিগেব পদে পদে তপোবিম্ন ঘটিত, তথন তাঁহাবা ক্য জন ছিলেন ? অভ্ৰভেদী হিমশৃঙ্গ হইতে পাতাল ভেদী দক্ষিণ প্ৰোধি পৰ্য্যন্ত এবং র্প্রবল স্রোতিষিনী সিন্ধু হইতে স্কুদ্র ব্রন্ধদেশ পর্যান্ত এই বিশাল ভাবত-ক্ষেত্রেব প্রায় সমস্তই তথন অস্তব ও বাক্ষসাদি দ্বাবা অধিষ্টিত ছিল। এই বিশাল ভাবত-ক্ষেত্রেব এক সহস্রাংশমাত্রও তৎকালে আৰ্য্যণণ কণ্ডক অধিকৃত ও উপনিবেশিত হয় নাই। ভাৰতেৰ আদিম অধিবাদীদিগেব সংখ্যাব সহিত তুলনাষ, তদানীস্তন আর্য্য ঔপনিবেশিক-দিগেব সংখ্যা অনন্ত সাগবে জলবিন্দু-পতনেব ন্যায বিলীন হইষা যাইত। অস্থব ও বাক্ষসাদি যে ওদ্ধ সংখ্যায় অনন্ত ছিল, এরপ নহে; তাহা-দিগেব প্রবল প্রাক্রমেব অজস্র দৃষ্টান্ত প্রাচীন ঋকুদেব হইতে আধুনিক কাব্য-পুৰাণাদি পৰ্য্যন্ত সমস্ত সংস্কৃত সাহিত্যে পাওয়া যায়। তবে কি ৰলে ও কি সাহদে সেই অসংখ্য ও প্রবল শক্রদিগেব বিকদ্ধে কতিপ্য মাত্র আর্য্য যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হইলেন ? কি সাহসেই বা তাঁহাবা শক্র-সমাচ্চন্ন ভাবত ক্ষেত্রে প্রথম প্রবেশ কবিলেন ৪ তাঁহাদেব কি জীবনে কোন মাধা ছিল না ৷ অস্থব-বাক্ষসাদিব প্রাবল প্রাক্রমের मः वान कि **उँ**। इानिरागत कर्गणाहत इय नाई २ कीवरन माया ना थाकिल তাহাবা স্বদেশ পবিত্যাগ কবিষা অসংখ্য গিবি নদী উত্তবণপূর্ব্বক স্থূদ্ব প্রাচ্য প্রদেশে কথনই আগমন কবিতেন না ৷ অধিকতব স্থাথেব আশা না থাকিলে তাঁহাবা জন্মভূমিব মাষা জন্মেব মত পবিত্যাগ কবিতে শাবিতেন না। আব দৃহস্পতি যে আর্য্যাদিগের উপদেষ্টা, তাঁহাদিগের বৃদ্ধিল শ হইষাছিল, এ কথা নিতান্ত অশ্রদ্ধেষ, এবং চাণক্য যে আর্যা দিগেব মন্ত্রী, উাহাবা যে ভাবতেব শুদ্রাস্থব বাক্ষসাদিব প্রবল প্রবা ক্রমেব বিষয় অবগত ছিলেন না, একথাও বিশ্বাস যোগ্য হইতে পাবে না। তবে তাঁহাবা কি বলে ও কি সাহসে গিবি-নদী সাগব-পবিবেষ্টিত অনন্ত ভাবত-ক্ষেত্রে অবতর্মণ কবিলেন, এবং অবতবণ কবিষা কি বলে ও কি সাহসেই বা প্রবলপরাক্রান্ত আদিম অধিবাসীদিগের সহিত ঘোরতর সমরে প্রবৃত্ত হইলেন ? কি বলেই তাঁহারা অবশেষে রাক্ষস ও অস্তরকুলধ্বংস করিয়া অসীম ভারতক্ষেত্রে একাধিপত্য বিস্তার করিলেন ? কি বলেই বা তাঁহারা শেষে অসংখ্য বিজিত আদিম অধিবাসীদিগকে বিনয়াবনত দাস করিতে সক্ষম হইলেন ? এ মর্মভেদী গভীর প্রশ্নের কে উত্তর দিবে ? স্বজাতিপ্রেমের বলের এরপ উদাহরীণ আর কোথায় ?

যংকালে অসংখ্য জেরাক্সিস্-সেনা প্রবল সাগর তরঙ্গের ন্যার উত্তর গ্রীস্ প্লানিত করিয়া থার্ম্মাপিলি-সমীপে উপনীত হয়, তথন কি সাহসে ও কি বলে বীরচূড়ামণি লিয়োনিডাস্ ত্রিশতমাত্র সহচর সমভিব্যাহারে সেই প্রবল সাগরতরঙ্গের প্রতিরোধে বক্ষ পাতিয়া দিয়াছিলেন ? কি আভাত্তরীণ বলেই বা সালামিস্ যুদ্ধে কতিপয় গ্রীক্ যোদ্ধা জেরাক্সিসের অনস্ত সেনাসাগরের অপ্রতিহত গতি প্রতিক্ষক করিলেন ?

যংকালে বীরবর হানিবাল্ মত্ত মাতক্ষের ন্যায় ইতালী বিলোড়ন পূর্ব্বক অবশেষে কাণি সমরে অধিকাংশ রোমীয় জননীকে পুত্র-বিরহে ও অধিকাংশ রোমীয় পত্নীকে পতিবিরহে বিধুর করিয়াছিলেন, তথন কোন্ দৈবী শক্তি বলে কতিপয় দিবদের মধ্যেই রোমরাজ্য অনন্ত দেনা সংগ্রহ ক্রিলেন ?

যংকালে আফ্রিক্বিজয়ী সিপিয়ো জামাসমরে অজেয় হানিবল্কে পরাজিত করিয়া ছরস্ত সেনা-সমভিব্যাহারে হানিবলের প্রতিহিংসা-বিধানার্থ কার্থেজাভিম্থে ধাবিত হইয়াছিলেন, তথন কি আভ্যন্তরীণ বলের প্ররোচনায় কার্থেজ্ রমণীগণ রজ্জুও অস্ত্র প্রস্তুত করণার্থ, আপনাদিগের কেশমুগুন ও অলঙ্কারোন্নোচন ক্লরিয়াছিলেন?

যংকালে দৃপ্ত রটিশ্-সিংহ সোদর-প্রতিম আমেরিকাবাসীদিগের জ্রন্দনে বধির হইয়া তাঁহাদিগের ইচ্ছার বিরুদ্ধে তাঁহাদিগের উপর কর-ছাপনে বন্ধ-পরিকর হন, তথন কি বলে অস্ত্রশস্ত্রে অসজ্জিত, শিল্প-বাণিজ্য-বিবর্জ্জিত আমেরিকা বৃটিশ্-সিংহের গতিরোধ করিতে সাহ-সিনী হন ? যথন আমেরিকা বৃটিশ্-সিংহের কোপানলে পতিত হন.

তথ্ন আমেরিকাকেও সামান্ত স্থাচিকা হইতে পরিধেয় বস্ত্র পর্যান্ত সমস্ত গৃহদামগ্রীর জন্মই বুটনের মুখাপেক্ষা করিয়া থাকিতে হইত। ভারত অপেক্ষাও আমেরিকা তথন বুটনের অধিকতর মুখাপেক্ষী ছিলেন: ভারতে স্বদেশজাত অনেক দ্রব্য পাওয়া যায়, কিন্তু তৎকালে আমেরি-কাকে চিনিটী পর্যান্তের জন্ম বুটনের মুখাপেক্ষা করিয়া থাকিতে হইত। এরপ অবস্থায় কি বলে আমেরিকা দুপ্ত বৃটিশ্-সিংহের কোপানল উদ্দী-পিত করিতে সাহসিনী হইলেন ? কি আভ্যন্তরীণ তেজ তাঁহাদিগকে বহির্জাত দ্রবামাত্রেরই ব্যবহার হইতে একেবারেই নিরস্ত করিল ? কোন বলেই বা তাঁহারা অচিরকালমধ্যেই আপনাদিগের সমস্ত অভাব বিদূরিত করিতে পারিলেন ? কোন বলেই বা নিরস্ত্র বীরশৃন্ত মার্কিন ভূমি অচিরকালমধ্যে অনন্ত-বীর-প্রদবিনী হইয়া উঠিলেন? কোন্ वल्हे वा এই অনতিপ্রোঢ় বীরমগুলী বৃটিশ্-কেশরীদিগকে বণে পরাস্ত করিলেন ? যে আমেরিকা এক দিন বৃটনের পদভরে বিকম্পিত, যে আমেরিকা এক দিন কিশোর-ব্যস্তা বালিকার ন্যায় সকল বিষয়ে বুটনের মুখাপেক্ষিণী ছিল, যে আমেরিকা এক দিন অনস্ত জাতি-সাগরে একটা নগণা জলবুদ্দমাত্র ছিল, আজ্কোন্বলে সেই আমেরিকা— জগতের সভাজাতিগণের অগ্রগামিনী ? কেন আজ্ সেই স্বগর্ভচাতা ত্মহিতার বীরদর্পে বৃদ্ধা বৃটন-জননী কম্পিত-কলেবরা ?

অজেয় জর্মান্ সেনা রাজরাজেশ্বরী পারি নগরী অবরোধ করিল; দিন গেল, পক্ষ গেল, মাস গেল, অর্ধ বৎসর অতীত হইল; ক্রমে ধনাগার শৃন্তা, অস্ত্রাগার শৃন্তা, থাদ্যাগার শৃন্তা, ক্রমে শৃগাল, ক্র্কুর, অশ্ব, ম্বিক, ভেক প্রভৃতি মন্ত্রেয়র অথাদ্যও উপাদের-থাদ্য-মধ্যে শ্বিগণিত হইল; তথাপি কোন্ আভ্যন্তরীণ বলে বলীয়ান্ হইমা বীরকেশ্রী ফরাশিগণ অদমিত বীর-দর্পে শক্রসেনার ভীষণ গর্জন উপেক্ষা করিলেন? কোন্ বলেই বা তাহারা তাদৃশ বিপৎপাতের পরও অচিরকালমধ্যেই পরাজ্যের নিষ্কু মুস্করপ অগণিত মুদ্রা উত্তোলত করিলেন? কি বলেই বা সেই মৃতপ্রায় জাতি প্রতাপে আবার দিম্প্রেল পরিপুরিত করিলি।?

স্বজাতিপ্রেম ও স্বদেশানুরাগ।

আবার যাও, এক বার ইতালীর দিকে দৃষ্টি নিক্ষেপ কর। • যে ইতালী এক সময়ে তদাপরিজ্ঞাত জগতের অধীশ্বরী ছিলেন, যে ইতালী ইউরোপে ছই বার সভ্যতা ও স্বাধীনতা বিস্তার করিয়াছিলেন, সেই ইতালী প্রায় সহস্র বৎসর দাসত্তে জর্জারিত-প্রায় হইয়াছিলেন; ইতালীর নাম লুপ্তপ্রায় হইয়া উঠিয়াছিল; ইতালীর ইতিহাস—বৈদেশিক প্রবঞ্চক-দের অসত্য বর্ণে রঞ্জিত হইয়া বিক্নতাবস্থা প্রাপ্ত হইয়াছিল; ইতালীর বীর পুরুষগণ নির্বাসিত, জহলাদ-হত্তে হত, কারাগারে রুদ্ধ বা অস্তান্ত নানা নিষ্ঠ্র উপায়ে প্র্যুদন্ত হইতেছিলেন; প্ণ্যভূমি ইতালী ভীষণ শ্বশান-ভূমিতে পরিণত হইয়া উঠিয়াছিলেন; তথাপি কোনু দৈবী-শক্তি-বলে সেই ভীষণ প্রেত-ভূমি হইতে সেই বীর পুরুষগণের রুধির-সিঞ্চনে আবার হুই প্রকাণ্ড বীরতক অভ্যুখিত হইল ? কোন্ আভ্যন্তরীণ বলে ঋষিপ্রবর ম্যাট্সিনি ও বীর-চূড়ামণি গ্যারিবল্ডি সেই শ্রশান-ভূমিতে বহু দিনের পর আবার জীবনসঞ্চার করিলেন ? কোন বলে বলীয়ান হইয়াই বা অসংখ্য ইতালীয় বীর পুরুষ স্বদেশ-উদ্ধাবব্রতে জীবন আছতি প্রদান করিলেন ? আজ কিঞ্চিদ্ধিক সার্দ্ধ দ্বিশত বৎসরমাত্র ব্রিটিশ-কেশরী ভারতে পদার্পণ করিয়াছেন। এই অল্পকালমধ্যে কোন্ দৈবী-শক্তি-বলে ত্রিটিশ্কেশরীর গর্জনে সমস্ত ভারত কম্পারিত? আজ ক্য দিন হইল, ক্য়জনমাত্র শ্বেত বণিক পশ্চিম সাগরের উপকূলে আসিয়া কেমন অদুত কৌশলে ধীরে ধীরে গগনস্পর্শী হিমশৃঙ্গ হইতে সিংহল ও আফগান্সান হইতে ব্রহ্মদেশ পর্যান্ত সমস্ত ভারতে অপ্রতি-দ্বন্দী আধিপতা বিস্তার করিল ? কেন এই কয়েকটীমাত্র খেত পুরুষেব সন্মুণে মোগল পাঠান—মহারাষ্ট্র শিথ—একে একে সকলেই বায়ুর্ নিকট তুষের স্থায় উড়িয়া গেল ? কেন আজ এই গুটিকত খেত পুরুষের সন্মুথে বিংশতি কোটী ভারতবাসী মুংপুত্তলীর স্থায় নিষ্পদ ও নীরব ? কেন আজ্ কাশ্মীর, সিদ্ধু, বরদা, হোল্কর, সিদ্ধিয়া, নিজাম, নেপাল, ভূটান-সকলেই এই খেত-চরণে লুপ্তিত-শির ১ কেন আজ্জোষ্ঠ ভ্রাতা কনিষ্ঠের নিকট গললগ্ধ-ক্নতবাস ? রাজ-রাজে-শ্বর হটুয়া কেন আজ্ আমরা পথের ভিখারী ? রক্ত-প্রসবিনী জননীর.

সন্তান হইয়া কেন আজ্ আমরা অন্নের কাঙ্গালী ? জগতের সভ্যতা-মার্গের নেতা হইয়া, কেন আজ্ আমরা লক্ষ্ণা-নিবারণের জন্ম শ্বেতদ্বীপের মুথাপেক্ষী ? জগতের শিক্ষক হইয়া, কেন আজ্ আমরা সকলের অশ্র-দ্ধার ভাজন ? বীরত্ব-রত্নাকর ভারতের সন্তান হইয়া, কেন আজু আমরা সকলের চরণতলে ? যে সিংহাসন স্থ্য ও চক্রবংশীয় রাজগণ কর্তৃক অলম্ভ হইয়াছিল, কেন আজ্ সেই সিংহাদন শৃত্য ? যে বেদি এক দিন ঋক্ ও সামগায়ী ঋষিবৃদ্দ দারা উদোধিত হইয়াছিল, কেন আজ্সেই বেদি নীরব ? যে ক্ষত্রিয়জান্ত ও ক্ষল্রিয়-শির কেবল অভীষ্ট দেবতা ও বেদগায়ী ব্রাহ্মণগণের নিকটেই বিনত হইত, কেন আজ্সেই ক্ষ্ত্রিয়-জাত্ন ও ক্ষত্রিয়-শির সদা বিলুছিত ১ যে আর্য্য-পতাকা এক দিন জগতে হিন্দুজয়-ঘোষণা করিয়াছিল, কেন আজু সেই আর্য্যজাতির সময় নিরস্তর মদীমৰ্দ্দনে ও পাত্নকাবহনে অতিবাহিত হইতেছে ? যে আৰ্য্য-জাতির সেনা এক দিন পারস্ত, আফ্গান বিদ্লিত করিয়া, স্কুদুর রুন্দনভ (স্কাণ্ডি নেভিয়া) পর্যান্তও উন্মথিত করিয়াছিল, দূরতম আমেরিকা-পর্যান্তও বিজয়পতাকা উড্ডীন করিয়াছিল, কেন আজ্ জগছুন্মাথিনী সেই আর্য্য দেনা মন্ত্রৌষধি-রুদ্ধবীর্য্য ভোগীর ভাগ নিষ্পন্দ ও নিজীব ? যে আর্য্য জাতির রণতরি এক দিন পূর্বে, দক্ষিণে ও পশ্চিমে—জাবা, স্থমাত্রা, বিংহল, স্কুটা, মিসর প্রভৃতি আলোড়িত করিয়াছিল, কেন আজ্ সেই আর্যাজাতি সমুদ্-যাত্রায় ভীত ? যে আর্যাললনা এক দিন বক্ষঃস্থল ছইতে ওল্পায়ী শিশুকে উন্মোচিত করিয়া রণকেত্রে প্রেরণ করিয়া ছেন, কেন আছ্ সেই আর্যাললনা পুত্রকস্থাগণের সাহসিকতা ও বীরত্ব প্রদর্শনের প্রতিকূল ? যে মার্য্য বীরনারী এক দিন স্বামীদঙ্গে ম্যাসংস্থ সমর-ক্ষেত্রে প্রবেশ করিয়। স্থদেশহিত-ব্রতে সোণার অঙ্গ আছতি প্রদান করিয়াছিলেন, কেন আজ্ সেই আর্যানারী স্বামীর স্বদেশামুরাগ-প্রদর্শনের অন্তরায় ? যে আর্য্য বীরনারী এক দিন ধর্মনির্মাণার্থ অঙ্গের স্থবর্ণাভরণ থুলিয়া দিয়াছেন; আবার সেই ধন্তকের ছিলা নির্মাণার্থে একটা একটা করিয়া মস্তকের কেশ ও কাটিয়া দিয়াছেন, কেন আজ সেই আর্য্য-নারী স্বদেশ-হিস্ত-ত্রতে আত্মত্যাগ-বিধুরা ?

বে আর্থাবর্ত্ত এক দিন কুরুক্ষেত্র-রণে অষ্টাদশ অকৌহিণী সেনা প্রেরণ করিতে পারিয়াছিলেন, কেন আজ্ সেই বীরভূমি বীরশূন্য ? বৈ আর্যাতেজ এক দিন দিখিজয়ী আলেক্জাণ্ডারের অপ্রতিহত গতি রোধ করিয়াছিল, কেন আজ্ সেই আর্যাতেজ প্রভাহীন ? যে আর্থাপ্রতাপের সম্মুথীন হইতে এক দিন বীরবর মহম্মদ ঘোরীও ভীত ও চকিত হইয়াছিলেন, কেন আজ্ সে প্রতাপ তেজোহীন ? সহস্র বংসরের দাসত্ত্বেও যে প্রতাপ নির্বাপিত হয় নাই, কেন আজ্ সে প্রতাপ নির্দ্ধির ? রাজপুত্রক্র, মহারাষ্ট্রীয় যুদ্দে, শিথ-যুদ্দে, যে বীর্যাবহ্নি বিক্ষুরিত হইয়াছিল, কেন আজ্ সে বীর্যাবহ্নি নির্বাণ-প্রায় ? যে ভারত-সন্ততিগণ এক দিন বীর-দর্পে মেদিনী বিকম্পিত করিয়াছিলেন, কেন আজ্ সেই ভারত-সন্ততিগণ বীরত্বে মেযপ্রায় ? কি শাপে আজ্ ভারত মাণানপ্রায় ? কি শাপে আজ্ ভারতের জাতার জীবন বিলুপ্রপ্রায় ?

ध क्षम मारवाक्त-कारी भक्तेत क्षम मकरवन एक मीमाश्मा कित्रत १ কিসের অভাবে ভারতের এ তুর্গতি ? কিসেব জন্য পাশ্চাত্য দেশ সক-লের এত উন্নতি ? এই প্রান্ধের একই মীমাংসা—একই উত্তর। স্বাদেশানু-রাগ ও স্বজাতিপ্রেমেব অভাব ও সতা! স্বদেশহিতব্রতে জীবনের পূর্ণ **আহতির** ভাবাভাব। ইহার অভাবে ভারতের এ তুর্গতি—ুইহার ভাবে পাশ্চাত্য দেশ সকলেব এত উন্নতি। যাও আমেরিকায় যাও, যাও খেতদাপে যাও, বারভূমি ফ্রান্সে যাও, যাও জগদীশ্বরী ইতালীতে যাও. যাও জামাণীতে যাও, যাও মৃতোখিত গ্রীদে যাও, যাও জগদিজয়ী কুদে যাও, তাহাদিগের স্ব স্ব দেশের বিরুদ্ধে একটা কথা বল, দেখিবে, অচি রাৎ অগ্নি জলিয়া উঠিবে ! দেখিবে, বাল হইতে বুদ্ধ পর্যান্ত, মূর্থ ছইতে পণ্ডিত পর্যান্ত, অধিক কি, বালিকা হইতে বুদ্ধা পঘান্ত সকলেই ক্রোধে জলিয়া উঠিবে! জলে, স্থলে, জঙ্গলে, পাহাড়ে—যিনি যেখানে আছেন. স্বদেশ ও স্বজাতি তাঁহার একমাত্র উপাস্ত দেবতা, একমাত্র চিস্তাব বিষয়। শয়নে স্বপ্নে, অশনে উপবেশনে, লেখনে, কথনে—স্বদেশা হরাগ্র স্বজাতি-প্রেম তাঁহার হৃদয়ে জাজ্জামান। তাঁহার প্রতি কার্য্যে ও প্রতি চিন্তার স্বদেশামুরাণ ও স্বজাতিক্রেম স্বম্পষ্টরূপে পরিব্যক্ত।

শাহারার ভীষণ মরুভূমিতে, প্রীন্ল্যাণ্ডের ভূহিনরাজিসমাচ্ছাদিত অমুর্কর প্রদেশে, হিমালয়ের উভ্নুঙ্গ শিখরে, অসভ্য-দুস্য-সমাচ্ছর মধ্য আসিয়য়—একটা ইউরোপীয় যে যেখানে আছে, স্বদেশের ও স্বজাতির পরিরক্ষণীয়। একটা ইউরোপীয়ের কেশ স্পর্শ কর, একটা ইউরোপীয়ের প্রোণ নাশ কর; দেখিবে, তাহার জাতি ও তাহার দেশ, তোমার জাতি ও তোমার দেশকে রসাতলে দিবে—দেখিবে, সেই ক্রোধানলে তোমার জাতি, তোমার দেশ, চিরজীবনের জন্ম স্বাধীনতা-হারা হইবে। এক অন্ধ-কূপ-হত্যার অপরাধে মুসলমানেরা চিরকালের মত ভারত হারাইল। এক নার্গের সাহেবের মৃত্যুতে চীন ব্রক্ষ হলস্থূল। এক দৈনক-বধে আবিসিনিয়া সমাকুল! এক দ্ত-বধে আফগানিস্থান ওতপ্লত!

প্রত্যেক ইউরোপীয়ের হৃদয় সদেশাত্ররাগ .ও স্বজাতি-প্রেমে বিচ্ছু-রিত। তাঁহার ধর্ম কর্ম, য়াগ মজ, কাম মোক সমন্তই—সদেশাত্রগণ ও স্বজাতি-প্রেম। তাঁহার স্নেহ, তাহার ভক্তি—প্রবলতর হৃদয়ভাব, সদেশাত্রগাও স্বজাতি-প্রেমের অন্তর্নীন। আমাদিগের রাজ্ঞীর দিতীয় প্রে ডিউক্ অব্ এডিনবরা স্বদেশাত্রগাগ ও স্বজাতি-প্রেমের বশবর্তী হইয়৸পত্নী-প্রেমে বিসর্জন দিলেন। ফ্রান্স, ইতালা, আমেরিকা প্রভৃতিতে স্বদেশাত্রগাগের ভূরি ভূরি দৃষ্টান্ত পাওয়া য়ায়। আমরা আর অধিক দৃষ্টান্ত প্রদশন করিয়া পাঠকগণকে আক্রান্ত করিতে চাহি না। মাহা প্রদত্ত হইল—ম্দি দৃষ্টান্তের উদ্দীপনা শক্তি থাকে—ইহাতেই স্বদেশবাস্থিবের অন্তরে স্বজাতি-প্রেম ও স্বদেশাত্রগাগ উদ্দীপিত হইতে প্রারিবে।

বহু দিনের দাসত্বে স্বলেশালুরাগ ও স্বজাতি-প্রেম ভারতবাসীদিগের কদম হইতে একেবারে উন্দুলিত হইমাছে। যে প্রবল স্বজাতি-প্রেমের বলে এক দিন কতিপ্যমাত্র আর্য্য ঔপনিবেশিক অনন্ত ভারত-ক্ষেত্রে অপ্রতিদ্বনী আধিপত্য বিস্তার করিয়াছিলেন, আবার যে প্রবল স্বজাতি-প্রেমের বলে একণে কতিপ্যমাত্র স্বেত বণিক্ ভারতে অভ্তত-পূর্ক্ব প্রভুষ্ব প্রতিষ্ঠাণিত করিয়াছেন, সে স্বজাতি-প্রেম্ ও সে

স্বদেশানুরাগ ভারতবাদীর হৃদয় হইতে এক্ষণে অন্তর্ধান করিয়াছে। ইংলত্তের উজ্জ্বল দৃষ্টাস্তে সেই স্বদেশামুরাগ ও স্বজাতি-প্রেম ধীরে ধীরে উদ্দীপক সাহিত্য ও স্বাধীন ইতিহাস ধীরে ধীরে ছই.চারি জনের অন্তরে সেই মূল মন্ত্র—স্বদেশামুরাগ ও স্বজাতিপ্রেম—উদ্ঘোষিত করিতেছে। ইংলও! তোমার নিকটে যদি আমরা কোন বিধয়ে ঋণী থাকি, তবে ইহারই জন্ম। কিন্তু তোমার ভাষা, তোমার দৃষ্টান্ত ভারতের বিংশতি কোটী অধিবাসীর কয় জনের অধিগম্য ? এক লক্ষ লোকের নিকটেও ইহা অধিগম্য কি না সন্দেহ। অবশিষ্ট উনবিংশ কোটি একোন-শত লক্ষ লোকের স্বজাতি-প্রেম ও স্বদেশানুরাগ-শিক্ষার কি উপায় ? ইংলও ! শুনিয়াছি, তোমার অনস্ত ঐশ্বৰ্যা ! এক বার চকু বুজিয়া, সেই অনস্ত ঐশ্বর্য্যের কিয়দংশ তোমার অসংখ্য প্রজার উদার শিক্ষায় বিন্যস্ত কর; উদার শিক্ষা বিধান দারা তোমার বিংশতি কোটী প্রজাকে স্বদেশ-হিত-ত্রতে দীক্ষিত কর; তাহাদিগকে স্বদেশ-হিতরতে জীবনকে পূর্ণাহুতি দিতে শিক্ষা দাও; স্বদেশীয় ও স্বজাতীয় ভ্রাতৃগণের জন্ম প্রাণ উৎসর্গ করিতে শিক্ষা দাও; স্বদেশের জন্ম ও স্বজাতির জন্য আত্ম ভূলিতে শিক্ষা দাও; স্বদেশের জন্য স্বদেহের রুধির বিন্দু বিন্দু করিয়া বিসর্জন দিতে শিক্ষা দাও; পিতা যেমন শিশু সন্তানকে হাটিতে শিখায়, তেমনই ধীরে ধীরে আমাদিগকে স্বাধী-নতার পথে লইয়া চল; যথন আমাদিগকে স্বাধীন ভাবে চলিতে সমর্থ দেখিবে, তথন আমাদিগকে স্বাতন্ত্র্য ও স্বাবলম্বন প্রদান কর; তোমার জোষ্ঠের সম্ভতিগণকে পূর্ব্ব গৌরবে প্রতিষ্ঠাপিত কর। ইংলগু। এ সোভাগ্য কয় জনের অদৃষ্টে ঘটে? ইংল্ড় ! এই অনস্ত কীর্ত্তি তোমার হস্তেই রহিয়াছে ! ইংলও ! এই অপ্রাপ্ত-বয়স্ক জাষ্ঠ-সন্ততি-গণের ধন, মান, প্রাণ সকলই তোমার (হস্তে। তুমি ইচ্ছা করিলে তাহাদিগের উদার শিক্ষা বিধান পূর্ব্বক তাহাদিগকে পূর্ব্বগোরবে প্রতিষ্ঠাপিত করিতে পার ও তাহাদিগের নাস্ত ধন তাহাদিগকে প্রত্য-র্পণ করিতে পার। আবার ইচ্ছা হইলে তাহাদিগের মর্বস্থ হরণ

পূর্বক তাহাদিগকে চির অজ্ঞানান্ধকারে আচ্চন্ন রাথিতে 'পার। একে অনস্ক কীর্ত্তি ও অক্ষয় স্বর্গ ; অপরে অনস্ত অপয়শ ও অনস্ত নিরয় ! এক্ষণে তোমার যাহা অভিলায় !

আবাবন ভারতবাসিন্! তোমায় বলি। ইংলও, ফ্রান্স, ইতালী আমেরিকা প্রভৃতির উজ্জ্বল দৃষ্টান্তেও বদি তোমার স্বজাতি-প্রেম ও স্বদৈশাহরাগ উদ্দীপিত না হয়; বদি ইহাতেও তুমি একতা ও আস্মতাগ শিথিতে না পার; বদি ইহাতেও তোমার মনে জাতিগত ও দেশগত গৌরবের ভাব অঙ্কিত না হয়; বদি ইহাতেও তুমি প্রত্যেক ভারতবাসী ও প্রত্যেক জাতীয় লাতার জন্ম ধন, প্রাণ বিসর্জন করিতে না শিথ; বদি ইহাতেও তুমি কেবল আয় লইয়া ব্যতিব্যস্ত থাক,—তাহা হইলে ব্রিব যে, নরকেও তোমার আর স্থান নাই। তাহা হইলে ব্রিব যে, ইংলও, ফ্রান্স, ইতালী, ও আমেরিকার পবিত্র নামগ্রহণে তোমাব কোন অধিকার নাই! ব্রিব, তুমি মৃগার, স্ক্তরাং মৃৎপিণ্ডে ইংলও, ইতালী প্রভৃতির উদার শিকা ও উজ্জ্বল দৃষ্টান্ত প্রতিক্রিত হইল না।

''প্রভবতি শুচির্বিষোদ্গ্রাহে মণির্ন মূদাং চয়ঃ।''

বিশুদ্ধ মণিই বিশ্বগ্রহণে সমর্থ, মৃংপিণ্ড কখনই প্রতিবিশ্বধারণে সক্ষম
নহে। জাপান সেই বিশুদ্ধ মণি, এই জন্ত জাপানেই ইংলণ্ড প্রভৃতির
উদার শিক্ষা ও উজ্জ্বল দৃষ্টান্ত প্রতিফলিত হইল। ভারতবাসিন্!
ইহাতেও যদি তোমার চৈতন্ত না হয়, তাহা হইলে, আর তোমার
কোন আশা নাই!

আধুনিক ভারত।

-\$--\$}-

লাত্গণ! আমি অদ্য অন্তর্জ্জ হইয়া আপনাদিগের সমুথে দঙায়-মান হইয়াছি। বক্তৃতা করা আমার উদ্দেশ্ত নহে। কারণ আমার সাহস ও শক্তি বক্তৃতার অন্তর্জ্ল নহে। তবে আমার কতিপয় বন্ধর অন্তরাধ এই যে—আমি তাঁহাদিগের নিকটে যেমন হৃদয়ের কপাট খুলিয়া ভারতের বর্ত্তমান শোচনীয় অবস্থার বিষয়ে মধ্যে মধ্যে আলোচনা করিয়া থাকি, আপনাদিগের নিকটেও আজ্ সেইরূপ নিমুক্তি ভাবে ভারতের বর্ত্তমান অবস্থা-বিষয়ে, ছই চারিটী কথা বলি। আমি এই গুরুতর বিষয় ভাবিতে এক দিন মাত্র সময় পাইয়াছি, স্কৃতরাং এ প্রস্তাব যে অসম্পূর্ণ হইবে, তাহা বলা বাহল্যমাত্র।

কিঞ্চিদ্ধিক এক শতাকী হইল, এই সোণার ভারত ইংরাজ-বিণিক্দিগের হস্তগত হইয়াছিল। পলাশী-যুদ্ধের দিন হইতে ভারতের মদৃষ্ট-চক্রের গতি-পরিবর্ত্তন আরম্ভ হইয়াছে। মুসলমান রাজাদিগের অত্যাচার ছর্বিবহ হওয়ায়, কতিপয় সম্লাস্ত হিন্দু চক্রাস্ত করিয়া বঙ্গের রাজমুকুট মুসলমানের মস্তক হইতে তুলিয়া ইংরাজবণিকের মস্তকে অর্পণ করেন। সকলেই জানেন, কেমন করিয়া সেই বস্তার জল সমস্ত ভারত প্রাবিত করে। সকলেই জানেন, কেমন করিয়া সেই ধূর্ত্ত বিণিক্ স্চাপ্র পরিমাণে প্রবেশ লাভ করিয়া, এক্ষণে বিশাল শালরূপে পরিণত ইইয়াছেন। হিমালয় হইতে কুমারিকা ও সিদ্ধুর পশ্চিম উপকৃল হইতে বন্ধান্দে পর্যন্ত সমস্ত ভারত এক্ষণে ইংরাজ বণিকের প্রচণ্ড প্রতাপের কম্পান্থিত। ইইটাদিগের দোর্দ্ধপ্রতাপের ভয়ে আজ্ আমাদিগের

^{*} এই প্রবন্ধটা ১২৮০ সালের হিন্দুমেলায় পঠিত হইবে বলিয়া লিথিত হয়। কিন্তু পুলিসের অদ্ভূত মহিমায় মেলাস্থলে যে হুর্ঘটনা উপ-স্থিত হয়, তাহার জন্ম ইহা তথায় পঠিত হুঁয় নাই।

হাদ্য এত দ্ব আফুলিত যে, এরপ প্রকাশ্য হলে আমরা হাদয়ের হার
সম্পূর্ণরূপে উদ্ঘটিত করিয়া কাঁদিতেও অক্ষন। মহারাজ ক্ষণচন্দ্র
যথন পূর্বপ্রভু সিরাজদৌলার প্রতি বিশ্বাস্থাতকতা করিয়া, এই হর্দাস্ত
বিণিক্দিগকে বঙ্গের সিংহাসনে অধিষ্ঠিত করেন, তথন তাঁহার মনে কত
আশা, কত অভিলাষ ছিল! তিনি ভাবিয়াছিলেন যে, ইংরাজেরা যথন
হিন্দ্দিগের বড়যন্তে বিনায়ুদ্দে বা কাল্লনিক যুদ্দে বঙ্গের সিংহাসন পাইলেন, তথন অবশ্রুই তাঁহাদিগকে মন্ত্রিই হৃদয়ে যে ক্তজ্ঞতা বিরাজমান,
তিনি ইংরাজদিগেরও অন্তরে সেই কৃতজ্ঞতার অন্তির অনুমান করিয়াছিলেন। তাঁহার অনুমান অস্বাভাবিক বা অমানুষ গুণের উপর ন্যুন্ত
হয় নাই বটে, কিন্তু তাঁহার একটা ভ্রম হইয়াছিল। তিনি জানিতেন
না যে, যাঁহারা বিশ্বাস্থাতকতা উত্তেজিত করিয়া তাহার ফলভোগ
করিতে কুঞ্জিত নহেন, তাঁহাদিগের পক্ষে স্বকার্য্যাধন হইলে উপকর্তার
প্রতিও বিমুখ হওয়া অতি সহজ।

তিনি ইংরাজদিগকে উপলক্ষ করিয়া মুসলমান প্রাতৃগণের চরণে যে শৃঙ্খল প্রাইতে গেলেন, ধূর্ত ইংরাজদিগের বুদ্ধিকাশলে আপনারাও সেই শৃঙ্খলে আবদ্ধ হইলেন। কান্তকুক্তাধিরাজ জয়চক্রের বিশ্বাসযাতকতায় ভারতের চরণে যে শৃঙ্খল অপিত হয়, মহারাজ ক্ষেচক্রের বিশ্বাস্থাতকতায় সেই শৃঙ্খল উনুক্ত না হইয়া দৃঢ়সম্বদ্ধ হইয়াছে।
আমারা সকলেই আজ্ ওাঁহাদিগের পাপের প্রায়শ্চিত করিতেছি।

যংকালে ভারত ইংরাজাধিকত হয়, তথন ভারতবাসিমাত্রেরই ননে বিশ্বাস জন্মিয়াছিল, ভারতে ইংলণ্ডের ভায় প্রজাতন্ত্র শাসনপ্রণালী প্রতিষ্ঠাপিত হইবে। সকলেই বিশ্বাস করিতেন যে, যে জাতি স্বাধীনতার জন্ত শেতদ্বীপকে রাজক্ষধিরে অভিষিক্ত করিতেও কুটিত হন নাই, সে জাতি দ্বারা জাত্যন্তরের স্বাধীনতাপহরণ অসম্ভব। সে জাতি দ্বারা জাত্যন্তরের স্বাধীনতাপহরণ অসম্ভব। সে জাতি দ্বারা জাত্যন্তরের উপকার ভিন্ন অপকার হওয়া অসম্ভব। দাসত্ব উন্মোচনের নিমিত্ত যে জাতির সহস্র সহস্র রণতরি সদা সপ্তসাগর আলোজিত করিতেছে, সেই জাতি যে স্থানান্তরে দাসত্ব বীজ-বপনে এত পটু

হইবেন, তাহা কে জানিতে পারিয়াছিল ? কে জানিত যে, একাধারে এরপ পরস্পর-প্রতিদ্বী গুণধ্যের সমাবেশ হইতে পারে ?

ইংরাজেরা মনে করিতে পারেন, তাঁহারা আমাদিগের উপর রাজ্য করিতেছেন বলিয়া আমাদিগের ননে এরপ ঈর্ষার ভাব উদিত হই-য়াছে; কিন্ত তাহা নহে। ভারত এক্ষণে যেরপ বিচ্ছিয়াক ও হীনবল, তাহাতে কোন প্রবলতর রাজ্যের আশ্রমে থাকা তাহার পক্ষে সম্পূর্ণরূপে শ্রেম্বর। আমরা কেবল এইমাত্র চাই, যেন সেই বৈদেশিক সংহায্য আমাদিগের ভবিষ্য জাতীয় সঞ্জীবনের প্রতিক্ল না হয়। ইংরাজিদিগের বর্ত্তমান ভারত-শাসনপ্রণালী যে আমাদিগের ভবিষ্য জাতীয় সঞ্জীবনের প্রতিক্ল, তাহা আমরা সহজেই দেখাইতে পারি।

ষথন ইপ্টইণ্ডিয়া কোম্পানীর অধীনে ভারতের শাসনভার অর্পিত ছিল, তথন উক্ত কোম্পানী এই শুক্তর ভারের সদ্মবহারের নিমিত্ত ব্রিটিশ পার্লিরামেণ্ট ও ব্রিটিশ সিংহাসনের নিকট দায়ী ছিলেন। তাঁহাদের ভারত প্রতিনিধি ভারতের গহিত শাসনের জন্ত পার্লিরামেণ্টের নিকটে দণ্ডার্থ আনীত হইতেন। লর্ড হেষ্টিংসের বিচার তাহার নিদর্শন। তথন কোম্পানীর কর্মচারীকে বিধির কঠোর শাসন হইতে পরিরক্ষিত করায় পার্লিয়ামেণ্ট বা মন্ত্রিদলের কোনও স্বার্থসাধন হইত না, স্কৃতরাং তাঁহাদিগের উপর পালিয়ামেণ্ট ও মন্ত্রিদলের সতত কঠোর দৃষ্টি থাকিত। এই জন্ত তৎকালে কোম্পানীর প্রতিনিধিকত কোন অত্যাচাব তাঁহাদের নিকটে ভাল করিয়া জানাইতে পারিলে, তাহার প্রতিবিধান হইতে পারিত।

কিন্তু এক্ষণে তাহার সম্পূর্ণ বৈপরীত্য ঘটিয়াছে! এক্ষণে ভারত—
মহারাণী ও পালিয়ামেণ্টের অব্যবহিত শাসনের অবীনে আসিয়াছে।
এক্ষণে ভারত-প্রতিনিধি অপরের কর্মচারী নহেন, তাঁহাদিগেরই
খাসের চাকর। তাঁহার গৌরব রক্ষা করা, দোষ করিলে তাঁহাকে
দও হইতে উন্মৃক্ত করা, এক্ষণে মহারাণী ও পালিয়ামেণ্টের স্বার্থ।
স্ক্তরাং এক্ষণকার ভারত-শাসন-প্রণালী যে সম্পূর্ণরূপে মথেচ্ছাচারপ্রণালী হইয়া উঠিয়াছে, তিষ্বিয়ে আর সন্দেহ নাই। অর্থাং গ্রবণর-

জেনেরল ও ষ্টেট-সেক্রেটারী যাহাই ভাল ব্ঝেন, তাহাই ভারতের অখগুনীয় বিধি হইয়া উঠে। ইহার উপর আর আপিল নাই। হুই জন ব্যক্তির ইচ্ছাই ভারতের বিংশতি কোটা অধিবাসীর হুর্লজ্ঞানীয় বিধি, ইহা ভাবিতে গেলেও স্থানয় ভয়ে আকুলিত হয়।

আমরা স্বীকার করি, আক্বরের ন্থায় নরপতির হত্তে যথেচ্ছাচাব-প্রণালী সমর্পিত হইলে রাজ্যের মঙ্গল বই অমঙ্গল নাই। কিন্তু ইতি-হাসের আরম্ভ হইতে এতাবৎ কাল পর্য্যন্ত আমরা কয়টী আক্বর প্রাপ্ত হইয়াছি ? সহস্র বর্ষে একটা আকবব জন্মে कि ना সন্দেহ। এরপ স্থলে আমরা হুই একটা ব্যক্তির ইচ্ছার উপর আমাদিগের ধন, প্রাণ ও মান অর্পণ করি কিরূপে ? ভারতের বিংশতি কোটা অধি-বাদীর মন্বলের নিমিত্ত আমরা হুই একটা ব্যক্তির ইচ্ছার উপর নির্ভর করি কিরপে ? ইংবাজ-রাজত্ব-কাল-মধ্যে যদি একটী আকবরও আবিৰ্ভ হইত, তাহা হইলেও আমাদিগেব মনে কিঞ্চিৎ আশাব मकात इटें । यनि देश्ताज-वाजय-कारन এकটी वीतवन, এकটी मान-সিংহ, একটা তোদরমল্ল—দেনাপতিত্ব, শাসন-কর্ত্তব বা মন্ত্রিত্ব-পদে অভিষক্ত হইতেন, তাহা হইলেও আমাদিগের মনে এক দিন আশার সঞ্চার হইত। কিন্তু সমস্ত ইংরাজ-ইতিহাসে এরপ দৃষ্টান্ত একটীও (मथा यांग्र ना। তবে आगता मनरक कि विनया প্রবোধ দিই ? आगो-দিগকে কোন নৃতন স্বত্ব প্রদান করা দূরে থাকুক, আমরা দেখি-তেছি যে, একটা একটা করিষা আমাদিগের স্বভাব-দত্ত স্বত্ব অপহত হইতেছে। কাল বলিলেন, ভোমাদিগকে এই এই স্বন্ধ প্রদান করা যাইবেক; আজু বলিলেন, না—ভোমরা অদ্যাপি উপযুক্ত হও নাই, স্থতরাং এক্ষণে তোমাদিগকে সে সকল স্বত্ব প্রদান করা যাইতে পারে ना : यनि कथन छे अयुक्त इ. ७. ७८० भटत वित्तरहना कता राहे त। ১৮৫৮ সালে সিপাহি-বিদ্রোহের পর শান্তি-সংস্থাপনের জন্য রাজী ৰলিলেন, "অতঃপর জাতি, ধর্মা, বর্ণ ভেদ না করিয়া শুদ্ধ গুণ বিচার পুর্বক তোমাদিগকে রাজ্যের উচ্চতম পদে প্রতিষ্ঠাপিত করা যাই-বেক। এখন হইতে ভাততবাদী ও ব্রিটনবাদী বলিয়া কোন বিষয়েই

कान अल्ल करा गारेत ना।" अलाता किছुपिन मुद्र जाशाहर রহিল; ভাবিল তাহাদের আরাধ্য রাজীর বাক্য কথন মিথ্যা হইতে পারে না। কিন্তু ক্রমে ক্রমে তাহাদিগের সেই ভ্রম বিদ্রিত হইল। বিংশতি বৎসর অতীত হইল, তথাপি তাহারা রাজ্ঞীর লক্য কার্য্যে পরিণত হইতে দেখিল না। আজু হইবে, কাল হইবে, এরপ লুব আশ্বাদে রহিয়াছে, এমন সময়ে দিল্লীর দরবার আসিয়া উপস্থিত इरेन। मकरनरे ভाবिन या, এरे ७७ लाध ताछी उाँशांत भूर्य-প্রতিজ্ঞা কার্য্যে পরিণত করিবেন ৷ অসংখ্য প্রজা নব নব স্বস্থ-লাভের আশার দিল্লীর অভিমুখে, বহিনুখে পতঙ্গের স্থার, ধাবিত হইল। কত ব্যক্তির অন্তরে কত আশা, কত অভিলাষ, ও কত উৎসাহ! বায় বাহাছুর, রাজা বাহাছুর, রাজা মহারাজা, আমীর ওমরা সকলেই উর্দ্ধানে দৌড়িতেছেন। সকলেই ভাবিয়াছিলেন, ভারতে কি এক নবীন সৌভাগ্যের দিন অভ্যাদিত হইবে। ব্যক্তিগত ও জাতীয় আশার সকলেরই অন্তর আপ্লত। নগরে নগরে, গ্রামে গ্রামে নৃত্য, গীত ও মহোৎসব। মুগ্ধ আশ্বাদে সমস্ত ভারত যেন কেপিয়া উঠিল। সামান্ত প্রজা হইতে মহারাজা পর্যান্ত সকলেরই গৃহে মহা সমারোহ উপস্থিত হইল। আমাদিগের ভয় হইল, বুঝি ভারতের মস্তিকে কোন বিপর্যায় উপস্থিত হইয়াছে। যাহা হউক, এই বিশ্বব্যাপী আনন্দোৎসবের পরিণাম কি হইল, না – ছই চারি জন ভারতবাদী রায়বাহাত্বর রঙ্গে অভিরঞ্জিত হইলেন। তুই চারি জন রায়বাহাতুরও রাজাবাহাত্র হইলেন। তুই চারিজন রাজাবাহাত্র মহারাজ হইলেন। যাহারা উনবিংশ তোপ পাইতেন, তাঁহারা একবিংশ তোপ পাইলেন যিনি একবিংশ তোপ পাইতেন, তাঁহার একত্রিংশ তোপ হইল, যিনি তোপ পাইতেন না, তাঁহার ত্রোদশ তোপ হইল, মহারাণীর এক শত এক তোপ হইল। স্বাধীন রাজাদিগের কণ্ঠে অধীনতাপদক লম্বমান হইল, জাঁহারা রাজা হইতে উচ্চতম পদ সেনাপতিত্বে বৃত হইলেন! অবশেষে প্রাড়ের চূড়ান্ত পরিণামস্বরূপ লর্ড লীটন স্বাধীন রাজাদিগকে এই মর্ম্মে বলিলেন—তোমরা আর এখন ছইতে স্থাধীন রাজা বলিয়া

পরিগণিত হইবে না, তোমরা এখন হইতে মহারাণীর মন্ত্রি-সভার সভামাত্র বলিয়া পরিগণিত হইবে। ইহাতেও তোমবা যদি আপন ইচ্ছায় রাজভক্ত না হও, তাহা হইলে, তোমাদিগকে বলপূর্বক রাজভক্ত করিব। আনর প্রজা-সাধারণ। তোমরা অদ্যাপি কোন কার্য্যেরই হও নাই, স্কুতরাং একণে তোমাদিগের কোন উচ্চ পদের আকাজ্ঞা বার্মন হইয়া চাঁদে হাত দেওয়ার ইচ্ছার স্তায় হাস্তাম্পদ হইবে। তোমরা এরপ ছরাকাজ্ফা করিও না। আমরা যে ছই চারি টাকা অমুগ্রহ করিয়া দিতেছি, তাহাতেই তোমরা এক শাঁজ করিয়া খাইয়া কথঞ্চিং সম্ভষ্ট থাক। মহারাণী তোমাদিগকে পূর্ব্বে যে আশ্বাস-বাক্য প্রদান করিয়াছিলেন, সে আখাস বাক্যে আপাতত মুগ্ধ হইও না। তোমরা यদি কথন উপযুক্ত হও, তাহা হইলে, মহারাণীর সে কথা বিচার করা যাইবেক। আর তোমরা উপযুক্ত হইয়াছ কি না, সে বিচারের ভার আমাদিগেরই হাতে এবং আমরাও বিশেষ বিবেচনা না করিয়া তোমাদিগকে উপযুক্ত বলিয়া স্বীকার করিব না। ইহাতেও তোমরা যদি রাজভক্ত না হও, তাহা হইলে, তোমাদিগকেও বলপ্রক্ রাজভক্ত করিতে চেষ্টা করিব।

মহারাণীর ১৮৫৮ থৃষ্টাব্দের বক্তায় আমাদিগের মনে যে কিছু
আশা ভরসা হইয়াছিল, লর্ড লীটনের দিল্লীর বক্তায় আমাদিগের সে
সমস্ত আশা একেবারে সমূলে উন্পূলিত হইয়াছে। প্রলম্ব-ঝটকার পর
যে স্তর্কভাব, আমাদিগের হৃদয়ের এক্ষণে ঠিক সেই স্তর্কভাব। আমরা
কোন্ দিকে যাইব, কি করিব, কিছুই স্থির করিতে পারিতেছি না।
যে তুই চারি জন উপাধি পাইয়াছেন, তাঁহারা ভিন্ন ভারতের আর
সমস্ত অধিবাসীই হতাশ হইয়া পড়িয়াছেন। সকলেই কোন না কোন
প্রকারে মর্মাহত হইয়াছেন। সকলে যেন এতদিন মোহনিদ্রায় অভিভূত ছিলেন, এত দিন পরে যেন তাঁহাদের চৈত্তা হইল। চৈত্তালাভের
পর সকলেরই মনে এই প্রশ্ন সমুদিত হইল, "ইংরাজরাজত্ব আমাদের কি আশা?" ইংরাজদিগের সহিত স্বাধীন বাণিজ্য-যুদ্ধে ভারতের
বাণিক্য-প্রতিভা অভুরে বিদ্বিত হইল। শিল্পও ক্রমে ক্রমে অন্তর্ধান

করিল। ভারতের যে বন্ধ ও অলফার জগতের বিশ্বয়োদীপক ছিল, তাহা ক্রমে ক্রমে অবমানিত ও অধঃকৃত হইল, স্মতরাং কর্মকার ও তস্তু-বায়-কুল একেবারে উৎসম হইয়া পড়িল। যে অর্থে অসংখ্য ভারতীয় শিলীবা প্রতিপালিত হইতে পারিত, সেই অর্থে এক্ষণে অসংখ্য বৈদে-শিক শ্রমোপজীবী প্রতিপালিত হইতেছে। এক দিকে ভারতের শিল্পীরা দিন দিন শুদ্ধ উদরাল্লের জন্ম লালাগ্নিত হইতেছে, অন্ত দিকে বৈদেশিক শিল্পীরা দিন দিন ঐশ্বর্যাশালী হইয়া পড়িতেছে। শিল্প ও বাণিজ্য ত এই রূপে একপ্রকার বিলুপ্ত হইয়া যাইতেছে। এক্ষণে কৃষিই সাধারণ লোকের জীবন ধারণের একমাত্র উপায় রহিয়াছে। কিন্তু ইহাও অর্থ-সাধ্য। অর্থাভাবে কুষকেরা ইহারও উন্নতিসাধন করিতে পারিতেছে না। মহাত্মা আকবর তাঁহার করসংগ্রাহকদিগকে আদেশ করিয়াছিলেন (य, ठांहाता (यन क्रयकिनारक अर्याजन हरेलारे अर्थमाहाया करतन, তাঁহাবা যেন দকল অবস্থাতেই তাহাদের প্রতি দহাত্বভূতি প্রকাশ করেন, তাঁহারা যেন সর্বতোভাবে তাহাদের অবস্থার উৎকর্ষ সাধন করিতে সচেষ্ট হন। কই ইংরাজ গবর্ণমেণ্ট ত কলেকটরদিগের প্রতি এরপ কোন আদেশ প্রদান করেন নাই, অথবা যদি করিয়া থাকেন. তাহা ত কার্য্যে পরিণত হয় নাই। ইংরাজ গবর্ণমেন্টের অধীনে কৃষি, বাণিজ্য ও শিল্পের ত এই দশা গেল। আমাদিগের একমাত্র আশা ছিল, রাজকর্ম। লর্ড লীটনের বক্তৃতাও সেই চিরলালিত আশালতাকেও সমূলে উন্মূলিত করিল। এক্ষণে আমরা করি কি, যাই বা কোথায় ? আমরা প্রতি বংসরে বিশ্ববিদ্যালয় হইতে অসংখ্য ছাত্রকে প্রশংসা-পত্রদহ বহির্গত হইতে দেখিতেছি। আমাদিগের প্রথমে ইহাতে বড়ই আনন্দ বোধ হইত। কিন্তু এক্ষণে এই শোচনীয় দুখে আমা-দিগের হৃদ্য কাদিয়া উতে। আমরা যথন বিশ্ববিদ্যালয় হইতে এম, এ পরীক্ষা দিয়া বহির্গত হইয়াছিলাম, তথন আমাদিগের মনে কতই আশা, কতই উৎসাহ ছিল। তথন স্বদেশের "এ করিব" "ও করিব" বলিয়া আমাদিগের মনে কত-প্রকার ইচ্ছা হইত, কিন্তু এক্ত

''উত্থায় হৃদি লীয়ন্তে দ্রিদ্রাণাং মনোর্থাঃ''

मविद्युत मरनात्ररथत छात्र रमरे मकल रेक्टा **आ**मामिरशत क्रमस्य উথিত হইয়াই অন্তর্লীন হইতেছে। আমাদিগের জ্ঞান, আমাদিগের শিক্ষা, আমাদিগের কেবল যাতনার কারণ হইয়া উঠিয়াছে। আমরা জানিতে পারিয়াছি, এই সকল কার্য্য করিলে আমাদের জাতীয় গৌরব ও মন্ত্রয়-নামের মহত্ব পরিরক্ষিত হইতে পারে। কিন্তু যে যে উপায়ে আমরা সে সকল কবিতে সমর্থ, আমরা সে সকল উপায়ে সম্পূর্ণকপে বঞ্চিত। আমরা সকলের ঘুণাব কারণ হইয়াছি, যেহেতু আমরা চাকরী ও ওকালতী-প্রভৃতি ভিন্ন অগ্র কোন জীবিকা অবলম্বন করি না। কিন্তু আমরা জানি না যে, চাকরী ও ওকালতী প্রভৃতি ভিন্ন আমর। অন্ত কোন জীবিকা অবলম্বন করিতে পারি ? আমাদের শিক্ষা আমাদিগকে যাহা কবিয়া দিহেছে, তাহা ভিন্ন আমবা আর কি হইতে পারি ? আমবা অন্ত যে দিকেই দাইব, সেই দিকেই মূল-थरनत প্রয়োজন। মলধন আমাদের নাই। আমাদের ধনি-বৃন্দও নিতান্ত স্বার্থপব। ভাহার। সঞ্চিত অর্থ কেবল আপনাদিগের রুণা আমোদ-প্রমোদে ব্যয়িত কবিষা থাকেন। তদর্বশিষ্ট যাহা থাকে, তদ্বারা অল্ল স্থানে গ্রথমেণ্টের কাগজ ক্রয় করিবেন, তথাপি অধিক-লাভ-কর বহির্বাণিজ্য, কৃষি বা শিল্পে প্রযুক্ত করিবেন না। তাহা হইলে তাঁহাদিগেরও অধিকত্ব লাভ হটতে পারে এবং দেশীয় মন্তিম্ব পরিচালিত ও দেশায় শোণিত পরিপোষিত হইতে পাবে। কিন্ত তাঁহারা তাহা করিবেন কেন্ উদরান্নের জন্ম তাঁহাদিগকে ত লালায়িত হুইতে হয় না। তাহাদিগের স্বদেশীয় ভাতৃগণের জুরবস্থার সহিত তাহাদিগের কি সম্বন্ধ আছে যে, তাঁহাদিগের সঞ্চিত ধন তাঁহারা এরূপ সংশ্বিত কার্য্যে প্রযুক্ত করিবেন ? এক দিকে অধিকতর লাভের সম্ভা-বনা, সেইরূপ অভা দিকে মূল-ধনের সমূলে বিনষ্ট হওয়ারও সম্ভা-বনা বহিষাছে। এরপ হলে তাঁহারা কি জন্ম এরপ অসমসাহসিক-তায় প্রব্রুত্ত হইবেন? স্কুরাং অধিকতর লাভের আশা দেখাইয়া

তাঁহাদিগকে ইহাতে প্রবৃত্ত করা অসম্ভব। তাঁহাদিগের অন্তর যদি স্বদেশীয় ত্রাত্গণের ত্রবস্থা দেখিয়া আপনি না কাঁদে, তাহা হইলে, তাঁহাদিগকে ইহাতে প্রবৃত্ত করে কাহার সাধ্য ? কিন্তু করে যে তাঁহা-দিগের অন্তর স্বদেশীয় ত্রাতৃগণের জন্ম কাঁদিবে, আমরা জ্লানি না; এবং তাহা না হইলেও আমাদিগের স্থশিক্ষিত দলের আর কোন আশা নাই।

স্থতরাং একটীমাত্র দার স্থশিক্ষিতদিগের সন্মুখে উন্মুক্ত রহিরাছে তাঁহারা ইচ্ছা করিলে সরস্বতীর বরপুত্র হই হা মসীমর্দ্দন ও মস্তিষ্ক পরি-চালন দারা জীবন দগ্ধ করিতে পারেন। কিন্তু সরস্বতীর বরপুত্রদিগের সাধারণ অবস্থা দেখিয়া কেফ সহজে এ পথে অগ্রসর হইতে চাহেন না। এই ব্যবসায়ে ছই চারি জনকে সৌভাগ্যশালী হইতেও দেখা গিয়াছে সত্য, কিন্তু এই ব্যবসাধের ব্যবসাধীদিগের সাধারণ অবস্থা অতি শোচনীয়। বাঙ্গালাভাষা যেরূপ সক্ষতঃ অনাদত, তাহাতে নবস্থাস, নাটক ও স্কুল বই বাতীত ইহাতে অন্য কোন গ্রন্থ লিখিলে मुजाक्षन-वाय-भर्याच निकां इंदेश डिठा कुकत । नवनाम, नाउक ख স্কুল বইয়ে কিঞ্চিং লাভ হয় বলিয়া, অধিকাংশ গ্রন্থকারই সেই দিকে ঝুঁকিয়াছেন। এই কারণে এই শ্রেণীর গ্রন্থকাবদিগের আয়ও ক্রমে সহস্র ভাগে বিভক্ত হইয়া কমিয়া যাইতেছে। এ বাবসায়ে প্রতিদ্বন্দীব সংখ্যা বাড়িতেছে, কিন্তু প্রতিযোগিতাক্ষেত্র পূর্ববং একইরূপ সন্ধীর্ণ রহিয়াছে। স্থতরাং গুর্ভিক্ষ-পীড়িতের ন্যায় এই শ্রেণীর প্রন্থকারেরা পরস্পরের মাংস ভক্ষণ আরম্ভ করিয়াছেন। এই তর্ভিকের সমযে আবার বৈদেশিক অর্থলোলুপ গ্রন্থকারেরা প্রতিদন্দিতাক্ষেত্রে অবতীর্ণ হইয়া ইংরাজী হইতে বাঙ্গালা পুস্তকের অনুবাদ আরম্ভ করিয়াছেন। তাঁহারা নানাপ্রকারে আমাদিণের শোণিত শোষণ করিতেছেন: আমা-দিগের মাংদে তাঁহাদিগের উদর পরিপূরিত করিতেছেন, আমাদিগকে কল্পালমাত্রে পরিশিষ্ট করিয়াছেন, তথাপি তাঁহাদিগের পরিতৃথি ও निवृद्धि नारे। यथन এদেশীয় গ্রন্থকারেরা অন্ন বিনা মারা ঘাইতেছেন, যথন ছর্ভিক্ষের জালায় তাঁহারা পরস্পরের মুখের গ্রাস পরস্পরের মুখ

इटें का किया नहें एवं वाका इटें एक है, त्मरे की यन यो जनात ममत्य তাঁহারা কৌতুক দেথিবার নিমিত্ত প্রতিশ্বন্দিতাসমরে অবতীর্ণ হইয়াছেন। পুস্তক-নির্বাচন বিষয়ে তাঁহাদিগেরই হাত, স্থতরাং তাঁহারা অনায়াদে নিরূপায় বাঙ্গালীকে প্রাস্ত করিয়া আপ্নাদের অভীষ্ট্রসাধন করিতে-ছেন। গ্রন্থকারদিগের মধ্যে যাহাদিগের কিঞ্চিৎ লাভ ছিল, তাঁহা-দিগের ত দশা-পরিণাম এই হইল। আর এক শ্রেণীর গ্রন্থকার আছেন, তাঁহাদিগের অবস্থা আরও শোচনীয়। ইহারা সাধারণতঃ সম্পাদক নামে অভিহিত হইয়া থাকেন। ইহারা সাময়িক পত্রের প্রচার দারা পৈতৃক ধনের বা স্বোপার্জিত অর্থের ধ্বংস করিয়া থাকেন। দেশের মঙ্গল সাধন করা তাহাদিগের উদ্দেশ্য। কিন্তু দেশের মঙ্গল সংসাধিত হউক বা না হউক, তাহাদিগের নিজের অমঙ্গল নিশ্চিত। ক্রমে তাঁহাদিগের মনের স্বাধীনবৃত্তি সকল এতদূর তেজস্বিনী ইইয়া উঠে যে, তাঁহাব। ক্রমে পরের উপাদন। ও পরেব দাসত্ব করিতে অক্ষম হইয়া উঠেন। কিন্তু সাহেবেব উপাদনা :ও সাহেবের দাসত্ব ব্যতীত আজ্কাল যে অর্থসম্বন্ধে আমাদিগের কোন উন্নতির আশা নাই, তাহা বলা কেবল বাহুলামাত। সেই সাহেবদিগের সহিত সম্পাদক-দিগের ত চিরশক্তা দাড়াইয়া যায। তাঁহারা অনেক সময়ে সাহেবের বিচারকর্ত্তা হইয়া দাড়ান। এই জন্য সাহেবদিগের অধীনে চাকরী করাও তাঁহাদিগের পক্ষে অতিশয় ক্লেশকর হইয়া উঠে। এই জন্য তাঁহাদিশের অর্থবিষ্যক উন্নতির দার এক-প্রকাব কন্ধ হইয়া যায়। কিন্তু যে দেশের উন্নতি-সাধন করিবেন বলিয়া, তাঁহাবা নিজের উন্নতির আশায় জলাঞ্জলি দেন, সে দেশের লোকের তাঁহাদিগের প্রতি কিরূপ ব্যবহার ? নিঃস্বার্থভাবে সম্পাদকদিগের উৎসাহ-বর্দ্ধন করা দূরে থাকুক, কাগজ লইয়া তাঁহারা অনেকেই দাম দিতে চাহেন না। সম্পাদকেরা বে কি থাইয়া তাঁহাদিগের জন্য লড়িবে, তাহা তাঁহারা এক বারও ভাবিষা দেখেন না। সম্পাদকদিণের নিজের উদর পূরণ করা দূরে থাকুক, কি দিয়া তাঁহারা মুদ্রাঞ্চনের ব্যয়-নির্ব্বাহ করিবেন, তাহাও তাঁহারা ভাবিয়া দেখেন না। স্বদেশীয় রাজা হইলে, সম্পাদকদিণের সহিত রাজার সহযোগিতা হইতে পারিত; কিন্তু বৈদেশিক রাজার সহিত সম্পাদকদিণের স্বভাবসিদ্ধ প্রতিযোগিতা। স্থতরাং তাঁহাদিণের একমাত্র মালাস্থল স্বদেশীর লাতৃগণ। কিন্তু আমরা পূর্কেই বলিরাছি যে, সম্পাদকদিগের কটে স্বদেশবাসিগণের হৃদয় বিচলিত হর না। স্থতরাং সম্পাদকদিগের দরের থাইয়া বনের মহিষ তাড়ান ভিন্ন অক্টিউপায় নাই। আর এক শ্রেণীর গ্রন্থকার আছেন, যাঁহাদিগের লিথিত গ্রন্থ নবস্তাস, নাটক বা স্কলের বই এ কোন শ্রেণীর অন্তর্গত নহে। তাঁহারা বাঙ্গালা ভাষার উন্নতি-সাধনের নিমিত্র উচ্চদরের পূস্তক লিথিয়া থাকেন। ইইাদিগেরও দশা, সম্পাদকদিগের ন্যায়, স্থতরাং ইইাদিগের বিষয় আর অধিক করিয়া বলা বাছল্য। স্থতরাং এ জীবিকা সাধাণরণের প্রলোভনীয় হউতে পারে না। স্থাণিকিত দলের সন্মুথে আর কোন স্বাধীন জীবিকাদার উন্মুক্ত আছে কি না, আমরা জানি না।

পরম্পরের প্রতি পরস্পরের সহায়ভূতি না গাকায় আজ আমাদের এই দশা ! এখনই আমাদিগের ত্রবস্থার প্রিসীমা নাই। এর পর আরও কি হইবে, ভাবিতে গেলে ভয় হয় । আমাদিগের প্র পৌল্র-দিগের যে কি দশা হইবে, তাহা আমরা ভাবিয়া স্থির করিতে পারি না। ক্রমে শিক্ষার বায় গুরুতর হইয়া উঠিতেছে। একজন ভদ্রংশোদ্ভব কেরাণীর বেতন বিশ টাকা, কিন্তু পুত্রের সংখ্যা পাঁচটী। পাঁচটীকে ভাল করিয়া লেখাপড়া শিখাইতে হইলে, তাহাদের বিদ্যালয়ের বেতন দিতে হইলেই, তাঁহার নিজের বেতন পর্যাবদিত হয়। মূর্য করিয়া রাখিলেও তাহারা চিরজীবন গলগ্রহম্বরূপ হইবে এবং সমাজে তাহাদিগকে শুর্য করিয়াও রাখিতে পারেন না। এছলে তিনি কি করেন ? কেরাণীর উপরি লাভের সন্থাবনা নাই। স্করয়াং আগত্যা তাঁহাকে পরের শরণাপন্ন হইতে হয়। একজন এম, এ পরীক্ষায় উত্তীর্ণ হইলেন, তাঁহার উর্দ্ধ-সংখ্যা একশত টাকা বেতন হইল। অসংখ্য নিরম্ন কুটুদ্ব আদিয়া তাঁহার গল-লয়্ম হইলে। স্লেহ-কোমল হিন্দুহালয়

আত্মীয় স্বজনের হুংথে উপেক্ষা করিতে না পারিয়া সোণামুথ করিয়া সেই গুরুভার বহন করিতে লাগিলেন। যত দিন তাঁহার পুত্রাদি না হইল, ততদিন তিনি হু:থে কষ্টে সেই গুরুভার কথঞ্চিৎ বহন করিতে পারিলেন, কিন্তু সন্তানাদি হইবামাত্র নানা-প্রকার খরচ বাড়িয়া গেল; যে আত্মীয় স্বজনের গুরুতার মস্তকে গ্রহণ করিয়াছেন, তাঁহাদিগকেও বঁলিতে পারেন না, অথচ দেখিতেছেন, তাঁহার আয়েও সন্ধুলান হয় না। সাহেবের নিকট বলিলেন, "সাহেব। একশত টাকায় আর কুলায় না।" সাহেব পূর্ব্বসংস্কার মনে করিয়া আছেন। ত্রিশ বৎসক্ত পূর্ব্বে তিনি যথন জাহাজ হইতে নামিয়াছিলেন, তথন শুনিয়াছিলেন, এক শত টাকায় এক জন বাঙ্গালী ভদ্র লোকের বেশ চলিতে পারে। সেই পূর্ব্বসংস্কার তাঁহার মনে বদ্ধমূল হইয়া আছে। এদিকে তাঁহাবা আসিয়া আমাদের যে কি সর্বানাশ করিয়াছেন, তাহা তাঁহার মনে নাই। আগে আমাদের একথানি ধৃতি ও এক থানি চাদর হইলেই যথেষ্ট হইত; किन्छ এক্ষণে আমাদিগের বুট জুতা চাই, ष्टेकिং চাই, পিরান চাই, **ठानत** ठारे, आवात वाहित्व यारेट रहेत हेरात छेपत तथा लग, চাপকান, টুপি বা পাকড়ী প্রভৃতি আদবাব চাই। এ সকল না হইলে আবার সাহেব! তুমি আমাদিগকে তোমার নিকটে যাইতে দিবে না। বাটীর কর্ত্তা যথন এই সকল পরিচ্ছদ ধারণ করিলেন, তথন যে, বাটীর অন্যান্য লোক কিয়ৎ পরিমাণেও তাঁহার অনুকরণ করিবে, তাদ্ধয়ে আর সন্দেহ নাই। স্কুতরাং প্রত্যেকের এক দফা করিয়া পরিচ্ছদ প্রস্তুত করিতে হইলে গড়ে দশ টাকা করিয়া পড়িয়া যায়। ইহার উপর আৰার প্রত্যেক প্রত্যেক দ্রব্যের মূল্য চতুর্গুণ করিয়া বাড়িয়াছে। এসকল কারণ-সত্ত্বেও সাহেব বলিলেন, "এক শত টাকায় বেশ চলিতে পারে।" বেশী পীড়াপীড়ি করিলে বলেন যে, "ইহাতে সম্ভই না হও, উন্নতির অন্ত চেষ্টা দেখ।"

বাঁহারা উচ্চ শিক্ষার উচ্চতম শাখার আরোহণ করিয়াছেন, তাঁহা-দিগের ত এই দশা। বাঁহাদিগের ইহার মধ্যে পদস্থলন হয়, তাঁহা-দিগের অবস্থা আরও শোচনীয়। যিনি প্রবেশিকা পরীকায় উত্তীর্ণ हरें भातित्वन ना, जिनि उ मस्या-मत्यारे भतिश्वि इरेलन ना। ১০১ টাকার চাকরীর জন্ম তাঁহাকে দ্বারে দ্বারে পরিভ্রমণ করিয়া বেড়া-ইতে হয়। যিনি প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইলেন, তাঁহার মাসিক উর্দ্ধসংখ্যা ১৫ টাকার সংস্থান হইল। যিনি এল, এ পরীক্ষায় উত্তীর্ণ যিনি বি, এ পরীক্ষায় উত্তীর্ণ হইলেন তাঁহার উর্দ্ধনংখ্যা ৫০১ টাব্ৰুক শংস্থান হইল। বাজারের দর ক্রমেই কমিতেছে। ক্রমেই কর্ম অপেক্ষা কর্মচারীর সংখ্যা বাড়িতেছে। ২০ বৎসর পরে যে কি হইবে, তাহা ভাবিতে গেলে হাদয় বিকম্পিত হয়। যাঁহারা বিদ্যালয়ে উচ্চ শিক্ষা পাইতেছেন, তাঁহাদিগের ত এই দশা। আবার যে সকল ভদ্র সস্তান অবস্থার দোষে ইংরাজী শিক্ষা পাইতে পারেন নাই, অথচ হলচালন क्तिएउ अक्रम, ठाँगिनिश्त अवसा एनिश्त इनम विनीर्ग इहेमा गाम। যাঁহারা বলেন যে তাঁহারা হলচালন করেন না কেন তাঁহারা অতিশয় মূর্থ। অধিকতর বলিষ্ঠ ও পরিশ্রমসহিষ্ণু কৃষকদিগের সহিত প্রতি-ছন্তিতা করা তর্কালতর ও শারীরিক-পরিশ্রমকাতর ভদ্রসন্তানের পক্ষে একাস্ত অসম্ভব। আব কৃষকদিগের অবস্থা এত কি লোভনীয় যে তাহাদিগের সহিত প্রতিদ্বন্দিতাসমরে ভদ্রসম্ভতিগণের অবতরণ করা উচিত। আমরা বিশেষ অনুসন্ধান দারা জানিতে পারি, যে, টাকার স্থদ ও थत्र वार्ष क्रयरकत गर्ड मानिक ६ वोकात छेई लाज इस ना। এক জন মধ্যবিৎ লোকের ৫ । টাকায় কথন সংসার চলে না। এরপং স্থলে তাঁহারা কি করিবেন ? হয় তাঁহাদিগকে পরের গলগ্রহ হইয়া थाकिटा इटेरा, नम्र जिक्कानानमाम् अननम्बन कतिराज इटेरा। এরূপ জীবিকা যে কিরূপ ক্লেশকর, তাহা ঘাঁহারা অবলম্বন করিয়াছেন. তাঁহারাই জানেন। এই ভীষণ অন্নযুদ্ধের সময় আবাব লর্ড লীটন কর্ত্তক আশার মূলে কুঠারাঘাত। ভারতবাদীর মনে আশা ছিল যে ক্রমে ক্রমে তাঁহারা রাজ্যের অধিকাংশ উচ্চ কর্ম প্রাপ্ত হইবেন। তাঁহাদিগের বিশ্বাস ছিল গে ক্রমে ক্রমে ভারতে খেতাঙ্গের আমদানী ক্রমিয়া মাইবে। কিন্তু একণে সে বিশ্বাস তিরোহিত হইরাছে, সে আশা

সমূলে উন্মূলিত হইয়াছে। আমরা জানিতে পারিয়াছি যে ইংরাজেরা সহজে আমাদিগের মুখের গ্রাস আমাদিগকে প্রত্যুপ্ন করিবেন না।

এই নিরাশ সময়ে আমাদিগের একটা মাত্র উপায় করতলম্ভ রহিয়াছে। আমরা ইচ্ছা করিলে সেই উপায় দ্বারা বিনা যুদ্ধে, বিনা রক্তপাতে, ইংরাজদিগের উপর জয়লাভ করিতে পারি। এই উপায় একতা ও আত্মত্যাগ। ইংরাজ জাতি অতিশয় স্বাধীনতাঞ্চিয়, এই জন্ত সাধারণ মতকে (Public opinion) ইহারা বিশেষ মাস্ত করিয়া থাকেন। সমস্ত ভারতবাসী যদি একস্বর হইয়া ই॰লণ্ডের, নিকট কোন বিষয় প্রার্থনা করিতে পারেন, ইংলও সে প্রার্থনা কথনই অগ্রাফ করিতে পারিবেন না। ইংলণ্ডের এ ওদার্ঘা ও এ মহত্ব আছে। সমস্ত ভারতবাসীর একস্বর হইতে হইলে তাঁহাদিগকে মগ্রে একত্র भिनिত इटेरें इटेरेंव। विःभिंठ कोंगे जीवज्यामी यनि वरमस्त অন্ততঃ এক দিনও জাতি, ধর্ম, সমাজের পার্থকা ভুলিয়া ভাতৃভাবে একত্র মিলিভ হইতে পাবেন, তাহা হইলে জানিতে পারিব বে ভারতের সৌভাগ্য-স্থ্য উদিত হওয়াব আর বিলম্ব নাই। ভারতের সমস্ত অধিবাসী বংসরে অস্ততঃ এক দিনও একত মিলিভ হইতে পারেন, এমন একটা উপলক্ষ চাই, এমন একটা স্থান চাই। আমবা মেলার অধ্যক্ষদিগের নিকট কর্যোড়ে এই ভিক্ষা চাই, ওাঁহাবা रान এই মেলাকে কোন मङ्गीर्ग ভিত্তির উপর महाछ ना কবেন। সামাদিগের ভিক্ষা তাঁহারা যেন এই মেলাকে এখন হইতে হিন্দু-মেলা নাম না দিয়া ভারত-মেলা নাম দেন। যেন ইহা এথন इरेट ভারতবাদীমাত্রেরই উৎসব-স্থল হয়। হিন্দু ভিন্ন অন্ত কোন জাতি ইহাতে যোগ না দেন—আমরা কাঁদিব। কিন্তু আমরা ভারতবর্ষীয় কোন লাতার বিরুদ্ধে ইহাব দার অবরুদ্ধ রাখিব না। আমরা সকলকেই ইহার অভ্যন্তরে আহ্বান করিব। আমরা কোন ক্রমেই দলাদলির ভিতর যাইব না। দলাদলি ও গৃহবিচ্ছেদ ভারতের সর্বনাশ সাধন করিয়াছে। যে দলাদলি ও গৃহবিচ্ছেদ আমাদিগের সর্বনাশ সাধন করিয়াছে, আমরা আর তাহার শ্রণাপ্র হইব না।

ভারতবাদী ৷ হৃদয়ের প্রিয়তম বস্তা - আমুন, আমরা এই প্রস্তা-বিত প্রকাপ্ত ভারতবর্ষীয় মেলার একত মিলিত হইয়া একতানে সমস্বরে একবার ইংলণ্ডের নিকট আমাদিগের অপহাত স্বত্ব যাজ্ঞা করি। ইংলও সমস্ত ভারতবাসীর মিলিত ক্রন্সনে কথনই উপেকা করিতে পারিবেন না। কিন্ত ইংলণ্ডকে স্বার্থত্যাগ করিতে অমু-तांध कतात शूर्व्स आमामिशरक मुद्देश बाता प्रथारेट इहेरव रि আমরা স্বদেশবাসীর জন্ম-প্রিরতম ভ্রাতার জন্য-আত্মতাগ করিতে সমর্থ। আমাদিগের নিজের নৈতিক উৎকর্ষ দেখাইয়া আমরা ইংরাজদিগের নিকট নৈতিক উংকর্ষ তিক্ষা করিব। ভারতবাসী ধনিবৃন্দ। আপনাদিগের নিকটে কর্যোড়ে আমরা এই ভিকা করিতেছি যে সাধারণের উপকারার্থ আপনারা প্রত্যেকে এই জাতীয় সভায় আপনাদিগের বিপুল আয়ের কিয়দংশ অর্পণ করুন। যদি ভারতকে আবার একটা জাতি করিতে চাহেন, তবে কিয়ৎ পরি-মাণে স্বার্থবিহীন হউন, কিয়ৎ পরিমাণে আপনাদিগের বিলাসিতা ভূলিয়া যাউন। স্বার্থপরতা ও বিলাসিতার কথন জাতীর উদ্ধার সাধন হইতে পারে না। যথন অসংখ্য ত্রাতা অল্লাভাবে প্রাণ্ডাাগ করি তেছেন, তথন আপনারা কোন্ প্রাণে আত্মস্থা নিমগ্ন থাকিবেন ? এ হ্রথের সময় ন্য়! জাতীয় মৃত্যু সল্লিকট! এ সময়ে শেষ চেষ্টা करून, नजूरा आंत्र किंदू मिन भरत ममख रिष्टी विकल इटेरत। मृज-দেহে ঔষধ প্রয়োগের ভার তথন ইহা নিতান্ত উপহাসাম্পদ হইবে। আপনাদিগের আত্মত্যাগের দৃষ্টান্ত প্রদর্শন করিয়া, ইংরেজদিগকে স্বার্থত্যাগ করিতে শিক্ষা দিউন। দেখিবেন সেই দৃষ্টান্তের বলে देः ताक्रिनिशत शाषानक्षमय अ विव्यविष्ठ इटेरव ।

অতীত ও বর্ত্তমান ভারত।

₹

অতীতের সহিত তুলনায় আমাদের বর্ত্তমান ধর্মনৈতিক, নৈতিক, রাজনৈতিক ও সামাজিক অবস্থা পর্য্যালোচনা, বর্ত্তমান ছরবস্থাব কারণামুসন্ধান ও তদপনোদনের উপায় চিন্তন—এই প্রস্তাবের প্রতি-পাদ্য। এই কয়টী গুরুতর বিষয় একটী ক্ষুদ্র প্রবন্ধে নিঃশেষিতরূপে সমালোচিত ও পরিক্ষুটরূপে পরিব্যক্ত হইতে পারে না। তথাপি যতদূর সাধ্য আমি এ বিষয়ে কিঞ্চিং লিখিব।

আমাদের বর্ত্তমান হরবস্থা কি, তাহার কারণই বা কি, এবং তদ-পনোদনের উপায়ই বা কি? জানি, এ প্রশ্নের উত্তরে নানাপ্রকার মতভেদ আছে; কিন্তু মতভেদ আছে বলিয়া আমি অসম্কৃচিত চিত্তে নিজের মত বলিতে কুণ্ডিত হইব না।

মানব সমাজে সভ্যতা ও উন্নতির ক্রম পর্য্যালোচনা করিলে দেখা বাম যে সাম্য মানব জাতির আদিম অবস্থা, বৈষম্য সভ্যতার ফল। আদিম অবস্থার মথন প্রত্যেক মন্ত্র্যাই প্রাতঃকাল হইতে সামংকাল পর্যান্ত মৃগ্রা প্রভৃতি একইরূপ কার্য্যের অন্তর্গান দ্বারা জীবন ধারণ করিত, তথন তাহাদের মধ্যে যে কোন বৈষম্য ছিল না ইহা বলা বাছল্য। পরে মথন মানব জীবনের স্বতন্ত্র স্বতন্ত্র কার্য্যান্তর্গান সকল স্বতন্ত্র স্বতন্ত্র ব্যক্তিতে বা সম্প্রদায়ে বিভক্ত হইতে লাগিল, তথন হইতে বৈহম্যের স্বত্র আরম্ভ হইল। কার্য্যান্তলের স্বাতন্ত্র্য হইতে কার্য্য কারকদিগের স্বাতন্ত্র্য আরম্ভ হইল। কোর্যানকলের প্রভৃতি দার্শনিকেরা সভ্যতা ও কার্য্যানকলের স্বতন্ত্রীকরণ একই অর্থে ব্যবহার করেন। তাহারা বলেন যেমন নিম্নতর জীবের জীবনী ক্রিয়া সকল সর্ব্যান্তর্গানে সমজাবে ব্যাপ্ত থাকে, আর সেই ক্রিয়া সকল শরীরের স্থানবিশেশে যত সীমাবদ্ধ হইতে থাকে ততই জীব নিম্ন হইতে উচ্চ শ্রেণীতে উঠে; তেমনই মানব জীবনের ক্রিয়া-সকল যতই বিভক্ত হইয়া ব্যক্তি বা

শ্রেণী বিশেষে আবদ্ধ হইতে থাকে, ততই মানবের উন্নতি, ততই স্ভা-তার বৃদ্ধি। ফলতঃ কার্য্য সকলের স্বাতস্ত্র্য ভিন্ন মানব জাতির উন্নতি অসম্ভব: এবং এই স্বাতন্ত্র্য হইতে কার্য্য-কারকদিগের যে স্বাতন্ত্র্য তাহাও অপরিহার্যা। কিন্তু যথন এই স্বাতন্ত্র্য কার্য্যদকলের বিভিন্নতা-রূপ কারণ অতিক্রম করে বা পুরুষাতুক্রমে সংক্রামিত হইয়া অস্তাকার ধারণ করে, তথনই তাহা হইতে বৈষম্যের উৎপত্তি হয়। এই বৈষমাই নিদিপ্ত সামা অতিক্রম করিলে সভ্যতা-স্রোতের প্রতিকলে দ্রায়মান হয়। যেমন উচ্চতম জীবে জীবনী ক্রিয়া সকল হান বিশেষে বিভক্ত ছইয়া সকলই এক উদ্দেশে পরস্পারের সহায়ী স্বরূপ হইয়া কার্য্য করে, একটা প্রতিকূলে দাঁড়াইলে হয়ত সমস্ত জীবনী শক্তি লুপ্ত হয়, সেইরূপ স্বতম্ব স্বতম্ব কার্য্যকারক একই উদ্দেশে পরস্পরের সহায় হইয়া কার্য্য না করিলে উন্নতির জীবন লুপ্ত হয়। বস্তুতঃ কার্য্যকারকদিগের পরস্পর-সহকারিতার অভাবেই সমাজে নানা প্রকার অণ্ডভকর বৈষম্য উৎপন্ন হইয়া পাকে, সেই বৈষম্য হইতেই জাতির পতন হয়। ভার-তেও সেই কারণে নানাবিধ বৈষম্য ঘটিয়াছে। সেই বিবিধ বৈষম্য হইতেই ভারতের পতন।

এক্ষণে প্রশ্ন হইতেছে, সেই বিবিধ বৈষম্য কি কি ? উত্তর—বর্ণ-বৈষম্য, জাতি-বৈষম্য, ধর্ম-বৈষম্য, পরিচ্ছদ-বৈষম্য, ভাষা-বৈষম্য, শাসন-বৈষম্য, ধন-বৈষম্য ও স্ত্রী-পুরুষ-বৈষম্য।

তমধ্যে বর্ণ-বৈষম্যই ভারতের বর্ত্তমান অধঃপতনের প্রথম ও প্রধান কারণ। যথন প্রাচীন আর্যোরা সিদ্ধু পার হইয়া সপ্তানদবিধাতি প্রদেশে অসংখ্য অনার্য্য শক্রর সন্মুখীন হন, তথন কার্য্য-সৌকার্য্যাথে তাঁহারা আপনাদিগকে তিন শ্রেণীতে বিভক্ত করেন। বাঁহাদিগের উপর মন্ত্রণাবিভাগ অপিত হয় তাঁহারা ব্রাহ্মণ নামে আখ্যাত হয়েন; বাঁহাদিগের উপর সমরবিভাগ অপিত হয় তাঁহারা ক্ষত্রিয় নামে আখ্যাত হয়েন; এবং বাঁহাদিগের উপর বাণিজ্যবিভাগ অপিত হয় তাঁহারা বৈশ্য নামে আখ্যাত হয়েন। যদি বৈশ্যেরা পূর্ব্বে জানিতে পারিতেন যে সামরিক প্রয়োজনাত্রসারে বাণিজ্যবিভাগের ভার গ্রহণ করার

অপরাধে তাঁহাদিগকে চিরকাল বর্ণছয়ের দাসত্ব করিতে হইবে এবং ৰদি ক্ষতিষেরা জানিতে পারিতেন যে সমরক্ষেত্রে নামিয়া নিজ কৃধির ব্যয়েও শত্রু মিপাত করার অপরাধে তাঁহাদিগকে চিরকাল বাহ্মণ-দিগের অধঃস্থ থাকিতে হইবে তাহা হইলে তাহারা কথনই এরপ শ্রমবিভাগে সম্বত হইতেন না। নিশ্চয়ই এই কার্যাবিভাগ লইয়া প্রথমেই তাঁহাদিগের মধ্যে ঘোরতর অন্তর্বিপ্লব উপস্থিত হইত। তৎকালে এরপ শ্রেণীবিভাগ পুরুষামুক্রমিক বলিয়া স্থিরীকৃত হয় নাই। যাহাদিগের চিন্তাশক্তি বলবতী ও গাহাদিগের বৃদ্ধি স্ক্রার্থ-मर्गिनी - छांशामिरभव छेभव मञ्जुणाविज्ञां नाछ इहेग्राहिन वर्षे, किन्न তাই বলিয়া এরূপ কোন চিরস্তন নিয়ম সংস্থাপিত হয় নাই যে অন্য বিভাগের লোক চিন্তাশক্তির উৎকর্ষ ও বৃদ্ধির প্রাথর্য্য দেখাইয়া মন্ত্রণাবিভাগে আসিতে ইচ্ছা করিলে তথায় আসিতে পারিবে না; অথবা আদি ব্রাহ্মণগণের পুত্রপোত্রাদিগণকে চিস্তাশক্তিহীন ও স্তুলবুদ্ধি হইলেও প্রথম শ্রেণীতে বাথিতেই হইবে। একপ চিরস্তন নিয়ম ব্রা**ন্ধণদিগের** কূটমন্ত্রণাজালের পরিণত ফল। এইরূপে আর্য্যজাতির মধ্যে বৰ্ণবৈষম্য প্ৰয়োজনীয়, সামন্ত্ৰিক ও ওতপ্ৰদ হইতে কালে অপ্ৰয়ো-জনীয়, চিরন্তন ও অণ্ডভপ্রদ হইযা উঠিল। এইরূপে ব্রাহ্মণদিগের वृक्षित्कोगल आर्याकां जि तास्यत (शर्षे मीय ९ श्लीवीय (गंभीयत्वत नाम উৎকৃষ্ট ও নিকৃষ্ট বর্ণে বিভক্ত হইলেন। ক্রমে বিজয়ের গতিতে একটী অনার্য্য জাতি আসিয়া এই আর্য্য স্রোত্স্বিনীর সহিত মিলিত হইল। भिलिख इटेल वर्ते, किन्छ टेटा शूर्ग भिलम नरह ; शक्रायम्ना-मक्रभत छात्र এই সঙ্গমের খেতকুষ্ণ রেখা অদ্যাপিও বিলীন হইল না। আর্য্যজাতি পরাজিত আদিমনিবাসীদিগকে আপনাদিগের ধর্ম্ম সম্প্রদায়ের অস্তর্ভুক্ত করিলেন বটে, কিন্তু তাহাদিগকে রাজনৈতিক বা সামাজিক সাম্য প্রদান করিলেন না। ইহাদিগকে শুদ্র বা দাস আখ্যা দিয়া একটা স্বতম্ভ শ্রেণীতে পরিণত করিলেন। ক্ষত্রিয় ও বৈশ্যের উপর ব্রাহ্মণের প্রভূপ তত দুর থাটে নাই। কারণ এই তিন বর্ণই একজাতি-সভূত, এবং এই তিন বর্ণই ভারতের বিজেতা। স্মতরাং ব্রাহ্মণকে ক্ষত্রিয় ও

বৈশ্বের কিঞ্চিং মুখাপেকা করিয়া চলিতে ছইত। কিন্তু শুদ্রদিণের দহিত ব্রাহ্মণদিগের সেরপ কোন সম্বন্ধ ছিলনা। শুদ্রেরা প্রকৃত প্রস্তাবে ব্রাহ্মণদিগের দাসরূপে হিন্দু সমাজের অন্তর্ভুক্ত হইল। সেই সময় ছইতেই আর্য্যক্ষেত্র বিষর্ক্ষের বীজ রোপিত ছইল।

এই আর্য্য-উপনিবেশের সহিত আমেরিকায় ইংরাজোপনিবেশ ও ইংলতে সাক্ষণ ও নর্মান্ উপনিবেশের অনেক বৈসাদৃশ্য আছে। আমেরিকার ইংরাজেরা ভারতীয় আর্যাদিগের স্থায় মহন্ত প্রকাশ করিয়া বিজিতদিগকে আপনাদিগের ধর্মসম্প্রদায়ের অস্তর্ভু করেন নাই বটে, কিন্তু তাঁহারা আদিম নিবাসীদিগকে সমূলে বিনষ্ট করিয়া বৈষম্যের মুলোচ্ছেদ করিয়াছিলেন। বিজিত জাতি বৈষ্ম্যপীড়িত হইলে ক্রমেই অবনতিদোপানে নামিতে থাকে, এবং সেই অবনমন-কালে প্রক্ষেপ্তা বিজয়ী জাতিকেও সঙ্গে সঙ্গে নামাইতে থাকে। বিজিতদিগের সংখ্যা-বল অধিক, স্থতরাং ক্রমে তাহারা অল্পসংখ্যক বিজয়ীকে আপনা-मिरांत अधः भारत्व मङ्गी कतिया नारेरा मार्थ रय । आस्मितिक ইংরাজেরা তাঁহাদিগের আস্করিক ঘাতকতার গুণে এই বিশ্বজনীন অবনতির হস্ত হইতে মুক্ত হইয়াছিলেন। জাতীয় বৈষমোর বীজ রোপিত হয় নাই বলিয়াই, ইউনাইটেড্ ষ্টেট্সের আজ এত উন্নতি। ব্দগতে সকল দেশ অপেক্ষা এই দেশে উন্নতির গতি ক্ষিপ্রতর। আবার দেখ! আঙ্গল ও সাক্ষণেরা আসিয়া যথন শ্বেতদ্বীপে উপনিবেশ সংস্থাপন করিলেন, তাহাদিগের নির্যাতনে আদিম নিবাসী ব্রিটনেরা উচ্ছিন্ন বা স্থানুর পার্কতা প্রদেশে অপসারিত হইল। আঞ্চল ও সাক্ষণের। বৈষম্যবিষের সংক্রামণ হইতে রক্ষা পাইল। এই নবীন জাতি ক্রমেই উন্নতিমার্গে অগ্রসর হইতেছিল। এমন স্কময় আর একটা বলবক্রর ভাতি আসিয়া তাহাদিগের সহিত মিশ্রিত হইল। বিজয়ী নর্দাণেরা আঙ্গলো দাক্ষণদিগকে বিজিত করিলেন বটে, কিন্তু তাঁহাদিগকে দাসরপে পরিণত করিতে পারিলেন না। তাঁহাদিগকে অগতা। সঞ্জীবনীশক্তিবিশিষ্ট উন্নতিশীল আঙ্গলোসাক্ষণ জাতির সহিত সামা-জিক ও রাজনৈতিক সমতায় মিশিয়া যাইতে হইল। আঙ্গলোদাক্ষণ

ও নর্ম্মান্ জাতির এরূপ একীভাব হইরাছে যে, কখন যে তাঁহাদিগের মধ্যে বৈষম্য ছিল, এরূপ বােধ হয় না। এই একীভাবের পরিণাম ইংলণ্ডের বর্ত্তমান উন্নতি। এই সাম্যের বলে ইংলও ইউরোপীয় জাতির্দের মধ্যে সিংহপ্রতিম। এই সাম্যের প্রসাদে ইংলও এতদূর বিজয়শীল!

আর সেই সাম্যের অভাবেই ভারতের আজ এই হুদিশা! আর্য্য-জাতি যে ওদার্য্য দেখাইয়া বিজিত শুদ্দিগকে সমূলে উৎসাদিত না করিয়া আপনাদিগের সম্প্রদায়ভুক্ত করিয়া লইয়াছিলেন, সেই ওদার্ঘ্যের বশীভূত হুইণা যদি তাহাদিগকে পূর্ণ সাম্য প্রদান করিতেন, তাহা হুইলে আমরা আজ ভারতের অন্য মূর্ত্তি দেখিতাম। তাহা হুইলে আমাদিগকে আজ ভারতবক্ষোপরি বৈদেশিক ধ্বজন্তন্ত নিথাত ও ভারতগগনে বৈদেশিক প্রাকা উজ্জীন দেখিতে হুইত না। তাহা হুইলে ইতিহাসও এই মর্ম্মন্তদ্ব বার্ত্তা বহন করিত না যে অল্পসংখ্যক ধ্বন-সেনা ভারত-হাদয়ে আসিয়া অসংখ্য হিন্দুসেনাকে মোহমুগ্ধ করিয়া ভারতসিংহাসন অধিকার করিল।

তদাপরিজ্ঞাত জগতের অবীশরী বোমনগরী প্রথমে সামোর মোহিনী
শক্তি অমুভব করিতে পারেন নাই। এই জন্ম পেট্রিসীয় ও প্লীবীয় এবং
নাগরিক ও অনাগবিক এই ছই প্রকার বৈষম্যে তাঁহাব অন্তরঙ্গ ও
ৰহিরঙ্গ জর্জারিত ছিল। পেট্রিসীয় ও প্লীবীয়দিগের মধ্যে প্রথমে
এরপ বিধেষভাব ছিল ষে, এক সম্প্রদায় অপর সম্প্রদায়ের উচ্চেদ সাধন
করিতে পারিলে ছাড়িতেন না। কিন্তু ছই সম্প্রদায়ই প্রবল, স্কৃতরাং
পরস্পর কেহই কাহারও উচ্ছেদসাধন করিতে পারিলেন না। অবিরাশ
পরস্পর সংঘর্ষ ক্রমে এই ছই সম্প্রদায়ের আভ্যন্তরীণ বৈষম্য অপনীত
ছইল। রোমের তেজঃপ্রতিভা অবিকতর প্রদীপ্ত হইতে লাগিল।
আভ্যন্তরীণ বৈষম্য ঘুচিল বটে, কিন্তু বিহিশ্চর বৈষম্যে রোম শৃত্যলাবদ্ধ
রহিলেন। বিজিত ইতালীয় প্রদেশ-সকলকে রোম প্রথমে সমনা
গরিকত্বের স্বন্ধ প্রদান করেন নাই। সেই জন্ম তথন বিজিত
ইতালীয় প্রদেশ সকল স্ক্রিধা পাইলেই রোমের প্রতিকৃলে অভ্যুথিত
ইতালীয় প্রদেশ সকল স্ক্রিধা পাইলেই রোমের প্রতিকৃলে অভ্যুথিত

ইইত। মহাবীর হানিবল ্যথন আল্পদ্ পর্কান্ত উন্তরণ করিয়া ইতালীক্ষেত্রে অবতরণ করেন, তথন তাঁহার সহিত ত্রিশ সহস্রমাত্র দৈশু ছিল। তিনি দেই অল্পসংখ্যক সৈশু লইয়াই প্রবলপরাক্রান্ত রেমনগরীর অভিমুখে যাত্রা কবেন। তাঁহার কি আলা ও কি সাহস ছিল? তিনি জানিতেন—রোম বিজিত ইতালীয় প্রদেশ সকলকে সমনাগরিকতা প্রদান করেন নাই। এই জন্য ইতালীয় প্রদেশ সকল মনে মনে রোমের বিক্ষান্ত চিট্যা আছে, তাঁহার সৈশু উপস্থিত হইলেই তাহারা তাঁহার সহিত মিলিত হইবে। বাস্তবিকও তাহাই ঘটিল। হানিবলের সৈশুসংখ্যা ইতালীক্ষেত্রে এত বাড়িয়া ছিল, যে কানিসমরে তিনি একলক্ষ রোমীয় সেনার সম্থান হইয়া ইহাকে চুর্ণ বিচুর্ণ করিয়া ফেলিয়া ছিলেন। রোম ইহার পর আপনার ভ্রম বৃষ্ণিতে পারিলেন, ও জনে জনে সমস্ত ইতালীয় প্রদেশকে সমনাগরিকত্ব প্রদান করিতে লাগিলেন। জনেই রোমের বলবীর্ষ্য বাড়িতে লাগিল। শেষে রোম পৃথীয়রী হইয়া উঠিলেন।

বুদ্দিদোষে ও প্রবৃত্তিবলে আর্য্যেরা কোন কালেই বৈষম্যেক হস্ত হইতে মুক্ত হইতে পারিলেন না। তাহার পরিণাম অস্তর্বিপ্লব ও বহিরাক্রমণ। আর্যাদিগের অন্তর্বিপ্লবের অনেক পরিচয় সংস্কৃত-কার্যাপুরাণাদিতে পাওয়া যায়। যথন আহ্মণেরা অতিশ্ব অত্যাচারী হইয়া উঠিলেন, ক্ষত্রিয়েরা আহ্মণদিগের নির্যাতন আরম্ভ করিলেন, আহ্মণদিগের তাহা অসহ হইল। আহ্মণবীর পরশুরাম একবিংশতি বাব পৃথিবীকে নিঃক্ষত্রিয়া করিয়া ক্ষত্রিয়াধিরে পিতৃতর্পণ করিয়া তবে এ জ্যোধ শমিত করেন।

ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবীং কৃত্বা নিঃক্ষত্রিয়াং প্রভূঃ। স সামন্তপঞ্চক পঞ্চ চকার রৌধিরান্ হ্রদান্॥

সেই অবধি ক্ষত্রিয়সংখ্যা ভারতে এতদ্ব কমিয়া গিয়াছে বে ব্রাহ্মণ-সংখ্যার সহিত তুলনায় ইহা গণনীয়ের মধ্যেই নহে। প্রাহ্মণ-দিগের বৈষমাঞ্চবণতার প্রধান সম্ভরায়স্বরূপ ক্ষত্রিয়বর্গের ধ্বংসের শর আন্ধণেরা আরও যথেচ্ছাচারী হইয়া উঠিলেন। শ্দ্রদিগের অবস্থা আরও শোচনীয় হইয়া উঠিল। তাঁহারা শাস্ত্রকাণ, স্তরাং নৃতন নৃতন শাস্ত্র করিয়া শ্দ্রের দাসত্ব শ্র্রাল আরও কসিতে লাগিলেন। বাবস্থা হইল, শ্দ্রকে আন্ধানর চরণে লুটাইয়া তাঁহার চরণরেণু মস্তকে গ্রহণ করিতে হইবে; অগচ শ্র্র অস্পৃষ্ঠা; শ্রের জল অব্যবহার্যা। নীচর্ত্তি তাহার অবলম্বনীয়; কোন উচ্চ স্থথে তাহার অধিকার নাই; বেদাদি শাস্ত্রে তাহার অধিকার নাই, অথচ সেই শাস্ত্রের শাসনে তাহাকে চলিতে হইবে। তাহার ইহকাল ও পরকালের একমাত্র গতি আন্ধান। তাহার যথাসর্ক্র আন্ধানক দান না করিলে, তাহার পরকালের গতি নাই, অথচ যে আন্ধাণ শ্রের দান করিতে ইচ্ছুক হইলেও, তাহার পক্ষে গ্রহীতা আন্ধাণ মিলা কঠিন হইত।

শুক্রদিরেশর উপর প্রাভৃত্ব নাড়াইনার জন্তা রাক্ষণেরা—'ব্রাক্ষণের উপর ব্রাহ্মণ, উপনিষদের উপর উপনিষদ, আরণ্যকের উপর আর্বাক স্ত্রের উপর স্থা, তার উপর ভাষা, তার টীকা, তার ভাষা—করিয়া অসংখ্য বৈদিক ধর্মসম্বনীয় গ্রন্থে ভারতসাহিত্য সমাচ্চন্ন করিদুলন। শিল, বিজ্ঞান, দর্শনাদি প্রকৃত বিদ্যার আলোচনা ভারত ভইতে বিলুপ্ত হইল। শূদ্রদিগের জন্য যে শুদ্ধ কঠিন ধর্মশাসন প্রতিষ্ঠাপিত ছইল এক্লপ নহে। তাহাদিগের উপর কঠোরতব দণ্ডবিধি সংস্থাপিত হইল। আমরা ভারতবাসীদিগের উপর ইংরাজদিগের পক্ষপাত ও অত্যা-চার দেখিয়া কুপিত হই। কিন্ত ইংরাজদিগের প্রশংসায় আমাদিগকে অবশ্র বলিতে হইবে যে এ পক্ষপাত বা অত্যাচার ইংরাজদিগের দ্ও-विश्वित भाष नरह, रावश्रां क मजात मलीममी लिथनीत कल नरह, इंशा দেই দণ্ডবিধির প্রয়োগকর্তা কতিপয় মজাতথ্যক্র উষ্ণশোণিত বিজয়দুর্পী **শ্বেত্**যুবকের প্রয়োগদোষ। ইংরাজদিগের দণ্ডবিধিতে শ্বেতক্কঞ্চ পুলিয়া কোন প্রভেদ নাই: ইহা ইংরাজদিগের ভারতশাসনের একটা প্রকাণ্ড কীভিত্ত। কিন্তু বান্ধণ-ব্যবস্থাপক-সমাজ কর্ত্ক প্রণীত দঙ্বিধি কিরপ ? ইহা আমূল পক্ষপাতদোষে দূষিত। মহুপ্রণীত দঙ্বিধি

পাঠ করিতে করিতে আমাদিগের মুখ লজ্জার মাটির সঙ্গে মিশিরা বায়। আমাদের পূর্ব্বপুরুষগণের অকীর্ত্তিস্ত দেখিয়া আমাদের হৃদয়ে নিদারুণ ব্যথা উপস্থিত হয়।

আবার সেই ভীষণ দণ্ডবিধির প্রয়োগকর্তা কে ? প্রণেডা প্রয়োগকর্তা নহেন। রাহ্মণ দণ্ডবিধিতা হইলে, ইচ্ছা করিলে দণ্ডের লাঘব বা মাপ করিতে পারিতেন। কিন্তু ক্ষত্রিয় ইচ্ছা হইলেও রাহ্মণের দণ্ডবিধির অন্যথাচরণ করিতে পারিতেন না। রাহ্মণের গৃহে অকাল-মৃত্যু ঘটল, রাহ্মণ আসিয়া রাজদ্বারে তারস্বরে কাঁদিতে লাগিলেন, বলিলেন "মহারাজ! আপনার রাজ্যে নিশ্চয়ই কোন শৃদ্র মুনিব্রত অবলম্বন করিয়াছে, সেই পাপেই আমার শিশু-সন্তানটা মরিয়াছে"। রাহ্মণের ক্রন্দনে রাজা স্থির থাকিতে পারিলেন না। তিনি বন উপবন্দ সমস্ত খুঁজিয়া দেখিলেন, এক নিবিড় বনে এক জন শৃদ্র প্রগাঢ় তপস্তার নিমগ্ন আছে। অমনি তাঁহার শাণিত অসি সেই শৃদ্র তপোধনের মন্তক দ্বিধা বিচ্ছিন্ন করিল। শৃদের মন্তক ত এইরূপে কথার কথার কাটা পড়িত; কিন্তু বাহ্মণের কেশ স্পর্ণ করে, কাহার সাধ্য ? রাহ্মণ কোন অপবাবেই শীর্ষাচ্ছেদ্য নহেন। রাহ্মণ স্থাহ্বতাা, নরহতাা, শিশুহত্যা প্রভৃতি যাহাই কর্মন্না কেন, নির্কাদন তাঁহার চরম দণ্ড।

এই ত গেলু রাজনৈতিক ও ধর্মনৈতিক শাসন। সামাজিক শাসন ইহা অপেকা কোন মতে ন্যন নহে। ব্রাহ্মণ চতুর্বনে বিবাহ করিতে পারিবেন; ক্ষত্রির ব্রাহ্মণেতর বর্ণক্রয়ে বিবাহ করিতে পারিবেন; বৈশু নিম্নতর দ্বিবর্ণে বিবাহ করিতে পারিবেন; কিন্তু শুদ্রকে কেবল নিজ বর্ণ হইতেই ভার্যা মনোনীত করিতে হইবে। শুদ্র ব্রাহ্মণকন্তাতে অভিগমন করিলে শার্ষচ্ছেদ্য হইবে, এবং তাহাদিশের সঙ্গমের ফলস্বরূপ অপত্য অস্পুশু শুদ্র অপেকাও দ্বিতি চণ্ডাল হইবে। শুদ্র অস্পুশু বটে, কিন্তু চণ্ডালের আবার ছারা-পর্যান্তও অস্পুশু। কিন্তু ব্রাহ্মণ, ক্ষত্রির বা বৈশ্য—শুদ্রকন্তাতে অভিগমন করিলে তাঁহারা যে কেবল দণ্ড হইতেই নিষ্কৃতি পাইবেন এরূপ নহে, তাঁহাদিগের সঙ্গমের ফলস্বরূপ অপত্য সমাজে স্থাতিষ্ঠ হইবে। ব্রাহ্মণের অ্রুজন সকলকে গ্রহণ ক্রিতে হহবে, কিন্তু তিনি কাহারও অরজন গ্রহণ করিবেন না। শূদ্রের অরজন গ্রহণ করিলে রাহ্মণ পতিত হইবেন, কিন্তু রাহ্মণের প্রসাদ ভক্ষণে শূদ্রের ঐহিক বিশুদ্ধি ও পারলৌকিক মুক্তি।

একণে দেখিতে হইবে এই বর্ণগত বৈষমা বর্ত্তমান ভারতে বিদ্যমান আছে কি না। ইংরাজ শাসনের অধীনে বর্ণগত রাজনৈতিক বৈষম্য অপনীত হইয়াছে বটে, কিন্তু সামাজিক ও ধর্ম্মনৈতিক বৈষম্য **প্রবলতর** রূপে বর্ত্তমান আছে। পূর্মের অন্তর্লোম বিবাহ থাকার নিম্নবর্ণস্থ কন্তার উচ্চ বর্ণের স্বামী লাভের আশা ছিল, কিন্তু এক্ষণে উচ্চবর্ণের পুরুষ নিম্ন-বর্ণের কলাকে বিবাহ কবিলে সমাজচ্যুত হইবেন। অন্নগ্রহণ সম্বন্ধেও সেইরূপ কঠোরতা অদ্যাপি বর্ত্তমান। ধর্মশাসনও সেইরূপ কঠোর রহি-ম্বাছে। সেই যাগ্যজ্ঞ, সেই মন্ব, সেই দানধ্যান, সেই দক্ষিণা, সেই প্রায়-শ্চিত্ত। আমরা পরিবাশ-বিশেষের কথা বলিতেছি না, কিন্তু ভারতবর্ষীয় হিন্দুজাতি-সাধারণের কথা বলিতেছি। ব্রাহ্মণেরা এইরূপে অন্থ বর্ণকে আপনাদিগেব কূট উপদর্মজালে আচ্চন্ন করিতে গিয়া আপনারাও তাহাতে আবদ্ধ হইয়া পড়িয়াছেন। যাঁহারা প্রথমে যাগ্যজ্ঞের ব্যবস্থা ও মন্ত্রেব সৃষ্টি করিয়াছিলেন, তাঁহারা যাগণজ্ঞের উপকারিতা বা মন্ত্রের শক্তি বিশ্বাস কবিতেন এক্লপ বোধ হয় না। স্থাদশী চার্কাক সত্যই বলিয়াছেন যে ধূর্ত্ত ব্রাহ্মণেবা দক্ষিণাদিব লোভেই যাগ যজ্ঞাদির ব্যবস্থা করিয়াছেন। বস্ততঃ আদি আক্লণেবা যেরপ বুদ্ধিমান ছিলেন, তাহাতে কোন প্রকার উপধর্মে ভাছাদিগের যে বিশ্বাস থাকিতে পাবে, এরূপ বোধ হয় না। হীন বর্ণের মূর্যতার স্থবিধা লওয়াই তাঁহাদিগের উদ্দেশ্য ছিল। কিন্তু হীনবর্ণেব সর্প্রনাশেব জন্ম তাহারা যে উপধর্ম্মের স্পষ্ট कनित्नन, कात्न छांशिपरशंत वः भवनशंन रमष्टे छेन्धर्या-जात्न अछि छ হইলেন। তাঁহাদিগের বংশধরগণ তাঁহাদিগের অন্তর্নিহিত গুঢ় অভিপ্রায় জানিতে না পারিয়া, স্বার্থসাধনোদ্দেশে পিতৃগণ-প্রবর্ত্তিত সেই উপ-ধর্মকেই সনাতন ধর্ম বলিয়া মনে করিলেন। অন্তান্য বর্ণের তায় তাঁহারাও সেই উপধর্মের ঘোরতর গোঁড়া হইয়া উঠিলেন, অন্ধ निश्वारम ও পূर्व्य भूक्ष वारापात । अक बार्म तथा करम ठाँश निशांत युक्ति वः म

ছইতে লাগিল। কেবল শাস্ত্র আশ্রয় করিয়া কোন কর্ত্তব্য নির্ণুষ্করিবে না। যুক্তিছীন সিদ্ধান্তে নিশ্চয়ই ধর্মহানি হয়,—

কেবলং শাস্ত্রমাশ্রেত্য ন কর্ত্তব্যা বিনির্ণয়ঃ। যুক্তিহীনবিচারেণ ধর্মহানিঃ প্রজায়তে॥

দেবগুরু পণ্ডিতশিরোমণি হক্ষবৃদ্ধি বৃহস্পতির এই অমূল্য উপদেশ তাঁহারা ক্রমেই ভূলিয়া গেলেন। কালে রহস্পতির বংশধরেরা গণ্ডমূর্থ হইয়া উঠিলেন। ক্রমে ঘোর অজ্ঞানতিমির সমস্ত ভারত আচ্চন্ন করিল। বর্ত্তমান ব্রাহ্মণদিগের অবস্থা এই জন্য তত্তৎপীড়িত শূদ জাতি অপেকাও অধিকতর শোচনীয়। ইহাঁরা পাণ্ডিত্যাভিমানী, অথচ চূড়ান্ত মূর্য। ইহাদের পাণ্ডিত্য শাস্ত্রের গথ মুথস্থ রাথায়, অথচ ইহাদিগের মধ্যে অনেকে সে শাস্ত্র কথন চক্ষে দেখেন নাই। যে দেব-ভাষায় সে শাস্ত্র রচিত, অনেকে সে দেবভাষার বর্ণমালা পর্য্যন্তও কথন নয়নগোচর করেন নাই। যাহাদিগের সে ভাষায় কিঞ্চিৎ বৃাৎ-পত্তি জন্মিয়াছে, এবং সে শাস্থেও কিঞ্চিৎ প্রবেশ লাভ হইয়াছে, তাঁহা-দিগেরও শক্তান ভিন্ন অন্য জ্ঞান নাই। শাস্ত্রকারেরা কি উদ্দেশে সেই সকল শাস্ত্র করিয়াছেন, সে সকল শাস্ত্র সঙ্গত কি না, এখনকার কালের উপযোগী কি না, এ সকল বিচার করিবার শক্তি তাঁহা-দিগের নাই। শূদ্রেরা, দেখিবার অধিকার নাই বলিয়া, চক্ষু মুদিত করিয়া ব্রান্ধণের যে দিকে বাইতে বলিতেছেন, সেই দিকেই যাইতে ছেন: কিন্তু ব্রাহ্মণেরা পিতৃপুরুষগণ খানায় পড়িতে বলিয়াছেন বলিষা উন্মীলিত নয়নে খানায় গিয়া পডিতেছেন।

এই বর্ণ-বৈষম্য এক্ষণে এত বাড়িয়াছে যে ভাবিতে গেলে ভয় হয়।
শীষ্টানের খ্রীষ্টানকে দেখিলে ও মুসলমানের মুসলমানকে দেখিলে বেরপ
আনন্দ হয়, ব্রাহ্মণের ব্রাহ্মণকে ও শ্দের শ্দুকে দেখিলে সেরপ আনন্দ
হয় না। বঙ্গে ব্রাহ্মণ—রাঢ়ী, বারেক্র, বৈদিক, সপ্তশতী প্রভৃতি কর্ম
প্রধান ভাগে বিভক্ত। সেই কয় প্রধান ভাগের ভিতর আবার কুলীন.
ভঙ্গকুলীন, প্রোত্রিয়, বংশজ প্রভৃতি এত অবাস্তবভেদ জন্মিয়াছে যে. সে

সকলের সংখ্যা করা সহজ নহে। এক একটা ভাগ এক একটা শ্বতত্ত্ব জাতি। এক একটা অবাস্তরভাগ এক একটা স্বতন্ত্র সম্প্রদায়। রাট্টী, वारतक, रेविनक, मश्रमञी हेहाँता शत्रम्शादतत महिल जामान श्रमान वा পরস্পরের অন্নগ্রহণ করেন না। কুলীন বিনা দক্ষিণায় ভঙ্গকুলীন বা বংশজের অন্ন গ্রহণ করিবেন না, বিপুল অর্থ বিনা তাঁহার কন্তা গ্রহণ করিবেন না। শ্রোতিয়, বংশজ বা ভঙ্গকুলীন অর্থব্যয়েও সহজে क्लीनक्छा विवाह क्तिएल शांतित्वन ना। यिन क्लीन कूर्नीन कूर्नीक বশতঃ তদীয় ক্সাকে বংশজের হস্তে সমর্পণ করেন, তিনি সবংশে কোলীগ্রচাত হইবেন। এতদ্বিও শূদ্রযাজনা ও বাবনিক সংশ্রবে ব্রাহ্মণদিগের মধ্যে পীর্ত্মালি ও গোব্রাহ্মণাদি অসংখ্য শ্রেণীবিভাগ জনিয়াছে। ইহাঁদিগের পরস্পারের ভিতর হিন্দু মুদলমান পার্থক্য বর্ত্তমান। এত্তির পাশ্চাতা ও দাক্ষিণাতা ব্রাহ্মণদিগের ভিতরও অসংখ্য শ্রেণীবিভাগ আছে। প্রস্তাব-বাহুলাভুরে সে সকলের উল্লেখ इरेट वित्रक थाकिट इरेन। आवात ভातट विভिन्न अरमर्भत ব্রাক্ষণদিগের মধ্যে এত প্রাদেশিক বিদেষ জন্মিয়াছে যে. এক জন কাশীরী বা পঞ্জারী ব্রাহ্মণ প্রাণান্তেও কথন বাঙ্গালী ব্রাহ্মণকে কন্যা-मान वा जांशांत अन्नश्रश कतित्वन ना। এই त्राप जाविजी, क्रांगि, মহারাষ্ট্রী, গুজরাটী, ভোজপুরী, কনোজী, বাঙ্গালী, উড়িয়া প্রভৃতি ব্রাহ্মণেরা স্বতন্ত্র স্বতন্ত্র জাতি বলিলেও অত্যুক্তি হয় না। ইহাঁরা পরস্পরকে বিধর্মীর ভার দ্বণা করেন। এই গৃহ-বিচ্ছেদ হইতেই ব্রাহ্মণদিগের বর্ণপ্রাধান্ত বিলুপ্ত হইয়াছে। যে, স্বশ্রেণীহিতৈষিতা শক্তি প্রভাবে ব্রাহ্মণেরা এক সময়ে চতুর্ব্বর্ণের উপর অপ্রতিদ্ববিদী প্রফুতা সংস্থাপন করিমাছিলেন, যে স্বশ্রেণীহিতৈষিতা বলে ইহাঁরা मिगञ्जताभी **अवन-अ**ञान वोष्वधर्मात् अत्नात्क्वम कतियाक्तिन, त्महे স্বশ্ৰেণীহিতৈৰিতা একণে সঙ্কীৰ্ণতম সীমায় আৰদ্ধ হইয়াছে।

এক্ষণে ক্ষত্রিয় ও বৈশ্য বর্ণ সংখ্যায় ব্রাহ্মণ ও শূদ্র বর্ণের সহিত ভূগনায় নগণ্য মাত্র; স্থতরাং তাঁহাদিগের বিষয় লইয়া সবিশেষ স্থান্দোলন অনাবশ্যক। তবে ইহারাও বর্ণ-বৈষম্য দোষে উৎপীড়িত ও উৎপীড়ক। ক্ষত্রিয়দিগকে আজও সামাজিক ও ধর্মনৈতিক বিষয়ে ব্যাহ্বাদিগের প্রভুতা স্বীকার করিতে হয়। রাজ্যশাসন ভার তাঁহাদিগের হস্তে সমর্পিত ছিল বলিয়া পূর্ব্বে তাঁহাদিগের এ দাস্থ তত ক্লেশকর বোধ হইত না। এক্ষণে তাঁহারা পূর্ব্ব অধিকার হইতে বিচ্যুত হইয়াছেন, তথাপি পূর্ব্ব দায়িত্ব হইতে মুক্ত হইতে পারেন নাই; কিন্তু তাঁহাদিগের এক সাম্বনা-স্থল আছে। তাঁহারা এখনও বৈশ্র ও শ্রের উপর আধিপত্য করিতেছেন। তাঁহারা যেমন পদদলিত হইতেছেন, তেমনই পদদলিত করিতেছেন।

বৈশুদিগের অবস্থা ক্ষত্রিষ্টিগের অবস্থা অপেক্ষা অধিকতর শোচনীয়।
বঙ্গের স্থবর্ণবিণিক্দিগের সামাজিক অবস্থা এত দিন শূদ্দিগের অপেক্ষাও
নিক্কষ্ট ছিল। আজ কাল মাত্র ইইারা বৈশু বলিয়া স্বীকৃত হইয়ছেন।
এত দিন ইইারা অস্ততঃ নততঃ অস্পৃগ্ত চণ্ডাল-সম ছিলেন। লক্ষ্ণীর বর্ণু বলিয়া ইহারা ব্রাহ্মণদিগের কুপার পাত্র ছিলেন মাত্র। অন্তান্ত প্রদেশের বৈশ্বদিগেরও সামাজিক অবতা সম্পূর্ণ স্থপ্রদ নহে।

আমরা একণে হিল্পমাজের প্রাণভূত অগচ অত্যন্ত অবহেলিত শেষ শাখায় উপনীত হইলাম। আমরা শূদ্রবর্গকে হিল্পমাজের প্রাণ্ভূত বলিলাম; কারণ শূদ্রেরা সংখ্যায় আর্য্য বর্ণতয় অপেক্ষা অনেক অধিক। বিজিত ও বিজয়ী জাতির মধ্যে এরূপ সংখ্যাবৈলক্ষণ্য ঘটিবেই ঘটবে। যদি ইংরাজেরা কখন ভারতবর্ষে উপনিবেশ সংস্থাপন করিয়া ভারতবাদীদিগের সহিত নিশিয়া যান, তাহা হইলে তাঁহাদিগের বা তাঁহাদিগের ভবিষ্য বংশধরগণের সংখ্যা ভারতের বিজিত অধিবাদিশিরের সংখ্যা অপ্রেক্ষা চিরকালই ন্যুন থাকিবে।

এই শৃদ্দিগের মধ্যে আবার এত সাম্প্রদায়িকতা জন্মিয়াছে, থৈ এক একটা সম্প্রদায়কে এক একটা স্বতন্ত্র বর্ণ বলিলেও অত্যুক্তি হয় না। উচ্চশ্রেণীর শৃদ্র ও নিম্প্রেণীর শৃদ্রের মধ্যে ব্রাহ্মণ শৃদ্র পার্থক্য বর্ত্তমান। আর্য্য ও অনার্য্য বর্ণ-সংমিশ্রণে যে সক্ষরবর্ণের উৎপত্তি হইয়াছে, তাহা-দিগের অবস্থা বিজিত শৃদ্রগণের অপেকা বড় অধিক ভাল নহে। সক্ষরবর্ণে আর্য্যশোণিত প্রবাহিত হইতেছে বটে, তথাপি•ইইয়া আর্য্যবর্ণ-

ত্রমের অনৌদার্য্য বশতঃ উক্ত বর্ণত্রমের অন্তর্ভুক্ত হইতে পারেন নাই; স্থতরাং তাঁহাদিগকে অগত্যা শুদ্রশ্রেণীর অন্তর্ভুক্ত হইয়া থাকিতে হইয়াছে। এতত্তির আর্য্যজাতির পরস্পার মিশ্রণে যে সঙ্করবর্ণের উৎপত্তি হইয়াছে, তাঁহাদিগের সামাজিক অবস্থা পূর্ব্বোক্ত বর্ণসঙ্করের অবস্থা অপেক্ষা অনেক উচ্চ। যাহা হউক সঙ্করবর্ণ, সংশূদ্র, অন্ত্যজ্ঞ শূদ্র ও তাহাদিগের শাথা প্রশাথা লইয়া শূদ্রবর্ণ অসংথ্য ভাগে বিভক্ত হইয়াছে। তাহাদিগের পরস্পারের মধ্যে আদান প্রদান বা অন্তর্গাদি প্রচলিত নাই।

এই রূপে হিন্দুসমাজ অসংখ্য শ্রেণীতে বিভক্ত হইয়া পরস্পার মমতাশৃষ্ঠ বিচ্ছিয়াস ও জাতীয়-ভাব-বিরহিত হইয়া ভিয় ভিয় জেতার হস্তে পতিত হইতেছে। মোগল, পাঠান, তুকী, দিন্মার,—পটুণিজ, ওলনাজ, ফরাশি, ইংরাজ—ক্রমেই এই বিকলাস অন্তর্কিচ্ছিয় ভারতে আধিপত্য বিস্তার করিয়ছেন। যত দিন এক অস্তে বেদনা লাগিলে অফ্রান্য অস্তে তাড়িত বেগে সমবেদনা উপস্থিত না হইবে, যত দিন বর্ণমধ্যে রাহ্মণ শৃদ্র ভেদ উঠিমা না যাইবে, ততদিন হিন্দুজাতিব বৈদেশিক অধীনতা হইতে রক্ষা নাই। ইংরাজ যায় রুষ আসিবে, ক্ষ যায় জার্মান্ আসিবে, জার্মান্ যায় ফরাশি আসিবে। এই রূপে সমস্ত বিজয়-প্লাবনে ভারত-বক্ষ আগ্র ত ইইবে।

ভারতের অধঃপতনের বিতীয় কারণ ধর্ম-বৈষম্য। যথন আর্য্যক্তাতি ইরিণ বা ঈরাণ দেশ হইতে আদিয়া প্রথমে ভারত বিজয় করেন, তথন উহারা বৃদ্ধিবলে দেখিতে পান যে বিজিতদিগকে আপনাদিগের ধর্মসম্প্রদায়ের অন্তর্ভুক্ত করিতে না পারিলে তাহাদিগের উপর চিবকাদ আধিপক্ত করিতে পারিবেন না। বিজিতদিগকে স্বধর্মে আনিয়াছিলেন বলিয়াই রাজনৈতিক প্রভুতার বিলোপেও বিজিত শূদ্রগণের উপর ব্রাহ্মণদিগের ধর্মনৈতিক প্রভুতা অদ্যাপি অক্ষুণ্ণ রহিয়াছে। এই ধর্মনৈতিক একীভাবের নিমিত্তই আর্য্য ও অনার্য্যে জেতা ও বিজিত ভাব একেবারে বিলুপ্ত হইয়াছে। কথন যে আর্য্যেরা শূদ্রদিগকে বিজিত করিয়াছিলেন এ ঐতিহাসিক স্মৃতি পর্যান্তও শূদ্রসাধান

রণের মন হইতে তিরোহিত হইয়াছে। আশিক্ষিত শূদ্রেরা আজও বুঝা-ইয়া দিলেও বুঝিতে পারে না ষে তাহাদিগের এ হুর্গতির প্রধান কারণ আর্ঘ্য ব্রাহ্মণ। তাহারা জানে ব্রাহ্মণ তাহাদিগের পার্ত্রিক মুক্তি-দাতা। তাহাদিগের পার্ত্রিক মুক্তিদাতা ব্রাহ্মণ কথন তাহাদিগের ঐহিক স্থাবের হন্তা হইতে পারেন শূদ্রসাধারণ ইহা মনে করিতেও পাপ মনে করে। ব্রাহ্মণেরা তাঁহাদিগের এই স্ক্রদর্শনের হৃল আরও কত দিন ভোগ করিবেন তাহারও ইয়তা নাই।

ভারতে আর্য্যদিগের ন্যায় আর কোন বিজ্ঞেনী জাতি বিজিতদিগকে আমূল স্বধর্ম-সম্প্রদারের অন্তভুর্ক্ত করিতে পারেন নাই। এই
জন্ত মূদনমান রাজধকাল দীর্ঘ কাল ভারতে স্থায়ী হয় নাই। মূদলমানেরা আংশিক ক্তেকার্য্য হইয়াছিলেন বলিয়াই তাঁহাদিগের রাজ্য
সহস্রবর্ষব্যাপী হইয়াছিল। মোগল রাজবংশ হিন্দুজাতির প্রতি ধর্ম্মনৈতিক উদারতা প্রদর্শন করিয়াছিলেন বলিয়াই মোগল সাম্রাজ্যের
গৌরব-রবি এত উজ্জ্বল বিভা ধারণ করিয়াছিল।

নব্য ভারত ধীরে ধীরে অলে অলে একণে জাতীয় জীবন উপলব্ধি করিতেছেন, কিন্তু ধর্মনৈতিক একতা ভিন্ন জাতীয় জীবন অঙ্গহীন। আমি যতই কেন উদার হই না, মুসলমান খ্রীষ্টীয়ান্ রিছদীকে একটু দূরে রাধিব। ধ্যইরূপ খ্রীষ্টিয়ান মুসলমান রিছদী যতই উদার হউন না, বিধর্মী বা পুত্রলিকোপাসক বলিয়া হিন্দ্ তাঁহার ম্বণার পাত্র বা শোচা। অন্ত্রজনাদিগ্রহণ ও অন্নদানপ্রদান ব্যতীত কখনই সমসামাজিকতা জন্ম না। সমসামাজিকতা ব্যতীতও জাতীয় জীবন দৃচ্ হয় না। ধর্মনৈতিক একতা ব্যতীতও এই সম-সামাজিকতা কংনই সম্ভবেন না; স্তরাং ভারতের জাতীয় একতা বন্ধনের জন্ম ধর্মনৈতিক একতা একান্ত প্রেজনীয়।

ভারতের অধংপতনের তৃতীয় কারণ জাতি-বৈষম্য। এ জাতি-বৈষম্য জেতৃ-বিজিত-জাতিবৈষম্য বা বর্ণ-বৈষম্য হইতে সম্পূর্ণ স্বভন্ত। ইহা ভৌগোলিক বা প্রাদেশিক জাতীয়তা। প্রদেশভেদে ভারত-বা্সিগণের পরস্পারের প্রতি জাতীয় বিঘেষ ইক্কার প্রতিপাদ্য। এই

ভৌগোলিক সাম্প্রদায়িকতা বহু কাল হইতে চলিয়া আসিতেছে। যথন ভারত অসংখ্য কুদ্র রাজ্যে বিভক্ত ছিল, তথনই এই সাম্প্রদায়িকতার উৎপত্তি। তথন ইহা অনিবার্য্য ও কতকটা প্রয়োজনীয় হইয়া উঠিয়া ছিল। কালক্রমে এই অনিবার্য্য ও প্রয়োজনীয় ভৌগোলিক বিভাগ অতি ঘোরতর জাতীয় ভাবে পরিণত হইল। এক আর্য্য জাতি, ও এক অনার্যা জাতি এই সকল বিভিন্ন বিভিন্ন ভৌগোলিক সীমায় আবদ্ধ হইয়া ক্রমে আপনাদিগের প্রকাণ্ড জাতীয় ভাব ভূলিয়া যাইতে লাগি-লেন। মহারাষ্ট্রী বা পঞ্জাবী প্রভৃতি আর্য্য বাঙ্গালী উডিয়া প্রভৃতি আর্যাকে স্বতম্ভ স্বতম্ভ জাতি বলিয়া মনে করিয়া থাকেন। বিভিন্নদেশীয় অনার্যাদিগের মধ্যে ও এইরূপ বিজাতীয় ভাব। এই প্রাদেশিক জাতীয় ভাব ক্রমে জাতীয় শক্রতায় পরিণত হইল। এই প্রাদেশিক জাতীয় শক্রতা হইতেই আর্যাজাতির যবন-হত্তে পতন হয়। এই শক্রতা পাকিতে আমাদিগের ভারতীয় জাতীয় মাহাত্মা কথনই হইবে না। রোমীয় রাজ-তন্ত্রের সময় ইতালীতে এই প্রাদেশিক জাতীয় বিদ্বেষ ছিল; এই জন্ম তথন রোমের তেজঃপ্রতিভা তত দূর বিকাশ পায় নাই। রোমীয় সাধারণতত্তের সময় এই প্রাদেশিক জাতীয় বিশ্বেষ বিল্প হয়: এই জন্ম এই সময়ে রোমের এত প্রতাপ, এত মাহাস্মা! রোমীয় সামা-জ্যের সময়ও এরপ প্রাদেশিকতা ছিল না, রোমীয় সাহাজ্যেরও গৌর-বের ইয়তা ছিল না। রোম-সামাজ্যের পত্নের পর আবার ইতালী এই প্রাদেশিক জাতীয় সাম্প্রদায়িকতার ছিল্ল ভিল্ল হইল। তাহার পরিণাম বৈদেশিক অধীনতা। মাট্সিনি ও তৎসহচরবুন্দকে এই প্রাদেশিক জাতীয় সাম্প্রদায়িকতার বিরুদ্ধে অসংখ্য লেখনী-সমরে প্রবৃত্ত হই হাছিল। সেই মহতী উদ্দীপনা শক্তি প্রভাবে ইতা-লীয় প্রদেশ সকল যথন আপনাদিগের ভ্রম বৃঝিতে পারিলেন, তথন তাহারা পীড়মন্টরাজ ভিক্টর ইমানুমেলের অধীনে একটা সমবেত ইতা-লীয় জাতিরূপে পরিণত হইলেন। অমনি তাঁহাদিগের পায়ের শুঅল थुनिन। गातितन्छी ममर्ति इंग्लीय (मना लहेया विकासी कार्टीय-দিগকে বিজিত করিয়া তুষরাশির স্থায় তাহাদিগকে ইতালীকেত্র

হইতে উড়াইয়া দিলেন। এইরূপ যথন জার্মানী কতিপয় কুদ্র কুদ্র প্রাদেশিক রাজ্যে বিভক্ত ছিল, তথন ফ্রান্সেব পদাঘাতে মধ্যে মধ্যে জার্মান্দিগের মন্তক চুণীকৃত হইত। প্রথম নেপোলিয়নের সময় তাঁহা-দিগের হুর্গতির আর পরিসীমা ছিল না। তৃতীয় নেপোলিয়নেরও ভয়ে জার্মানেরা কম্পিত হইতেন। স্বদেশহিতৈষী বিসমার্ক তাঁহা-দিগের জাতীয় অবনতির কারণ বুঝিলেন। জাতীয় একতা সম্পাদনে তিনি প্রাণপণ করিলেন। তাঁহার অকান্ত চেষ্টায় বিচ্ছিন্ন জার্মান্ প্রদেশ দকল প্রদিয়ার রাজার অধীনে একটা প্রকাণ্ড জাতিরূপে পরি-ণত হইল। সমবেত জার্মান সাম্রাজ্যের প্রতাপ অচির-কাল-মধ্যে বিজয়ী জুন্সে অত্তুত হইল। সিডানু রণক্ষেত্রে ফরাশি-সম্রাট্তৃতীয় নেপোলিয়ন সমবেত জার্মান সেনাব পদানত হইলেন। অবরুদ্ধ পারিস ছয় মাদ আত্মরকার পর বিজয়ী জার্মান্ দেনার নিকট আপনার, দ্বারো-नवाउँन कतितान, अतः स्वर्गतानित विनिमस्य सवक्षक कतानिश्व आव ভিক্ষা পাইলেন। ইতিহাদ এইরূপ অসংখ্য দৃষ্টান্তে পরিপূর্ণ, কিন্ত আর নিদর্শনের প্রযোজন নাই। এক্ষণে সকলেই বুঝিবেন যে এই প্রাদে-শিক জাতীয় সাম্প্রদায়িকতার পরিহার ব্যতীত ভাবতের জাতীয় একতা-বন্ধনের কোন আশা নাই। এই প্রাদেশিক জাতীয় ভাবের নিরা-করণের তিনটী প্রধান অন্তরায় আছে। পরিচ্ছদ-বৈষম্য, ভাষা-বৈষম্য ও শাসনবৈষমা। স্থতরাং এ তিনটা বৈষম্যকেই আমরা ভারতেব মধঃপত্তনের কারণ বলিয়া ধরিব।

ভারতের অধঃপতনের চতুর্থ কারণ পরিচ্ছেদ- বৈষম্য। পরিচ্ছেদের
একতা ভিন্ন কখন মমস্বজ্ঞান হয় না। একজন সাহেব যদি আমাদের
পরমহিতৈথী হন, তগাপি তাঁহাকে দেখিলেই কেমন পর পর বলিনা
বোধ হইবে। এক জন বাঙ্গালী যদি আমার পরম শক্ত হয়, তথাপি
তাহাকে দেখিলেই, যেন কেমন আপন আপন বলিয়া বোধ হইবে।
এই পরিচ্ছেদসামাপ্রিয়তা হইতেই আমরা এক জন দেশীয়কে বৈদেশিক
পরিচ্ছেদে আবৃত দেখিলে সহিতে গারি না। পরিচ্ছেদসাম্য জাতীয়
জীবনের প্রথম লক্ষণ; কিন্তু হুংধের বিষয় যে ভারতের নামু পরিচ্ছেদ-

বৈষম্য আর কোন দেশে দেখা যায় না। সমস্ত ইউরোপে প্রায় একই রকম পরিচ্ছদ; কিন্তু এক ভারতে অসংখ্য বিভিন্ন পরিচ্ছদ। এক জন ভারতবাসী বিদেশে যাউন, তাঁহাকে ভারতবাসী বলিয়া চিনিবার কোন লক্ষণ নাই। তাঁহাকে বাঙ্গালী, পঞ্জাবী, কি মহারাষ্ট্রা বলিয়া চিনিতে হইবে। গুরুগোবিন্দ পরিচ্ছদ-সাম্যের মোহিনী শক্তি ব্ঝিয়াছিলেন, এই জন্ম তিনি থালসা মাত্রকেই এক বর্ণের এক রকম পরিচ্ছদে আরত করিয়াছিলেন। সমস্ত ভারতবাসী যদি একটা প্রকাণ্ড জাতীয় জীবনের প্রার্থী হন, তাহা হইলে সর্বপ্রথম তাহাদিগকে জাতীয় জীবনের প্রথম লক্ষণ পরিচ্ছদ-সাম্য অবলম্বন করিতে হইবে।

ভারতের অধংপতনেব পঞ্ম কারণ ভাষা-বৈষমা। ভিন্ন ভিন্ন ভাষা-কথনশীল ব্যক্তিগণের মধ্যে কথন জাতীয় সহানুভূতি হইতে পারে না। ইংরাজ কথন ফরাশিকে এক জাতি বলিয়া মনে করিতে পারেন না : সেইরূপ বাঙ্গালী কথন মহারাষ্ট্রীকে এক জাতি বলিয়ামনে করিতে পারিবেন না। মহারাষ্ট্রীয়ও বঙ্গে আসিয়া একটা বিভিন্ন জাতির সহিত মিলিত হইতেছি বলিয়া মনে করিবেন। ভাষা-বৈষম্য নিমিত্তই বাঙ্গালী ও মহারাষ্ট্রীয়গণের মধ্যে কখনই জাতীয় সহাত্মভৃতি জন্মে নাই। এই জग्रहे आमानिशत्क वर्शीत रक्षांग (পाराहेटक स्हेगाहिन। आवाद यनि মহারাষ্ট্র-প্রতাপ কথন পুনক্দিত হয়, তাহা হইলে আমাদিগকে হয় ত ्मरे इन्नाम आवात (পाटाइँटिट इटेरिन। এইत्रिल टेटनन्नी, महावाद्वी, जाविकी, कर्नाती, अञ्ज्ञाती, जाजभूती, माइ अवाती, अञ्जूषी, हिन्नि, উर्फ, পারশী, বাঙ্গালা, উড়িয়া, আদামী, ইংরাজী প্রভৃতি অসংখ্য ভাষা যে দেশে প্রচলিত সে দেশের জাতীয় একতা বড় সহজ ব্যাপার নুহ। প্রত্যেক-ভাষাকথনশীল জাতির স্বতন্ত্র জাত্যভিমান আপনিই इहेशा शरा । এই সাম্প্রদায়িক জাতাতিমান হইতে পরম্পর বিষেষ অতিশয় বাড়িয়া উঠে। ভারতের হুর্ভগ্যেবশতঃ ইংরাজ রাজনীতির কৌশলে এই ভাষাগত ভেদ দিন দিন আরও বাড়িতেছে। যে স্কল প্রাদেশিক ভাষা এখনও পুষ্টাবয়ব হয় নাই, অথচ স্পষ্ট দেখা যাইতেছে যে কোন প্রধান ভাষার সহিত তাহার অনেক ঐক্য আছে, তথন

 অপুষ্ট ভাষাকে অন্ধুরে বিদলিত করিয়া সেই পুষ্ট-মূল ভাষাকে তৎস্থানে সন্নিবেশিত করাই জাতীয় হিতাকাজ্ঞী গবর্ণনেণ্টের কর্ত্ব্য: ক্রিস্ত আমাদের তুর্ভাগ্যবশতঃ এরপ স্থলে আমাদের গবর্ণমেণ্ট বিপরীত নীতি অবলম্বন করিয়া থাকেন। এইরূপ বিকেন্দ্রীকরণ নীতি (Decentralization policy) আর কিছু দিন চলিলে ভারত অচির-কাল-মধ্যে व्यमःथा विভिन्नভाষাवनश्री जाठित्व পরিণত হইবে। ভাষাসংখ্যা यंज বাড়িতে থাকিবে, ততই ভারতের একীকরণ কার্য্য স্থদূর-পরাহত হইবে। এই রূপে প্রাদেশিক বিদেষানল যতই প্রস্কলিত হইবে, ততই বৈদেশিক শুঞ্জল কঠিনতর হইয়া আসিবে। ভাষাবৈষম্যে যে কেবল প্রাদেশিক বিদ্বোনল অধিকতর প্রজ্ঞালত হয় এরূপ নহে, ইহাতে এক প্রদেশের উন্নতিতে প্রদেশান্তরের উন্নতি হর না। তাহার প্রত্যক্ষ দৃষ্টান্তস্থল বঙ্গভাবা। বাঙ্গালীর বৃদ্ধিরতির অধিকতর পরিমার্জনার মহিত বাঙ্গা-লীর ভাষাও অধিকতর পরিমার্জিত ও পুষ্টাব্যব হইতেছে। ইহার স্ঠিত তুলনায় ভারতীয় অস্তান্ত ভাষা দিন দিন অধিকতর হীনপ্রভ হইয়া পড়িতেছে। যদি বাঙ্গালা ভাষা সমস্ত ভারতবাসীর ভাষা হইত, তাহা হইলে আজ ভারতের কি সৌভাগ্য হইত ! কিন্তু তাই বলিয়া আমরা আশা করিতেছি না যে সমস্ত ভারতবাসীই বঙ্গভাষাকে ভার-তীয় জাতীয় ভাষা বলিয়া গ্রহণ করিবেন। প্রার্থনীয় হইলেও সে আশা সফল হওয়ার সম্ভাবনা অল্ল। যাহা হউক যে ভাষাই ভারতীয় জাতির ভাষা হউক না কেন, ইহা হির যে এরপ একটী জাতীয় সাধারণ ভাষা ব্যতীত ভারতের সমীকরণ অসম্ভব। যাহারা ইংরাজীতে বক্তৃতা করিয়া বিদ্যালয়ের ছাত্রদিগকে মাতাইয়া ভারত মাতাইলাম বলিয়া অভিমান করিয়া থাকেন, তাঁহারা নিতান্ত অন্ধ; কারণ বৈদেশিক ভাষায় কথুন একটী জাতিকে মাতান যাইতে পারে না। বৈদেশিক ভাষা সমাজের অধস্তল স্পর্শ করিতে পারে না। এই জন্ত বৈদেশিক ভাষায় বক্তৃতাদি সমাজের অধস্তলকে উদ্দীপিত করিতে পারে না। ইহা উচ্চ ও মধ্য শ্রেণীর কয়েক জন মাত্রকে চালিত করিয়া থাকে। সে কয়েক জন অঙ্গুলিমাত্রে গণনীয়। এই জন্ত আমরা দেখিতে পাই যে টাউনহল

প্রভৃতিতে যে সকল সভা হয়, তাহাতে কতিপয় অজাতশাঞ যুবক বাতীত জাতিসাধারণ সমবেত হন না। ইংলগু ও আমেরিকা প্রভৃতি **मिट्न प्रिकाश** मंडा मकरन य अमाशा लाक ममत्वे हम, छेहात প্রধান কারণ স্বদেশীয় ভাষায় বক্তৃতা। স্বদেশীয় ভাষার উদ্দীপনা-শক্তি অতি চমৎকার! ইহা মৃতদেহেও জীবন সঞ্চার করে, নির্ব্বাণ-প্রায় বীর্য্যবহ্নিকে দক্ষকিত করে: তথাপি যাঁহারা বলিবেন যে ইংরাজী ভারতের জাতীয় ভাষা হইবেক, তাঁহাদিগকে জিজ্ঞাদা করি যে তাঁহা-দিগের মতের পরিপোষক কোন পূর্ব্ব নিদর্শন আছে কি না ? আমরা ত ইতিহাদে ইহারু অমুরূপ একটী দৃষ্টান্তও পাই না। রোম ত অসংখ্য রাজ্যকে পরাজিত করিয়া নিজ আধিপত্য স্থাপন করিয়াছিলেন, কিন্তু রোমীয় ভাষা কোন বিজিত দেশের মাতৃভাষাকে তাড়িত করিয়া তং-স্থান অধিকার করিয়াছিল ? বিজিত দেশ সকলের ভাষানিচয় রোমীয় ভাষা দারা কেবল মার্জিত ও পুষ্টাবয়ব হইয়াছিল মাত্র। এইরূপ নৰ্মান জাতি যথন আঙ্গুলোসাক্ষণদিগকে বিজিত করিয়া ইংলওে নৰ্মান্ জাতির আধিপত্য স্থাপন কবিলেন, তথন মাইন আদালত দব ফ্রাঙ্গে-নশান ভাষাৰ চলিতে লাগিল বটে, কিন্তু আঙ্গুলোসাক্ষণ ভাষাই ইংল-ত্তের মাতৃভাষা রহিয়া গেল, কেবল বিজেতী জাতির ভাষা দাবা পুষ্টা-वयव इहेन माज। आमता चरतत मस्पारे हेरात पृष्ठीख स्वथाहर छि। যে আর্য্যজাতি প্রায় পঞ্চ সহস্র বৎসর ভারতে রাজত্ব করিয়াছিলেন, যাহারা বিজিত অনার্যাজাতির সহিত অনেক বিষয়েই একীভূত হইয়া গিয়াছিলেন, তাঁহারাও অনার্য্য ভাষাকে সম্পূর্ণ বিদ্রিত করিয়া তৎ-পরিবর্ত্তে দেবভাষাদম অনুপম সংস্কৃত ভাষাকে ভারতীয় জাতীয় ভাষা করিতে পারেন নাই, দেশায বা প্রাকৃত ভাষাই জাতীয় ভাষা রহিল: কেবল সংস্কৃতের সহিত সংমিশ্রণে সংঘর্ষণে পরিপুষ্ট ও অধিকতর স্থলালত হইল মাত্র। আর্য্যেরা বিজিত জাতির ভাষাকে যে শুদ্ধ বিদুরিত করিতে পারিলেন না এরপ নহে, তাঁহারা সেই প্রাকৃত ভাবাকে আদর করিয়া সংস্কৃত নাটকাদিতে ব্যবহার করিতে লাগিলেন। সেইক্লপ মুসলমানেরা ভারতে সহস্র বংসর রাজ্ত্ব করিয়াও পারস্থভাষাকে ভারতের জাতীয়

ভাষা করিতে পারেন নাই। প্রতি গৃহে পারস্ত ভাষার চর্চা; প্রতি আদালত ও প্রতি বিদ্যানয়ে পারস্তভাষার আলোচনা! তথাপি পারস্তভাষা কিছুতেই ভারতে লক্সপ্রতিষ্ঠ হইল না। শেষে একটা সাম-ঞ্জ হইল। পার্জ ভাষার সংমিশ্রণে জাতীয় ভাষা হিন্দি কিঞ্চিৎ বিক্বত হইয়া হিন্দু মুদলমান উভয়ের উপযোগী একটী মিশ্র ভাষা রূপে পরিণত হইল। বলা বাহুল্য যে এই ভাষার নাম উর্দু। ইহা স্মরণ রাথা উচিত যে আর্য্যজাতি বা মুসলমান জাতি ইংরাজদিণের স্থায় নির্লিপ্ত ভাবে ভারতে রাজা করেন নাই। তাঁহারা ভারতের অধিবাসী হইয়া ভারতের শাদন করিয়াছিলেন, স্তরাং ভারতের বিজিত অধি-বাসিদিগের সহিত তাহাদিগের অনেক পারিবাবিক ও সামাজিক সংমিশ্রণ হইয়াছিল; তথাপি তাহারা আপনাপন ভাষা দ্বারা দেশায় ভাষাকে বিদূরিত করিতে পারেন নাই। ইংরাজেরা আমাদিগের সহিত সম্পূর্ণ নির্নিপ্ত। তাঁহাদিগের সহিত আনাদের আফিস আদালত ও বিদ্যালয়া দিতে যাহা দেখা শুনা হয়। তবে তাহাদিগের ভাষা আমাদি-গের (Lingua Franca) জাতীয় ভাষা হইবে কিরূপে ? তবে এক উপায় আছে। ইংরাজেরা যদি একপ মাইন জারী করেন যে—মাবাল বৃদ্ধ বনিতা ভারতে যে কেহ ইংরাজী ভিন্ন আর যে কোন ভাষায় কথাবার্ত্তা কহিবে, তাহাত্রক দণ্ডবিধির কঠোর দণ্ড গ্রহণ করিতে হইবে; তাহা इटेल, এक निन देः दां की आभारन द का ठीय ভाষা इटेल ३ इटेट शादा: কিন্ত ইংরাজেরা একপ অস্বাভাবিক আইনজারী করিতে সক্ষম হইলেও করিবেন না; কারণ একপ আইন জারী করা যত সহজ, এরপ আইন কার্য্যে পরিণত করা তত সহজ নহে। রুসিয়া যে পোলওস্থলে এরূপ অসাধ্যসাধনে কৃতকার্য্য হইয়াছিলেন, তাহার কারণ বিজিতদিশের সংখ্যার অল্পতা; কিন্তু বিজিত ভারতবাসিগণের সহিত তুলনায় বিজয়ী ইংরাজ কয় জন ০ সমস্ত ভারতবাসী ইংরাজী গ্রহণে প্রস্তুত হইলেও পঞ্চবিংশকোটী ভারতবাদীকে ইংরাজী শিখায় এরূপ লোক কই ?

ভারতের জাতীয় অধঃপতনের ষষ্ঠ কারণ শাসন-বৈষম্য। ভারত প্রকৃত প্রস্তাবে কথনই এক শাসনের অধীন হয় নাই। অতি প্রাচীন

কাল হইতে দেখা যায় যে ভারত কতকগুলি কুদ্র কুদ্র রাজ্যে সতত সংবিভক্ত। আর্যাদিগের ভারতবিজ্ঞরের পূর্বেও ভারতের এই দশা हिन। এই कंग्रंट चिंठ यहनश्थाक आर्या स्थाका त्रहे चनश्था कृप ক্ষুদ্র শূদ্রাজ্যকৈ এক একটা করিয়া পরাস্ত করিয়া প্রথমে সমস্ত আর্ঘ্যা-বর্ত্তে, পরে সমস্ত ভারতে আপনাদিগের আধিপতা স্থাপন করিতে সক্ষম হইয়াছিলেন; কিন্তু ভারত-সাম্রাজ্য সংস্থাপনের পর আর্য্যেরাও বিজিত অনার্যাদিগের ভ্রমে পতিত হইলেন। ইইারাও কুদ্র কুদ্র রাজ্যে সংবিভক্ত হইয়া ভারত শাসন করিতে লাগিলেন। এক এক জন রাজ-ঢক্রাবন্ত্রী এই সকল কুদ্র রাজমগুলীর অধিনেতৃত্বপদে অভিষিক্ত হইতেন বটে, কিন্তু সে অধিনেতৃত্ব নাম মাত্র। আভাস্তরীণ ও বহিশ্চর সকল বিষয়েই তাঁহারা সমাট্ হইতে স্বাধীন ছিলেন। তাঁহাদিগকে কেবল সেই মণ্ডলেশ্বর রাজচক্রবর্তীকে স্মাট্ বলিয়া মানিতে হইত ও প্রযো-জন মত তাঁহাকে অর্থ ও দৈল দিয়া সাহাধ্য করিতে হইত। ইংবাজ-সিংহের সহিত ভারতীয় মিত্রাজগণের যে সম্বন্ধ আছে, এবং ফিউডাল-তত্ত্বে ফিউডাল সামস্তগণের মগুলেখরের সহিত যে সম্বন্ধ ছিল, ইই:-দিগের সহিত সেই রাজচক্রবর্তীরও সেই সম্বন্ধ ছিল।

এইরপে ভারতেব জাতীয় সহান্তভূতি সন্ধীর্ণ হইতে সন্ধীর্ণতম সীমায় আবদ্ধ হইতে থাকিল। জাতীয় সহান্তভূতির রাসে প্রাদেশিক বিদ্বোনল প্রবলতর হইরা উঠিল। আর্যাজাতির অভূত স্বজাতি-প্রেমিকতা ও আর্যাধর্মের অবিচলিত স্বম্প্রদায়-হিতৈষণা নিবন্ধন এই বিদ্বেষ ভাব সহস্র সহস্র বৎসর ভন্মাচ্চাদিত অগ্নিফুলিঙ্গের স্থার অস্তর্নিগৃহিত ছিল, কালে সেই ক্ষুলিঙ্গ প্রকাণ্ড বহ্নিরপে পরিণত হইল! শেষে সেই ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য পরস্পরের উচ্ছেদসাধনে ক্ষুত্রসন্ধন্ন হইল। জয়চন্দ্রের বিশ্বাস্থাতকতায় পৃথুরাজের পতন তাহার চরম দৃষ্টাস্ত-স্থল। পৃথুবাজের রাজ্যকালে যথন অস্তর্বিচ্ছেদে ভারতবন্ধঃ ক্ষুত্রস্কৃত্র হইতেছিল, তথনই যবনসেনা সিদ্ধু পার হইতে সাহস্করিগাছিল। আবার মোগলসামাজের পতনের সময় যথন ভারত অসংখ্য প্রতিত্বন্ধী ক্ষুদ্র বাজ্যে বিভক্ত হইয়াছিল, তথনই আমেদ সা

আবদালী যবনদেনাসহ আবার সিদ্ধু পার হইয়া পাণিপথ রণকেত্রে সমবেত হিন্দু ও মুসলমান সেনাকে পরাস্ত করিল। সেই পরাজয়ের ব্যবহিত ফল, ইংরাজ কর্ত্তক ভারতাধিকার। এক্ষণে যদিও ইংরাজ-সিংহ হিমালয় হইতে কুমারিকা পর্যান্ত, সলিমান হইতে অমরাবতী পর্যান্ত বৈজ্ঞানিক দীমায় আবদ্ধ দমস্ত ভারতে অভতপূর্ব্ধ আধিপত্য বিস্তার ক্রিয়াছেন, তথাপি এখনও অনেক ক্ষুদ্র রাজ্য মিত্র বা কর্দ রাজ্যরূপে বিভিন্ন শাসনাধীন রহিয়াছে। আমরা ভারতের ভবিষ্যুৎ মঙ্গলের জ্ঞা এরপ অবস্থা প্রার্থনীয় মনে করি না। সমস্ত ভারত যদি কথন এক-জাতীয় শাদনের অধীন হইতে ইচ্ছা করেন, তাহা হ**ইলে** অগ্রে তাঁহা-দিগকে এক প্রবল বৈদেশিক শাসনস্মিতির অধীনে আসিয়া সেই মহানু ছাতীয় ভাব শিক্ষা করিতে হইবে। যখন সেই মহান জাতীয় ভাব আা াদের হৃদ্যের স্তরে স্তরে নিহিত হুটবে, সিদ্ধি আপনা হুইতেই আমাদের করতলম্ভ হইবে। এখন যদি ইংরাজ জাতি ওাঁহাদিগের জাতীয় মহত্ব গুণে আমাদিগকে তাঁহাদিগের অধীনতা হইতে মুক্ত করেন, তাহা হইলে আমরা এই প্রকাণ্ড সাম্রাজ্য লইয়া কি করি ? আজ সিদ্ধিয়া আসিয়া বলিবেন এ বিপুল ভারতে আমার অপেক্ষা বাহুবল কাহার অধিক ৭ আমি ভিন্ন ইহার সমাট হুইবার উপযুক্ত আর কে ? যদি প্রতিবাদ কর ত আমার স্থশিক্ষিত সেনা তোমাদিগের ক্ষিরে ভারতবক্ষঃ প্লাবিত করিবে।' নেপাল, ভূটান, কাম্মীর, বিকা-নীয়ার, জয়পুর, ভূপাল, উদয়পুর, হোলকার, বরোদা, মহীস্কর, নিজাম, ত্রিবান্ধর, ক্রমে ক্রমে ইইারা সকলেই আমাদের নিকট তাঁহাদের বলবীর্যা খ্যাপন করিবেন। আমরা এ ছত্রিশ কোটী দেবতার কাহাকে মনোনীত করিব? আমরা কাহাকেও অসম্ভষ্ট করিতে সাহস করিব না; স্থতরাং তাঁহারা আপন আপন আধিপত্য সংস্থাপন করিবার নিমিত্ত ঘোরতর গৃহানল প্রজ্ঞলিত করিবেন। সেই সময় হয় ত রুসিয়া স্থযোগ পাইয়া ভারতে প্রবেশ করিয়া আবার শত শত বৎসরের জন্য ভারতের সৌভাগ্যতপন তমসাক্তর করিবে। স্বতরাং রাজ্যতন্ত্রের মূল ছিল্ল করিয়া নিয়োচ্চকে এক সমতল কেত্রে পরিণত করিয়া. ভারতক্ষেত্রকে

ভবিষ্য প্রকাণ্ড সাধারণতন্ত্রের বীজধারণোযোগী করিয়া রাখিতে হইবে; কিন্তু এ বিষয়ে কোন আন্দোলন করা আমাদের অনধিকার চর্চা মাত্র। আমাদের নিজের বিষয়ে কথা কহিবার আমাদের অধিকার নাই।

ভারতের অধঃপতনের সপ্তম কারণ ধন-বৈষম্য। এই বৈষম্য যে, কেবল ভারতের তুবদৃষ্টের ফল এরপ নহে। সকল দেশই এই বৈষম্যে অল্ল বিস্তর প্রপীড়িত। যে দেশে যখন এই বৈষম্যের পরিমাণ পূর্ণ হয়, তথনই এক একটা বিপ্লব উপস্থিত হয়। প্রসিদ্ধ ফরাসিবিপ্লব ইহার প্রধান দৃষ্টাস্ত-স্থল। চতুর্দশ ও পঞ্চলশ লুইয়ের সময়ে এই বৈষম্যে করাশি জাতির যেরূপ ছুর্নশা ঘট্নাছিল, তাহা বর্ণনার অতীত। অন্না-ভাব-প্রপীড়িত প্রজার শেষ গ্রাস কাড়িয়া লইয়া, তাহাদিগকে পেষকে (প্रयन क्रिया, भाषित्क भाषन क्रिया, नाह्तक नाह्न क्रिया ए वर्ध-রাশি সংগৃহীত হইত, তাহা রাজ-প্রণয়পাত্রী বারাঙ্গনাগণের অঞ্চাভরণে ব্যয়িত হইত। উচ্চশ্রেণী রাজারগুনীত ও রাজপ্রসাদ-ভোগী বিপুল সম্পত্তির অধীশ্ব হইয়াও রাজকর হইতে সম্পূর্ণ মুক্ত। কৃষক-বহুল নিয়শ্রেণীই কেবল করভারে প্রবীড়িত। প্রজারা এত দুর নিঃস্ব ও কর প্রদানে অক্ষম হইয়া পড়িয়াজিল, যে কর আদায়ের সৌকর্য্য-বিধানেব নিমিত্ত রাজাকে নাবিক-দাবত্ত, ফাশিকাঠ, ও গীড়ন-যন্ত্র প্রভৃতিও অব-লম্বন ক্রিতে হইয়াছিল। এক্দিকে প্রজাসাধারণ—দারিদ্রা, অনাহার, পীড়া ও নিষ্ঠুর দওবিবির তাড়নে মৃতপ্রায়;—অন্যদিকে রাজগণের চিন্তাপূন্য উদ্যানকেলি, বনবিহার, নৃত্যগীত, ও বারাঙ্গনাদিগের সহিত হান্ত পরিহাসাদি ধারাবাহিক প্রমোদ-লহরী। পাপের ভরা পূর্ণ হইবা-নাত্র ভাঙ্গিয়া পড়িল।

ফ্রান্সে জমিদার ও ক্বকের মধ্যে বেরূপ ভীষণ ধন-বৈষ্ম্য ঘটিয়ছিল, আমাদের দেশে আজও ততদূর ঘটে নাই বটে, আজও পাপের
ভরা পূর্ণ হয় নাই দত্য, কিন্তু যে যে কারণ সত্ত্বে চেই ভরা পূর্ণ হইবে,
সে কারণ এখানেও বর্তুনান। স্নাজ ও আইনের ব্যরূপ ব্যবস্থা,
তাহাতে উচ্চ ও নিয় শ্রেণীর মধ্যে এই ঘোরতর ধন-বৈষ্ম্য কথন যে
প্রপনীত হইবে; তাহার স্স্থাবনা অল। এই হানে যে উচ্চশ্রেণীর

উল্লেখ করা ছहेन, ভাষা ধনীমাজেরই উপলক্ষণ, এবং যে निम-ट्यांगैत जेदाव कता हरेंग, जांश मतिसमाखितरे जेंशनका। वर्ष-देवब्दसा ভারতে বে উচ্চ ও নিম্নশ্রেণী সংগঠিত হইয়াছে, তাহার সহিত ইহার সম্পূর্ণ পার্থকা। ধনী ও নির্ধন-জগতে এপ্রভেদ থাকিবে না, বা থাকা উচিত নয়, এ কথা আমরা বলিতে প্রস্তুত নহি। যিনি পরিশ্রম ও বৃদ্ধিবলে ধনোপার্জন করিয়াছেন, তিনি আজীবন সমস্ত সম্পত্তি ভোগ করুন, তাহাতে আমাদের আপত্তি নাই; কিন্তু তাঁহার পুত্র বা পৌত্র সমাজের কিত্রই করিল না, অথচ সেই পুত্র বা পৌত্র পুত্রপৌত্রাদিক্রমে পিতা বা পিতামহার্জিত ধনভোগ করিবেন, আমরা তাহা সহু করিতে পারি না। যত দিন না শ্রমোপাজ্জিত ধনের বিভাগ জন্মের দৈবঘটনার উপর নির্ভর না করিয়া অপক্ষপাতী স্থায়ের তুলাদণ্ডের দারা নিমন্ত্রিত হইবে, যত দিন না অযত্নক দ্রাজাতের উপর সাধারণ অধিকার প্রতিষ্ঠাপিত হইবে, তত দিন জগতের ভারভূত অলসশ্রেণীর জগৎ ছইতে তিরোভাবের সন্তাবনা নাই। কি অধিকারে ধনীর পুত্র বা জমিদাবতনয় বিনা পরিশ্রমে অন্যোপার্জিত ধন বা অন্ত-লব্ধ বিষয় গ্রহণ ক্রিবেন ? সেই ধনে বা সেই বিষয়ে তাহাদিগেরও যেমন অধি-कात, ममाज-माधाद्राधाद (महेक्राप अधिकात । मः माद्र প্রবৃত্ত হইবার জ্ঞ তাঁহারা নম পিতৃসম্পত্তির কিঞ্চিদংশ গ্রহণ করিলেন ; কিন্তু তাঁহারা সমস্ত লইবার কে ? এক জন দৈবক্রমে এক ধনীর গৃহে জন্ম গ্রন্থণ করিলেন। পিতৃবিয়োগের পর প্রাপ্তবয়স্ক হইবামাত্র তিনি অতুল ঐশর্য্যের অধিপতি হইলেন। তাঁহার প্রণয়পাত্রী বারাঙ্গনা বৎসরে লক্ষ লক্ষ টাকা পাইতে লাগিল। তাঁহার চতুরখ্যানের তাড়িত-সম্পেষণে অনেক দীন হুংথী হতপ্রাণ বা বিকলান্ত। তাঁহার নির্মান শোষধে প্রস্কারন্দ হতসর্বস্থ ! তিনি সমাজের কি করিয়াছেন যে সমাজ তাঁহার চাৰার খন্নে অন্মিয়াছে। দে ভূমিকর্ষণ করিয়া কথঞ্চিৎ উদরপূর্ণি করিতে প্রস্তুত আছে: তথাপি সে যে সামাত টাকার জন্ত কর্মণোপবোগী শ্লৈকেতেল কিনিতে জক্ম, তাহার জন্ত কি সমাজ একুট্ও ভাবিবেন

না ? কে ভাবিবে ? উচ্চশ্রেণীর ভাবিতে গেলে স্বার্থহানি হয়, স্বতরাং উচ্চশ্রেণী কথনই ভাবিবেন না। আমাদের শাসনসমিভিও লক্ষীর বরপুত্র, স্নতরাং বৈষম্যের নিদান। উচ্চশ্রেণীর পরিরক্ষণে তাঁহাদেরও স্বার্থ আছে; কারণ কোন প্রকার বিপ্লব উপস্থিত হইলে উচ্চশ্রেণীর সমূহ ক্ষতি; স্থতরাং উচ্চশ্রেণী সর্বাদা সর্বপ্রকার বিপ্লবের গতি-রোধ করিতে চেষ্টা করিবেন। বিপ্লবের গতিরোধক বলিয়া উচ্চ-শ্রেণীর অধিকার-নিচয় শাসনসমিতির কঠোর বিধি-পরস্পরা পরি-রক্ষিত করিতেছেন। যথন শাসনসমিতি ও উচ্চশ্রেণী পরস্পর সম্বন্ধ হুইয়া নিম্নশ্রেণীর প্রতি উৎপীত্ন আরম্ভ করিয়াছেন, তখন নিম্নশ্রেণীর উঠিবার আর আশা কই ? সংখ্যা-গণনায় নিম্নশ্রেণী উচ্চশ্রেণী অপেকা অসংগ্য গুণ অধিক। স্নতরাং সেই নিম্নশ্রেণী এরূপ অবনত থাকিতে ভারতের গৌরবের আর কি আশা ? আমরা আবার বলিব যে, সেই নিম্নশ্রেণী অধঃপতিত থাকিতে ভারতের কোন আশা নাই। যাহারা সেই নিমশ্রেণীকে তুলিতে চেষ্টা না করিয়া কেবল উচ্চশ্রেণীর সাহায্যে ভারতেব গৌরব-রবির পুনরুদয় দেখিতে ইচ্ছা করেন. তাহারা নিতান্ত ভ্রান্ত।

ভারতের জাতীয় অবনতির অন্তম ও চরম কারণ স্ত্রীপুরুষ-বৈষম্য।
এই দ্বীপুরুষ-বৈষম্য বে আজ প্রচলিত হইরাছে বা শুক্র-আমাদের দেশে
প্রচলিত রহিরাছে, এরপ নহে। ইহা অতি প্রাচীন কাল হইতেই অর
বিস্তর পরিমাণে সকল দেশেই চলিত হইরা আসিতেছে। আমরা অতি
প্রাচীন প্রছ ঋথেদ ও মহুসংহিতা প্রভৃতিতেও ইহার ভূরি ভূরি প্রমাণ
দেখিতে পাই। সেই ঋথেদের সময় হইতে বর্ত্তমান কাল পর্যান্ত স্ত্রীপ্রক্রে রাজ্যণ শূদ্র পার্থকা বিদ্যমান। মহুব্যে মহুব্যে সমানাধিকারবিশিষ্ট। স্ত্রী ও পুরুষ উভয়েই মহুব্যজাতি। স্বতরাং স্ত্রী পুরুষের
ভূল্যাধিকার-শালিনী। সাম্যতন্তের এই মূল সত্য সেই পুরাকাল হইতেই অবীক্বত হইরা আসিতেছে। সাম্য-তন্তের এই মূল মত, প্রতিবাদীরা এই বলিয়া চির কাল খণ্ডন করিয়া আসিতেছেন, বে প্রকৃতি
ক্রীজাতিকে বর্থন পুরুষ্কাতি অপেক্ষা বৃদ্ধিবৃত্তিতে ও শারীরিক বলে

হীন করিয়াছেন, তখন সকল বিষয়ে খ্রীজাতি পুরুবজাতির সমান ছইবে কিরপে ? এই বৃক্তি আপাততঃ অবগুনীয় বোধ হইতে পারে। কিন্তু বিশেষ অনুধাবন করিয়া দেখিলে, ইহা নিতান্ত অসার বলিয়া প্রতি-পন্ন হইবে। স্ত্রীজাতির শারীরিক গঠন কোন কোন বিষয়ে পুরুষজাতির অপেকা বিভিন্ন, তাহা কে অস্বীকার করিতে পারে ? কিন্তু তাই বলিয়া স্ত্রীজাতি যে সাধারণ-পরিশ্রমসাধ্য কার্য্যে পুরুষজাতির সমকক নহেন, ইছা স্বীকার করিতে আমরা প্রস্তুত নহি। আমরা প্রত্যক্ষ দেখিতে পাই বে. অসভা সমাজে স্ত্রী ও পুরুষ উভরেই সমান শারীরিক পরিশ্রম करत । भाराज़ी वा अन्ननी खीता भूकरवत महन ममारन कार्ठ कार्छ, मांगि (थाँए, ताका वस । जाशांपन सामनीय वन भूक्षधार्गत आश्रका নিতান্ত নান নহে। দীন ত্রখীর ঘরের স্ত্রীলোকেবাও বহুপরিশ্রম-সাধ্য কার্য্য করিয়া থাকে, স্কুতরাং তাহাদিগেবও স্নাধ্বীয় বল নিতান্ত ক্ম नरह। जरद रव मधा अ डेक्ट ट्यंगीत नननागन' मिन मिन ननीत भूउनी হইতেছেন, তাহার কারণ অস্বাভাবিক পবিশ্রমবিরতি। পুরুষে পব-স্পরায় শারীরিক পরিশ্রম ছইতে বিরত হইলে পুক্ষজাতিরও এইরূপ সায়বীয় অবনতি ষ্টিতে পারে ও ঘটিয়াও থাকে। উচ্চপ্রেণীর পুরুষ-দিগের সহিত তুলনার পাহাড়ী স্ত্রীলোকদিগের সায়বীয় পরিণতি অনেক ভাষিক। স্নতরাং স্পষ্ট দেখা যাইতেছে যে, শারীরিক বৃত্তির পরিপুষ্টিও অন্তান্ত বৃত্তির পরিপৃষ্টির ক্তায় চর্চ্চাসাপেক । তুমি স্ত্রীলোকদিণের পুরুষ-দিগের ভার সমান শারীরিক পরিশ্রমে নিয়োগ কর, কালে তাহার। थात्र भूक्षिपित्र ममान मनल इहेता छेठिति।

বৃদ্ধিবৃত্তিতে যে স্ত্রীজাতি পুক্ষজাতির ন্যন নহেন, তাহা আমেরিকার একরূপ পরীক্ষিত হইরাছে। আমেরিকার চিকিৎদাবিজ্ঞান, ব্যবহার-বিজ্ঞান, দাহিত্য, দর্শন ও শিল্পাদি সকল বিদ্যার স্ত্রীজাতি পুক্ষজাতির শমকক্ষতা করিতেছেন। তথার-ফ্রীজাতি জজ, ম্যাজিট্রেট, ব্যারিপ্তার, ক্ষধ্যাপক, চিকিৎসক—এই সকল মহোচ্চ পদে অভিবিক্ত ইইরা তাহার গৌরব বর্দ্ধন করিতেছেন। কোন বিষয়ে যে তাঁহারা ন্যুন, একথা ব্যারিক্ত আর কাহারও সাহস নাই। ক্রীজাতি থে ভদ্ধু এই উচ্চ পদ-

গুলিতে পুরুষের সহিত ঐতিরনিতা করিতেছেন এমন নহে, আমেরি-কার সামান্ত পোষ্ট মান্তারী হইতে সকল কার্য্যেই স্ত্রীলোকের সমান প্রতিযোগিতা।

হৃছ ভির পরিপৃষ্টি বিষয়ে যে স্ত্রীজাতি পুরুষজাতির ন্যন নছেন, বরং শ্রেষ্ঠ, এবিষয়ে মতদ্বৈধ নাই।

স্থতরাং প্রতিপন্ন হইল যে, স্ত্রী-পুরুষ-বৈষম্য অপ্রাক্তিক ও সাম্য-নীতিবিগর্হিত।

তর্কের অন্মরোধে যদি আমরা স্বীকার করি যে, সম্পূর্ণ সমান অব-খাধ রাখিয়া দেখা গেল যে, স্ত্রীজাতি পুরুষজাতির সমকক্ষ নহেন; যথন সমকক্ষ নহেন, তথন সমান অধিকার পাইবেন কেন গ এ প্রশ্নের উত্তরে আমরা বলি যে, সমকক্ষ না হইলে সমান অধিকার পাইবার र्यागा नरर, व नीिं भृक्षकारनत भागव नीिंड, रेश मामानीिंडत मम्पूर्व বিপরীত। বলবান্ হইলেই তুর্ধলের প্রতি উংপীড়ন করিতে হইবে, ভর্কলের প্রাকৃতিক স্বন্ধ কাড়িয়া লইতে হইবে, বিশ্বান হইলেই মূর্থের বিদ্বেষী হইতে হইবে, বা ধনী হইলেই নির্ধনের উৎপীড়ক হইতে হইবে-এরপ নিয়ম আর উনবিংশ শতাব্দীতে নীতি-সঞ্চ বলিয়া বিবেচিত হয় না। এরপ নীতি এখন উঠিয়া গিয়াছে বলিয়াই হর্মণ ও প্রপীড়িত ভারতবাদী ইংরাজকৃত অত্যাচারের নালিশ ইংরাজেরই নিকট করিতে যান। এই নীতির উপর নির্ভর করিয়াই আমরা ভারত-वामी है शास्त्र निकृष्ठे मिष्ठादित मञ्जावना ना एम्थिए भाहेता. কাঁদিয়া বিলাতের মাটা পর্যান্ত ভিজাইয়া থাকি। ভারতবাসী জানেন त्य, देश्त्राक माधातन मायावानी, खुळतार এक जन देश्ताक अविठात করিতে পারেন, কিন্ত ইংরাজ জাতি কথন অবিচার করিতে পারেন मा। এই জন্মই छाँहाप्तत এত मछा। এই জন্মই छाँहाप्तत এड आदितन ।

আচ্ছা! তাঁহারা যথন একটা ভিন্ন জাতির সাম্যনীতির ফলভোগী হইতে আপনারা ইচ্ছা করিতেছেন, তথন আপন গৃহে সেই নীতি প্রয়োগ করিবেননা কেন? অগ্রেই গৃহপিঞ্জরে আবদ্ধান্ত্রী ক্সাগণকে দাসত্ব-শৃত্যক হইতে উন্মুক্ত না করিয়া অপরকে নিজের পারের শৃত্যকে উন্মুক্ত করিতে বলা বিজ্ঞ্জনামাত্র! ইংরাজেরা ভারতের বিংশতি কোটা অধিবাদীকে রাজনৈতিক শৃত্যকে আবদ্ধ রাখিয়াছেন, সত্য, কিন্তু ভারতের পুরুষণণ যে সেই বিংশতি কোটার অর্দ্ধেককে ঘোরতর দামাজিক ও ধর্মনৈতিক শৃত্যকে আবদ্ধ করিয়া রাখিয়াছেন, তাহার কি হইবে? তাহারা গৃহে সেই ঘোরতর দাসত্ব-প্রথার পরিপোষক হইয়া কোন্ মুথে ইংরাজদিগের নিকট আপনাদিগের শৃত্যকা-মোচন ভিকা করেন? তাহারা স্ত্রী জাতিকে যে তুর্গতিতে রাথিয়াছেন, সহস্র রাজনৈতিক শৃত্যকেও তাঁহাদিগের তাদৃশ তুর্গতি হইবে না।

দাসদিগের যে অধিকার আছে, ভারতীয় নারী জাতির সে অধিকার নাই। দাসেরা বাহিরে যাইতে পারে, ভারতের নারীর নির্দিষ্ট সীমার वाहित्त यहिवात अधिकात नाहे। नात्मता निज निज छेनतान आभनाता উপার্জন করিতে পারে, ভারতের নারীর কোন প্রকার উপার্জনে अधिकात नारे। मारमता मर्खळकात निकाय अधिकाती। अधिक कि, প্রাচীন রোমে উচ্চ শ্রেণীর লোকদিগের সম্ভানগণের শিক্ষার ভার প্রধানতঃ দাস্দিগের উপর নাস্ত থাকিত, কিন্তু ভারতীয় ললনাগণ সে শিক্ষায় অধিকারিণী নহেন। দাস নিজ মনোমত ভার্য্যা মনোনীত করিতে পারে, কিন্তু ভারতল্লনার চিরজীবনের সহচর-নির্মাচনে অধি-কার নাই। নিকাচনশক্তি, পরিপুষ্ট হইবার পূর্কেই তাহার মতামত উপেক্ষা করিয়া তাহাকে এক অপরীক্ষিত যুবকের হত্তে সমর্পণ করা হয়। স্ত্রী থাকিতেও পুক্ষ সহস্র বার বিবাহ করিতে পারিবেন, কিছ ভারত ললনা বিধবা হইলেও তাহার পুনর্বিবাহে অধিকার নাই। পুত্র পিতার সমন্ত ধনে অধিকারী, কিন্তু হৃঃথিনী ক্সার তাহাতে কিছুমাত্র অধিকার নাই। পুত্র কন্তার অবর্ত্তনানে মৃত স্ত্রার স্ত্রীধনে স্বামীর निव्ह चर, किंड अপू क चामीत मृञाट अ चामि-धान खीत जीवन-শ্বন্ধ মাত্র। এরূপ স্থলে স্ত্রীর স্ত্রীধন লইয়া স্বামী ধাহা ইচ্ছা করিতে পারেন, কিন্তু মৃত পতির সম্পত্তির দান বিক্রয়ে ত্রীর কোনও অধিকার নাই। নিজের গ্রাসাফ্রাদন ভিন্ন অভ্য কোনু বিষয়ে সে সম্পত্তির

বায় করিবার তাঁহার অধিকার নাই (১)। তিনি যদি অতুল সম্পত্তির অধীধরের ভার্মা হন, তথাপি তিনি একাশন বই করিতে পারিবেন না (২); ইচ্ছা হইলেও এক থানি ফল্ম বন্ধ পরিধান করিতে পারিবেন না (৩); যে পর্যাক্ষে তিনি স্বামীর সহিত শয়ন করিতেন, সে পর্যাক্ষে বৈধব্যদশার শয়ন করিলে স্বামীকে পাতিত করিবেন (৪); যে গল্পদ্রের ব্যবহারে তিনি আশৈশব অভ্যন্তা, তাহা তিনি স্পর্শপ্ত করিতে পারিবেন না (৫); অধিক কি, একটা সামান্ত পান থাইতে ইচ্ছা হইলেও তাঁহার থাইবার অধিকার নাই (৬)। বিধবা স্ত্রীর পক্ষেত্র এই ব্যবস্থা। এ দিকে মৃতপদ্ধীক পতির পক্ষে সমস্ত দ্বার উন্মুক্ত। তিনি যত ইচ্ছা বিবাহ করিতে পারেন, যত ইচ্ছা থাইতে পারেন, যেনন ইচ্ছা বিহার করিতে পারেন, কিছুতেই শাস্ত্রের আপত্তি নাই।

পুরুষ অষ্টাদশ বা একবিংশ বংসর অতিক্রম করিলে সকল বিষ-ষেই স্থাধীন হইবেন; কিন্তু রমণীর স্থাধীনতা কোন কালেই নাই। তাঁহাকে কন্তুকাকালে পিতার, পরিণয়ের পর স্থামীর, স্থামীর অবর্ত্ত-

⁽১) স্ত্রীণাং স্বপতিদায়স্ত উপভোগফলঃ স্মৃতঃ। নাপহারং স্ত্রিয়ঃ কুর্মুঃ পতিদায়াৎ কথঞ্চন॥ স্মৃতি।

⁽২) একাহারঃ সদা কার্য্যঃ ন দ্বিতীয়ঃ কথঞ্চন। স্মৃতি।

⁽৩) উপভোগোহপি ন সূক্ষবস্ত্রপরিধানাদিনা। দায়ভাগ।

⁽৪) পর্যাক্ষশায়িনী নারী বিধবা পাতয়েৎ পতিম।

⁽e) গদ্ধদ্রব্য**দ্য সম্ভোগো নৈব কার্য্যন্ত**য়া পুনঃ।

⁽৬) তাম্পুলং বিধবাস্ত্রীগাং যতিনাং ব্রহ্মচারিগাম্॥ তপস্থিনাঞ্বিপেক্র ! গোমাংসসদৃশং গ্রুবম॥ ব্র. বৈ ২৭ আ

মানে পুত্রের, পুত্রাভাবে পতিকুল বা পিতৃকুলের যে কোন অভিভাব-কের শাসনাধীনে থাকিতে হইবে (১)। পুরুষ সতত নির্মুক্ত থাকি-বেন, কিন্তু রমণীর বাহিরে যাইলেই চরিত্র কলম্ভিত হইবে।

জগতের যাবতীয় উচ্চ পদে প্রুবের অধিকার; কিন্তু রমণীর অধিকার সামান্ত পরিচারিকার কার্যে। দাসীর্ভি রমণীর গৌরবের
জিনিস। গৃহকার্য্যে দক্ষতা লাভ করিতে পাবিলেই তিনি সকলের
আনরণীয়া হইবেন। তাঁহার দৈনন্দিন কার্য্য-প্রণালী বহিপুরাণে অতি
সংক্ষেপে স্থলরক্ষপে প্রদত্ত হইয়াছে। 'তিনি প্রতিদিন শয়া হইতে
উঠিয়া পতি-দেবতাকে নমন্ধার করিয়া গৃহতল ও প্রাঙ্গণদেশ গোময়
বা জলছারা অন্থলিপ্ত করিয়া ও অন্তান্ত গৃহকার্য্য সম্পন্ন করিয়া সান
করিতে যাইবেন; স্থান করিয়া আসিয়া আবার তাঁহাকে পতির
চরণে প্রণিপাত করিতে হইবে; তাহার পর অন্তান্ত গৃহ-দেবতার
পূজা সমাপন পূর্ব্বক অবশিষ্ট গৃহকার্য্য নির্বাহ করিয়া পতিকে ভোজন
করাইয়া সর্বশেষে যাহা কিছু অবশিষ্ট থাকিবে, তদ্বারা তাহাকে
কথঞ্জিৎ উদরপূর্ত্তি করিতে হইবে (২)।' ইউবোপ বা আমেরিকায
সামান্ত দাসের অবস্থাপ্ত ইহা অপেক্ষা অধিকতব উন্নত। অধিক কি,

⁽১) বাল্যে পিতুর্বশে তিষ্ঠেৎ পাণিগ্রাহ্ন্য যৌবনে।
পুজাণাং ভর্তরি প্রেতেন ভজেৎ স্ত্রী স্বতন্ত্রতাম্ ॥ মনু।
(২) সা শুদ্ধা প্রাতর্রতায় নমস্কৃত্য পতিং স্কর্ম।
প্রাঙ্গণে মণ্ডনং দদ্যাৎ গোময়েন জলেন বা ॥
গৃহকৃত্যঞ্চ কৃত্যা চ স্নাত্মা গত্মা গৃহং সতী।
স্করং বিপ্রথ পতিং নত্মা পুজয়েদ্গৃহদেবতাম্ ॥
গৃহকৃত্যৎ স্থনির্ব্য ভোজয়িত্মা পতিং সতী।
স্কৃতিথিং পূজয়িত্বা চ স্বয়ং ভূঙ্কে স্কুখং সূতী॥

মহর্ষি ব্যাস নিজ ক্বত সংছিতার স্ত্রীকে দাসী বলিয়া স্পটাক্ষরে নির্দেশ করিয়াছেন। ভার্য্যা দাসীর ভার সতত স্বামীর আদেশের অমুবর্ত্তন করিবেন (২)। দাস্পত্য-জীবনের অতি কটকর অঙ্গ যে সম্ভান পরি-পালন, পুরুষ জাতির অপূর্ব্ব কৌশলে তাহা স্ত্রীর হস্তেই অর্পিত আছে। মহুও এই ব্যবস্থার অনুমোদন করিয়া গিয়াছেন। তাঁহার মতে সম্ভানের উৎপাদন ও পরিপালন—এ হুইই স্ত্রীর অপরিহার্য্য কর্ত্তব্য (২)।

স্ত্রী যে শুদ্ধ স্বামীর দাসী ও সন্তানের ধাত্রী এরপ নহে, তিনি
শিশুর শাশুড়ী প্রভৃতি গুরুজনগণেরও পরিচারিকা। কণুমুনি পতি গৃহে
গমনকালে শকুন্তলাকে যে সকল নৈতিক উপদেশ প্রদান করেন,
তাহার মধ্যে গুরুজনদিগকে সেবা করিবে, (৩) এইটাই সর্বপ্রধান।
স্ত্রীর অধীনতা যে শুদ্ধ দেহেই পর্যাবসিত হয়, এরপ নহে; তিনি মানসিক ও হুছ্ তিবিষয়ক স্বাতয়্রো বঞ্চিত। তাঁহার কর্ত্তরাবৃদ্ধি তাঁহাকে
যে কার্য্য করিতে বলিবে, সে কার্য্য করিবার তাঁহার অধিকার নাই।
স্বামীর যাহাতে অভিকৃতি, তাঁহাকে তাহাই করিতে হইবে (৪)। পৃথক্
যক্ত, পৃথক্ ব্রত, বা পৃথক্ উপাসনা করিবার তাঁহার অধিকার নাই (৫)।
স্বামীর বাক্যাকুর্মপ কার্য্য করাই তাহার সনাতন ধর্ম্ম (৬)।

যে শুঝল স্ত্রীর মত না লইয়া তাঁহার অজ্ঞানাবস্থায় তাঁহার পারে

⁽১) मामीवामिक्टेकार्सायु ভार्यत ভर्जु ३ मना ভरव८ ।

⁽২) উৎপাদনমপত্যস্য জাতস্য পরিপালনম্। প্রত্যহং লোক্যাত্রায়াঃ প্রত্যক্ষং স্ত্রীনিবন্ধনম্॥

⁽৩) শুক্রময় গুরুন্। অভিজ্ঞান শকুন্তলা।

⁽৪) যত্র যত্র রুচির্ভর্ স্তত্র প্রেমবতী দদা। কাশীখণ্ড।

⁽৫) নান্তি স্ত্রীণাং পৃথক্ যজ্ঞো ন ত্রতং নাপ্যুপাসনম্। বিষ্ণুসংহিতা।

⁽৬) জ্রীভির্ভর্বচঃ কার্য্যদেয় ধর্মঃ সনাতনঃ 🕡

পরান হইরাছে, দে শৃঞ্জল এ জীবনে আর ভাঙ্গিবার তাঁহার অধিকার নাই। সমাজ বে পতি তাঁহার স্বন্ধে চাপাইবেন, তিনি তাঁহার সম্পূর্ণ অবোগ্য ও সম্পূর্ণ অপ্রিয় হইলেও কায়মনোবাকো তাঁহার শুশ্রুষা করিতে হইবে। সে পতির উপাসনায় তিনি স্বর্ণে প্রতিষ্ঠাভাজন হইবেন (১)।

শাস্ত্রে করেকটা গুরুতর হলে স্ত্রীপক্ষে সে বন্ধনচ্ছেদনের ব্যবস্থা আছে বটে, কিন্তু নিষ্ঠুর বর্ত্তমান সমাজে সে শুঙ্গল সকল অবস্থাতেই অভেদা। উদ্বাহবদ্ধনে বদ্ধ হইয়া পুরুষ যাহা ইচ্ছা করিতে পারেন, শাস্ত্র ও সমাজ তাঁহার অনুমোদন না করুন, তাঁহার উপর থক্তাহস্ত হইবেন না। কিন্তু অভাগিনী নারীর পক্ষে ব্যবস্থা স্বতন্ত্র। ছুর্ভাগ্যক্রমে যদি নারীর এক বার পদখলন হয়, অমনি শাস্ত্র জলদগন্তীর স্বরে বলিয়া উঠিবেন, ব্যভিচারিণীকে নির্কাসিত কর। ব্যভিচারিণীর কথা দূরে থাকুক, অপ্রিরাদিনী স্ত্রীও তৎক্ষণাৎ পরিত্যজ্যা ও নির্কাস্যা (২)। সামাজিক শাসন শাস্ত্রীয় শাসন অপেকা নান নহে।

স্ত্রী বন্ধা। হইলে অঠম বৎসরে, মৃতপুত্রা হইলে দশম বৎসরে, ক্ঞানাত্র-প্রদাবনী হইলে একাদশ বৎসরে, কিন্তু অপ্রিয়বাদিনী ছইলে তৎক্ষণাৎ পরিত্যজ্যা (৩); স্ত্রী স্থরাপী, চিবক্ষা, মৃ্ত্রা, অর্থনাশিনী ও পুরুষদ্বেষিণী হইলেও তাহাকে পরিত্যাগ করিবার ব্যবস্থা আছে (৪)।

⁽১) পতিং শুক্রাষতে যেন তেন স্বর্গে মহীয়তে। বি, সং।

⁽২) নির্বাদ্যাঃ ব্যভিচারিণ্যঃ প্রতিক্লাস্তবৈধবচ। যাজ্ঞবক্ষ্য।

⁽৩) বন্ধাইমেংধিবেদ্যাব্দে দশমে তু মৃতপ্রজা। একাদশে, স্ত্রীজননী সদ্যস্থপ্রিয়বাদিনী ॥ মনু।

⁽৪) মদ্যপাহসত্যক্তা চ প্ৰতিকূলা চ যা ভবেং।
বাধিতা বাধিবেত্তবা হিংপ্ৰাৰ্থন্নী চ সৰ্বদা॥ মনু।
ক্ষাপী বাধিতা ধূৰ্তা বন্ধ্যাৰ্থন্মাপিয়ন্দ।।
ক্ষীপ্ৰসূশ্চাধিবেত্তব্যা পুৰুষদেষিণী তথা॥ যাজবন্ধ্য।

কিন্তু এই সকল পরিত্যকা রমণী কি উপায় অবলম্বন করিরা জীবিকা নির্বাহ করিবেন, তাঁহাদের দাম্পত্য-জীবন-স্পৃহা কিরুপে চরিতার্থ করিবেন, শাস্ত্রে তাহার কোন ব্যবস্থা নাই। এই অবস্থায় একমাত্র বেঞ্চার্ত্তি অবলম্বন করা ভিন্ন তাঁহাদের আব গত্যন্তর নাই।

শারের শাসন অপেক্ষা আমাদের বর্ত্তমান সমাজ-শাসন কঠোরতর। শারে বৈষয়া-দ্বিত হইলেও স্থানে স্থানে স্ত্রীজাতির প্রতি
কুপা-কটাক্ষপাত করিরাছেন; কথার কথার স্ত্রীকে পরিত্যাগ করিয়া
ভার্যান্তর-পরিপ্রহের অনুমতি করিয়াছেন বটে, কিন্তু সেই সক্ষে
মন্তর্জাতীর, পতিত, ক্লীব ও চিরুক্লর স্বামীকে পরিত্যাগ করিয়া
প্রত্রের প্রহণেরও ব্যবহা দিয়াছেন (১)। শারে বেমন এক দিকে স্বামীর
মরণে বা অদর্শনে নারীকে কঠোর ব্রন্ধত্যা অবলম্বন করিতে আদেশ
করিয়াছেন, সেইরূপ স্বামী বহু দিন নিরুদ্দেশ হইলে, সন্ত্রাসাঝ্রম অবলম্বন করিলে, ধর্মান্তর প্রহণ করিলে, বা মবিলে স্ত্রীকেও অস্ত স্বামী
প্রহণ করিতে আদেশ করিয়াছেন (২)। কিন্তু আমাদের সৈশান্তিক
সমাজ কোন অবস্থাতেই স্ত্রীর পতান্তর প্রহণের ব্যবস্থা দেন নাই। স্বামী
এক বার বিবাহ করিয়া গিয়া চির কাল নিরুদ্দেশ থাকুন, স্ত্রীকে চির
কালই স্বামীর শ্বাা রক্ষা করিতে হইবে। স্বামী ধর্মান্তর প্রহণ কর্কন,
স্ত্রীকে হয় চির ব্রন্ধত্যা অবলম্বন করিয়া থাকিতে হইবে; অথবা প্রবৃত্তি

⁽১) স তু যদ্যন্যজাতীয়ঃ পতিতঃ ক্লীব এব বা।
বিকর্মন্থঃ সংগাত্তো বা দাসো দীর্ঘাময়োহপিবা॥
উঢ়াপি দেয়া সান্যম্মৈ সহাবরণভূষণা॥
(পরাশরভাষ্য ও নির্ণয়দিমুগ্গত কাত্যায়ন-বচন।)
(২) নক্টে মৃতে প্রব্জিতে ক্লীবে চ পতিতে পতে।
পঞ্জাপৎস্থ নারীণাং পতিরন্যো বিধীয়তে॥
পরাশর-সংহিতা।

ও ধর্মবৃদ্ধির বিরুদ্ধে স্বামি-ধর্ম গ্রহণ করিতে হইবে। স্বামী চির-রূপ হউক, স্ত্রীকে আলৈশব স্বামীর সেই রূপ শ্যাম বসিরা তাঁহার ভক্ষমা করিতে হইবে। স্বামী মৃত্যুগ্রাসে পতিত হউন, তথাপি তাঁহার অব্যাহতি নাই। তাঁহাকে আজীবন অতি কঠোর ব্রহ্মচর্য্য অব্যাহন করিয়া সমাজের ভূষ্টিবিধান করিতে হইবে। এরূপ কঠোর সমাজশাসন কথনই সম্পূর্ণ প্রতিপালিত হইতে পারে না। প্রকৃতির বিরুদ্ধে ভূমি যতই কেন কঠোর নিরম কর না, প্রকৃতি আপনার হত স্বত্ত দখল করিতে চেষ্টা করিবেই করিবে। এই সংঘর্ষের পরিণাম ব্যভিচার, ক্রণহত্যা ও বেশ্বাসংখ্যার বৃদ্ধি।

শাস্ত্রে বিবাহ নানাপ্রকার ছিল। পুরুষজাতি ধেমন আপনার মনোমত পদ্ধী বাছিরা লইতে পারিতেন, স্ত্রীজাতিও এক পদ্ধতি অমুসারে সেইরূপ আপনার মনোমত পতিনির্বাচন করিতে পারিতেন। গান্ধ বিবাহ তাহার দৃষ্টাস্তম্বল। শাস্ত্রের এই কারুণ্যবলেই পতি-পরায়ণা শকুস্তলা ব্যভিচারিণী-শ্রেণীব অস্তর্জু হন নাই।

শাস্ত্রে নানাপ্রকার পূল্র স্বীকৃত হইত; এই জন্ম ক্রণহত্যার আবশুকতা হইত না। বর্ত্তমান সমাজে প্রণয়-সঙ্গমের উত্তেজক কারণ, পূর্ব্বাপেক্ষা অধিক পরিমাণে বর্ত্তমান; অথচ প্রণয়সঙ্গমোৎপন্ন সম্ভতি সমাজে গৃহীত হইবার ব্যবস্থা নাই। শাস্ত্রের এই ব্যবস্থা ছিল বলিয়াই আমরা পঞ্চ পাগুবের নাম শুনিতে পাই। শাস্ত্রের এই ব্যবস্থা ছিল বলিয়াই আমরা বীরচ্ডামণি কর্ণের গৌরবে গৌরবান্বিত হইতে পাই। বর্ত্তমান সমাজের কঠোর শাসনে অসংখ্য রমণীকে হয় এই হুরপনেয় ক্রণহত্যাপাপে নিমগ্ন হইয়া সমাজের দাসীত্ব করিতে হইতেছে; অথবা দুর্নিবার মাতৃত্বেহের বশবর্ত্তী হইয়া সমাজ পরিত্যাগ পূর্ব্বক জবন্থ বেশুক্তর অবলম্বন করিতে হইতেছে। সেই ক্রণহত্যা ও সেই বেশ্বার্ত্তর জন্ম সমাজ দায়ী। কেন না, সমাজ স্থালিতপদ রমণীব জন্ম উপায়ান্তর রাথেন নাই। সমাজ যাহাদিগকে পাশীয়দী বলিয়া ম্বণা করেন, তাহারা কথন আপন ইচ্ছার ক্রণহত্যাপাপে লিপ্ত হইতে বা বেশ্বার্ত্ত্বি

স্ত্রীজাতির প্রতি পুরুষজাতির অত্যাচারের আরও অনেক উদা-হরণ দেওয়া যাইতে পারে; কিন্তু আমরা পাঠকর্ন্দকে সেই তালিকা দারা আর আক্লান্ত করিতে চাহি না।

আমরা যে কয় প্রকার বৈষম্যের উল্লেখ করিলাম, ভারতের অন্থি-চর্ম্ম সেই সকল বৈষ্যাে জৰ্জ্জরিত। ইউরোপীয় সমাজেও এই কয়েকটা বৈষম্যের কোন কোনটা কিয়ৎ পরিমাণে বর্ত্তমান আছে বটে, কিন্তু এরপ বিশ্বজনীন বিবিধ বৈষমা আর কোন দেশেই দেখা যায় না। এত বিভিন্ন বর্ণ, এত বিভিন্ন ধর্মা, এত বিভিন্ন জাতি, এত বিভিন্ন পরিচ্ছদ, এত বিভিন্ন ভাষা, এত বিভিন্ন শাসন, এত স্ত্রী-পুক্ষ-বৈষম্য আব কোন দেশেই দেখা যায না। এত বৈষম্য যে দেশে বর্তমান. সে দেশের একতা বড় সহজ ব্যাপার নহে। এই সকল বৈষম্য বিদ-রিত না করিয়া যাহারা ভারতে রাজনৈতিক একতা সংস্থাপন করিতে প্রয়াস পান, তাঁহারা নিতান্ত ভ্রান্ত। অগ্রে নামাজিক একতা, প্রে রাজনৈতিক একতা। অগ্রে সমস্ত ভারতবাসী আপনাদিগকে এক-সমাজভুক্ত বলিয়া মনে করুন, পরে রাজনৈতিক একতা আপনিই আসিবে, কেহ রক্ষা কবিতে পারিবে না। গৃহে বিচ্ছেদ থাকিতে वाहित्त क्य कथन इय नाहे, कथन इहेत्व छ ना। यह जिन ना बाक्सन শুদ্র, হিন্দু, মুসলমান-এক প্রকাণ্ড ভারতীয় জাতিতে পরিণত হই-তেছে, यত पिन ना शिमानत इरेट कुमातिका अ मिन्न इरेट आहा শীমা পর্যান্ত সমস্ত ভারত এক রবে ও এক ভাষায় পরস্পরের চঃখ वाक क्रिंड পातिराट्चन, -या मिन ना धनी-निर्धन-राष्ट्रम ज्लाहा পমস্ত ভারতবাসী আপনাদিগের দাসত্বে মর্ম্মপীডিত হইয়া পরস্পর্কে ভাতভাবে আলিঙ্গন করিতেছেন,—যত দিন না সমস্ত ভারতবাসী এক ধর্মভাবে উদ্দীপিত হইতেছেন; যত দিন না স্ত্রী-পুরুষ-বৈষম্য-জনিত সামাজিক কুরীতি এবং স্ত্রী জাতির অবরোধবন্ধন, অধীনতা ও অজ্ঞানরাশি ভারতগগন হইতে বিদ্রিত হইতেছে,—যত দিন না সমস্ত ভারতবাসী এক শাসনের অধীন হইরা এক দাসত্মুখ্যনের মুর্যন্তদ আঘাতে এক সহামুভ্তিপতে প্রথিত হইতেছেন,—যত দিন না একটা

ভারতবাসীর কেশ স্পর্গ করিলে ভারতবাসিমাত্রেরই শিরে বেদনা, লাগিতেছে,—যত দিন না একটা ভারতবাসীর হ্বদরে আঘাত লাগিলে তাজিত বেগে ভারতবাসিমাত্রেরই হ্বদর-তন্ত্রী ক্রন্দনস্থরে বাজিয়া উঠিতেছে, যত দিন না আমরা জননী মাতৃভূমির অমুরোধে ইতিহাসেব স্থতি মুছিয়া সহস্র-সিরাজ-কৃত অপরাধ মার্জ্জনা করিয়া যবনদিগকে প্রাজা বলিয়া আলিক্ষন করিতে শিথিতেছি,—যত দিন না আমরা বৌদ্ধ, কৈন, য়িছদী, খ্রীষ্টান-ভেদ ভূলিয়া এক জননীর সস্তান বলিয়া ভারতবাসিমাত্রকেই প্রাণের সহিত ভাল বাসিতে শিথিতেছি,—যত দিন না বাজা, জমিদার ধনগর্ক পরিত্যাগ করিয়া প্রজাসাধাবণের সহিত মিশিতছেন,—যত দিন না মুশিক্ষিত ভারতযুবক জ্ঞানগর্ক পরিত্যাগ করিয়া অশিক্ষিত প্রজাসাধাবণের সহিত মিশিতছেন,—যত দিন না মুশিক্ষিত ভারতযুবক জ্ঞানগর্ক পরিত্যাগ করিয়া অশিক্ষিত প্রজাসাধাবণের সহিত মিলিয়া তাহাদিগের নিদারুল ছঃখ বিমোচনের চেষ্টা কবিতেছেন,—যত দিন না ক্রতবিদ্য নব্য সম্প্রদাষ দেশাচারক্ষপী রাক্ষসের করাল গ্রাস হইতে নারীজাতিব উদ্ধার সাধন করিতেছেন,—তত দিন ভারতের চিরস্থায়ী ও বিশ্বজনীন মঙ্গলের স্কাশা নাই।

ধাঁহারা এরপ আমূল সংস্থার অসম্ভব বলিয়া মনে করেন, তাঁহাদিগের সম্থা আজ আমি তিনটা প্রকাণ্ড বিপ্লবের চিত্র ধারণ করিব।
বলা বাছলা মে, প্রথমটা বৌদ্ধবিপ্লব, দ্বিতীয়টা শিখবিপ্লব ও
তৃতীয়টা বৈষ্ণ ববিপ্লব। যে বৈষম্যবিষে ভারতদেহ জর্জারিত রহিরাছে, তাহার আমূল বিশোধন এই তিন বিপ্লবেরই লক্ষ্য ছিল।
তিনটীই এই অভাইসাধনে আশ্চর্যা ক্রতকার্য্যতা লাভ করিয়াছিল।
ভারতের তৃত্যাগ্যবশতঃ তিনটির একটীও অধিক দিন ভারতে লক্ষ-প্রতিষ্ঠ
রহিল না।

প্রথম বিপ্লবের অধিনেতা—ভারতের প্রথম সাম্যাবতার—কপিল-বন্ধনগরের রাজা ওজাদনের পুত্র অনন্তকীর্ত্তি শাকাসিংহ। ইনি খ্রীষ্টীর শকের ছয় শত বৎসর পূর্বে জন্মগ্রহণ করেন। যখন সমস্ত ভারত ব্রাহ্মণা ধর্মোর প্রপীড়নে বিষয়, ব্যস্ত ও শব্দিত হঠল; ধখন বিজ্ঞান্তর নর্প ক্ষেথিলেন যে, ব্রাহ্মণপ্রচারিত ধর্মের ব্যবস্থা স্বন্ধুণ্কুপে

প্রতিপালন করা তাঁহাদিগের পক্ষে অসাধ্য সাধন চেষ্টা, আর তাহার লজ্মনেও তাঁহাদিগের পারত্রিক মুক্তির কোন আশা নাই: তখন তাঁহারা এ বিপদে তাঁহাদিগকে কে উদ্ধার করিবে, এই ভাবনায় আকুল হইলেন। এমন সময় বৃদ্ধদেব আবিভূতি হইয়া দিগস্তপ্রসারী রবে তাঁহাদিগকে বলিয়া উঠিলেন, 'লাতগণ ! ভয় নাই, আমি তোমাদিগকে এই ভীষণ বিপদ হইতে পরিত্রাণ করিব। মংপ্রচারিত ধর্মের বীজ-মন্ত্র সাম্য। এই মন্ত্রবলে বর্ণ-বৈষম্য উঠিয়া যাইবে; ব্রাহ্মণ-শূক্ত-পার্থক্য शांकिटव ना। এই धर्मात माधनात्र भाशी जाभी, मीन मतिल, तांजा প্রজা দকলেই মুক্তিলাভ কারবে। এ ধর্মের মতে যাগ যজ্ঞ মিথা।, বেদ মিথ্যা, হত্ত মিথ্যা, ঐহিক স্থুথ মিথ্যা। তোমরা সকলে বৈষম্য-ছষ্ট ব্রাহ্মণ্য উপধর্ম পরিত্যাগ করিয়া এই সনাতন ধর্মের আশ্রয় গ্রহণ कत्र, गांखि পाहेद्य'। जिनि मूर्य প্রচার করিয়াই ক্ষান্ত রহিলেন না। তিনি অশেষ-গুণ-শালিনী, পরমরূপবতী যুবতী ভার্য্যা ও একমাত্র শিশু সস্তান এবং রাজিসিংহাসন পরিত্যাগ পূর্ব্বক কৌপীনধারী হইয়া আত্ম-ত্যাগের চুড়ান্ত দৃষ্টান্ত দেখাইলেন। তাঁহার জলন্ত দৃষ্টান্তে ভারত আলোড়িত হইল। ভারতের মৃতদেহে আধার জীবন সঞ্চার হইল। ব্রাহ্মণ-প্রপীড়িত বিপ্রেতর বর্ণ দলে দলে এই নব ধর্মের আশ্রয় প্রহণ করিতে লাগিলেন। বিশেষতঃ শূদ্রবর্ণের ইহা প্রধান আশ্রয়স্থল হইল। বৌদ্ধ ধর্ম্মের মোহিনী শক্তি-বলে স্ত্রীজাতিও ধোরতর অবনতি-গহ্বর হইতে অতি উচ্চ স্থান অধিকার করিল। এই নব ধর্ম্মের প্রচার-कार्या जीत्नाकिनगरक शूक्रमित्रात ममान अधिकात श्रमख इहेन। বেদিতে বদিয়া বৌদ্ধ প্রচারিকাগণ বৌদ্ধ ধর্ম্মের ব্যাথ্যা করিতে 'লাগিলেন। বৌদ্ধগণ তিন শ্রেণীতে বিভক্ত ছিলেন। মঠধারী, শ্রাবক ও গৃহস্থ। প্রথম শ্রেণী মঠে থাকিয়া উম্পর্বত্তি ও ভিক্ষা দারা কথঞিং জঠরানল নিবারণ করিয়া বৃদ্ধত্ব, লাভের নিমিত্ত ধ্যান ধারণায় রত थाकिट्जन। विजीय त्यांनी मः मात्री लाकिनगरक श्रकाश ऋतन नीजि. ধর্মনীতি, বিনয় প্রভৃতি শিক্ষা দিতেন। অবশিষ্ঠ লোক সংসারী হইয়া বিষয়-কার্য্য নির্কাক ক্রিত"। প্রথম হই সন্মানের খদে জীকাতির পুরুষজাতির সহিত সমান প্রতিদ্বলিতা। আমরা বৌদ্ধ মঠধারী ও বৌদ্ধ-মঠধারিণী, এবং বৌদ্ধ শ্রমণ ও বৌদ্ধ শ্রমণা যুগপৎ শুনিতে পাই। এইরূপ ঐ সকল উচ্চ পদে শুদ্রদিগেরও অক্যান্ত উচ্চ বর্ণের সহিত সমান অধি-कांत्र हिल। अधिक कि, वृक्षाप्त छाँशांत्र अमःशा निषावार्गत मधा मृज . উপাধিকে সর্বাপেক্ষা অধিকতর ভাল বাসিতেন। বিপ্রেতর বর্ণের ও স্ত্রীজাতির এই উন্নতিতে ভারত অপূর্ব্ব জীবনী শক্তি প্রাপ্ত হইল। বৌদ্ধ ধর্ম্মের প্রাত্মভাবকাল ভারতের গৌরবের অন্বিতীয় যুগ। যে সহস্র বৎসর বৌদ্ধধর্ম ভারতে লব্ধপ্রতিষ্ঠ ছিল, সেই সহস্র বংসরই ভারতের প্রকৃত গৌরবের সময়। যদি ভারত কথন এক শাসনের অধীন হইয়া থাকে, ত সে বৌদ্ধধর্মাবলম্বী মগধরাজ অশোকের সময়। অশোকের সময়ই বৌদ্ধ ধর্ম্মের অতিশয় প্রাত্মভাব। যদি, ভারতের কীর্ভিস্ত কখন স্থদূর প্রাচ্যে, স্থদূর প্রতীচ্যে, স্থদূর উদীচ্যে, স্থদূর দক্ষিণে নিখাত হইয়া থাকে, ত সে বৌদ্ধ অশোকের সময়ে। চীন, সিংহল, মিসর, আফ্গানিস্থান-অদ্যাপিও বৌদ্ধ নরপতি অশোকের কীর্ত্তিস্ক বক্ষে ধারণ করিতেছে! ভারতীয়, নরপতিবৃদ্দ যদি কথন বৈদেশিক নরপতিবন্দের সহিত স্থাস্ত্রে আবদ্ধ হইয়া থাকেন, ত তাহা धरे तोह धर्मात প्रावृङ्गितकालारे। श्रवन-भताक्रमभानी आणिसाकम, উলেমি, আস্তিমোনাস প্রভৃতি যবন নরপতিগণ মগধের বৌদ্ধর্মাবলম্বী শুদ্র রাজবুনের সহিত স্থাস্ত্রে আবদ্ধ হইয়া আপনাদিগকে শ্লাঘ্য মনে করিরাছিলেন। চন্দ্রগুপ্ত, শিলাদিত্য, অশোক, মহেল্র প্রভৃতি নর-পতিরন্দের যশোরাশি, ভারতসীমা অতিক্রম করিয়া নানাদেশ ধ্বলিত করিয়াছে ৷ যদি কথন ভারত হইতে ধর্ম প্রচারকগণ নানা দেশ গমন পূর্বক নানা জাতিকে ভারতীয় ধর্মে দীক্ষিত করিয়া থাকেন, তবে मে. বৌদ্ধ ধর্মের প্রাত্নভাবকালে। চীন, তিব্বত, মোক্সলিয়া, জাপান, শ্যাম, সিংহল, অধিক কি স্থার সাইবীরিয়া ও লাপলাও পর্যান্তও—ভারতীয় বৌদ্ধ প্রচারকদিগের মোহিনী বক্তৃতায় মুগ্ধ হইরা অদ্যাপিও বৌদ্ধ ধর্মের স্থীতল ছারার বিশ্রাম করিতেছে। পৃথিবীর লোকসংখ্যার প্রায় এক তৃতীয়াংশ বুদ্ধ-প্রচারিত সত্তোর আশ্রর গ্রহণ করিয়া রহিয়াছে; কিন্তু বে ভারতে সেই ধর্মের উৎপত্তি ও প্রাহ্রভাব, সে ভারতে সে ধর্মের জ্যোতিঃ বহুদিন বিলুপ্ত হইয়াছে। সে দীপালোক বিনা আজ ভারত অন্ধকার। সে দীপালোক নিভাইয়া বৈষম্য-পূর্ণ ব্রাহ্মণা ধর্ম আবার সমস্ত ভারত তমসাচ্ছর করিয়াছে। আবার বিপ্রেতর বর্ণ ও স্ত্রীজাতি কঠিন নাসত্ব-শৃত্থলে আবন্ধ হইয়াছে! এই প্রতিক্রিয়ায় সেই শৃত্থল এখন কঠিনতর হইয়াছে! ভারতের উন্নতি-স্রোতে এখন প্রবলতর ভাঁটা পড়িয়াছে!

খ্রীষ্টদেব ছয় শত বংদর পরে যে অম্ল্য সাম্যনীতি প্রচার করিয়া রোম সাম্রাজ্যের দাসত্ব-প্রপীজিত ইউরোপে নব জীবন সঞ্চারিত করিয়াছিলেন, তাঁহার জন্মের ছয় শত বংসর পূর্ব্বে বৃদ্ধদেব সাম্যনীতি প্রচার করিয়া ভারতের সমীকরণ করিয়াছিলেন। আজ ভারতে সে সাম্যনীতি প্রচারিত থাকিলে ভারত আজ ইউরোপের সমকক্ষ হইতে পারিত; কিন্তু কি পাপে ভারত আজ সেই অম্ল্য ধনে বঞ্চিত ? কোন্ পাপে বৃদ্ধের জন্মভূমি ভারতে জন্ম পরিগ্রহ করিয়া আমাদিগকে বৈদেশিক খ্রীষ্টানের নিকট নীতি শিক্ষা করিতে হয় ? বৃদ্ধধর্মে মিলে না, এমন কোন্ নীতি খ্রীষ্টধর্মে বিদ্যান ? আজ ভারতীয় যুবককে কম্তের নিকট পজেটিব্ ধর্ম শিথিতে যাইতে হইবে কেন ? পজেটিব্ ধর্মের মূল স্থ্র বৌদ্ধর্মেও নিহত আছে। তবে ঐ অম্ল্য ধর্মের ভারতে কেন বিলয় হইল ? এ গুক্তের বিষয় এক বার ভাবিয়া দেখা যাউক।

কম্তের স্থায় বৃদ্ধদেব ঈশ্রের অন্তিম্ব নাতিম্ব লইনা কোন ঠর্ক তুলেন নাই বটে, কিন্তু প্রকারান্তরে ঈশ্রের অন্তিম্ব অস্বীকার করিয়াছেন; কারণ তিনি স্পষ্টাক্ষরে বলিয়াছেন যে, জগতের কোন চৈতস্থবান্ স্বতন্ত্র কর্তা নাই। সাংখ্যের স্থায় বৃদ্ধের মতেও প্রকৃতি স্বরংস্ট্রা বৃদ্ধ যে পরলোক স্বীকার করিয়াছেন, তাহার নাম জন্মা-স্তর। সেই পুনর্জনাত্রন পরলোকের উচ্ছেদ্যাধন করারই নাম মুক্তি। সেই মুক্তিরাত্রকরাই বৌদ্ধ জীবনের এক্মাত্র লক্ষ্য। স্ক্তরাং বৌদ্ধ- ধর্মাবলম্বীরা এক প্রকার নিরীশ্বর ও পরলোকবিছেনী। অথচ বৌদ্ধ ধন্ম পৃথিবীর লোক-সংখ্যার এক তৃতীয়াংশের শান্তিনিকেতন। এই-রূপ বিশ্বজনীন অন্তিম্ব সত্ত্বেও কে বলিবেন যে, বৌদ্ধ ধর্মে দ্বিশ্বর ও পরলোক নাই বলিয়াই ইহা ভারতে লন্ধ-প্রতিষ্ঠ হইল না ? স্কুতরাং ইহার ধ্বংদের কারণ অন্তব্র অনুসন্ধান করিতে হইবে।

ভারতে বৌদ্ধ ধর্মের পতনের প্রধান কারণ বান্ধণিদিগের আনোকিক ধর্মানুরাগ, অবিচলিত স্বশ্রেণী-হিতৈবিতা এবং অভুত আত্মীকরণনৈপুণা। যথন বান্ধণেরা দেখিলেন যে, ব্রাহ্মণা ধর্ম লুপ্তপ্রায়, তথন তাঁহারা আপনাদিগের ধর্মের জন্ত, স্বশ্রেণীর গৌরবর্কার জন্ত —প্রাণবিদর্জন করিতেও প্রস্তত হইলেন। শঙ্করাচার্য্য ও তংসদৃশ আচার্য্যমুখ্যগণ চতুর্দ্দিকে ব্রাহ্মণ্য ধর্মের আধিপত্য-রক্ষার জন্ত আর্য্য ধর্মের নূতন করিয়া প্রচার আরম্ভ করিলেন। যেমন নৌদ্ধেরা বেদিতে বিদ্যা প্রচার করিতে লাগিলেন, ব্রাহ্মণেরাও সেই রূপ বেদিতে বিদিয়া বৈদিক ধর্মের ব্যাখ্যা আরম্ভ করিলেন। বৌদ্ধেরা যেরূপ বিপ্রেতর বর্ণকে বিনয়-ধর্মে দীক্ষিত করিতে লাগিলেন, ব্রাহ্মণেরাও সেইরূপ অনার্য্য জাতি সকলকে ব্রাহ্মণ্য ধর্মে দীক্ষিত করিতে লাগিলেন। এই অসত্য আদিন নিবাসীরা সাকারোপাসক ছিল। ব্রাহ্মণেরা ইহার্দিগের তুষ্টিবিধানার্থ তাহাদিগের দেব দেবীকেও আপনা-দিগের দেবতা বলিয়া গ্রহণ করিয়া লইলেন।—

"উপাদকানাং কার্য্যার্থং ব্রহ্মণােরপকল্পনা"।
সাধকেরা নিরাকার ব্রহ্মের ধ্যান ধারণায় অসমর্থ। তাহাদিগের বোধগম্য করিবার নিমিত্ত নিরাকার ব্রহ্মের রূপ কল্পনা করা গেল—এই
বলিয়া তাঁহারা আর্য্য ধর্মের অকৈতবাদের সহিত এই নবাবতারিত •
পৌতলিকতার সামঞ্জন্ত বিধান করিলেন।

ভারতে বৌদ্ধ ধর্মের পতনের দ্বিতীয় কারণ বৌদ্ধর্মের আড়-দ্ব-শৃত্যতা। সাকারোপাসনার সহিত হিন্দুধর্মে নানাপ্রকার উৎসব মাসিয়া জুটল, কিন্তু বৈরাগ্যমূলক বৌদ্ধ ধর্মে কোন প্রকার উৎসব, কোন-প্রকার আড়ম্বর ছিল না। সংসারশ্বৈরাগ্যই বৌদ্ধ ধর্মের মূল মন্ত্রং বাহু বস্তুতে অনাস্থাই বৌদ্ধ ধর্মের প্রধান মুক্তি-সাধন। সংসারী লোকসাধারণও শৃশু-আড়ম্বরপ্রিয়। স্কুতরাং বৌদ্ধ ধর্মের বাদ ভাঙ্গিতে লাগিল।

লোকসাধারণের চিত্ত আকর্ষণ করিবার নিমিত্ত রাহ্মণেরা আরে একটা যথ্নের উভাবনা করিলেন। বৌদ্ধর্ম্ম জ্ঞানমূলক। স্কুতরাং এ ধর্ম্মের ধারণায় চিন্তাশক্তির কিঞ্চিং উদ্দীপনা চাই। লোকসাধারণ চিন্তাশক্তির পরিচালনে নিতান্ত অনিচ্ছুক; স্কুতরাং অশিক্ষিত জনসাধারণের নিকট বৌদ্ধ ধর্মা কিঞ্চিং নীরস বলিয়া প্রতীত হইতে লাগিল। এমন সময় ব্রাহ্মণেরা প্রচার করিতে লাগিলেন যে, জ্ঞান ও ভক্তি উভয়েতেই মুক্তি; জ্ঞানবানের মুক্তি জ্ঞানে, অজ্ঞানের দক্তি ভক্তিতে। ভক্তির মোহিনীশক্তিপ্রভাবে অশিক্ষিত বৌদ্ধাবলম্বী জনসাধারণ আবার কিরিয়া ব্রাহ্মণ্য ধর্ম্মের আশ্রয় গ্রহণ করিতে লাগিল।

ভারতে বৌদ্ধ ধর্মের পতনের চতুর্থ কারণ প্রচারকার্য্যে অবহেলা। যথন ব্রাহ্মণেরা প্রাণিবিসর্জনেও বৌদ্ধদিগের উচ্ছেদ-সাধনে
ব্রতী ছিলেন, তথন বৌদ্ধেরা প্রধানতম শ্রাবকদিগকে দেশদেশান্তরে
প্রচার-কার্য্যে পাঠাইলেন। কেবল মঠধারীরা প্রচার-কার্য্যের নিমিত্ত
দেশে রহিলেন; কিন্তু রাজ-প্রদত্ত ধনে মঠধারীরা স্পতিশয় ধনশালী
হইয়া উঠিয়াছিলেন। প্রচার-কার্য্যের সহিত তাঁহাদিগের জীবিকার
কোন সম্বন্ধ না থাকায়, তাঁহারা ক্রমে প্রচার-কার্য্যে অতিশয় উদাদীন
হইয়া উঠিলেন। এ দিকে প্রচারকার্য্যের সহিত ব্রাহ্মণদিগের
জীবিকার ঘনিষ্ঠ সম্বন্ধ থাকায়, ব্রাহ্মণেরা প্রাণপণে জনসাধারণকে
প্রধর্মে দীক্ষিত করিতে লাগিলেন।

ভারতে বৌদ্ধ ধর্মের পতনের পঞ্চম ও শেষ কারণ বৌদ্ধদিগের স্কুর্বিছেদ। যে অবিচলিত স্বশ্রেণীহিতৈবিতানিবন্ধন ব্রাহ্মণ্য ধর্ম অদ্যাপি ভারতে অক্ষুধ্ধ রহিয়াছে, বৌদ্ধদিগের মধ্যে সে স্বশ্রেণী-হিতৈষণা বড় অধিক দেখা যায় না। প্রাচীন ব্রাহ্মণেরা স্বশ্রেণীর লোক নাস্তিক হউ্টক রা প্রকৃতিবাদী হউক, সক্ষ্পকেই স্বশ্রেণীভুক্ত ব্রাহ্ম আলিঙ্গন করিতেন; কিন্তু বৌদ্ধেরা সামান্ত মতভেদ লইয়া আপনাদিগের মধ্য হইতে অনেককে সম্প্রদায়-বহিদ্ধত করিয়া দিতে লাগিলেন; কিন্তু বহিদ্ধতের সংখ্যা ক্রমে এত বাড়িতে লাগিল যে,
তাঁহারা স্বতন্ত্র স্বতন্ত্র সম্প্রদায়কপে পরিণত হইলেন। এই রূপে শাক্যসিংহের মৃত্যুর ছই শত বৎসরের মধ্যেই বৌদ্ধগণ অসংখ্য সম্প্রদায়ে
বিভক্ত হইয়া উঠিলেন। এক দিকে বৌদ্ধ ধর্মের সহিত সংঘর্ষে আন্ধান্য
ধর্মের নব-জীবন-প্রাপ্তি, অন্য দিকে বৌদ্ধ ধর্মের এই ভীষণ সাম্প্রদায়িকতা। স্বতরাং এই সকল কারণে অচির-কাল-মধ্যেই বৌদ্ধ ধর্ম্ম
ভারতে বিলপ্ত হইল।

ভারতের দ্বিতীয় সাম্যাবতার গুরুগোবিন্দ সিংহ। নানক শিথ-সম্প্রদায়ের জন্মদাতা মাত্র, গুরুগোবিন্দই এই সম্প্রদায়ের অদিতীয় উন্নতিবিধাতা। ইনিই শিখসম্প্রদায়কে একটা সামান্য ধর্মসম্প্রদায় ছইতে একটা প্রকাণ্ড রাজনৈতিক সাধারণতত্ত্বে পরিণত করেন। তাহারই সামাতন্ত্রের মোহিনী-শক্তি-প্রভাবে অতি অল্ল দিনের মধ্যেই শিথগণ একটা নগণ্য ধর্মসুত্র হইতে অদ্বতজীবনীশক্তি-বিশিষ্ট একটা প্রকাণ্ড জাতিরূপে পরিণত হয়। গুরুগোবিন্দ এক জন সম্প্রদায়প্রব-র্ত্তক না হউন, বৃদ্ধ, খীষ্ট ও নানকের ন্যায় তিনি অতি মহান ধর্মভাবে অনুপ্রাণিত না হউন, কিন্তু তাহার ন্যায় সার্কবিষ্যাক সংস্কারক ভারতে আরু দিতীয় জন্মে নাই। একপ বিশ্বজনীন সাম্যের ভাবে ভারতে আর কোন সংস্কারক কথন উদ্দীপিত হইয়াছিলেন কি না সন্দেহ। আনবা এ প্রস্তাবে বত প্রকার বৈষ্ট্রের উল্লেখ করিয়াছি, তন্মধ্যে স্ত্রী-পুরুষ-বৈষম্য ভিন্ন আর দর্ব্বপ্রকার বৈষম্যের মূলে গুরু-গোবিন্দসিংহ কুঠারাঘাত করিয়ছিলেন। তাঁহার সম্প্রদায়ের মধ্যে ব্রাহ্মণ শুদ্র ভেদ ছিল না; হিন্দু মুসলমান ভেদ ছিল না; রাজা প্রজা ভেদ ছিল না; ধনী নিধন ভেদ ছিল না; এবং পণ্ডিত মূর্থ ভেদও ছিল না। এক ভাষা, এক ধর্মা, এক সমাজ, এক শাসন এবং এক প্রাণ। শিথসম্প্রদায়ের হৃদয় যেন এক তারে গাঁথা। একের উন্নতিতে সাধারণের স্থ্ এক একের হৃংথে সাধা-

রণের ছঃখ। একটা শিথের গাত্র স্পর্শ কর, সমবেদনার মোহিনীশক্তি প্রভাবে তাড়িত বেগে সমস্ত শিথসম্প্রদায়ে বেদনা অন্তভূত হইবে। প্রধার আচার্য্য হইতে সামাত্ত মন্ত্রশিষ্য পর্যান্ত, সকলেই প্রাতৃভাবে অফুপ্রাণিত। সমস্ত শিথসম্প্রদায় যেন একটা প্রকাণ্ড পরিবার। সকলেরই এক লক্ষ্য এবং এক উদ্দেশ্য। মাতৃভূমি ও ঈশ্বর সকলেরই সমান উপাশু। মাতৃভূমির উদ্ধারদাধন সকলেরই জীবনের একমাত্র লক্ষ্য। সেই লক্ষ্যের প্রধান সাধন, বিশ্বজনীন ভ্রাতৃত্ববন্ধন। সেই প্রাতৃত্ববন্ধন দৃঢ় করিবার নিমিত্ত শিথেরা আপনাদিগকে এক জননীর গর্ভ-मञ्चू विनया वाक कतिर्वत्। हिन्तू, यूमनयान, बिह्मी, शुक्षीन-যিনিই এই সম্প্রদায়ভুক্ত হইবেন, তিনিই "থাল্সা" পবিত্র বা বিমৃক্ত সংজ্ঞায় আখ্যাত হইবেন। দীক্ষার দিন হইতেই শিথমাত্রকেই কয়েকটা গুরুতর ব্রত গ্রহণ করিতে হইবে। তাহাকে জাত্যভিমান, কুলমর্যাদা, বর্ণভেদ, পণ্ডিত মূর্থভেদ, ইতর-ভদ্র-ভেদ ভূলিয়া, বিভিন্ন ক্রিয়াপদ্ধতি, বিভিন্ন ধর্মশাসন পরিত্যাগ করিয়া, এক রন্ধনে ও এক পঙ্কিতে ভোজন করিতে হইবে;—এক ঈশবের উপাসনায় নিমগ্ন হইতে ও এক ধর্মশাসনের স্ববীন থাকিতে হইবে ;—গুল্ছেদ্য একতাস্থত্তে সম্বন্ধ হইয়া, এক প্রাণে জীবনবিদর্জনেও মাতৃভূমির উদ্ধার সাধন করিতে সতত বদ্ধপরিকর থাকিতে হইবে।

বে শিথসম্প্রদার এত দিন নিরীহ যোগীর স্থার নির্জনে কেবল দিবরিছার নিমগ্র থাকিতেন, শুরুগোরিন্দের মন্ত্রপ্রভাবে সেই শিথসম্প্রদার একণে একটা মহান্ জাতীয় ভাবে উদ্দীপিত হইলেন। প্রত্যেক শিথ এক একটা হুর্জের রণনীর হইরা উঠিলেন। হুর্দান্ত আরগ্ধীবের সিংহাসন টলিল। সমস্ত ভারত থাল্সা সৈত্যের সিংহাসন টলিল। সমস্ত ভারত থাল্সা সৈত্যের সিংহাসন উঠিল। শিথসম্প্রদায়ের পবিত্রতা, একতা ও তেজঃপ্রতিভার মৃশ্ব হইরা অসংথ্য হিন্দু মুসলমান এই সম্প্রদায়ের অন্তর্ভুক্ত হইতে লাগিলেন। আরগ্ধীবের ধর্মান্ধতা ও কঠোর ব্যবহার নিবন্ধন শীক্ষ্তের-সংখ্যা দিক্ত দিন্ বর্ণাভৃতে লাগিল। ক্রমে ধর্মান্ধ স্মাটের

শায়ন উন্মীলিত হইল; কিন্তু শুরুণোবিন্দ যে অনল জালিয়াছিলেন, তাহা সহজে নির্বাপিত হইবার নহে। বরং মোগল দৈল্যরূপ ইন্ধনে সে অনল দিগুণ জলিয়া উঠিল। অজেয় শিথসেনা মোগল দেনাকৈ পরাস্ত করিয়া যবনাধিকত তর্গ সকল দখল করিতে লাগিল; কিন্তু ভারতের জাদৃষ্টে এ সৌভাগ্য অধিক দিন খাকিবাব নহে। শিথসম্প্রদায় একটা পরিণত জাতি না হইতেই আরাধ্য শুরুণোবিন্দ দিংহ কোন যাতকের অতর্কিত অস্ত্রাঘাতে মানবলীলা সংবরণ করেন। ভারতের পিটার্ ১৭০৭ খ্রীষ্টান্দে গোদাবরীর তীরবর্তী নাদর নামক স্থানে এই রূপে অকালে কাল-কবলে পতিত হইলেন। শুক্গোবিন্দ দিংহ আর কিছু কাল জীবিত থাকিলে, ভারতের ইতিহাস অল্প আকার ধারণ করিত। যদি শুরুণোবিন্দের স্থান পূরণ করিতে সমর্থ, শিথসম্প্রদারের মধ্যে এমন এক জনও থাকিতেন, তাহা হইলে আজ ভারতের এ ছর্দ্দশা ঘটত না।

কিন্তু শিখ-সম্প্রদায় শুরুগোবিন্দ সিংহের নিকট হইতে যে সঞ্জীবনী শক্তি পাইলেন, তংপ্রভাবেই ভারতে একটা অজেয় জাতি বলিয়া পরিগণিত হইলেন। এই জাতির রণপ্রতিভা রণজিং সিংহের সময়েই সমধিক বিকাশ প্রাপ্ত হয়। ইহাঁদিগের সাহায্যে রণজিৎসিংহ ব্রিটশ সিংহের নিকট হইতেও "পঞ্জাব-সিংহ" উপাধি প্রাপ্ত হন। রণজিতের মৃত্যুর পর এই অজেয় জাতি উপযুক্ত অধিনায়ক, অভাবে বিশীর্ণ ও বিকলাঙ্গ হইয়া পড়িল। এই জাতি মরণ-কালেও চিলেন্ওয়ালায় আপনাদিগের অভুত রণনৈপুণোর ও অবিচলিত আত্মতাগের প্রকাশ্ত কীর্তি-স্তম্ভ রাখিয়া গিয়াছে। চিলেন্ওয়ালা ভারতের থানাপিলি!

এখনও ভারতে শিথসম্প্রাদায় আছে বটে, কিন্তু এ শিথসম্প্রাদায় গুরুগোবিন্দের শিথসম্প্রাদায় নহে। হিন্দ্ধর্মের অন্তুত মহিমায় আবার সর্বপ্রকার বৈষম্য, সর্ব্যপ্রকার সাম্প্রদায়িকতা ইহাতে প্রবেশ করিয়াছে এবং বৈষম্য, ও সাম্প্রদায়িকতার অন্তর দাসত্বও সেই সঙ্গে সঙ্গে আসিয়া মিলিত হইয়াছে। গুরুগোবিন্দ ও রণজিতের শিথদল জাতীয় স্বাধীনতার পুনরুদ্ধারে জীবন বিসর্জন করিয়াছিল, কিন্তু আধুনিক শিথদল ভারত-চরণে বৈদেশিক শৃত্যল দূহত্ত্ব করিতে জ্বীবন বিসর্জন করিতেছে।

ভারতের তৃতীয় সাম্যাবতার চৈত্তা। নানকের স্থায় চৈত্তাও একমাত্র ইরিভক্তিতে অমুপ্রাণিত হইয়াছিলেন। গুরুগোবিন্দের স্থায় চৈতগ্রও ত্রাহ্মণ শূদ্র ও হিন্দু মুসলমান-এক ঢাল করিতে চেষ্টা कतिशं ছिल्न। कि बांकन, कि मुप्त, कि हिन्तू, कि भूमनभान- ७ छ-মাত্রই চৈতভের নিকট সমান আদরণীর। চৈতভের নিকট স্তীজাতিও অশ্রন্ধেয় ছিলেন না। বুদ্ধের ভার তিনিও প্রচারকের উচ্চ আসন স্ত্রীঙ্গাতিকে প্রদান করেন এবং অনেক বিষয়ে তাহাদিগকে পুরুষের সমান অধিকার প্রদান করিণাছিলেন। বৈষ্ণবদিগের মধ্যে পত্নীনির্বা-চনে পুরুষদিগের যেমন অধিকার, স্বামিনির্নাচনেও স্ত্রীলোকদিগের সেইরূপ অধিকার। স্ত্রী ব্যভিচারিণী বা প্রতিকূলাচারিণী হইলে পুরুষ যেমন স্ত্রীকে পরিত্যাগ করিতে পারেন, স্বামী ব্যভিচারী বা প্রতিক্লা-চারী হইলে, দ্র ও সেইরূপ স্বামীকে পরিত্যাগ করিতে পারেন। পত্নী-বিয়োগে স্বামীর যেমন পুন দার পত্নীগ্রহণে অধিকার, পতিবিয়োগে স্ত্রীর ও পুনঃপরিণয়ে সেইরূপ অধিকার। বৈফ্টবীদিণের অবরোধবন্ধন नारे। देवस्थव धर्यात मः म्पर्ट खी मृष्ट मर्व्व अकात्र अधीन जामुख्यन হইতে নির্মাক্ত। অধিক কি—্যে চণ্ডাল ব্রাহ্মণের অপ্রাঞ্চ, যে বেখা সকল সমাজেরই পরিত্যজা, তাহারাও ভক্ত হইলে বৈঞ্চবসম্প্রদায়ে সমাদরে গৃহীত হইয়া থাকে (১)। বৈষ্ণব্দাত্রকেই প্রস্পারের অন্ধ-গ্রহণ ও পরস্পরের সহিত মাদান প্রদান করিতে হইবে। আধুনিক বৈষ্ণবেরা যাহাই হউন, প্রাথমিক বৈষ্ণবদিগের মধ্যে কোন প্রকার বৈষম্য ছিল না। তথাপি এ সম্প্রনায়ের এত শীঘ্র অবনতি ও এ ধর্ম্বের এত শীঘ্ৰ পতন কেন হইল ?

তিনটী কারণে এ সম্প্রদারের এত শীত্র অবনতি ও এ ধর্মের এত শীত্র পতন হইল। প্রথম কারণ—বৈষ্ণবিদিগের নিরবচ্ছিন্ন-ভক্তিমূলতা। চৈতভোর মতে নিরবচ্ছিন্ন ভক্তিতেই মুক্তি। বৌদ্ধ ধর্ম যেমন নিরবচ্ছিন্ন জ্ঞানমূলক হওয়ার জনসাধারণের নিক্ট নীরস

⁽১) চ্ণালোঃপি বিজ্ঞেষ্ঠো বিফুভক্তিপরায়ণঃ।(বি, পু,)

বিদিয়া প্রতীত হইয়াছিল, বৈষ্ণব-ধর্মপ্ত সেইরপ নিরবছিয় ভিতিমূলক
হওয়ায়, জ্ঞানী জনের অশ্রনাভাজন হইয়া উঠিল। জ্ঞানী লোকে
অন্ধ-ভক্তি-পরবশ হইতে লজ্ঞা বোধ করিয়া থাকেন; স্থতরাং
জ্ঞানী ও পণ্ডিত এ ধর্মসম্প্রদায়-ভুক্ত হইলেন না, কেবল অশিক্ষিত
স্ত্রীপ্রুষেই এ সম্প্রদায় পরিপূর্ণ হইতে লাগিল। এই অশিক্ষিত বৈষ্ণবসম্প্রদায় চৈতন্তের অকৈতবাদ ভ্লিয়া ক্রমে ঘোর পৌতলিক হইয়া
উঠিল। রোমান্ ক্যাথালিকেরা যেমন যিশু ও মেরী প্রভৃতির
উপাসনা করিয়া থাকেন, ইহারাও সেইরপ চৈতত্য ও চৈতত্যজননীর উপাসনা আরম্ভ করিল। অন্ধ বিশ্বাসে তাহাদিগের বৃদ্ধিবৃত্তি ক্রমেই অধিকতর হীনপ্রভা ধারণ করিল। আধুনিক বৈষ্ণবগণ ইহার জাজল্যমান দৃষ্টান্ত।

বৈষ্ণবসম্প্রদায়ের অবনতির ও বৈষ্ণব ধর্মের পতনের দ্বিতীয় কারণ বৈষ্ণবসাধারণের সংসার-বৈরাগ্য। আনরা পূর্ব্বে বলিয়াছি যে, বৌদ্ধেরা স্বসম্প্রদায়কে তিন শ্রেণীতে বিভক্ত করিয়াছিলেন—মঠধারী, শ্রাবক ও আশ্রমী। বৌদ্ধর্মের পরিপুষ্টি-সাধন ও প্রচার-কার্য্য প্রথম হুই শ্রেণীর হস্তে গ্রস্ত থাকিত। ইহারাই সংসারত্যাগী ও জীবিকা নির্বাহের নিমিত্ত পরপ্রত্যাশী। আশ্রমী বৌদ্ধানের সহিত তুলনায় ইহাদিগের সংখ্যা নগণ্য মাত্র। বৌদ্ধ আশ্রমীরা বৈষ্থিক উন্নতি-বিষয়ে সতত রত থাকিতেন, স্কৃতরাং বৌদ্ধ সম্প্রদায়ের মধ্যে জাতীয় দারিদ্র্য ঘটতে পারে নাই; কিন্তু বৈষ্ণব সম্প্রদারের মধ্যে এরূপ কোন শ্রেণীবিভাগ নাই।

বৈষ্ণবমাত্রই অনাশ্রমী, বৈষ্ণবমাত্রই ভিক্ষোপজীবী। বৈষ্ণবেরা বিবাহ করিতে পারে বটে, কিন্তু বৈষ্ণব বৈষ্ণবী উভয়কেই ভিক্ষা হারী জীবিকা নির্বাহ করিতে হইবে। যে সম্প্রদায়ের সকলেই ভিক্ষ্ক, সে সম্প্রদায় জগতে, কথন লব্ধ-প্রতিষ্ঠ হইতে পারে না। প্রতরাং জ্বমে বৈষ্ণবেরা সকলেরই অশ্রদ্ধার পাত্র—সকলেরই বিভাগ-ভাজন হইয়া উঠিল।

À বৈষ্ণব সম্প্রদায়ের অবনতির ও বৈষ্ণব ধর্মের প্রতাের ভূতীর

কারণ বৈষ্ণবদিগের মধ্যে জাতীয় ভাবের অভাব। গুরুগোবিন্দের আয় চৈতন্ত বৈষ্ণব সম্প্রদায়কে একটী প্রকাণ্ড জাতিরপে পরিণত করিবেন বলিয়া কথন ভাবেন নাই। এ মহান্ ভাব তাঁহার সন্ধীর্ণ ও ধর্মান্ধ অন্তরে হান পায় নাই। স্মতরাং মহান্ জাতীয় ভাবের উদীপনায় তাঁহার ধর্ম সম্প্রদায় কথন অন্তপ্রাণিত হয় নাই। নানকের আয় তিনি একটী ক্ষুদ্র সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা ছিলেন মাত্র। চৈতন্য গুরুগোবিন্দের ন্যায় সমস্ত ভারতকে এক ধর্মশাসন ও এক রাজবিতিক শাসনের অধীনে আনিবার মহৎ সন্ধন্ন কথন মনে ধারণা করিতেও সমর্থ হন নাই। তাহার অপরিপক বুদ্ধিরতি এরপ প্রকাণ্ড ভাব ধারণে সম্পূর্ণ অক্ষন ছিল। এই জাতীয় ভাব-বির্ভেই বৈষ্ণব সম্প্রদায় অচিরকালমধ্যেই আপনাদিগের স্বতন্ত্র অন্তিম্ব হারাইল। ক্রমে ক্রমে ইহা হিন্দুজাতির একটা ফ্রাণ শোধারণে পরিণত হইল। হিন্দুধর্মের সংশ্রবে সেই সকল বৈষন্য অনেক পরিমাণে আসিয়া জুটিল। এই জন্য এখন আমরা বৈষ্ণবিদ্যের মধ্যেও ব্রাহ্মণ-শূক্র-পার্থক্য দেখিতে পাই।

বৃদ্ধ গিয়াছেন, শুরুণো িল গিয়াছেন, চৈতন্য গিয়াছেন — এবং তাঁহাদিগের সঙ্গে দক্ষে তাঁহাদিগের অতুল কীর্ত্তিও বিলুপুপ্রায়। ভারত আবার বোরতর তিমিরে সমাছের হইন। পড়িরাছে। আদ্ধণ-প্রচারিত ঘোর বৈষম্য আবার ভারতবাদীর স্থানীনতা হরণ করিয়াছে। আবার সেই বর্ণভেদ, সেই জাতিভেদ, সেই ধন্মভেদ! আবার ব্রাহ্মণ শুদ্রে ও ছিন্দু মুসলমানে সেই ঘোরতর বিছেন! স্ত্রীজ্ঞাতির প্রতি আবার সেই ঘোর অত্যাচার! জাতীয় ভাবের অভাবে আবার সেই ছত্রভঙ্গতা! আবার স্ত্রী-শুদ্রের শাস্ত্রে অনধিকার!

একটা প্রকাণ্ড জাতীর ভাবের অভাবে সমস্ত ভারতবাসী সহস্র জাতিতে—সহস্র সম্প্রদারে বিভক্ত রহিয়াছে। একটা জাতীয় ভাবার অভাবে ভারত অসংখ্য প্রাদেশিকতার পরিণত হইয়াছে। একটা সমগ্র ভারতব্যাপী ধর্মের অভাবে, অসংখ্য ধর্মসম্প্রদার পরস্পরের প্রতি প্রস্পর বিশেষ্ট বিদ্যাবৈষম্যে পণ্ডিত মূর্থ পরস্পর-

বিদ্বেষ-বিশিষ্ট! স্ত্রী-পুরুষ-বৈষম্যে স্ত্রী পুরুষ পরস্পর-সহাত্মভূতি-শৃন্ত জেতু-বিজিত-বৈষম্যে আমরা মর্মপীড়িত!

সমস্ত ভারত এক শাসনের অধীন না হওয়ায়, ভারতে বিশ্বজনীন সমবেদনা নাই। ছুর্ভিক্ষে কাশীর উচ্ছিন্ন হইল, তাহা কয় জন ভনিলেন, তদ্বিষয়ে কয় জন ভাবিলেন, কয় জন তাহাদিগের হঃখ দ্ব করিবার নিমিত্ত একটা কপদ্দকও পাঠাইলেন ? মাল্রাজ-ছর্ভিক্ষেব সুময় কত সভা, কত চাঁদা! কিন্তু কাশ্মীর-ছভিক্ষের জন্ম কয়টী সভা হইরাছিল, কি চাঁদা উঠিলাছিল? সভা দূরে থাক, চাঁদা - উচ্ছিন্ন যাউক, কই এ বিষয়ে কোন কথোপকথনও ত শুনিতে পাই নাই। কেন না কাগ্রীব স্বতন্ত্র, কাগ্রীর স্বাধীন, কাশ্রীরের সহিত আমাদের জাতীয় সমবেদনা নাই। কিন্তু কামীর স্বাধীন কিসে ? কার্মারেব রাজা ইংরাজের গোলাম, তাহাব কর্ত্তবা-জ্ঞান ইংরাজ-ইঙ্গিতে থালিত, কাশীরের প্রজাসাধারণ এই গোলামের গোলাম: স্বতরাং তাহাদিগের অবস্থা আমাদিগের অপেকাও শোচনীয়। তাহাদিগকে দাসত্ত্বের সমস্ত যন্ত্রণা ভোগ করিতে হুইতেছে, অথচ তাহারা ইংরাজ সভা তার ফলভোগে অন্ধিকারী। यथन দাসত্ত অনিবার্য্য, তথন প্রবল তম দাগপতির অধীনে থাকাই সর্বাধা শ্রেরস্কর, তথন স্ক্রসভা দাসপতিব অধীনে থাক্ষা সভ্যতা শিক্ষা করা প্রার্থনীয়, তখন সাম্যবাদী দাস-পতির অবীনে থাকিয়া সাম্যের মোহমন্ত্রে দীক্ষিত হওয়াই ভাল। আমাদের একণে জাতীয় শিক্ষার সময়। এ সময় একটা প্রবল-পরাক্রান্ত সভাতম শাসন-সমিতির অধীনে থাকা একান্ত প্রয়োজনীয়। একান্ত প্রয়োজনীয় বলিয়াই প্রাকৃতিক বা এশবিক নিয়মানুসারে ইংরাজ আমাদিগের উপর রাজত্ব করিতেছেন। যত দিন এই প্রয়োজন থাকিবে, যত দিন আমাদের একতাবন্ধন পূর্ণ না হইবে, তত দিন ইংরাজ আমাদের উপর রাজত্ব করিবেন, কেহ নিবারণ করিতে পারিবে ना। প্রয়োজন দিন্ধ হইলে ইংরাজ আপনিই যাইবেন: আপনি না যান, যে প্রাকৃতিক বা দৈবী-শক্তি-প্রভাবে তাঁহারা ভারতে সাম্রাজ্য সংস্থাপন করিয়াছেন, সেই প্রাকৃতিক বা দৈবী শক্তি প্রভাবেই তাঁহারা • ভারত হইতে বিদ্রিত হইবেন। সে সময়ের এখন অনেক বিলম্ব আছে; স্কতরাং সে ভাবনায় আমাদিগের এখন প্রয়োজন নাই।

আমাদের ভাবনার আরও বথেপ্ট জিনিস আছে। বে যে উপাদানসামগ্রীতে জাতীয় জীবন গঠিত হয়, আমাদিগকে একণে সেই উপাদানসামগ্রীর আহরণ করিছে হইবে। আমাদেব একণে আমাদিগকে
এক ভারতীয় জাতি বলিবার অবিকাব নাই। ভৌগোলিক একতা
ভিন্ন আমাদেব এখন আব কোন একতা নাই। আমাদিগকে নৃতন
করিয়া একটা ভাবতীয় জাতি গঠিত করিতে হইবে। সমস্ত ভারতে এক
বন্ধ, এক সাধারণ ভাষা সংস্থাপন কাবতে হইবে। ধনী, নির্ধন ও
পণ্ডিত মূর্থ অভিমান ভূলিতে হইবে। স্ত্রী পুক্ষে সমতা বিধান কবিতে

ইবৈ। এক সমবেদনা-স্ত্রে সমস্ত ভাবতকে অনুস্থাত করিতে হইবে।
এই মহতা সিদ্ধি বহুকালব্যাপি-প্রগাঢ়-সাধনা-সাপেক। স্ক্রাং আমরা
এক্ষণে সেই সাধনায় নিমগ্ন হইব।

এক্ষণে দেখি, আমাদের কি সাধন-সামগ্রী আছে। আমরা কোন্
ভিত্তির উপর বসিয়া এই শব সাধন কবিব ? হিল্বম্ম অতি প্রাচীন ও
অতি প্রকাণ্ড ভিত্তি বটে; কিন্তু সে ভিত্তি অতি জীর্ণ, আব বিশেষতঃ
তাহা আত্ম-পৃষ্টোপবি সকল জাতিকে ধাবণ কবিতে অনিজুক। স্কৃতরাং
প্রেম্ন হইলেও অগত্যা আমাদিগকে সে ভিত্তি পকিত্যাগ করিতে
হইবে। সে ভিত্তি পবিত্যাগ করিব বটে, কিন্তু সে ভিত্তির যে উপাদান-সামগ্রী সতেজ আছে, তাহা গ্রহণ করিবে। মুসল্মান-ধর্মাও অতি
বিদ্বেপূর্ণ, স্কৃতরাং সে ভিত্তিও পরিত্যাগ কবিতে হইবে।
ক্রীষ্টধর্ম্ম বিজেগ্রী জাতির ধর্মা, স্কৃতবাং সে ধর্মা কথন বিজিত জাতির
প্রীতিকর হইবে না; স্কৃতরাং সে ভিত্তিও আমাদিগকে পরিত্যাগ
করিতে হইবে; অথচ সে ভিত্তিও গ্রহণযোগ্য উপাদান-সামগ্রী
গ্রহণ করিতে হইবে। এই রূপ অস্থান্থ ধন্মের অভ্যন্তরেও অনেক রত্ন
মিহিত আছে। সেই সকল উপাদান-সামগ্রী লইয়া একটী নৃত্তন ধর্ম্মভিত্তি গঠিতে হইবে। মল ব্রাক্ষধর্ম্ম এই সকল উপাদানে গঠিত,

স্থাতরাং একমাত্র ব্রাহ্মধর্মেরই ভারতের জাতীয় ধর্ম হইবার সম্পূর্ণ অধিকার। যদি একটা লোকিক ধর্মের আবশ্রকতা থাকে, ত রাহ্মধর্মই ভারতের জাতীয় ধর্ম হইবে। কারণ ব্রাহ্মধর্ম ভারতীয় সমস্ত ধর্মেরই —বিশেষতঃ হিন্দুধর্মের সারসঙ্কলন মাত্র; এই জন্য রাহ্মধর্মের মূল সত্য, ভারতীয় সমস্ত ধর্ম-সম্প্রদায়েরই আদরণীয়। স্কতরাং এ ধর্ম-গ্রহণে ভারতীয় ধর্মসম্প্রদায়-সম্হের বিশেষ আপত্তি ছইবেনা। এতছির আর একটা কাবণ আছে। উন্নতিশীল ব্রাহ্মসমাজ একটা প্রকাণ্ড ভিত্তির উপর সন্মান্ত, সে ভিত্তি সাম্য। খুছিধর্ম ব্যতীত বর্ত্তমান ভারতের আর কোন প্রাচীন ধর্মের সহিত্ত বিশ্বজনীন সাম্যের ভার মিশ্রিত নাই। কাবণ সাম্যমূলক বৌদ্ধ, পিও বৈশ্বর ধর্ম ভারতে এখন আর দেখিতে পাওবা যায় না। এ সকল ধর্মে এখন আবার বিবিধ বৈষ্য্য আসিয়া জুটিয়াছে।

কিন্তু ভারতের ছভাগ্যবশতঃ ব্রাহ্মদর্ম্ম সম্প্রদানের শীর্ষস্থানে শাক্য-সিংহ, য়িও বা গুকগোবিন্দের জায় একজন অলৌকিক-প্রতিভাশালী নিষ্কাম ও আত্মতাগী সম্প্রদার প্রবর্ত নাই। এই জন্মই এত অল্ল দিনের মধ্যে ইহাতে এত দলাদলি ও এত মতভেদ ঘটিয়াছে। বদ্ধদেবের মৃত্যুর ৪।৫ শত বংসর পরে উপযুক্ত নেতা বিরহে বৌদ্ধ পর্ম্মের বেরূপ তর্রক্য ঘট্রাছিল, এই নবোদিত ব্রাহ্মধর্মের অঙ্কুরেই মেই অবস্থা ঘটিনাছে। কৈশব ব্রাহ্মধর্মের আরও চুই একটা দোষ বাটতেছে। ইহা বৈশুব ধর্মের তার কেবল ভক্তিমূলক হইয়া উঠিতেছে। এরপ হইলে ইহা অচির-কাল-মধ্যেই শিক্ষিত সমাজের অসেব্য হইয়া উঠিবে। দ্বিতীয়তঃ ইহা আবার স্ত্রীপুরুষ-বৈষম্যে আচ্ছন্ন ছইবার উপক্রম হইরা উঠিয়াছে। বৈষ্ণব-ধর্মের ভাষ ইহাতে বৈরা। গাও আসিয়া জুটিতেছে। স্নতরাং বৈষ্ণব-ধর্মের ন্যার ইহার পতন অনিবার্য। এই দকল দোষ পরিহার করিয়া উন্নতিশীল নৃতন ত্রাহ্ম-সমাজ প্রতিষ্ঠাণিত হইতেছে। আমরা ইহার মুথের দিকে চাহিয়া রহিলাম। ইহার কুতকার্যাতার উপর ভারতের অনেক মঙ্গল নির্ভর করিতেছে, কিন্তু এ গুরুতর কার্য্যের উপযোগী নেতা কই ? উন্নতি-

শীল বাদ্দসম্প্রদানে বৃদ্ধ বা শুরুগোবিন্দ কই ? যে বিনয়ধর্মে শাক্যান্ত পাষাণপ্ত দ্রবীভূত করিয়াছিলেন, সে বিনয় কই ? যে বিশ্ব-প্রেমিকতা বৃদ্ধপ্রচারিত ধন্মের বীজমন্ত্র, সে বিশ্বপ্রেমিকতা কই ? ধর্ম্মন্ত্রাতা ও অ-ধর্ম্মন্ত্রাতার, পূর্ণ দমবেদনা কই ? মানব-ছঃথে বৃদ্ধন্য যেরূপ কাঁদিত, ব্রাদ্ধ-হৃদ্য সেরূপ কাঁদে কই ? যে আত্মবিশ্বতি কই ? যে মাহাত্মো শুক্রণোবিন্দ বিদ্বেষপূর্ণ যবনদিগকে নিজ্ক সম্প্রদায়ে আনিয়াছিলেন, সে সাহাত্ম্য কই ? এই প্রকাপ্ত জাতীয় রতের উদ্যাপনার নিমিত্ত রাক্ষনিগকে বৃদ্ধের নিকট বিনয়াদি ধর্ম্ম ও শুক্র-গোবিন্দ সিংহের নিকট মাহাত্ম্য শিক্ষা করিতে হইবে। তাহাদিগকে আ্রাজিমানে ও সাম্প্রদায়িকতার পূর্ণাভূতি প্রদান করিতে হইবে। 'এই সকল সাধনায় দিক্ষ হুটলে তাহাদিগের দ্বারা ভারতের স্মীকরণ-কার্য্য সংসিদ্ধ হুটবে; অন্যথা, তাহাদিগের ও পতন অনিবার্য্য।

ভারতের স্থাশিক্ষিত-সম্প্রদায়-মধ্যে আর একটা রমণীয় ধর্ম্মের বৈত্যাতিক আভা প্রতিভাত হই গছে। এ ধর্মের জ্যোতিঃ অতি সমুজ্জন।
বিহ্যাৎ-বিকাশ যেমন নয়ন কল্ সিয়া দেয়, সেইরপ ইহা নিজ প্রচণ্ড
আলোকে, মানব-সদয়কে উত্তাহিত করে। ব্রাহ্মার্ম্ম চক্র-কিরণেব
ন্থায় মিশ্বকারক, কারণ ইহা প্রহিক তঃথ্যম্বণাব বিমিম্যে, পুণাবান্দিগের পক্ষে স্থার্ম্ম করিয়া দেয়। অন্ততাপে পাপীর পক্ষেও
স্থাতোগ বলিয়া দেয়; পরীক্ষারাজ্যে যে অন্ত্পাতে তঃথ ভোগ, পুরমার রাজ্যে সেই অন্ত্পাতে স্থভোগের আশা প্রদান করে। কিছ
এ কঠোর নিদ্ধাম ধর্মে পুণাের পুরস্কারের আশা নাই। মানব-প্রেম সে
ধর্মের বীজ্মন্ত্র। নিরভিস্দ্ধি পুর্কক মানবের উপকার-সাধন সেই
ধর্মের একমাত্র বাহান। সেই সাধনায়,—সেই ব্রত উদ্বাপনায়
এবং সেই বীজ্মন্ত্রের অন্থানে যে বিমল আনন্দ, সেই ইহার স্থান।
ইহার বিপরীতাচরণে যে তঃথ, সেই ইহার নরক। ইহাতে স্বত্তর
পারলাকিক স্কর্ম নত্রক নাই। ইহাতে—প্রবৃত্তি নির্ভি, ঈশ্বর্মুকক

नरह; मंदकार्या श्रवेख इंटरन मेचेत महत्वे इंटरवन, वर्श मिश्हामन প্রদান করিবেন; অসৎ কার্য্য হইতে নিবৃত্ত না হইলে, তিনি বিরক্ত হইবেন এবং নরকের অগ্নিকুণ্ডে নিকেপ করিবেন-এরপ প্রলোভন ও ভীতিপ্রদর্শন দারা ধর্ম্মে প্রবৃত্তি ও অধর্ম হইতে নিবৃত্তি জন্মাইবার করিবে; অসৎ কার্য্য কর, আপনিই তুঃখ পাইবে, আপনিই অস্থ্যী হইবে। পাপ-পুণ্যের ভোগ ইহলোকেই। প্রকৃতির নিয়ম লঙ্খন কর, তৎক্ষণাং-কি কিছু দিন পরে তাহার ফলভোগ করিতেই হইবে; অন্ত্রতাপে দে দণ্ড হইতে মুক্তিলাভের আশা নাই। পরের অনিষ্ট কর, মন নরকময় হইবে; সকলে তোমাকে মুণা করিবে; পাপের শাস্তি হাতে হাতে পাইবে। সং কার্য্যের অম্প্রান কর, তোমার অন্তর স্বর্গময় হইয়া উঠিবে। তুনি সকলের প্রীতিভাজন হইবে। স্বর্গ-সিংহাসন তুমি এথানেই পাইবে। ঈশ্ধ্ব থাকেন ভালুই, না থাকেন তাহাতেও আপত্তি নাই। সে বিষয়ে আন্দোলন নিস্পায়োজন। আমা (मत कर्छवा माथन कतिया जागता ठिलिया याहै। এই धर्म अथन छ ভারতে লব্ধপ্রতিষ্ঠ হয় নাই; স্কুতরাং ইহা দ্বারা এখন ভারতের স্মী-করণ হওয়া কতপুর সম্ভব বলিতে পারি না।

যাহা হউক, সম্পূর্ণ জাতীয় জীবনের আস্বাদ পাইবার পূর্ব্বে তারত-বাসিগণ এক্ষণে এক-প্রকার আংশিক জাতীয় জীবন আস্বাদন করিতে পারেন। অত্যাত্ত সহস্র বিষয়ে তারতের অনৈকা থাকুক, ভারত এক্ষণে এক বিষয়ে মিলিতে শিথিতেছেন। ইংরাজক্বত অত্যাচারের প্রতিবাদ-বিষয়ে সমস্ত ভারতের ঐকমত্য দেখিতে পাওয়া যায়। এই উপাদান-সামগ্রী লইয়া ভাবত-সভা তারতবাসীদিশের অন্তরে এক আংশিক জাতীক্ষ্ণভাব উদ্দীপিত করিতে চেপ্তা কবিতেছেন। অতি উপযুক্ত পাত্রগণের হন্তেই এই উদ্দীপনা-কার্য্যের তার ভাস্ত হইয়াছে। ভারত-সভার নেত্র্নের প্রতিভা এই সাধনার সম্পূর্ণ উপযোগিনী; কিন্তু ত্রভাগ্যবশতঃ যে ভাষায় তাঁহারা এই উদ্দীপনা-কার্য্য আরম্ভ করিয়াছেন, তাহা বৈদেশিক ভাষা। স্ক্তেরাং ভারতীয় জাতি-সাধারশ

কথন সেই উদ্দীপনায় উদ্দীপিত হইবেন না। এই জন্ত একটা ভারতীয় সাধারণ ভাষা চাই। হিন্দী ভিন্ন আর কোন ভাষাই ভারতীয় ভাষা হইতে পারে না। কারণ হিন্দী ভারতবাসী আবাল বৃদ্ধ বনিতা দকলেই কিছু কিছু বুঝিতে পারে। আর সকল ভাষা অপেক্ষা এই ভাষাই ভারতের অধিক লোকের মাতৃভাষা। স্কতরাং আমরা ইচ্ছা করি, বঙ্গদেশে তাঁহারা বঙ্গভাষার, তদ্ভিন্ন ভারতের আর সকল স্থলে হিন্দীতে এই উদ্দীপনা-কার্য্য আরম্ভ করেন। কারণ, জাতীয় ভাষায় উদ্দীপনা ব্যতীত জাতীয় জীবনের কোন সম্ভাবনা নাই।

ভারতের ধনিবৃদ্ধ ! আমরা যেমন ব্রাহ্মণদিগকে নামির। শুদ্র ও যবনের সহিত একতা মিশিয়া একটা প্রকাণ্ড জাতিতে পরিণত হইতে বলিতেছি, সেই রূপ আপনাদিগকে ধন-গর্ম্ব পবিত্যাগ করিয়া ভারতেব লীন তঃখী প্রজাসাধারণের সহিত এক সমভূমিতে নামিরা, তাহাদিগেব তঃখ-বিমোচনে আপনাদিগের ক্ষেত্রে সদ্বায় করিতে আহ্বান কবিতছি। যদি আপনারা ভারতের প্রকৃত হিতৈষী হন, যদি ভারতকে একটা প্রকাণ্ড রাজনৈতিক জাতিতে পরিণত দেখিতে চান, তবে বিলাস-ভোগে অর্থনায় না করিয়া, কোটা কোটা দীন তঃখীর তঃখ বিমোচন করিয়া, এবং তাহাদের স্থাশকা বিধান করিয়া, তাহাদিগকে উচ্চে তুলিতে চেষ্টা করন। জানিবেন, তাহারাও এক দিন আপনাদিগকে অতি উচ্চ রাজনৈতিক শিখরে তুলিবে। এ বিশ্বব্যাপী পতনেব সময় এ বিশ্বজনীন দাসত্বের সময়, আপনাদিগের এ বিলাস কেন ? এবাদনের সময়—এথন এ ধনোমাদ কেন ?

আর ভারতের স্থাশিকিত সম্প্রদায়! আপনাদিগকে বলি, ভারতের ছবিষ্য মঙ্গলের জন্ম হিন্দ্দিগকে যেনন জাতাভিমান পরিত্যাগ করিয়া ঘবনদিগের সহিত সমভূমিতে আসিতে হইবে, ধনিবৃদ্ধিক যেমন ধনগর্ক পরিত্যাগ করিয়া দীন ছঃখী প্রজাসাধারণের সহিত এক সহামূভূতিস্থেত্বে অমুস্যত হইতে হইবে, তেমনই আপনাদিগকেও বিদ্যাভিমান ও
জ্ঞান-গর্ক পরিত্যাগ করিয়া, ভারতের অশিক্ষিত কোটী নিচয়ের সহিত
এক সমভূমিতে নামিয়া, তাহাদিগের অজ্ঞান-তিমির দুর করিতে হইবে.

ভাহাদিগের ত্রবস্থা-বিমোচনের চেষ্টা করিতে হইবে, ভাহাদিগের শোক-তাপে ও তৃঃথ-যন্ত্রণায় তাহাদিগকে অন্তরের সহাত্মভূতি দেখাইতে হইবে। জানিবেন যে, সেই অগণ্য-জনসজ্ম পতিত থাকিতে ভারতের কোন আশা নাই। জানিবেন যে, সেই অগণ্য জন-সজ্মকে না লইয়া আপনারা কথন উঠিতে পারিবেন না। উঠিতে চেষ্টা করিলেও, আপনাদিগকে তাহাদিগের গুরুভারে আবার নামিয়া পড়িতে হইবে।

আপনাদিগের মন্তকে আর একটা গুরুভার গ্রন্থ রহিয়াছে। ভারতীয় নারী জাতির উদ্ধারের একমাত্র আশাস্থল আপনারা। যথন রাজনৈতিক দাসহের নিদারুণ যন্ত্রণা আপনাবা স্বয়ং অনুভব করি-তেছেন, তথন ভারতীয় জাতির অদ্ধাংশকে সমাজিক দাসস্থালে আবদ্ধ রাথা আপনাদিগের ভাল দেখায় না। পুরাকালে ভারত-ললনার যেরূপ অবস্থা ছিল, উাহাদিগের বর্ত্ত্যান অবস্থা তাহা অপেকা সহস্র গুণে অধিকতর শোচনীয়। স্বাধীনতা ব্যত্তাত কথন শারীরিক ও মানসিক বৃত্তি-নিচয় ক্ত্রি পায় না। সে স্বাধীনতায় পুরাকালে ভারতের রমণীরা সম্পূর্ণ বঞ্চিতা ছিলেন না। তাঁহারা ছায়ার স্থায় সর্বাত্র স্বামীর অনুগমন করিতে পারিতেন। অধিক কি, তাহারা পুরুষদিগের সাহত এক চতুষ্পাঠীতে পড়িতেও পাইতেন। উত্তর-রাম-চবিতে লিখিত, আছে, বালাকির আশ্রমে থাকিয়া আত্রেয়ী কুশ-লবের স্হিত একত্র অধ্যয়ন করিয়াছিলেন। স্ত্রীজাতিব স্বয়ংবন ও স্ত্রীজাতিব স্বাধীনতার পরিচায়ক। জাজাতির স্বাধীনতা ব্যতীত আমরা ছর্গাবতী, ঝানসীৰ রাণী প্রভৃতি নীৰ নাবীগণের বীর্যাবতার পরিচয় পাইতাম না। স্পাটার অতি গৌরবের সময় স্ত্রীজাতির সম্পূর্ণ স্বাধীনতা ছিল; অধিক কি, স্ত্রী-পুক্ষ প্রকাগ্রন্থলে পরম্পর মন্ত্রযুদ্ধে অবতীর্ণ হইতেও লজ্জা বোধ করিতেন না। স্পার্টার রমণীর স্বাধীনতা ছिल बिलेशाहे, स्पार्टीन तमणी वीत-अमरिनी इटेट भातिशाहित्नन। তাহাবা যে ওদ্ধ বীর সন্তান প্রস্ব করিতেন এরপ নহে, বীর পূত্র-निगरक छेकीभना-वारका त्रांशिशास्त्र माठावेराजन । स्थापीन तमनीता यूक-बाजाकारन आगमम आवस्य शूर्जन रूख जान निका, जाशारक ভাবাধে বলিতেন—"বাও পুত্র! বাও। হয় য়ুদ্ধে জয়ী হইয়া, এই ঢাল হাতে জয়োৎসাহে জননীর চরণ বন্দন করিও, অথবা য়ুদ্ধে হত হইয়া ঢালোপরি জদনীর নিকট আনীত হইও।" জননীর মুখোচ্চারিত এ উদ্দীপনা-বাক্যে কোন্ পুত্রের হৃদয়ে বীয়্য-বহ্নি সয়ুদ্ধিত না হয় ? বখন রাজবারায় স্ত্রীয়াধীনতা ছিল, তখন রাজপুত-রমণীরাও এক দিন এইয়প উদ্দীপনা-বাক্যে পুত্রগণের ভস্মাচ্ছাদিত বীয়্য-বহ্নি প্রজালিত করিতেন। সে সময় অনেক রাজপুত-রমণীর অসি অনেক য়বনকে শমন-সদনে প্রেরণ করে। কিন্তু আজ তারত-ললনার কি দশা ? আজ তারত-সন্তান অন্তঃপুরের বাহিরে য়াইতে চাহিলেই তারত-জননী বাধা দিতে উদ্যত,—কেন না অন্তঃপুরের বাহিরের থবর তিনি কিছু জানেন না; স্কতরাং কোন্ প্রাণে তিনি প্রাণসম পুত্রকে অজ্ঞাত স্থানে প্রেরণ করেন?

ইউরোপ ও আমেরিকার বর্তুমান উন্নতির অনেকটা কারণ স্ত্রী-স্বাধীনতা ও স্ত্রী-শিক্ষা। স্ত্রীশিক্ষা স্ত্রীস্বাধীনতার সহচরী। স্ত্রীস্বাধী-নতা ব্যতীত স্ত্রীশিক্ষা পূর্ণ হইতে পারে না। স্ত্রীজাতির স্বাধীনতা বাতীত ষেমন পূর্ণ শিক্ষা হয় না, সেইকপ সাহস ও বীর্য্যবতাও ক্ষ বি পাय ना। आमता इंडेत्ताभीय इंठिशास अनिष्कत्वथ, क्यार्थवाईन, गांखम् तानाख, अधियानाँ, जांत्मकारेन् अपृठि त्य, मकन असुठ वम्मीत ইতিবৃত্ত পাঠ করি, তাঁহারা সকলেই জীমাধীনতার ফল। ক্ষ জন রাজা এলিজেবেণ্ ও ক্যাথেরাইনের স্থায় রাজিসিংহাসন সমুজ্জ্বল করিয়াছেন ? ফরাশি বিপ্লবকালে মাডেম্ রোলাও জিরভিষ্ট দলের জীবন-মন্ত্রপিণী ছিলেন, এবং এণ্টরনেটা রাজতান্ত্রিক দলের একমাত্র মেত্রী ছিলেন। জোসেফাইন বীরচুড়ামণি নেপোলিয়নের সমর-বিষয়িণী প্রতিভার জন্মিত্রী ছিলেন বলিলেও অত্যুক্তি হইবে না। বে ইতালীকেত্রে নেপোলিয়ন অসংখ্য বিজয় লাভ করেন, সেই সকল রণক্ষেত্রে জোসেফাইন নেপোলিয়নের পার্শ্ববর্ত্তিনী থাকিতেন। গারিবন্ডী-পদ্মীও জাতীয় সমরাঙ্গণে অখপুঠে সতত স্বামি-সহচারিণী থাকিতেন।

ভারতবাসী পতিত আর্যা! পতিত জনার্যা! যদি ভারতকে আবার উন্নতির উচ্চ-শিথরে তুলিতে চাও, যদি আবার ভারত-জননীকে বীর-প্রসবিনী দেখিতে চাও, তবে অগ্রে ভারত-ললনাকে স্বাধীনতা প্রদান কর, স্বাধীনতা প্রদান করিয়া, জ্ঞানালোকে তাঁহার জ্ঞানতিমিরাচ্চন্ন জ্ঞারকে সমুজ্ঞলিত কর। দেখিবে, এই সঞ্জীবনী-শক্তিপ্রভাবে ভারতে নব জীবন সঞ্চারিত হইবে। বীর-জননীর কুক্ষি হইতে বীর সন্তান প্রস্তুত হইযা, ভারতগগনে অপূর্ব্ব সৌভাগ্য-রবি সমুদিত করিবে; এবং অসংখ্য মাডেম্ রোলাও, অসংখ্য জোসেফাইন্, অসংখ্য এলিজেবে গ্—ভারতেব তিমিরাচ্চন্ন আকাশে অসংখ্য-পূর্ণচন্দ্র-রূপে উদিত হইবে।

ভারতের অধিষ্ঠাত্রী দেবতা ৷ ভারতের আত্মবৃক্ষিণী শক্তি ! এ ভীমণ বিপৎ-কালে আমাদিগকে রক্ষা কব :-- স্বদাশ্রিত ছিন্ন ভিন্ন জাতি-নিচয়কে পরস্পাব-বিদ্বেষ-শৃত্য একটা প্রকাণ্ড জাতিরূপে পরিণত কব; এ ঘোর দাসবের সময় আমাদিগের মন হইতে সর্বপ্রকার সাম্প্রদায়িকতা, দর্কপ্রকার প্রাদেশিকতা, দর্কপ্রকার জাত্যভিমান, এবং সর্বপ্রকার আত্মাভিমান বিদ্রিত কব; সমস্ত ভারতবাসীর হৃদয়কে এক সমবেদনা-সূত্রে এরূপে অনুস্থাত কব, যেন একটী হৃদয়ে বেদনা লাগিলে, দকল হৃদয় মর্মাপীড়িত হয়; আরাধা গুরুগোবিন্দ সিংহকে যে মহান্ জাতীয় ভাবে উদ্দীপিত করিয়াছিলে, আমাদিগের অন্তরেও সেই মহান জাতীয ভাবের উদ্দীপনা কর; সমস্ত শিখ-জাতিকে, যে ভ্রাভূত্বভাবে অনুপ্রাণিত করিয়াছিলে, সমস্ত ভারত-বাসীকে আজ সেই ভ্রাত্ত্বভাবে অন্ম্প্রাণিত কর। এই মহানু জাতীয় ভাবের অমুপ্রবেশে, এই উদার ভ্রাতৃত্বভাবের সঞ্চারে, ব্রাহ্মণ-শুদ্ধের প্রতি বিশ্বেষ ভূলিবে; যবন—হিন্দুর প্রতি, এবং হিন্দু—যবনের প্রতি विषय ज्लित ; धनी-धनगर्स, ७ छानी छानगर्स পরিত্যাগ করিবে ; উচ্চদ্রেণী—নিয়াশ্রেণীর প্রতি চিরলালিত ঘূণার ভাব পরিত্যাগ করিবে। এই সঞ্জীবনী-শক্তি-প্রভাবে মৃতপ্রায় ভারতে আবার নব জীবন সঞ্চারিত হইবে। ভারতের এই খাশানভত্ম হইতৈই আবার রণবীর, জানবীর. ও ধনবীর—অগণ্য সংখ্যার সমুদ্ধৃত হইবে। এই জাতীর জীবনের অফণোদমেই ভারতের ওয়াসিংটন্, ভারতের গ্যারিবন্ডী, ভারতের কাবুর ভারত ক্ষেত্রে আবিভূতি ২ইবেন!

বধন ইতালী পড়িয়া ছই বার উঠিয়াছে, গ্রীদ পড়িয়া আবার উঠিয়াছে, দাদ আমেরিকা স্বাধীন হইয়াছে, দ্বণিত জাপান ধুঁইয়া উঠিতেছে, নিপীড়িত আয়র্লণ্ড মাথা তুলিয়াছে,—তথন কার সাধ্য বলে, পতিত ভারত আর উঠিবে না, জগতের গৌরব ভারত আর বাঁচিবে না ?



বৈদেশিক সংমিশ্রণ ও তাহার উপকারিতা।

হিন্দুসমাজ প্রার অর্দ্ধ শতাকী ধরিয়া একটা নৃতন আবর্ত্তনে আলোডিত হইতেছে। বৈদেশিক সংমিশ্রণে হিন্দুসমাজের বন্ধন শিথিকিত হওয়ায়, ইহাতে বিবিধ সমা জবিপ্লব উপস্থিত হইলাছে! মন্থর সময় চইতে ইংরাজনিগের আগমন পর্যান্ত স্গ্রসহস্র ব্যাপিয়া যে হিন্দুসমাজ অচলমালার ভায় অটল ভাবে ক্ষীতবক্ষে দণ্ডায়মান ছিল, মুশলমান রাজগণের ভীষণ অত্যাচারেও যে হিন্দুসমাজ বিন্দুমাত্রও বিচলিত হয় নাই—বরং অধিকতর ঘনীভূত হইয়াছিল, আজ পাশ্চাত্য সভ্যতার মোহিনী-শক্তি-প্রতাবে, সেই হিন্দুসমাজে সর্বাদ্ধীন বিপ্লব উপস্থিত হইয়াছে। কোন দেশ ম্যালেরিয়াদি দোষে দৃষ্ট হইলে, প্রাক্কৃতিক নিয়মে যেমন প্রচণ্ড বাটকা বা জলপ্লাবনাদি উপস্থিত হইয়া সে দেশকে আলোড়িত করে, এবং সেই আলোড়নে যেমন সেই দেশের ম্যালেরিয়াদি দোষ কাটিয়া যায়, সেইরূপ হিন্দু সমাজ বছদিন জড়পিতের মত থাকিয়া ক্রমেই জীবনী শক্তি হারাইতেছিল, এমন সময় দৈবাস্থাহে পাশ্চাত্য মভ্যতার সহিত ইহার সংবর্ষ উপস্থিত হইল। ধ্রমন ঝটকা বা জলপ্লাবনাদির আসুসঙ্গিক নৈমিত্তিক অনিষ্ঠপাত

ব্দপরিহার্য্য, সেইরূপ এই সংঘর্ষের আমুসঙ্গিক অব্যবহিত নৈমিন্তিক অমঙ্গল-নিচয়ও ছর্ম্মোচ্য; কিন্তু ঝাটকা বা জলপ্লাবনাদির ব্যবহিত কল যেরূপ শুভদ, এইরূপ সংঘর্ষেরও পরিণাম সেইরূপ শুভপ্রদ।

शिन्तुममाञ अकरा (य कश्री ममाञ-विश्वाद आत्माज्ञ शहराज्ञ. বিলাত-গমন তাহার অন্ততম। বহু কাল ধরিয়া ভারত-বহিশ্চর জাতি-নিচয়ের সহিত ভারতীয় আর্য্যগণের কোন সংমিশ্রণ না হওয়ায় তাঁহারা এত দিন জানিতে পারেন নাই যে, তাঁহারা সভাস্মাজে এক সমরে বে স্থান অধিকার করিয়াছিলেন, এখন সে স্থান হইতে ভ্রষ্ট হইয়াছেন; এবং যে সকল জাতি পূর্বে তাঁচাদিগের সহিত তুলনায় সভা জাতি বলিয়াই গণিত হইত না, এখন তাহারা সভাতা-শৈলের সর্ব্বোচ্চ শিখবে আবোহণ কবিয়াছে। পূনের বড় ছিলাম বলিয়া অভিমান করিয়া এখন যাহারা বড় হইয়াছে, তাহাদিগের হইতে সম্পূর্ণ বিচ্ছিন্ন থাকিলে, আমাদিগের ভাবী উন্নতির আশা স্কুর-পরাহত হইবে। आमामित्वत शृक्त-शूक्तत्वता यांगामिशतक यवन विनया घूना कतिएजन, এক সময়ে যাহাদিগকে অস্পুগ্র চণ্ডাল বলিয়া মনে করিতেন, ভাহারা বস্ততঃ তথন ঘুণার্চ ও অস্পুগুই ছিল। কিন্তু এখন সে তুলামান আবর্ত্তিত হইয়াছে। এফণে পরিচ্ছদ, আহার, বাদের পরিচ্ছনতা, विमा, वृद्धि, तीर्या, वीर्या -- मकल विषयारे मिरे यवन आमामिराव শ্রেষ্ঠ। এক সময়ে আমরা যেমন তাঁহাদিগকে 'অসভা বর্জর' বলিয়া ঘুণা করিতাম, এখন তাঁহারাও তেমনই আমাদিগকে 'অসভা নিগার' বলিয়া অশ্রন্ধা করিয়া থাকেন। আমরা বদি বস্ততঃ ব্রিয়া থাকি যে, আমরা এখন বস্ততঃই তাঁহাদিণের অপেকা সকল বিষয়েই হীন হইয়া পডিয়াছি, তাহা হইলে অভিমান-ভরে তাঁহাদিগের হইতে দূরে থাকিলে আমাদিগকে বিশেষ ক্ষতিগ্রস্ত হইতে হইবে। গুণের অমুকরণে কোন দোষ নাই। আমাদিগের যথন ভাল সমর ছিল, তথন তাহারা আমাদিগের অমুকরণ করিয়াছে, আমাদিগের নিকট হইতে অনেক শিক্ষা পাইয়াছে: এখন তাহাদিগের উন্নতির ও আমাদিগের অবনতির সময়। এখন আমরা তাহাদিগের নিকট যাতা ভাল পাইবু, তাহাঁ

শিখিব, তাহাদিগের সমস্ত গুণের অন্থকরণ করিব—তাহাতে দোর কি? যে এক সময় অধমর্ণ ছিল, তাহার কি চিরকালই অধমর্ণ থাকিতে হইবে; এবং যে এক সময় উত্তমর্ণ ছিল, সে কি চির কালই উত্তমর্ণ থাকিবে? তাহা কথনই হইতে পারে না। প্রকৃতি কাহারও অদৃষ্টে চির কাল ছঃখ বা কাহারও অদৃষ্টে চির কাল ছঞ্খ নির্দিষ্ট করিয়া রাখেন দাই। প্রকৃতির নিয়মানুসারে জগতে স্থখ ছঃখ নিয়ত চক্রবং পরিবর্ত্তিত হইতেছে (১)। স্থতবাং, সত্য ইউরোপের নিকট আমাদিগের সভ্যতা ও জ্ঞান-শিকা করিতে কুঞ্ভিত হইবার প্রয়োজন নাই। রুগা অভিমান-ভরে ইহা হইতে বিরত থাকিলে, আমাদিগের সৌভাগ্য-তপন সমুদিত হইতে অনেক বিলম্ব হইবে; গাহারা আপনারা অভিমান ভবে রহিবেন, বা অভিমান-ত্যাগী ব্যক্তির উন্নতিশীল গতির অন্থরায় হইবেন, তাহারা অন্তরে দেশহিবৈবী হইলেও কার্যাতঃ দেশের পরম শক্র।

আধুনিক সভ্য ইউরোপের নিকট সভ্যতা ও জ্ঞান-শিক্ষা করিতে হইলে, সভ্যতা ও জ্ঞানের রঙ্গল্য ইউরোপ-ক্ষেত্রে গ্রমন করা একান্ত প্রেরাজন। অভিনয়ের বর্ণনা গুনিরা যেমন অভিনয় দর্শনের তৃথি লাভ করা অসন্তব, শুদ্ধ পুস্ত ক পড়িশা সেই গীন্ত সভ্যতা ও জ্ঞানের অন্তত্তি করা সেইকপে অসন্তব। যেনন শবছেদ না করিয়া শারীর বিজ্ঞানে ব্যুংপত্তি লাভের চেষ্টা বিভ্লনা মাত্র, সেইকপে সভ্য সমাজের আভ্যন্তরীণ চিত্র স্কচক্ষেনা দেখিয়া সভ্যতার অন্তক্রণ-চেষ্টা উপহাসাম্পদ মাত্র। আমরা এই জন্তই ইউরোপ-যাত্রার বিশেষ পক্ষপাতী। বিশেষতঃ বিলাত গননে আমাদিগের দিবিদ উপকার আছে। এক দিকৈ সভ্যতা ও জ্ঞান-লাভ, অন্ত দিকে ধন, মান ও পদলাভ। এ দিবিধ উপকারই আমরা এখানে থাকিয়া সম্পূর্ণরূপেও সহজে লাভ করিতে পারি না।

এই সকল উপকার আছে বলিয়াই, অর্দ্ধ শতান্দী ধরিয়া পশ্চিমাভি-

⁽১) চক্রবৎ পরিবর্কৃত্তে, ছঃখানি চ স্থথানি চ। মহাভারত।

মুখে প্রবল জন-স্রোভ বহিয়াছে। মহাত্মা রামমোহন রায়ের সময়

হৈতে বর্জনান সময় পর্যান্ত অনেকগুলি ভারতবর্ষীয় জনম জনম লানা
উদ্দেশে বিলাত গমন করিয়া তথা হইতে ভারতে ফিরিয়া আসিয়াছেন,

এবং কতকগুলি এখনও তথায় অবস্থিতি করিতেছেন। রামমোহন রায়,

য়ারকানাথ ঠাকুর, জঙ্গবাহাছর, কেশবচন্দ্র সেন, প্রতাপচন্দ্র মজুমদার
প্রভৃতি কয় জন ভিয় আর প্রায় সকলেরই বিলাত-গমনের উদ্দেশ্য

বিদ্যোপার্জন বা বাণিজ্য। আমাদিগের বিশ্বাস, যদি ইংরাজ গবর্ণমেণ্টের

বিলোপ না হয়, তাহা হইলে, এই প্রোত দিন দিন অধিকতর প্রবল

হইবে। এ স্রোতের গতি বা বেগ-নিবারণ করা হিন্দু-সমাজের একণে

অসাধ্য।

কেন অসাধ্য, তাহা আমরা বলিতেছি। উচ্চ পদে আরোহণ করার ইচ্ছা ও তদস্ঠান-চেঠা মানব-জাতির হৃদরের একটা বলবতী স্বাভাবিকী রন্তি। সামান্ত গার্হস্থ ভূত্য হইতে সম্রাট্ পর্যান্ত সকলেই এই প্রবল রন্তির দাস। বস্তুতঃ পরিশ্রমের বা নন্তিক-পরিচালনের বিনিময়ে যখন বেতন লইতেই হইল, তখন যাহাতে অধিক বেতন পাওয়া যায়, তাহার চেটা করা সর্বথা কর্ত্তর। সেইরপ বাণিজ্য-স্থলেও বলিতে পারা যায়, যে যখন বাণিজ্য করিয়াই অর্থোপার্জন করিতে হইল, তখন যাহাতে সেই বাণিজ্যের সর্বতোভাবে শ্রীরৃদ্ধি হয়, তাহাই কর্ত্তব্য। যদি তাহাই কর্ত্তব্য স্থির হইল, তাহা হইলে, কি উপায়ে অধিক বেতন লাভ করা যাইতে পারে, এবং কি উপায়েই বা বাণিজ্যের সবিশেষ শ্রীরৃদ্ধি-সাধন করা যাইতে পারে, সেই উপায়ের উত্তাবন ও অন্থর্ত্তন কখন অকর্ত্তব্য বা নীতিবিগর্হিত হইতে পারে না। বিলাত-গমন সর্ব্বোচ্চ বেতন-শ্রাপ্তির ও বাণিজ্যের উৎকর্ষ-সাধনের প্রধান উপায় ; স্কৃতরাং বিলাত-গমন কথন অকর্ত্তব্য বা নীতি-বিরুদ্ধ হইতে পারে না।

পূর্বেই বলা হইয়াছে যে, বিলাতগমন যেমন উচ্চ পদ ও উচ্চ বেতন-প্রাপ্তির প্রধান উপায়, ইহা সভ্যতা-শিক্ষা ও জ্ঞানোপার্জনের সেইরূপ প্রধান সোপান। আমরা এখানে যে সকল অধ্যাপকের নিকট ইংরাজী সাহিত্য, ইংরাজী গণিত, ইংরাজী রিজ্ঞান প্রভৃতি, অধ্যয়ন করি,

বিলাতে গমন করিলে, সেই অধ্যাপকদিগের অধ্যাপকের নিকট সেই সেই বিষয় শিক্ষা করিতে পারি। অনেক সময় এরপ ঘটে যে, আমরা এখানে যাঁহাদিগের রচিত পুত্তক পাঠ করি, তাঁহারাই ব্রিটনে সেই সেই বিষয়ের অধ্যাপক। স্নতরাং গ্রন্থকর্ত্তা অধ্যাপকের নিকট গ্রন্থের প্রতিপাদ্য বিষয় পড়িয়া যে স্থুও যে উপকার, অপরের নিকট তাহা পজিয়া কথনই সে স্থত ও সে উপকাব হইতে পারে না। গ্রন্থকর্ত্তা অধ্যাপক আপনার গ্রন্থের প্রতিপাদ্য বিষয় বেরূপ বিশদরূপে ব্যাইতে পাবিবেন, অপরে কখন সেরপ পারিবেন না। এই জন্ম নেগানে যে বিষয়ের উৎপত্তি, সেই খানেই নানাদেশের ছাত্রগণের সমাগম। নবদীপে আধুনিক স্থৃতি ও দর্শন-শাস্ত্রের উৎপত্তি ও আলো-চনা বলিয়াই নানা দেশ হইতে তত্তবিষয়ের অধ্যয়নাভিলাষী ছাত্রগণ আসিয়া তথার সেই সেই শাস্ত্রে দীক্ষা গ্রহণ করিয়া থাকেন। যদ্ধ-বিদ্যায় দেবতারা বিশেষ পারদর্শী ছিলেন বলিয়াই অর্জ্জনাদি অমরা-বতীতে অস্ত্রশিকা করিতে গিয়াছিলেন। এই রীতি চির-প্রচলিত. প্রভাব-সিদ্ধ ও ভাতপ্রদ। ইহার বাতিক্রমে বরং অমঙ্গলেরই সম্ভাবনা। যেমন এক ব্যক্তি সর্ব-শাস্ত্র-বিশারদ হইতে পারেন না, সেইরূপ এক জাতিও সর্বাজ্ঞ হইতে পারে না। বিশেষ বিশেষ জাতির বিশেষ বিশেষ বিষয়ে বিশিষ্ট পারদর্শিতা দেখিতে পাওয়া বায়। ॰ পরের বাহা ভাল, তাহা শিথিয়া গৃহে আনিবে, আর তোমার যাহা ভাল, তাহাতে অপরকে শিক্ষা দিবে—এইরূপ উদার নীতি ব্যতিরেকে জগতের উন্নতির সামঞ্জ রাথিতে পারা যায় না। এই উদার নীতির অভাবেই জগতে জ্ঞান ও সভ্যতার এত বৈষ্মা দেখিতে পাওয়া যায়। এই উদার নীতির অভাবই ভারতবর্ষীর আর্যাগণের পতনের অন্ততম কারণ। ভারতবীয় আহোঁরা বে অতিশয় প্রতিভাশালী ছিলেন, এবং অনেক বিষয়েই उाहाता (व स्मेनिक छे९कर्ष गांछ कतिवाहितन-रेटा दक्टरे अधीकात করিতে পারেন না। কিন্তু সেই সঙ্গে সঙ্গে আমাদিগকে লক্ষার সহিত ৰীকার করিতে হইবে যে, আমাদিগের পূর্বপুরুষগণ অতিশয় জ্ঞান-গুরিছ ছিলেন।, তাঁহারা নির্দে বাহা উত্তাবন করিরাছিলেন, তাহা

অপেকা আর কিছু ভাল হইতে পারে এরপ সংস্কার তাঁহাদিগের ছিল না। তাঁহারা আপনাদিগের দ্রবাজাত লইয়াই সম্ভষ্ট ছিলেন। কিন্ত ষাত্র সর্বজ্ঞ নছে। স্মৃতরাং বৈদেশিক আলোক-বিরহে তাঁহাদিগের উন্নতি ক্রমে স্থিতিশীল হইরা উঠিল। ইহা একটা নির্দিষ্ট শুকে উঠিরা আর উঠিতে পারিল না। তাঁহারা পরিত্প হইলেন যে, উন্নতি-শৈলের ইহা অপেকা উচ্চতর শৃঙ্গ আর নাই। তাঁহাদিগের অগ্রগামিণী গতি নিবত্ত হইল, আর সেই দক্ষে সঙ্গে তাঁহাদিগের পতনও **আরম্ভ হইল**। কারণ, প্রকৃতির নিয়মে কোন পদার্থই চির দিন এক ভাবে বা এক স্থানে থাকিতে পারে না। হয় ইহা উঠিবে, নয় নামিবে, হয় অগ্রসর হইবে, নর পশ্চারতী হইবে। জীবনের প্রথম নিয়ম গতি। যেমন সর্বপ্রকার দৈহিক গতিরোধ হইলেই দেহীর মৃত্যু, সেইরূপ সর্বপ্রকার সামাজিক গতিরোধ হইলেই সমাজের মৃত্য। আমাদের পূর্বপুরুষণণ উন্নতি-শৈলের যে শৃঙ্গে উঠিয়াছিলেন, আমরা ধীরে ধীরে সেই শৃঙ্গের প্রার পাদদেশে আসিরা পড়িতেছি। সেই অধোগতির ধীর বেগে এখনও আমাদিগের জাতীয় দেহে সঞ্জীবনী শক্তি আছে। এখনও উঠিতে চেষ্টা করিলে, আমরা উঠিতে পারিব। কিন্তু বথন সেই শুকের চরণ-তলে পড়িয়া আমাদিগের সর্ব্ধপ্রকার গতিরোধ হইয়া সঞ্জীবনী मक्ति একেবারে বিনষ্ট হইবে, তথন আর কোন আশা থাকিবে না, তথন আমাদিগের জাতীয় মৃত্যু অপরিহার্য্য। সেই অবশ্রস্তাবী জাতীয় মৃত্যুর দিন দূর-প্রদারিত করিতে হইলে, আমাদিগকে উঠিতে হইবে। কিন্ত কি উপায়ে আমরা উঠিতে পারি ? বহুদিনব্যাপি-অবনমনে আমা-দিগের জাতীয় অঙ্গ ফ র্ডি-বিহীন হইয়াছে। এ অবস্থায় অন্ত-নিরপেক হইয়া উঠিতে গেলে, অভ্যথান-ম্পৃহা হয় ত ফলবতী না হইতে পারে; व्यथवा यिन कनवजी इस, जत्व व्यत्नक विनास इहेरज शास्त्र । ध प्रर्वन শরীরে প্রবলতর বৈদেশিক জাতির হস্তাবলম্ব একান্ত প্রবোদন: প্রয়োজন বলিয়াই ঐশী শক্তি-প্রভাবে অথবা প্রাক্ততিক-নিয়মামুসারে ইংরাজ ভারতে। ভারতীয় ইংরাজ আমাদিগকে কথঞিং করাবলয় প্রধান করিয়াছেন বটে, আমাদিগকে স্থাতীয় প্রতনাবল্লা ছইতে, ক্রিকিং - ভূলিয়াছেন বটে, কিন্তু আমাদিগকে এখনও পূর্ণ জাতীয় জীবনের স্থান্ধ করিতে পারেন নাই। সে দেব-ত্র্লভ স্থা কিরপ, আমরা ভারতীয় ইংরাজের সংসর্গে আদিয়া জানিতে পারি না। জাতীয় জীবনের চিরদোলা খেতদ্বীপে গমন না করিলে সে স্থথের পূর্ণ প্রতিবিদ্ধ আমরা দেখিতে পাই না। জাতীয় জীবনের জলস্ত ভাব আমরা ভারতে কখনই উপলব্ধি করিতে পারি না। জাতীয় কার্য্যে জীবস্ত ভাব এ পতিত ভারতে থাকিয়া আমাদিগের দেখিবার সন্তাবনা নাই। আজ্ য়াভ্টোন বজ্তা করিবেন, পঞ্চাশং সহস্ত লোক হাইড্পার্কে সমবেত; আজ্ প্রাডল্ পার্লেমেণ্ট হইতে তাড়িত, বিংশ সহস্র লোক পার্লেমেণ্টের দ্বারে দণ্ডায়মান—জাতীয় জীবনের এ মূর্ব্তি বে কখন দেখে নাই, তাহার অস্তরে জাতীয় জীবনের জীবস্ত ভাব কিরপে আবিভূর্ত হইবে?

স্থতরাং আমাদিগকে উন্নতি-পথে অগ্রসর হইতে হইলে, কোন উন্নতিশীল জাতির জাতীয় জীবনের আত্যস্তরীণ চিত্র স্বচক্ষে দেখিতে হইবে। কোন্ কোন্ নৈতিক ও সামাজিক উপাদান সেই উন্নতির ভিত্তিভূমি তাহা প্রত্যাক্ষ দেখিয়া আসিয়া ভারতীয় সমাজে তাহার বীজ বপন করিতে হইবে। সেই বীজ যথন বৃক্ষরূপে পরিণত হইবে, তথনই আমাদিগের জাতীয় জীবনের পূর্ণ বিকাশ হইবে। ইহা না করিয়া যাহারা গৃহে বিসয়া সমাজশাসন-বহিভূত ছই এফটী ভারতীয় ইংরাজ-গৃহের চিত্র দেখিয়া সমস্ত ইউরোপীয় সমাজের ভিত্তি-ভূমি দুষিত মনে করিয়া আপনার অস্তরে ভ্রাস্ত জাতীয় গৌরব পরিপোষিত করেন, তাঁহাদিগের মত পাগল আর দেখিতে পাওয়া যায় না।

চিন্তাশীল ব্যক্তিমাত্রই স্বীকার করিবেন যে—্যে জাতির সমাজ ও নীতি দৃষিত, সে জাতি কথনই সভ্যতা ও উন্নতি-শৈলের উচ্চতম শ্লে উঠিতে পারে না। সামাজিক ও নৈতিক উৎকর্ষের সহিত সভ্যতা ও উন্নতির অব্যভিচারী কার্য্য-কারণ-সম্বন্ধ। ইতিহাস ইহার প্রভাক্ষ সাকী। স্কুতরাং সভ্যতা ও উন্নতির রঙ্গভূমি ইউরোপ বা বিউন্ধে নৈতিক ও সামাজিক উৎকর্ষে আধুনিক ভারতের নিম্নে অবিশ্বত, এ কথা সমান্ধের ও অধীমাণ্য। কথ্ন যে ভারতে নৈতিক ও সামাজিক উৎকর্ষ ছিল না, এ কথা আমরা বলি না। প্রাচীন ভারতে সামাজিক ও নৈতিক উৎকর্ষের প্রতি আমাদিগের শ্রদ্ধা অচলা; কিন্তু বর্তুমান পতিত ভারতে সে উৎকর্ষানলের কেবল ভন্মরাশি মাত্র দেখিতে পাওয়া যায়।

ভারতে বিদিয়া শুদ্ধ আমাদিগের অতীত গৌরবের জন্ম আঞ্চবিদ্র্জন করা অপেক্ষা, পাশ্চাত্য-জাতি-নিচয়ের গৌরব-তপনের প্রথব রশ্মিনালার উদ্ভাদিত হওয়া সর্বাথা শ্রেয়। সেই রশ্মি-মালার সঞ্জীবনী শক্তিপ্রভাবে আমাদিগের জাতীয় জীবন নব জীবন ধারণ করিবে। স্বাধীন চীন, স্বাধীন জাপান—প্রাচ্য ভূন্সি, প্রাচ্য ব্রিটন—অর্থকরী বিদ্যার অফ্নীলনার্থ নহে, উচ্চতর সভ্যতা ও জ্ঞানের সংস্রবে আসিয়া অধিকতর সভ্যতা ও জ্ঞান লাভ করিবার জন্ত, ধর্ষে বর্ষে কত শত মুবককে ইউরোপে ও আনেরিকায় প্রেরণ করিতেছেন। যথন ভারত—প্রাচ্য ইতালী—স্বাধীন ছিল, তথন ভারতের বাণিজ্য-পোত স্বদ্র প্রাচ্যে, ভারতের রত্মরাশি ছড়াইয়া তৎপদিবর্ত্তে নানা দেশের পণ্যজাত লইয়া গৃহভাণ্ডার পরিপুরিত করিত। তথন ভারতেব স্বার্থবাহী বণিক্নিচয় পদব্রজে ব্যাক্ট্রিয়, তাতার, কাস্পিয়ান, রুঞ্ছদ অতিক্রম করিয়া গ্রীদ, ইতালী, ভিনিস, লয়ার্ডী—সর্ব্বে ভারতের পণ্যজাত লইয়া বাইত। সে লক্ষ্মীন্রীর সময় ভারতে সমুদ্যাত্রা বা বৈদেশিক সংমিশ্রণ নিষদ্ধ ছিল না। কিন্তু আজ্পতিত ভারতের সকলই সার্গল!

বদি বিদ্যা, বৃদ্ধি ও সভাতাতে ভারত ইউরোপের সমকক হইত, তাহা হইলেও, ইউরোপের সহিত সংমিশ্রণে ভারতের সবিশেষ উপকার হইত। নানা দেশ পর্যাটন করিয়া নানা জাতির রীতি নীতি ও সামাজিক আচার ব্যবহার দেখিলে, মানসিক জড়তা অপনীত এবং জাতীয় কুসংস্কার বিদ্রিত হয়। এই জন্ম ব্রিটন ও অন্যান্ম ইউরোপীয়া জাতিব মধ্যে এরপ নিয়ম প্রচলিত আছে যে, বিদ্যাশয়ের শিক্ষা সমাপ্ত হইলে, ছাত্রদিগকে দেশ-পর্যাটন করিতে হইবে। দেশপর্যাটন বিনা শিক্ষা অসম্পূর্ণ রহিবে। বিটনের ছাত্রেরা ফেলোশিপ শইয়া, ছয় মাস বা এক বংসর কাল ইউরোপ মহাদেশ পর্যাটন করিয়া ভিন্ন ভিন্ন ভাতির

জাতীয় জীবনের আভান্তরীণ চিত্র স্বচক্ষে দেখিয়া বেড়ান, এবং যডদুর সাধ্য তাহাদিগের ভাষা কিঞ্চিৎ পরিমাণে শিথিয়া লন। যাঁহারা ফেলোশিপ পান না, অথচ যাঁহাদিগের পিতা মাতার অবস্থা ভাল, তাঁহারাও পিতৃ-মাতৃ-ব্যয়ে শিক্ষা-সমাপ্তির জন্ত ইউরোপ যাতা করেন। -এইরূপ ইউরোপের ছাত্রেরাও শিক্ষা-সমাপ্তির জন্য বিটন ও ইউরোপের ভিন্ন ভিন্ন দেশে গমন ও অবস্থিতি করিয়া থাকেন। কিন্তু হতভাগা বঙ্গে কি হইয়া থাকে ? যাঁহারা প্রেমটাদ-রাইটাদ-প্রতিষ্ঠাপিত ফেলো-শিপ প্রাপ্ত হন, তাঁহারা প্রায় সকলেই বলবতী অর্থার্জন-স্পৃহার দাস হইয়া অন্তের কণ্টার্জিত ধনে আপনাদিগের জ্ঞানবৃদ্ধি না করিয়া আপনা-দিগের ব্যবহার-ব্যবসায়ের উন্নতি-সাধন করিয়া লন। যে দিন ফেলো-শিপ পান, সেই দিন হইতেই তাঁহাদিগের সমস্ত উন্নতির স্রোত রুদ্ধ ত্র। যাহাদিগের পৈতৃক সম্পত্তি আছে, তাঁহারা প্রায়ই বিদ্যা-মন্দি-রের উচ্চতম সোপানে উঠিতে পারেন না; বাঁহারা সক্ষম হন, তাঁহারা প্রায়ই বিদ্যালয় পরিত্যাগ করিয়া বিলাসিতার মোহন ক্রোড়ে আশ্রয় গ্রহণ করেন। তাঁহাদিগের জ্ঞান-পিপাদা উপাধি-প্রাপ্তির সঙ্গে সঙ্গেই অন্তর্হিত হয়। স্থতরাং থাঁহারা আশা করেন যে, ধনীর তনয় বিলাত গমন করিয়া, বিজেতী জাতির সহিত প্রতিম্বন্থিতা-সমরে জ্বী হইয়া ভারতের মুখ উজ্জল করিবে, তাহাদিগের কর-কবল হইতে পদ-মর্য্যাদা কাড়িয়া লইবে, এবং আমাদিগের ললাট-ঘর্মার্জিত ধনের অন্ততঃ কিয়-দংশ স্বদেশে পরিরক্ষিত "করিবে, তাঁহাদিগকে আমরা নিতান্ত ভ্রান্ত মনে করি। উচ্চশ্রেণী দারা কথনই কোন দেশের কোন বিপ্লব সাধিত হয় নাই। আজ উচ্চশ্রেণী নামিয়া ভারতের এই প্রকাণ্ড বিপ্লব সংসিদ্ধ ক্রিবেন, ইহা কোন মতে বিখাস করা যায় না। যদি এ বিপ্লব কাহারও দারা সংদাধিত হয়, ত মধ্য বা নিমশ্রেণী দারাই হইবে।

অনেকে এই রূপ তর্ক. তুলিয়া থাকেন বে, যখন এ দেশে থাকিয়াও জ্ঞান ও অর্থ পর্য্যাপ্ত পরিমাণে উপার্জন করা যাইতে পারে, তথন এত ব্যয় করিয়া ও এত ক্ষতি স্বীকার করিয়া, বিলাতে যাইবার প্রয়োজন কি ? তাঁহাদিগের প্রতি আমাদিগের বক্তব্য এই যে. বিলাক্ত রাওয়া ওদ্ধ জ্ঞান-পিপাসা বা অর্জনম্পৃহা চরিতার্ধ করিবার জন্ম নহে; স্মামা-দিগের বিজেতা ইংরাজের সমান পদ ও সমান ক্ষমতা প্রাপ্ত হইবারও জञ्च। विष्किती कांजित जानोगीं-मार्य जामता এ मिर्न शांकिशी, কথন ইংরাজের সমান পদ ও সমান ক্ষমতা পাইতে পারি না। এক জন বারিষ্টার অপেক্ষা এক জন হাইকোর্টের উকিল অধিক অর্থ পাইতে পারেন, কিন্তু বারিষ্টারের ক্ষমতা ও স্বত্ব, হাইকোর্টের উকি-লের ক্ষমতা ও স্বত্ব অপেকা অনেক অধিক। সুশিক্ষিত নব্য-সম্প্রদারের মধ্যে বাঁহারা বাঙ্গালী বারিষ্টারের দল বৃদ্ধি দেখিয়া ভীত ও ছঃখিত হন, তাঁহাদিগের প্রতি আমাদিগের একমাত্র বক্তব্য এই যে, বাঙ্গালী বারি-ষ্টারের সংখ্যা-বৃদ্ধির সহিত যদি সাহেব বারিষ্টারের সংখ্যা ব্রাস হয়, তাহা হইলে আমাদিগের সমূহ মঙ্গল। ভারতের কপ্তোপার্জ্জিত অর্থের পশ্চিম-বাহী স্রোত অন্ততঃ কিঞ্চিৎ রুদ্ধ হইলেও আমাদিগের যথেষ্ট लां । यपि वरलन, देशांट मार्ट्य वातिशास्त्र मःथा किছूमां इम रम নাই. তাহা হইলে, দাহেব বারিপ্রারগণের আয় কমিয়া গিয়াছে, অথবা বাঙ্গালী বারিষ্টারগণ অনশনে প্রাণত্যাগ করিতেছেন—আমাদিগকে অগত্যা এই চুই বিকল্পের অন্তর স্বীকার করিতে হইবে। কিন্ত আমরা যত দূর জানি, তাহাতে সাহস করিয়া বলিতে পারি যে, কোন বাঙ্গালী বারিষ্টারকেই আজ অনশনে প্রাণত্যাগ করিতে হয় নাই। তাঁহাদিগের যেরূপ আশা, সকলে তদমুরূপ উপার্জ্জন করিতে পারি-তেছেন না বটে, কিন্তু সকলেরই আয় সাধারণ উকিলের অপেক্ষা অনেক অধিক। আর আমরা যদি স্বজাতি-পোষক হইতাম, যদি মকদামা উপস্থিত হইলেই ইংরাজ বারিষ্টারের শ্রণাগত না হইতাম, তাহা হইলে, কি অঙ্গুলিমাত্রে গণনীয় কয়জনমাত্র বাঙ্গালী বারিপ্তারের অব্সা সাধারণ সাহেব বারিষ্টারের অপেক্ষা হীন হইত ? তাহা হইলে কি ভারতের অর্থ নদী-স্রোতের ক্যায় অবিরাম শ্বেতসাগরে গিয়া মিশিত ? যাহাই হউক, আমাদিগকে পূর্ব কর স্বীকার করিতেই হইতেছে যে, বান্ধালী বারিষ্টারগণের আবির্ভাবে সাহেব বারিষ্টারগণের আর কমিয়া ভাৰতের অর্থ অন্ততঃ কিছু পরিমাণে ভারতে রভিয়া বাইতেছে।

cकर (कर वर्णन एर, वातिष्ठात इरेवात अग्र मन वात राखात होका। নষ্ট না করিয়া, তাহাতে একটা ব্যবসায় করিলে, অধিক লাভ হইতে পারে। অনেকে উচ্চশিক্ষার বিরুদ্ধেও এইরূপ আপত্তি তুলিয়া থাকেন। তাঁহারা বলেন যে, একটা পুত্রকে এম্ এ, বি এল্ পর্যান্ত পড়াইতে যে বার হয়, আজ কাল সে বায়ের প্রতিফল হয় না। এই ঢ়ই স্থলেই আমাদিগের বক্তবা এই যে, যত দিন আমরা এই উভয় দলের আয়ের নিয়মিত গড় তালিকা গ্রহণ না করিতেছি, তত দিন এরপ নিশ্চয় করিয়া বলিবার আমাদিগের অধিকার নাই। যদি বাস্তবিকই ইহা হইত, তাহা হইলে, এই দীন ভারতে উচ্চ শিক্ষা ও বিলাত যাত্রার স্রোত দিন দিন বৃদ্ধি না পাইয়া নিশ্চয়ই হ্রাস প্রাপ্ত হইত। আমরা যত দূর জানি, তাহাতে আমাদিগের সংস্কার যে, এক জন প্রাজুয়েট্ কার্য্যক্ষেত্রে প্রবিষ্ট হইবাব সময় প্রথম ছই এক বং-সর ক্ষতিগ্রস্ত হইতে পাবেন, কিন্তু তাহাব পর তাহাদিগের আয় তাঁহাদিগের উপর বায়িত মূল ধনেব বাণিজ্যে নিয়োগোৎপল্ল লাভ অপেকা অনেক পরিমাণ অধিক হইষা থাকে। বাঙ্গালী বারিষ্টারগণ সাধারণতঃ অতিশয় অপরিমিতবা্যী। এই জন্ম অনেক সময় তাঁহার। পর্যাপ্ত আয় সত্ত্বেও কট পাইয়। থাকেন। এই জন্মই তাঁহাদিগের সাধারণ গড় আয় বোধ হয় পাঁচ শত টাকাব নান হইবে না। ছই এক জনের আয় মাসিক দশ সহস্র মুদ্রা শুনিতে পাওয়া যায়। এই ত **গেল অর্থসম্বন্ধে।** তদ্ভিন্ন বাঙ্গালী বারিষ্টারগণের যে মর্য্যাদা, যে चय-वाकानी कक् जिन्न आत कान वाकानीत राजाभ खब नाहे। স্তরাং দেখা যাইতেছে যে, দশ হাজার টাকার মূল ধন লইয়া ব্যবসায় করা অপেকা দেই টাকার বারিপ্রার হইয়া আসিতে পারিলে, অধিক অর্থ, অধিক মান, অধিক মর্যাদা ও অধিক ক্ষমতা পাওয়া বাইতে পাৰে। এতত্তির থাহারা দিবিল দাঝিদ্ বা মেডিকেল্ দার্থিসের জ্ঞ বিশাক্তে গমন করেন, তাঁহাদিগের বায়, বারিষ্টার হইবার জন্ম যে বায় হয়, তাহা অপেকা প্রায় অদ্ধেক। তাঁহারা ক্রতকার্য্য হইয়া ফিরিয়া অনিয়া কার্য্যে যোগ দিবার দিন হইতেই তাঁহাদিগের আয় তাঁহাদিগের

প্রতি ব্যয়িত মৃশ ধনের সম্ভাব্য বাণিজ্য-শভ্য আর অপেকা অনেক গুণ অধিক হইরা পড়ে। ক্রমশই ঠাঁহাদিগের আর বাড়িতে থাকে। এ দিকে তাঁহাদিগের মান, ক্রমতা, স্বত্ব—এ দেশে পরীক্ষোত্তীর্ণ স্থাশিকতগণের শীর্ষহানীয় ব্যক্তির অপেকা অনেক অধিক হইরা থাকে। যে সকল উচ্চপদ একমাত্র বিজেত্রী জাতির উপভোগ্য, তাহাতে তাঁহারা অধিষ্ঠিত হওয়ার, বিজেত্-গণের সহিত তাঁহাদিগের বৈষম্য প্রায় তিরো-হিত হয়। এই রূপে সমাজের কিয়দংশও বিজেত্রী জাতির সমকক্ষ হওয়ায়, অবশ্র স্থীকার করিতে হইবে যে, বঙ্গসমাজ অন্ততঃ কিঞ্চিৎ পরিমাণেও দিন দিন অগ্রসর হইতেছে, এবং বিন্পুগরিমাণেও দিন দিন উন্নতি-শৈশে উঠিতেছে। এ শুভপ্রদ সামাজিক-স্বাহ্যদ অগ্র-গমনকে কেহ কেহ কি বলিয়া রোগ-পর্যায়ভুক্ত করেন, আমরা ভাবিয়া স্থির করিতে পারি না।

স্থানিকত দলের কেহ কেহ ছেলেপিলের বিলাত যাওয়া সমাজশাসন দ্বারা নিরুদ্ধ করিতে ক্বতসঙ্কল্ল হইয়াছেন। তাঁহারা বিংশতি বা
তদ্ধ-বর্ষ-বয়য় ব্যক্তির বিলাত-গমন অন্থমোদন করেন, কিন্তু তয়্যুনবর্ষবয়য় বালকের বিলাত যাওয়া রোগ বলিয়া নির্দেশ করেন, এবং কঠোর
সামাজিক দণ্ডবিধি দ্বারা তাহা নিয়য়িত করিতে চাহেন। কিন্তু আজ
পর্যান্ত বাঁহারা স্বাধীনভাবে বিলাত গিয়াছেন, তাঁহাদিগের মধ্যে
বিংশতিবর্ষ বয়দের ন্যনবয়য় ত কাহাকেও দেখিতে পাই না। স্কতরাং
যখন অপরাধী নাই, তখন কঠোর দণ্ডবিধির অবতারণা করিতে
সমাজকে অন্থরোধ কেন ? যাহাতে সমাজের প্রকৃত উন্নতি, সেই সংসাহস ও সাধু উদ্যমকে সামাজিক রোগ বলিয়া নির্দেশ কেন ? বিজেত্রী
জাতির নিকট আপনাদিগের প্রাকৃতিক স্বত্ব কাড়িয়া লইবার যাহা
একমাত্র উপায়, সে পথে নৃতন কন্টক-রোগণ করিবার চেষ্টা কেন ?

যাঁহারা সত্য সতাই বিশ্বাস করিয়া থাকেন, যে বিলাত বাওয়ায় বে পরিমাণ ব্যম, কিছুতেই সে পরিমাণ লাভ নাই—তাঁহাদিগের প্রতি বক্তব্য এই বে, অলাভকর বাণিজ্যে শ্বতঃই মহয়ের অপ্রবৃত্তি জ্বরে; শ্বতরাং বদি বস্তুতঃই ইহা অলাভকর ইয়, তাহা হইলে, লোকে ইহা ইইতে আপনিই নিরস্ত হইবে। দশ জনের ক্ষতি দেখিয়া, আর দশ জন আপনিই পশ্চাঘতী হইবে। লাভ ও ক্ষতি গণনা মহযের অতি প্রবাদ বাভাবিক ধর্ম। তাহাতে অপ্রবৃত্তি নির্ত্তি সমাজ-শাসনের অধীন নহে। সমাজ অভ ব্যবসায়ে প্রবৃত্ত হইয়া ক্ষতিপ্রস্তের প্রতি যথন থজাহন্ত হন না, তথন বিলাতে বাইয়া ক্ষতিপ্রস্ত ইইল ক্ষতিপ্রস্তের প্রতি সমাজ কেন দণ্ডবিধান করিতে বাইবেন ? ইহা সামাজিক অপরাধ নহে, সম্পূর্ণরূপে ব্যক্তিগত বিষয়। এ সকল বিষয়ে সমাজ হস্তক্ষেপ করিলে, ব্যক্তিগত খাধীনতা লোপ হইবে; স্কৃতরাং ব্যক্তিগত উন্নতির পথত্ত একেবাবে ক্ষ হইবে। আর সমাজ ইচ্ছা করিলেই বা ক্ষিরপে এ সকল বিষয়ে হস্তক্ষেপ কবিতে পাবেন ?

"ক ঈপ্দিতার্থস্থিরনিশ্চয়ৎ মনঃ পয়শ্চ নিল্লাভিমুথং প্রতীপয়েৎ ?" (কুমারসম্ভব।)

নিয়াভিম্থিনী স্রোত্রিনীর গতি এবং অভিন্তিত বিষয়ে ক্তসঙ্কর
ব্যক্তির মনকে কিরায় কাহাব সাধ্য ? যথন জননীব অশ্রুল ও পত্নীর
ক্রেন্দন বিলাতগমনে হিবসঙ্কর ব্যক্তির মনকে কিবাইতে পারে না,
তথন সামাজিক শাসনের ভয়ে তাঁহারা নিবস্ত হইবেন, এরপ আশা
করা বিড়ন্থনামাত্র। ফিরিয়া আসিলে সমাজ তাঁহালিগকে গ্রহণ করিতে
না পারেন, কিন্তু তাঁহালিগেব যাওয়া নিবারণ করায় সমাজের কি
হাত ? হিন্দুসমাজ যেরপ অদ্রদর্শী ও মন্ত্রাব, তাহাতে সাধ্য থাকিলে
যে, এ পথ ক্রম করিতে ক্রান্ত থাকিতেন, এরপ নহে। যেথানে সমাজের
ক্রমতা দেখাইবার স্থবিধা আছে, সেথানে হিন্দু-সমাজ ক্রমতা দেখাইতে
বিন্দুমাজ ফ্রেন না। বিলাত হইতে প্রত্যাবৃত্ত যুবকমগুলীর
প্রতি হিন্দু-সমাজ যেরপ মিন্চুর ব্যবহার করিয়া থাকেন, তাহা কাহারও
ক্রিবিত নাই। যে প্রকে পিতা এক দিন প্নঃ পুনঃ ক্রোড়ে লইয়া
ওংশুনঃ পুনঃ চুন্ধন করিয়াও পরিত্র হইতেন না, সেই পুত্র বিলাত
হইতে প্রত্যাবৃত্ত হইয়া আজ পিতার চরণ-তলে লুট্টিভশির; কিন্তু পিতৃদেখ আজ্ল,সমাজের ভয়ের বা প্রদারের ক্রিট্রেস্বন্তঃ তাহারক্রপ্রতিক্রকণাত

না করিয়া, ভূমি-বিলুটিত প্রকে তুলিয়া আলিঙ্গন না করিয়া—অধিক কি, মুখের কথার তাঁহাকে আখন্ত না করিয়া—অন্তর্হিত হইলেন। যদি পিতা মানব-স্থলভ অপত্য-স্নেহের বশবর্তী হইয়া, প্রকে গৃহে স্থান দিলেন, সমাজ সেই অস্পৃথ চণ্ডাল-সম প্রের আশ্রন্দাতা পিতাকেও পরিতাাগ করিলেন। তাঁহাদিগের সহিত সমাজের সর্বপ্রকার সংমিশ্রণ, সর্ব্বপ্রকার আদান-প্রদান একেবাবে বহিত হইল। সামাজিক নির্যা-তনের ইহা অপেক্ষা অধিকতর শোচনীয় দৃশ্য আর কি হইতে পারে প্

এই সমাজ-প্রত্যাখ্যাত বিলাত-প্রত্যাগত যুবক-মণ্ডলী ক্রমে দল-বদ্ধ হইতেছেন। কিন্তু ইহাঁদিগের ভবিষাৎ এক্ষণে সম্পূর্ণ অনিশ্চিত। হিন্দ-সমাজ হইতে তাড়িত ও ইউরোপীয় সমাজে অগৃহীত – এই নবীন দলের অবস্থা নিতান্ত শোচনীয়। ইহাঁদিগেব পদম্য্যাদা-ধন-সাধারণ युवक-मखनीत अप्रका अप्तक अधिक वर्षे, किन्न मामाजिक मः मिम्न অভাবে ইহাঁদিগের হৃদয় শুক্ষ ও জীবন মরুতুর। এ শোচনীয় অবস্থাব জন্ম দায়ী কে ? সামরা বলি, প্রধানতঃ হিন্দু-সমাজ। হিন্দু-সমাজ যদি প্রকারের যুবকমগুলীকে সঙ্গেহে বক্ষে ধাবণ কবিতেন, তাহা হইলে, এই নবীন দল কথনই সমাজকে পদ-দলিত করিতে পাবিতেন না। মাতৃ-ক্রেড়ে থাকিয়া, মাতৃ-বক্ষে পদাঘাত করিতে পাবে কয় জন ? কিন্তু যথন তাঁহারা বিদেশ হইতে আদিয়া দেখেন যে, হিন্দু-সমাজ আব তাহাদিগকে পূর্বেব মত স্নেহনয়নে দেখিতেছেন না, তথন তাহাদিগেব আস্মাভিমান স্বতঃই উদ্দীপিত হয়। তথন তাঁহারা আপনাদিগেব ইচ্ছাত্বরূপ আচাব ব্যবহার আরম্ভ করেন। হতাশা-প্রপীড়িত হৃদয ক্রমেই স্বজাতির প্রতি নমতাশৃত্ত হইয়া উঠে। ঘুণাব পরিবর্ত্তে ভক্তি বা মমতা দেখাইতে সমর্থ, এরূপ মহাত্মা জগতে কর জন আবিভুতি• **इहेब्राइन ? 'च्**लांत পরিবর্তে च्ला'—এইট সাধারণ নিষম। সাধারণ লোকে ইহারই অমুবর্তন করিয়া থাকে।

এই পরস্পর-বিবেষভাবে ওদ্ধ যে এই নবীন দলই ক্ষতি-প্রস্ত হইতে-ছেন, এরূপ নহে। হিন্দু-সমাজ ক্রমে মন্তক-বিহীন হইরা পড়িভেছেন। বাঁহারা এন, ক্লান ও পুরুষ্ধ সর্কোচ্চ, তাঁহীরা সমানের বাহিরে গিয়া পড়ায়, হিন্দু-সমাজ জ্রামে ক্ষীণ ও বিকলাল হইয়া পড়িতেছেন। বাঁহারা সকল বিভাগেই বিজেঞী জাতির সহিত প্রতিদ্বন্ধিতা করিতে সমর্থ, তাঁহারা হিন্দু-সমাজের বহিভূতি হওয়ায়, হিন্দু-সমাজের মধ্যাদাও কমিয়া যাইতেছে। অন্তর্জিচ্ছেদে বহিঃশক্রর আশা ক্ষীত হইতেছে। ভারতের ভবিষ্য গৌরবের দিন স্থানু-পরাহত হইতেছে। এমন অবস্থায় কোথায় আমরা ধর্মান্ধ বা ব্যবহারান্ধ প্রাচীন দলকে বুঝাইয়া আমাদিগের জাতীয় জীবনের অভ্যন্তরে নব বল সঞ্চার করিব,—না কোথায় আমরা তাঁহাদিগের কুসংস্কারানলে ম্বভাত্তি প্রদান করিতে উদ্যুত হইয়াছি। ধিক্ আমাদিগের শিক্ষায়! ধিক্ আমাদিগের স্বদেশ-হিতৈরণায়!!

সামাজিক নিৰ্যাতন।

-\$--

আজ কাল প্রাশ্ব-সমাজ যে আন্দোলনে আমূল আলোড়িত হইতেছে, সেই আন্দোলনে সমস্ত শিক্ষিত হিন্দুসমাজও কিন্নং পরিমাণে আন্দোলত হইতেছে। এইরূপ আমূল আন্দোলন আমাদিগের মতে অভভ লক্ষণ নহে, বরং ভারতের ভাবী উন্নতির অগ্র দৃত। হিন্দুরাও যে প্রাক্ষদিগের স্থথে গৃঃথে ও সামান্য গৃহকার্য্যে সহায়ভূতি প্রকাশ করিতে শিথিতেছেন, ইহাও একটী বিশেষ শুভ লক্ষণ বলিতে হইবে।

কিন্তু ছংখের বিষয়, এরূপ আক্মিক ভীষণ বিপ্লবের কারণ আমাদিগের চক্ষে অতি লঘু। ব্যক্তিবিশেষ ব্যক্তিবিশেষের সহিত নিজ
কন্তার বিবাহ দিলেন। বিবাহ সর্ব্ধ-বাদি সমত হইল না। কতক ব্রাহ্ম
অন্ধ্যোদন করিলেন; অনেকে করিলেন না। স্বপক্ষে হউক, বিপক্ষে
হউক, প্রকাশ্রে হউক, অপ্রকাশ্র লিপিতে হউক—ব্রাহ্মগণ আপন
আপন অভিপ্রায় প্রকাশ করিলেন। আমাদিগের মতে এই হানেই
বেদব্যাদের বিশ্রাম হওয়া উচিত ছিল। ব্যক্তিগত কার্ম্ম লইক্রা যদি

সমান্ত সমরালণে অবতীর্ণ হন, তাহা হইলে, সমান্তের উন্নতি ব্যাহত ও ব্যক্তিগত স্বাধীনতার ভাব তিরোহিত হইবে।

ব্যক্তিগত স্বাধীনতা যে সামাজিক উন্নতির মূল, স্থবিখ্যাত দার্শনিক জন্টু রাট মিল্ তদীর 'স্বাধীনতা' নামক পুস্তকে তাহা সবিশেষ প্রমাণী-ক্বত করিয়াছেন। সে সকল প্রমাণ উদ্ধৃত করা এ প্রস্তাবের কার্য্য নছে। স্থতরাং একণে আমরা কেবল এ হলে সেই সিদ্ধান্তটী মূল-ভিত্তি-স্বরূপ ধরিয়া লইব। একত্র-সম্বদ্ধ ব্যক্তিগণের সমষ্টির নাম সমাজ। যদি সেই ব্যক্তিগণের প্রত্যেকের চিন্তা ও কার্য্যে সর্বতামুখী ষাধীনতা না থাকে, তাহা হইলে, ব্যক্তিগত কার্য্যকরী, ও চিস্তাবিষয়িণী স্বাধীনতার সহিত সামাজিক কার্যাকরী ও চিন্তা-বিষয়িণী স্বাধীনতাও লোপ হইবে। চিন্তা ও কার্য্যে সামাজিক স্বাধীনতা না থাকিলে যে. সমাজ এক পাও অগ্রসর হইতে পারে না, তাহ', বোধ হয়, যুক্তি দারা প্রতিপন্ন করিতে হইবে না; ইহা এক প্রকার স্বতঃসিদ্ধ সত্যের মধ্যে দর্মতঃ পরিগৃহীত হইয়াছে। এই সামাজিক স্বাধীনতা ব্যক্তিগত স্বাধীনতা সমূহের সমষ্টি ভিন্ন আর কিছুই নহে। স্বতরাং ইছা বলা বাছল্য যে, ব্যক্তিগত স্বাধীনতা ব্যতীত সামাজিক স্বাধীনতার স্বতম্ব অন্তিত্ব অসম্ভব। অতএব ইহা প্রতিপন্ন হইতেছে যে, সামাজিক স্বাধী-নতা প্রার্থনীয় হই'লে, ব্যক্তিগত স্বাধীনতা অগ্রে প্রার্থনীয়।

এক্ষণে দেখা যাউক, এই ব্যক্তিগত স্বাধীনতা কিরপে স্থরক্ষিত হইতে পারে। যত ক্ষণ না অপরের স্থুও অপরের স্বাধীনতার সহিত এক জনের চিস্তাও কার্য্যের সংঘর্ষ উপস্থিত হয়, তত ক্ষণ তাহাকে অনিয়ন্তিত ভাবে কার্য্য করিতে ও চিস্তা করিতে দিলেই ব্যক্তিগত স্বাধীনতা সম্পূর্ণরূপে পরিরক্ষিত হইতে পারে। আমি যাহা ভাল বুঝিলাম, তাহা লিখিলাম বা কার্য্যে পরিণত করিলাম, তাহাতে অপরের স্থুখ বা স্বাধীনতার কোনও ব্যাঘাত জন্মিল না। তথাপি তাহাতে অপরের আগত্তি কেন হইবে? সমাজের কি অধিকার আহে যে, এই সকল বিষয়ে আমার স্বাধীনতা হরণ করেন? তবে সমাজ বলবান, আমি মুর্ম্বল। সমাজ শক্তিসমন্তি, স্থামি এক শক্তির

আধার। আমি সেই এক হক্ষ শক্তি লইয়া, সেই শক্তি-রাশির প্রতি-ক্লে দণ্ডারমান হইতে অক্ষম। এই আমার অপরাধ! আমি ত্র্বল, তাই আমি অপরাধী। হর্কলের প্রতি প্রবলের অত্যাচার চিরপ্রসিদ। সেই চির্রুড় নিয়মের অধীনে বলবান সমাজ আজ বলহীন অধীনকে এরূপ নির্যাতন করিতেছেন। আমি কি করিয়াছি ? আমি বলিয়া-ছিলাম, কন্তার চতুর্দশ বৎসরে এবং পাত্রের অন্যন অপ্তাদশ বর্ষে বিবাহ হওয়া উচিত। আমি এখনও তাহাই বলি। কিন্তু তাই বলিয়া কি. যে শৃত্যল শক করিয়া এক বাব পায় পরিয়াছি, তাহা কি ইচ্ছা হইলেও এ জন্মের মত আর খুলিতে পারিব না ? ভাল লাগিয়াছিল বলিয়া, শুঝল পায় পরিয়াছিলাম, ইচ্ছা হইল, একবার খুলিলাম; ইচ্ছা হইলে, হয় ত, আবার ইহা পরিতে পারি। যতক্ষণ অপরের স্থুখ ও স্বাধীন-তার প্রতিঘাত না করিতেছি, ততক্ষণ অপরের নির্যাতন করিবার অধিকার কি ? তবে আমি স্থনর বলিয়া সেই শুঝল বন্ধু বান্ধব ও আত্মীয় স্বজনকে পরিতে বলি। ভাল লাগিয়াছিল বলিয়া, তাঁহারা তাহা পরিয়াছেন। আমি ত স্বহস্তে তাঁহাদিগকে তাহা পরাইতে ঘাই নাই। আমার ভাল লাগিয়াছিল, তাঁহাদিগকে পরিতে বলিয়াছিলাম; তাঁহাদিগের ভাল লাগিয়াছিল, তাঁহারাও পরিয়াছেন। আমার ইচ্ছা হইল, আমি একবার খুলিলাম। তাহাদিগের ইচ্ছা হয়, তাঁহারাও খুলিতে পাবেন। যদি তাঁহারা এমন কবিষ। পরিয়া থাকেন যে, সে শৃঙ্খল পুলি-ৰার আর আশা নাই, সে দোষ তাহাদিগের। সে দায়িত্ব তাঁহারা নিজ নিজ স্বন্ধে গ্রহণ করিয়াছেন। তবে আমার উপর কোপ কেন ? আমি বলিলাম, তোমাদিগেব এইটা করা উচিত। আমার ভাল বলিলা বোধ হইল, আমি বলিলাম; ভাল কি না, সে বিচার তোমরা করিবে। সে পছৰ তোমাদিগের হাতে। তোমরা কেন আমি যাহাই বলিব, তাহাই ক্ষিবে ? আমি যাহা ভাল বলিলাম, তাহা যদি তোমাদিগেরও ভাল লাগিল, ভোমরা তাহা করিতে পার; কিন্ত হুই দিন পরে যদি তাহা মন্দ্র বলিয়া তোমাদের বোধ হয়, আমাকে গালাগালি দিও না. নিজ বৃদ্ধিকে তিরহার ক্রিউ। 'আমি বাহা ভাল বলিয়া খ্যাপন' করিয়া-

ছিলাম, কার্য্যতঃ তাহা করিতে অক্ষম হইলাম। তজ্জ্ঞ আমার উপর ংজাছত হইও না, কারণ আমি ঘটনার দাস-হয় ত ইচ্ছা থাকিতেও, যাহা ভাল বলিয়া জানি, অবস্থা-বৈষম্যে তাহা করিতে পারিলাম না। ইহাতে ভোমার কিছু অনিষ্ঠ, হইতেছে না, তুমি রাগ কর কেন ? অসৎ দৃষ্টান্ত ? ইহার মীমাংসা হওয়া হুর্ঘট। তুমি বলিবে, 'ভুমি যাহা ভাল বলিয়া জান, তাহার প্রতিকূলাচরণ করিলে, সকলে তোমার দৃষ্টান্তের অনুবর্তন করিবে'। আমি বলিব, 'আমি যে অবস্থায় পড়িয়া 'ঘাহা ভাল বলিয়া জানি—তাহার প্রতিকূলাচরণ করিলাম। ঠিক সেই অবস্থার পড়িয়া, যদি আর এক জনও ঠিক্ সেই কাজ করে, আমি তাহাকে দৃষিব না'। তুমি বলিবে, 'কোন ফানেই নিয়মের ব্যভিচার হওয়া উচিত নয়।' আমি বলিব, 'যেখানেই নিয়ম-সেই থানেই ব্যক্তিচারের সম্ভাবনা-কারণ মানুষ ঘটনার দাস, মানুষ অভ্রান্ত নহে, মাত্র সম্পূর্ণ হল্মদর্শী নয়, ভবিষ্যতে ব্যভিচাবের সম্ভাবনা নাই, এমন क्तिया (कांन निश्चम निर्कात्त (अक्रम।' आमात अक्रम जांन कांन অবোধ ব্যক্তি আমার স্থায়, বিশেষ অবস্থায় না পড়িয়াও, পাছে আমার মত কার্য্য করে—পাছে আমার দৃষ্টান্তের অনুসরণ করে—এই ভাবনায় यिन आमारक अहतर कांगेरिट रम, जारा रहेल, आमात मेठ इःशी জগতে আর নাই। আমি কি উদ্দেশে কি অবস্থায় পড়িয়া, একটী কাজ করিলাম, তাহা সকলের জানিবার স্থবিধা নাই। সকলের নিকট আমি হয় ত তাহা বলিতেও ইচ্ছা করি না। আর এক জন অবোধ হয় ত উদ্দেশ্য ও অবস্থা না বুঝিয়া, শুদ্ধ আমি করিয়াছি বলিয়া— বিভিন্ন অবস্থায়, বিনা উদ্দেশ্যে বা বিভিন্ন উদ্দেশ্যে—ঠিক দেইরূপ একটা কাজ করে, তাহার নির্ক্তার জন্ত কি আমি জবাবদিহি করিব? তাহার অজ্ঞতা-অপরাধের দণ্ড কি সমাজ আমার মন্তকে অর্পণ করি-বেন ? সমাজ এরপ উৎপীড়ন করেন ত, আমি সামাজিক জীব নহি। আমি দামাজিক স্থাবে জন্ম এরূপ অধীনতা স্বীকার করিতে বা এরূপ অকারণ অত্যাচার সহা করিতে প্রস্তুত নহি।

আৰি আৰু দ্মাৰত্ব বৰিণাম, এই কাৰটা ভাল, এই কাৰটা মৰ

আজ্ আমার মতে এই কাজটা ভাল বটে, কিন্তু দেই মত যে আমার
চির দিন থাকিবে, তাহার প্রমাণ কি ? জগতে সকলই পরিবর্ত্তন-দীন।
দিন যাইতেছে, আমার শরীর পরিবর্ত্তিত হইতেছে। যথন শরীর পরিবর্ত্তিত হইতেছে, প্রকৃতির সমস্তই পরিবর্ত্তিত হইতেছে, তথন মন অপরিবর্ত্তিত রহিবে, হৃদয়-ভাব একই ভাবে থাকিবে, তাহার প্রমাণ কি ?
দশ বৎসর পূর্ব্বে আমি যাহা সত্যের আদর্শ বলিয়া জানিতাম, আজ
হয় ত আমার নিকট তাহা সত্যের আদর্শ বলিয়া বোধ না হইতে পারে।
দশ বৎসর পূর্বের্ব আমি যাহা লিখিয়াছি, কি বলিয়াছি, মত-পরিবর্ত্তন
হইলেও, শুদ্ধ অবিসংবাদের (consistency) অন্তরোধে আমাকে যদি
চির জীবন তাহার দাস হইয়া চলিতে হয়, তাহা হইলে, আমার জীবন
বিজ্বনা-মাত্র। দশ বৎসর পূর্বের্ব আমি নিজের জন্তা যে গণ্ডী ছেদন
করা আমার মতে এখন পূণ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

আর সত্য কি, পুণা কি ? আমরা হিতবাদীদিগের সহিত বলি,—
জগৎই সত্য-স্বৰূপ এবং সেই জগতের মঙ্গল-সাধন করাই পুণা। জগৎ
সত্য-স্বৰূপ এবং যে নিয়মে সেই জগৎ পরিচালিত হইতেছে—সে
নিয়মাবলীও সত্য-রূপিণী। 'জগৎ' শলে আমরা এখানে বাহ্ন ও
আভ্যন্তরীণ—উভর জগৎই গ্রহণ করিলাম। আমরা কলিয়াছি, সেই
জগতের নিয়মাবলীও সত্যরূপিণী। পৃথিবী ঘুরিতেছে—যে নিয়মে
পৃথিবী ঘুরিতেছে, তাহা একটী অহ্লজ্ঞনীয় সত্য; তাহার অপলাপ
অসম্ভব। কিন্তু সেই নিয়মটী কি, কিসের ফল, তদ্বিষয়ে মত-ভেদ
হইতে পারে; সেই মত সত্য হইতেও পারে, নাও পারে। আজ্
য়হা মাধ্যাকর্ষণ বলিয়া হিরীক্বত হইয়াছে, কাল আর এক জন চিন্তাশীল ব্যক্তি, হয় ত প্রমাণ করিতে পারেন, ইহা অক্ত কিছু। বাহা
জনতের মঙ্গল-সাধক তাহাই পুণ্য—এ বিষয়ে মত-ভেদ নাই। কিন্তু কি
উপারে সেই মঙ্গল সাধিত হইতে পারে, সে বিষয়ে মত-ভেদ হইতে
পারে। যাহাতে শরীর সবল হয়, তাহা করা উচিত, করিলে পুণ্য, না
করিলে পাণ্য। কিন্তু কিসে শরীর মবল হয়, তাহা করা উচিত, করিলে পুণ্য, না

পারে। কেছ বলিবেন, মাংস থাইলে শরীর সবল হয়,। কেছ বলি-त्वन, छेडिन शार्रेटन मंत्रीत भवन रहा। त्कर वा मंत्रीत्वत्र शृष्टि-माधतन উভয়েরই উপযোগিত। স্বীকার করিবেন। কেহ বলিবেন, বাল্য-বিবাহ फेंग्रीहिया मित्नई भंदी द व्यापनि शृष्टे इहेर्द, मारम ना थाहरनं हिन्द । কেহ বা বলিবেন, বাল্য-বিবাহও রহিত করা চাই, মাংস থাওয়াও চাই। আবার কন্তক লোক হয় ত বলিবেন, অধিক বয়সের মেয়ের সন্তান ছর্বল হয়। স্কুতরাং এ সব বিষয়ে নানা মুনির নানা মত; একমাত্র বিশ্বব্যাপিনী মীমাংসা হওয়া তর্ঘট। চিকিৎসক-দিগেরও এ বিষয়ে মতের সম্পূর্ণ একতা নাই। এ সকল বিষয়ে সত্যাসত্য ও পাপ-পুণ্য-নির্ণর হওয়া তুরুহ ব্যাপার। স্কুতরাং এ দকল বিষয়ে বিশ্বব্যাপী নিয়ম সংস্থাপন না করিয়া, ব্যক্তি-মাত্রেরই যুক্তি ও কর্তব্যাকর্ত্ব্য জ্ঞানের উপর সমাজের নির্ভর করা উচিত। বেখানে সমাজ তাহা না করিয়া, ১৯ জনের মধ্যে ১০ জনের মত লইয়া, আব ১ জনকে অপর ১০ জন কর্ত্তক গৃহীত নির্দের অধীনে আনিতে চেষ্ঠা করেন, সেই খানেই আমরা ব্যক্তির উপর দ্যাজের যথেচ্ছাচার বলিয়া নির্দেশ করিব। ১০ জনের স্থবিধার জন্ত, দশ জনের স্থাৎপাদনের জন্ত, সমাজ ১ জনের অস্তবিধা—১ জনের অস্তথ—উৎপাদন করিলেন। এ পক্ষপা-তিতা সমাজের পক্ষে সাজে না! সমাজ জননী; সমাজের ক্রোড়ে সকলেই আশ্রয় গ্রহণ করিষাছে; স্মৃতরাং সমাজকে সকলেরই মুখের দিকে তাকাইতে হইবে, দকলেরই স্থবিধা ও স্থথ দেখিতে হইবে। यिन (मर्डे डिनिम्जनमार्व मनाज गठिंठ र्य, ठारा रहेल, ममाजरक দেই উনিশ জনের প্রত্যেকেরই মুথের দিকে তাকাইতে হইবে; প্রত্যেকের স্থাবিধা ও স্থুখ উৎপাদন করিতে হইবে। যদি এ**ক জনে**র প্রতিও অবিচার করা হয়, তাহা হইলেও, সে সমাজ দৃষিত হইল। মেই এক জনের পক্ষেও সমাজ বিমাতা। বিমাতার ক্রোড়ে বাস করা অপেকা সেই ব্যক্তির মক্-শ্যা বা বন-বাস সহস্রগুণে শ্রেয়:। আমার অন্তিত্ব আনার জন্ম, কিন্ত সমাজের অন্তিত্ব আমার (ব্যক্তিমাত্রের) জন্ত। আমার স্থবিধার জন্ত সমাজ গঠিত হইয়াছে, সমাজের স্থবিধার

জন্ম আমি গঠিত হই মাই; স্বতরাং সমাজ প্রত্যেক ব্যক্তির জন্ম ভাবিবে, প্রভ্যেক ব্যক্তির স্থাখেণাদন করিতে চেষ্টা করিবে: না হুইলে সমাজের অন্তিথের প্রয়োজন নাই। অল্লের নিমিত্ত বছকে পরিত্যাগ করাও সমাজের পক্ষে যেমন অত্যাচার, আবার বছর নিমিত্তে অন্নকে পরিত্যাগ করাও সেইরূপ অত্যাচার। তবে প্রভেদ এই যে, বছর নিমিত্ত অল্পকে পরিত্যাগ করিলে, সমাজকে ধন্ত-বাদ দিবার জক্ত অধিক লোক থাকিবে: কিন্তু অল্লের নিমিত্ত বছকে পরিত্যাগ করিলে, সমা-জের নির্যাতন হওয়ার অধিক সম্ভাবনা। আবার সেই অল্ল যদি প্রবন্ধ न्य, डाहा हरेल, मनास्कत कान जानका नारे। याता रुडेक, এই উভয়-বিধ অত্যাচারকেই আমরা সামাজিক পীড়া মনে করি। এই পীড়া আরোগ্য না হইলে, সমাজের মৃত্যুর-পতনের-স্বিশেষ সম্ভাবনা। এই সামাজিক পীড়াই সামাজিক বিপ্লবের মূল। পুরাকালে ত্রাহ্মণ-গণের শূদ্রদিগের উপর-এবং অধুনা ইংরেজদিণের ভারতবাসীদিগের উপর অত্যাচার, বছর উপর অঙ্গের আধিপতোর ফল। ব্রাহ্মণ-শুদ্র-স্থলে এই অত্যাচার রাজনৈতিক হইতে সামাজিক আকারে পরিণত इटेशा. हिन्त-मभाष्कत উচ্ছেদ-माधन कतिल्लाइ ; त्थेच-कृष्ठ-स्टल टेहा অদ্যাপি সামাজিক আকার ধারণ কবে নাই—এই জন্মই আমরা ব্রিটিশ গবর্ণমেণ্টের অধীনে সামাজিকতা-সম্বন্ধে পর্য স্থাথে ভাছি। এরূপ সামাজিক স্বাধীনতা আমরা আর কথন কোন রাজার অধীনে ভোগ করি নাই। কোন দেশের প্রজা কোন রাজার অধীনে কথন এরপ ভোগ করিয়াছে কি না, জানি না। যদি ব্রিটিশ গ্রণমেণ্টের অস্তিত্ব ভারতে কোন কারণে প্রার্থনীয় হয়, তাহা ধর্মনৈতিক ও সামাজিক স্বাধীনতার জন্ত। আমরা রাজনৈতিক স্বাধীনতা হারাইয়াছি বটে. কিছ তাহার বিনিময়ে সামাজিক ও ধর্মনৈতিক স্বাধীনতা ভোগ করি-তেছি। রাজ-হন্ত-ক্ষেপ না থাকার, হিন্দু-সমাজও দিন দিন উদার ভাব ধারণ করিতেছে। ব্যক্তি-গত কার্য্য ও চিস্তার উপর আজ কাল ইহা অন্নই হস্ত-কেপ করিতেছে।

धक मित्क त्यम विधिन गवर्गाम छ हिन्द-मभाक वाक्रि-शंड

চিন্তা ও কার্যা-বিষয়িণী স্বাধীনতার অনুকৃল, ভারতে অতর্কিত ভাবে আর একটা সমাজ উথিত হইতেছে, যাহা ব্যক্তি-গত স্বাধীনতার ডেমনই প্রতিকুল। একটা শুঝল ভালিতেছে, আর একটা শুঝল নৃত্র করিয়া গঠিত হইতেছে। 'হিন্দুরা যেমন অয়-প্রাশন নাম-করণ হইতে আরম্ভ করিয়া, বিবাহ মৃত্যু পর্যান্ত জীবনের সমস্ত ঘটনাকে কঠোর ধর্ম-শাসনের অধীনে আনিয়া, আপনাদিগের মৃত্যুর পথ আপনারাই প্রস্তুত করিয়াছিলেন—ল্তা-ডন্তুর স্থায় আপনাদের জালের অভ্যন্তরে व्यापनातारे निविच रहेग्राहित्तन, এर मच्यानाग्रं रमरेकाप कीवानत সমন্ত ঘটনাকে কঠোর ধর্ম-শাসনের অধীনে আমিয়া আপনাদিগের মৃত্যুর পথ আপনারাই পরিষ্ণত করিয়া রাখিতেছেন। সমাজ ও ধর্ম যে ছইটী স্বতন্ত্র পদার্থ, ইহা তাঁহারা স্বীকার করেন না। ধর্মের ভিত্তি বিশ্বাস, সমাজের ভিত্তি যুক্তি। ধর্ম পরকালের, সমাজ ইহকালের। ধর্মের ভিত্তি বিশ্বাস-স্থিতিশীল; সমাজের ভিত্তি যুক্তি-উন্নজি-শীল. স্থতরাং পরিবর্ত্তন-শীল। ভূযোদর্শনের বৃদ্ধির সহিত যুক্তি-শক্তি দিন দিন অধিকতর পরিমার্জ্জিত হইবে, কিন্তু বিশ্বাস যেখানে থাকিবে দেখানে একই ভাবে থাকিবে। বিশ্বাদের বিষয়-পরলোক ও क्रेश्वत : ছইই অতীক্রিয়, স্থতরাং ভূয়োদর্শনের অধীন নহে। কিন্তু ভূয়োদর্শনই युक्तित्र अधान श्वार्गाम। ভূয়োদর্শন দিন দিন পুষ্টাব্যব হইবে, গ্লভরাং যুক্তি-শক্তিও দিন দিন থরতর হইয়া উঠিবে। যুক্তি-শক্তির প্রথরতার সহিত নামাজিক নিয়ম সকলও দিন দিন পরিবর্ত্তিত হইবে। এই পরি-বর্তন-স্রোত ব্যাহত হইলেই, সমাজ সংক্ষম জলাশয়ের ন্যায় দৃষিত হইয়া যাইবে; স্থতরাং সামাজিক বিপ্লব অনিবার্য্য এবং পদ্ধোদ্ধার ত্ৰশারিহার্য্য হইবে। গ্রাহ্ম-সমাজ সামাজিক ঘটনা সকলকে কঠোর ধর্ম-শাসনের অধীন করিতে গিয়া, এই স্রোতের গতি রুদ্ধ করিজেছেন। ইহার বিপদ তাঁহারা হাতে হাতেই পাইতেছেন ও পাইবেন। ইহার অবশাস্তাবী ফল যে, বছর উপর অল্লের অত্যাচার বা অল্লের উপন্ন বছর व्यक्ताचात-हेटा व्यामता इटे अक्ति जिनाहत्रण बाता त्याहेबा निता वाब आविक्यनाथ ठाकुत यथन धरर्षत महिकु मामाखिक मरकात निनाहेरक

অশ্বীকৃত হন, তথ্ন বাবু কেশবচন্দ্র সেন নব্য ব্রাহ্ম-গণের সহিত তাঁহার মতের ঘোরতর প্রতিবাদ করেন। কেশববাবু বলিলেন 'যাহার কঠে পৰিত্র ঝুলিবে, সে আবার ব্রাহ্ম কিলে? যে অসবর্ণ বিবাহ না করিবে. ट्रिंग विमित्र विभिन्न विश्व कि स्वाप्त অম্পূশ্য ও অব্রাহ্ম। দেবেক্স বাবু ধর্ম-বিষয়ে ব্রাহ্ম বটেন, কিন্তু সামা-জিক বিষয়ে সম্পূর্ণ হিন্দু; স্মতরাং তাঁহাব সহিত কেশববাবুর বনিল না। কেশব বাবু নবা ব্লান্ধ-গণ সঙ্গে করিয়া একটা নৃতন উপাসনা-মন্দির প্রতিষ্ঠাপিত করিলেন, নাম দিলেন কি না, ভারতবর্ষীয় ব্রাহ্ম-मगान। रेशात अर्थ এरे त्य, तित्वस्तार्थ ठीकून ও आिवास्त्रान অবান্ধ, নৃতন বান্ধেবাই প্রকৃত ব্রান্ধ। তাহাদিগের অপরাধ যে, তাহার। সামাজিক বিষয় ধর্মের সহিত মিশ্রিত করিতে চাহেন নাই। কেশব বাবু এই নব্য ব্রাহ্মগণের সাহায্যে ও নিজের অসাধারণ স্পষ্টকরী বৃদ্ধি-বলে নব নব সামাজিক নিখ্য গঠিতে বসিলেন; গঠিষা, তাহা-দিগকে কঠোর ধর্মশাসনের অধীনে আনিলেন। শাসনপত্র বাহির হইল যে, তাঁহার গঠিত সামাজিক নিবন সকল যে লজ্মন করিবে, সে অব্রাহ্ম হইবেও ব্রাহ্ম সমাজ হইতে বৃতিষ্কৃত হইবে। ছুই এক স্থলে ভনিতে পাওয়া যায় যে, এই শাদন অক্ষবে অক্সরে অন্তর্ভিত হইয়াছিল। তিনি একটা নিয়ম কবিয়াছিলেন বে, কন্তা চতুদ্দশ বৎসর ও পাত্ত অষ্ট। দশ বংসরের নিমে বিবাহ কবিতে পানিবে না। এই নিষমের উপর তিনি কঠোর ধর্ম-শাসন সংস্থাপিত কবেন। যে ইহা গ্রহন করিবে. তাছাকে বান্ধ-স্মাজ হইতে বহিষ্ণত কৰা হইবে। কিন্তু মানুষ ঘটনাব দাস—তিনি স্বয়ং আজ সেই নিয়ন লত্যন করিলেন। তাঁহার শিযোৱা ভোঁহার নিকট হইতে দেহেজনাথ ঠাকুব বিষয়ে যে শিক্ষা পাইয়াছিলেন. **নেই শিকাবলে তাঁহাকেও সিংহাসনচ্যত করিলেন। এইরূপে অল্লে**র উপন্ধ বছর যোরতর অত্যাচার অন্তর্ভিত হইল। তিনি লৃতাতন্ত্রর ন্তার নিজ-কৃত জালের অন্তর্নিহিত হইলেন। তিনি যদি এই কঠোর निवमादक रवांत्रजत धर्म-मागरनत व्यतीतन ना व्यानिराजन, ठांश इटेरल, তাহার ব্যক্তিগত স্বাধীনতা ৰজায় থাকিত। তাহার নিজের ক্সার

বিবাহ তিনি দিবেন, তাহাতে অপরের একটা কথাও বলিবার অধিকার থাকিত না। তাঁহার এমন স্থের দিনে আজ্ এমন বিষাদ ঘটিত না। আজ তাঁহার শিষ্যেরা—উন্মন্ত হতী যেমন মাহুতকে পদ-দলিত করে —সেইরূপ তাঁহার অসংখ্য গুণ বিশ্বত হইয়া, কীটের ন্যায়, তাঁহাকে পদ-দলিত করিতে পারিতেন না। তিনি ধর্ম-সিংহাসনে অটল থাকিতে পারিতেন। তাঁহার এই পতনে কাহার নয়ন হইতে না অশ্রুপাত হইবে? তিনি দেশের একটা মন্তক; তাঁহাকে আজ্ সামান্ত কীটেও ভক্ষণ করিতেছে; সামান্ত অজাত-শ্রশ্রু বিদ্যালয়ের ছাত্রেও তাঁহার মন্তকে পদার্পণ করিতেছে। আমরা ব্রাহ্ম নহি—আমরা হিন্দু, তথাপি আমরা তাঁহার ছংখে—তাঁহার অপমানে—সহাত্রভূতি না করিয়া, থাকিতে পারিতেছি না। অলের উপর বছর অত্যাচারে আমাদিগেরও হলম ব্যথিত হইতেছে; কিন্তু এ দোষ কার? এ দোষ তাঁহার নিজেরই; স্থতবাং আমরা কি করিব? উৎপীড়িত মানবের জন্য অশ্রুপাত করা ব্যতীত আমাদিগের আর কি ক্ষমতা আছে?

আর যে বছ এই অলের উপব অত্যাচার করিতেছেন, তাঁহাদিগকে বিলি, তাঁহারা কেশব বাবুর ন্যায় গুরুর বধের দৃষ্টান্ত দেখাইয়া, আপনাদিগের জন্য ভিষিয় শৃঞ্জল প্রস্তুত করিয়া রাখিতেছেন! যে উন্মন্ত তরল মতি যুবকদিগকে তাঁহারা ধর্মোন্সাদে উন্মাদিত করিতেছেন, তাহারা যে, এক সময়ে তাঁহাদিগকেও মত্ত হস্তীর স্থায়, মস্তক হইতে নামাইয়া, পদ-তলে উন্মথিত করিবে না, তাহার প্রমাণ কি ? যে সকল কাঠোর সামাজিক নিয়ম তাঁহারা ঘোরতর ধর্মান্সানের অধীনে আনিতেছেন, তাহা যে, তাঁহারাই সাকল্যে প্রতিপালন করিয়া উঠিতে পারিবেন, তাহার প্রমাণ কি ? কেশব বাবুর ন্যায় ওরূপ গঠিত চরিত্রেপ্ত যথন খালন হইল, তথন তাঁহাদিগেরও যে হইবে না, তাহার প্রমাণ কি ? তাঁহারা কি এক বার ভাবিয়া দেখিতেছেন না যে, তাঁহার দিগেরও এক বার খালন হইলে, যে হন্তিরূপী বছমকে (Majority) তাঁহারা উন্মাদিত করিয়া রাখিলেন, সেইউন্মন্ত হন্ত্রী তথক কাং তাহান

দিগকেও পদ-দলিত করিবে; স্থতরাং অপ্রান্ত নেতা ভিন্ন কেহই অধিক দিন এই সমাজের অধিনেতৃত্ব-পদে অভিষিক্ত থাকিতে পারি-বেন না; কিন্ত জগতে কোন মহয়ই অপ্রান্ত নহে, স্থতরাং কাহারই অধিক দিন এই সমাজের নেতৃত্ব-পদে অভিষিক্ত থাকিবার সন্তাবনা নাই। এইরূপে নেতার পর নেতা বহুত্বরূপী হস্তীর পদ-তলে দলিত হইবে। স্থতরাং এখনও বলি, বর্ত্তমান নেতৃ-বৃন্দ যেন ধর্ম হইতে সামাজিক নিয়ম সকল বিশ্লিষ্ঠ করিয়া, সামাজিক নিয়মতনের সন্তাবনা স্থদ্র-পরাহত করেন এবং ভারতবাসী বান্দদিগের ভাবী উন্নতি ও স্থের পথ পরিশ্বত করিয়া রাখেন। যেন নব-নির্মিত শৃত্বল ভান্দিতে ভবিষ্টেত সার একটা বিপ্লবের প্রেয়াজন না হয়।

ভারতের ভাবী পরিণাম।

~\$~~€\$~\$~

হত-ভাগা ভারত-বাসীর অদৃষ্টে এ ছংখ কত কাল থাকিবে, তাহা কে বলিতে পারে ? আজ্ প্রায় সহস্র বর্ষ হইতে চলিল, দিল্লী-সমরে পৃথুরাজের পরাজয় ও মৃত্যুর মৃহিত ভারতের স্থ্থ-স্থ্যা অস্তমিত হই-য়াছে! মহম্মদ যোরী হইতে লর্ড ফ্লাইব পর্যান্ত অসংখ্য আক্রাস্তা যে ভারত-ক্ষেত্রে আপনাদিগের রণ-নৈপুণ্য ও বৃদ্ধি-কোশল প্রদর্শন করি-য়াছেন—বীরও ও ধ্রতার পরাকান্তা প্রদর্শন করিয়াছেন—বীরও তাছে, সে ভারতের অধিবাসীরা যে এখনও আম্বান্ত বাধনও জীবিত আছে, সে ভারতের অধিবাসীরা যে এখনও আম্বান্ত বাক্-যুদ্ধে প্রহত হইতেছেন, ইহাই আশ্চর্যা! যে ভারতবর্ষীয় আর্য্যেরা এক দিন বীরকর্মেনিনী বিকম্পিত করিয়াছিলেন; বাহাদিগের দর্শন, বাহাদিগের
বিজ্ঞান, বাহাদিগের সাহিত্য—এখনও জগতের বিশ্বরাদ্দীপ্র রহিয়াছে —বেই আর্যান্তার গ্রন্তভিগণ একণে ব্রিটিশ-সিংহের প্রভাবে

কম্পিত-কলেবর ! তাঁহাদিগের তেজ, বীরখ, ধৈর্যা, অধ্যবসায় প্রভৃতি গুণগুলি একে একে সমন্তই অন্তমিত ইইতেছে। জগন্নলাম-ভূজা যে আর্য্য-ললনা এক দিন অসিহস্তে রণক্ষেত্রে অবতীর্ণা হইয়াছিলেন, সেই আর্য্য-ললনা এক্ষণে পুত্র-কন্তাদিগেরও শৌর্য্য-বীর্য্য-প্রকাশের প্রতিকৃল। অস্ত্র-ধারণ, যদ্ধে গমন ও অভাভ তঃসাহসিক কার্য্যে অবতরণ-একণে তাঁহাদিগের গভীর ভীতির কারণ। পুত্র-কন্তা-গণ কোনও চঃসাধ্য-সাধনে প্রবৃত্ত হন, ইহা তাঁহাদিগের একান্ত অনিচ্ছা। যাহা অল্লায়াস-माधा, यादा विश्रम-मञ्जूल नरह, এরূপ নিরীহ কার্যো তাঁহাদিগের সন্তান-সম্ভতি-গণ প্রবুত্ত হয়েন, ইহাই তাহাদিণের আন্তরিক ইচ্ছা। তাঁহাদি-গের ইচ্ছা, তাঁহাদিগের আশীর্কাদ, ফলেও পরিণত হইয়াছে। নিরস্তর মদী-মৰ্দ্দনে, গ্রন্থ-ভারবহনে, জিহবা-সঞ্চালনে ও খেতাঙ্গ-চম্মপাত্মকা-প্রহার-সহনে ভারত-সম্ভতি-গণের এক্ষণে স্থাথ দিনাতিপাত হইতেছে-অভ্যাসক্রমে প্রকৃতি-স্বরূপ হইয়া দাঁড়াইয়াছে। যে আর্য্য-জাতি এক সমষে পরের জ্রকুটী-মাত্রও সহিতে পাবিতেন না, এক্ষণে পরের চরণরেণু সেই আর্য্যজাতির শিরোভূষণ-স্বরূপ হইয়াছে। দাসত্ব, অপমান-একণে তাহাদিগের অঙ্কের আভবণ হইয়া উঠিয়াছে।

এ দিকে যে প্রবল-পরাক্রম মুদলমানেরা এক সময় হস্তিনা-পতি
পূর্বাজের সিংহাসনে আরক হইবা গভীর নিনাদে ভারত প্রতিধ্বনিত
করিয়াছিলেন, বীর-দর্পে হিমালয় হইতে কুমারিকা পর্যান্ত সমস্ত ভারতকে কম্পমান করিয়া তুলিয়াছিলেন,—মোগল, পাঠান প্রভৃতি বিভিন্ন
জাতীয় সেই মুদলমানেরা একে একে দিল্লীর সিংহাসন হইতে বিচ্যুত
হইয়া বিজিত আর্যাদিগের সহিত সম-দশাপন্ন হইলেন। ব্রিটাশ-সিংহের
প্রবল প্রতাপে জেতা ও বিজিত এক সমান হইয়া গেল। বিশ্ববাদ্গী
প্রলন্ধ-কালে যেমন গো-ব্যান্তে ও ভেক সর্পে একত্র বাস করে, সেইরপ
জেতা বিজিত এক্টণে আত্ম-রক্ষায় ব্যাকুল হইয়া এক ভ্রাতৃ-স্ত্রে সম্বন্ধ
হইগাছেন। এক্ষণে রাজনৈতিক সম্বন্ধে হিন্দু ও মুসলমান এক সহাত্মভৃতি-স্ত্রে সম্বন্ধ।

ভারতবাসিগণ মুস্লুমানদিগের জীবীনে ন্যুনা ফুট, নানা ইবলী-

পাইরাছিলেন সত্য; কিন্তু তাঁহারা সে সমস্ত কট, সে সমস্ত যত্ত্রণা এই বলিয়া সহু করিয়াছিলেন যে, তাঁহাদিগের পরিপ্রমের ধন দেশের वाहित्व बाहित्वह ना। ठाँशांनित्वत मत्न थहे नाष्ट्रना हिन त्व, সিংহাদন ব্যতীত ভারতের আর সমস্ত পদই তাঁহাদিগের অধিগম্য। তাঁহারা জানিতেন যে, তাঁহাদিগের বীরবল, তাঁহাদিগের তোদরমন্ধ, তাঁহাদিগের মানসিংহ-দিল্লীখরের স্থিত্ব, মন্ত্রিত্ব ও সেনাপতিত্ব পদ অলক্কত করিয়া রহিয়াছেন। রাজ-সিংহাসনের নিমে ঐ গুলিই সর্ব্বোচ্চ পদ। তাঁহারা জানিতেন, উপযুক্ত হইলে, তাঁহারা যথন সেই সর্ব্বোচ্চ পদেও অধিরোহণ করিতে সক্ষম, তথন অস্তান্ত পদ নিশ্চয়ই তাঁহাদি-পের করতবন্থ। তাঁহারা জানিতেন যে, মুসলমানেরা যতই কেন যথেচ্ছাচারী হউন না, যতই কেন প্রজাশোষক হউন না, তাঁহারা একণে ভারতের অধিবাসী, সহবসতিতে ভারতবাসী আর্য্যদিগের ভ্রাতা: তাঁহাদিগের দেহ ভারতের পঞ্ছতে মিশাইয়া যাইবে—তাঁহাদিগের সম্ভান-সম্ভতি-গণের দেহ ভারতের পঞ্চভূতে গঠিত হইবে—তাঁহাদিগের অতুল সম্পত্তি ভারত-ক্ষেত্রেই ব্যয়িত হইবে। এই আশা—এই সান্ত্রা—ভারতবাসী আর্য্যদিগের নয়ন জল মুছাইয়া দেয়, তাঁহা-দিগের হৃদয়ের বেদনা কথঞ্চিৎ অপনীত করে, এবং অধীনতা-শুল্লন কিঞ্চিৎ মক্থণিত করে। তাঁহারা জানিতেন যে, ভারতকে দরিদ্র করা ভারতের অধিবাসীদিগকে হীনাবস্থায় রাখা, মুসলমানদিগের স্বার্থ-বিরোধী। তাঁহারা জানিতেন যে, মুসলমানদিগের ভারত ভিন্ন অন্ত কোন দেশ ছিল না, যে দেশকে অলক্ষত করা, যে দেশকে অর্থভারে সমুদ্র-জলে নিমগ্ন করা, মুসলমানদিগের প্রাণপণ চেষ্টার বিষয়ীভূত ছইতে পারে। মুদলমানেরা ভারতের ধনে ধনী—ভারতের মানে মানী ভারতের হথে হথী। স্তরাং যে ভারতের ধনে তাঁহারা ধনী, হে ভারতের মানে তাঁহারা মানী, এবং যে ভারতের স্থাথ তাঁহারা স্থাী. সে ভারতকে দর্মবান্ত, অপমানিত ও অস্থািত করার, মুদলমান-দিগের কোন প্রলোভন হইতে পারে না—এই জ্ঞান তলানীয়ন ভারত-. वैश्नी দিখনে কৃথকিৎ সাম্বনা প্রদান করিয়াছিল। এই জন্ম ভারতবাসী

মুদলমানেরা ভারতের অধিবাদীদিগের তওঁ দূর বিষেষের ভাজন হননাই। তাঁহাদিগের রাজ-নীতি, তাঁহাদিগের শাসন-প্রণালী, তাঁহাদিগের বিধি, তাঁহাদিগের ব্যবহার-বিজ্ঞান দ্যিত হইলেও, তাঁহাদিগের
সর্ব্ধ-দোষ-নাশী এক গুল ছিল—তাঁহারা ভারতবাসী ছিলেন। তাঁহাদিগের সর্ব্বস্থ এই দেশেই ছিল। তাঁহাদিগের লুঠন-সংগৃহীত ধন এই
দেশেই ব্যয়িত হইত। তাঁহারাও প্রজা-শোণিতশোষী ছিলেন বটে;
কিন্তু তাঁহারা সেই শোণিতে ভারত-ক্ষেত্রকেই উর্ববা করিতেন; এই
জন্ম প্রজারা বক্ষ চিরিয়া রক্ত দিতেও তত দূর কাত্র হইতেন না।

কিন্তু একণে স্থসভা ইংরাজ-জাতির অধীনে আমাদিগের কি সাম্বনা, কি প্রবোধ ? সত্য, তাঁহাদিগেব লোহ-বন্ধ শতধা বিচ্ছিন্ন ভারতকে ক্রমে পরস্পব-সন্নিকট করিয়া তুলিতেছে; সত্যু, তাঁহাদিগের তড়িৎবার্ত্তাবহ সংবাদ-দানে দূরবিক্ষিপ্ত বন্ধু-বান্ধবদিগের বিচ্ছেদ-ছঃখ কথঞ্ছিং অপনীত করিতেছে; সত্য, তাঁহাদিগের বাষ্পীয় পোত দেশ-দেশান্তরের ও দ্বীপ-দ্বীপান্তরের অধিবাসীদিগের সহিত ভারতের অধি-বাদীদিগের স্থা-ভাব সংস্থাপিত করিতেছে, নানা স্থানের নানা দ্রব্য আনিয়া ভারতের ভোগ-সীমা পরিবর্দ্ধিত করিতেছে; সত্য-তাঁহা-দিগের সাহিত্য, তাঁহাদিগের দর্শন, তাঁহাদিগের বিজ্ঞান, তাঁহাদিগের ইতিহান, তাঁহাদিগের রাজ-নীতি, তাঁহাদিগের সমাজ-নীতি আমা-দিগকে অনেক নৃতন বিষয় শিক্ষা দিয়াছে; সত্য, তাঁহাদিগের প্রচণ্ড গোলক, ভারতকে বিদেশীয় আক্রমণ হইতে রক্ষা করিতেছে; সত্য. তাঁহাদিগের কঠিন দণ্ড-নীতি, তন্তরতা প্রভৃতিকে প্রায় শ্রুতিমাত্র-পর্য্য-বসায়িনী করিয়াছে; সত্য, তাঁহাদিগের শাসন-প্রণালী ভারতে অপুর্ব শুঙ্খলা স্থাপন করিয়াছে; সত্য, তাঁহাদিগের শিল্প ভারতের বিচিত্র শোভা সম্পাদন করিয়াছে: কিন্তু সে সহস্র গুণ এক দোবে নষ্ট হইয়াছে---रेश्वालका विष्मे । विष्मे विष्कृतात अठि विष्मे विष्कृत्व কথনই সহাত্বভূতি হইতে পারে না। ধর্ম ভিন্ন, জাতি ভিন্ন, ভাষা ভিন্ন, দেশ ভিন্ন, বৰ্ণ ভিন্ন, অশন বসন ভিন্ন, বীতি নীতি ভিন্ন, বল বৃদ্ধি ভিন্ন-এরপ জাতির সহিত ভারতবাদীর গ্রহায়ভূতি কত দুর সম্ভব,

জানি না। এরপ বিভিন্ন-প্রকৃতিক জাতিছয়কে পরস্পার সধ্য-প্রে সম্বন্ধ করিবার চেষ্টা প্রশংসনীয় হইলেও, কত দ্র সফল হইবে বলিতে পারি না।

ষেত্ৰীপের প্রতি পরিবার ভারত দারা কোন না কোন প্রকারে উপকৃত হইতেছে। হিমালয় হইতে কুমারিকা এবং দিন্ধ হইতে স্থার বন্ধ-দেশ পর্যান্ত সমস্ত ভারতের প্রত্যেক নগর হইতে প্রতি মানে অসংখ্য মুদ্রা শ্বেত্দীপে প্রেরিত হইতেছে! ভারতের সমস্ত উচ্চ পদই প্রায় খেতপুরুষ কর্তৃক অধিষ্ঠিত রহিয়াছে। ভারতের সবিশেষ লাভ-কর বহির্বাণিজ্য প্রায়ই খেতপুরুষ কর্ত্তক অনুষ্ঠিত হইতেছে! কুদ্র স্টিকা ও সামান্ত দেসলাই হইতে পরিধেয় বস্ত্র পর্যান্ত আমাদিগের সমস্ত গৃহ-সামগ্রীর জন্য আমাদিগকে শ্বেতপুরুষদিগের শ্বেত চরণে প্রতিদিন কোটা কোটা মুদ্রা অঞ্জলি প্রদান করিতেহইতেছে! কত কোটা টাকা ভারত হইতে প্রতি মাদে খেতরীপে যাইতেছে, তাহার मःथा कतिरू आंभारतत पूर्वत क्षत्य विनीर्ग इय ! ভाরতের ভাবী পরিণাম কি হইবে, ভাবিতে গেলে, আমাদিগের বক্ষঃ স্থল নয়ন-জলে ভাসিয়া যায় ৷ ভারত দিন দিন কয়ালাবশিষ্ট হইতেছে ৷ ভার-তের শিল্পীরা অন্নাভাবে তম্ব-ত্যাগ করিতেছে ! ভারতের ক্বকেরা আপনাদিগের পরিশ্রমের ধনে বঞ্চিত হইতেছে ! ভারতের মধ্য-শ্রেণীর লোকেরা দারিদ্রা-ভরে ক্রমে রসা-তলে যাইতেছে। ভারতের উচ্চ-শ্রেণী ইংরাজ-তৃষ্টিবিধানে সমস্ত অর্থ ব্যয় করিয়া ক্রমে কৌপীন-বারী হইতেছে! বোধ হইতেছে, যেন ভারতে প্রলয়-কাল উপস্থিত! বোধ হইতেছে, যেন বিধাতা ভারতের ধ্বংস-বিধানের নিমিত্ত খেতপুক্ষ-দিগকে এ দেশে প্রেরণ করিয়াছেন। যে জাতি ছারা ভারতের এতা-দুশ কুরবস্থা সংঘটিত হইয়াছে, সে জাতির সহিত ভারতের স্থা-ভাব वार्थनीत रहेरलंख, कथन वक्षम्ल इटेरव कि नां, कानि नां।

কি স্থিত্যক জমিদার এক এক স্বাধীন হাজা-স্বরূপ ছিলেন। তাঁহাদিগকে বংশবে বংশবে মুস্কুমান বাজাদিগকে কিছু কিছু কর দিতে হইত

বটে, কিন্তু অভান্ত দকল বিষয়েই জাঁহারা স্বাধীন ছিলেন। তাঁহা-मिरा निरक्त रेमछ छिल, जांशमिरात निरकत विठातालय छिल, তাঁহাদিগের নিজের দত্ত-বিধি ছিল, তাঁহাদিগের নিজের বিধি-ব্যবস্থা-পনের শক্তি ছিল, প্রজাদিগের দেহ প্রাণের উপর তাঁহাদিগের সর্ব্ধ-তোমুখী প্রভূতা ছিল। প্রজারা স্বজাতীয় রাজার অধীনে সহস্র-গুণে অধিকতর সুথী ছিল। এক্ষণে ব্রিটনের প্রচণ্ড শাসনে রাজা প্রজা সকলই ধরহরি কম্পমান। স্বাধীনতার ভাব সকলেরই অন্তর হইতে একেবারে তিরোহিত হইয়াছে। আমরা যে দিকে তাকাই সেই দিকেই ব্রিটনের রুদ্র মূর্ত্তি দেখিতে পাই! বোধ হয়, যেন ভীষণ ব্রিটশ কামান আমাদিগকে লক্ষ্য করিতেছে। বোধ হয়, যেন শাণিত ব্রিটিশ বেয়নেট্ আমাদিগের প্রতি জ্রকুটী করিতেছে! বোধ হয়, যেন আমরা চতুর্দিকে এক প্রাচীর দ্বারা পরিবেষ্টিত রহিয়াছি! যেন শ্বেতপুরুষেরা আমাদিগের সেই প্রকাও কারার প্রহরী নিযুক্ত রহিয়াছেন! আমরা তাঁহাদিগের সেই ভীষণ মূর্ত্তিই সতত দেখিতে পাই। তাঁহাদিগের হৃদয়ে দয়া, স্নেহ, মমতা প্রভৃতি মানবোচিত গুণগুলি আছে কি না, তাহা জানিবার আমাদের বিশেষ উপায় নাই। এরপ জাতির সহিত ভারতের স্থ্য-ভাব সংস্থাপনের চেষ্টায় কিছু ফলোদয় হইবে কি না, বলিতে পারি না।

কুলের অনুপযুক্ত মনে করিয়া তাঁহাদিগের প্রতি পশুবৎ ব্যবহার করিয়া থাকেন। ইহাঁরাই ইংলণ্ডের বিপুল যশে কলঙ্কারোপ করিতেছেন। आमानित्मत त्वर खान, धन मान रेशानित्मत्रे रेख निरिज तरियाहि। ইহাঁরাই আমাদিগের প্রকৃত রাজা-প্রজা-বন্ধু ভক্তি-ভাজন মহারাণী সাক্ষি-গোপাল-মাত্র। ইহাঁদিগেরই দোষে তাঁহার পবিত্র চরিত্রে কলঙ্কারোপ হইতেছে। তাঁহার প্রতি আমাদিগের ভক্তি অচলা; কিন্তু ত্রুথের বিষয়, তাঁহার সহিত আমাদিগের সাক্ষাৎ সম্বন্ধ নাই। ইংলণ্ডের বিশ্বপ্রেমিক মনীযিগণের সহিত্ত আমাদিগের সাক্ষাৎ সম্বন্ধ নাই। আমরা মিল, ফদেট, ব্রাইট, গ্লাডষ্টোন প্রভৃতিকে দেখিতে পাই না; তাঁহাদিগের মামব-প্রেম, তাঁহাদিগের স্বদেশামুরাগ, তাঁহাদের ভারত-হিতৈষিতা আমরা সংবাদ-পত্রে ও পুস্তকাদিতে পাঠ করি মাত্র। কিন্তু তাহাতে কি হইবে ? প্রতিদিন অসংখ্য ভারতবাসী যে এই সকল যথেচ্ছাচারী পাষাণ-হৃদয় শাসনকর্তাদিগের হস্তে ছর্ব্বিষ্ঠ যন্ত্রণা ভোগ করিতেছে, তাহাদিগের তাঁহারা কি করিবেন? রাজচক্তের ত্রবিষ্ঠ কারা-যন্ত্রাণার তাঁহাবা কি করিবেন ? লালচাঁদের অবমান তাঁছারা কেমন করিয়া নিবারণ কবিবেন ৪ নয়ন-তারার নয়নের জল তাঁহারা কেমন করিয়া মুছাইবেন ? কত দহস্ত রাজচন্ত্র, কত সহস্ত সইস, কত সহস্র লালটাদ, কত সহস্র নয়নতারা যে, ভারতের প্রামে গ্রামে, নগরে নগরে প্রতিদিন এরপ অদৃষ্ট ভোগ করিতেছে, তাহাদের জ্ঞ তাঁহারা কি করিতে পারেন ? লক্ষ লক্ষ মুদ্রা ব্যয় করিতে না পারিলে আর তাহাদের ক্রন্দন, তাহাদিগের মৃত্যুশ্যাম রোদন—সেই मानीवीपिरात्र कर्गराहत इटेरव ना। किन्छ छाहात मछावना करे? আর কর্ণগোচর হইলেই বা তাঁহারা কি করিতে পারেন ? পার্লিমা-**रमर्फ ठाँहाता म**ठठहे हीन-वन । शार्लिशात्मर्फेत व्यक्षकाः म मछाहे ভারত বিষয়ে হয় উদাসীন, নয় বিছেষ-পরিপূর্ণ। স্থতরাং ভারতবাধী-দিগের অশ্র-মোচনে তাঁহাদিগের কয়েক জনের সামর্থ্য কি? তাঁহা-দিগের ক্ষেক জন্মর গুণাগুণে ভারতবাসীদিগের স্থ-ছঃখের সম্ভাবনা কি ? ভারতবাসীর স্থা চু.খ প্রধানতঃ ভারতবাসী ইংরাজদিগের শুণাগুণের উপরই নির্ভর করিতেছে। বিশেষতঃ ন্তন কার্য্য-বিধির বিশেষতঃ কাল ম্যাজিট্রেট্রাই ভারতের প্রকৃত রাজা! স্কতরাং ভারতবাসীর স্থথ-ছঃথ সেই ম্যাজিট্রেট্ দিগের গুণাগুণেরই উপর প্রধানতঃ নির্ভর করিতেছে। ইহাঁরা কিরুপ গুণশালী, তাহা আমরা প্রতিদিন স্বচক্ষে দেখিতেছি। প্রতিদিন সংবাদ-পত্র-যোগে তাঁহাদিগের অকুল গুণের বিপুল পরিচয় পাইতেছি। যে ইংরাজ-জাতি সভ্যতাবিষয়ে জগতের আদর্শ-স্থল, স্বাধীনতার অদ্বিতীয় সমর্থক; সেই ইংরাজ-জাতির প্রতি আমাদের বিদেষ-বৃদ্ধি, সেই ইংরাজ-জাতির প্রতি আমাদের ঘণা—এই মহান্মাদিগের জন্মই দিন দিন অধিকতর বলবতী হইতেছে। এই বিদেষ এবং এই ঘণার পরিণাম কি হইবে, ভাবিতে গেলে, আমাদিগের হালর বিকম্পিত হয়! বতদিন এই ঘণা ও বিদেষানল ভারতবাসীদিগের অন্তরে প্রধৃমিত থাকিবে, ততদিন ইংরাজ-জাতির প্রতি ভারতবাসীর মনকে প্রাতি প্রবণ করার চেষ্টা স্বোতের মুথে তৃণ-নিক্ষেপের ন্যাব হইবে, সন্দেহ নাই।

ইংলণ্ডের সাহিত্য, ইংলণ্ডের বিজ্ঞান, ইংলণ্ডের দর্শন এবং ইংলণ্ডের ইতিহাস আমাদিগকে অনেক শিক্ষা দিরাছে সত্য, কিন্তু ভারত-বর্ষীয় শিক্ষা-প্রণালী স্বার্থপরতা, অন্থলারতা ও স্বেচ্ছাচরিতা-দোষে দ্বিত না হইলে, এত দিন আমরা আরও অনেক শিক্ষা করিতে পারিতাম। ভারতবর্ষীর গবর্ণমেণ্ট দিন দিন উচ্চ শিক্ষার বিরোধী হইয়া উঠিতেছেন। ১৮৫৮ খৃটাক্ষে সার চার্ল্স উড্ ভারতবর্ষের শিক্ষা-বিষয়ে বে উৎকৃষ্ট ডেস্প্যাচ্ প্রেরণ করেন, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট এক্ষণে সম্পূর্ণরূপে তাহার অনুসরণ করিতেছেন না। তাঁহারা লোক-সাধা-রণের শিক্ষা-বিধানছলে উচ্চ শিক্ষার পথে অনেক কণ্টক রোপণ। করিতেছেন। লোক-সাধারণের শিক্ষার জন্ত যে উপায় অবলম্বন-ক্ষিতেছেন, তাহা নিতান্ত হাস্যাম্পদ। যে ইতিহাস-পাঠে লোকিক ক্ষিক্তিছের উপর মন্থ্যের সর্বতোম্থী প্রভুতা জন্মে; যে বিজ্ঞান-পাঠে বহিন্ধ্রতের উপর মন্থ্যের সর্বতোম্থী প্রভুতা জন্মে; যে দর্শন-পাঠে অন্তর্জগতের উপর মন্থ্যের শক্তি প্রকৃষ্ণ পরিমাণে পরিবৃদ্ধিত হয়;

যে উচ্চতর অন্ধ-শান্ত্রেক আলোচনায বুদ্ধি-বৃত্তি অতিশয় পরিমার্ক্তিত হ্য ; এবং যে সাহিত্য-পাঠে হৃদ্যেব কোমলতর বৃত্তি সকল তেজস্বিনী হয় :--সে ইতিহাস, সে বিজ্ঞান, সে দর্শন, সে সাহিত্য ও সে উচ্চতর অন্ধ-শাস্ত্রেব আলোচনা হইতে জন সাধাবণ একেবারে বঞ্চিত। সাহি-ত্যের মধ্যে বর্ণ-পরিচয়, অঙ্ক-শাস্ত্রের মধ্যে গণিতের মূলস্ত্র—ভাহা-দিগেব পাঠনাব আদি ও অন্ত। ভাবতেব বিংশতি কোটা অধিবাসীর মধ্যে এক কোটীবও অল্প লোক এইকপ জঘন্য শিক্ষা প্রাপ্ত হইতেছে। অবশিষ্ট উনবিংশ কোটীৰ মধ্যে এক লক্ষ লোকও উচ্চশিক্ষা পাইতেছে কি না, সন্দেহ স্থল। সেই উচ্চ শিক্ষা আবাব একপ জঘন্য প্রণালীতে সম্পাদিত হয় যে, তাহাকে উচ্চশিক্ষা বলিতেও লজ্জা বোধ হয়। যে সকল গ্রন্থ ইংলগ্রীয় সাহিত্য, বিজ্ঞান, দর্শন, ইতিহাস ও অক্ষ-শাস্ত্রেব ভূষণ ব্যায়া প্রিগণিত, তাহার মধ্যে চুই এক থানি ভিন্ন ভারতব্যীয় প্রবেশিকা ও বিশ্ব-বিদ্যালযের অন্তান্ত পরীক্ষায় অসাব পুস্তকের সংখ্যাই অধিক দেখিতে পাওষা যায়। ভাবতব্যীয় স্থাশক্ষিত যুবকেবা একণে আপনাদিগের গুরবস্থা জানিতে পারিবাছেন। তাঁহারা আপনাদিগের প্রাক্ত-তিক স্বত্ব উপলব্ধি কবিতে শিথিবাছেন, তাঁহাবা আপনাদিণেৰ অবস্থার <mark>উৎকর্ষ সাধনে ক্বত-সম্বন্ন হই</mark>যাছেন। তাঁহাবা ইংবাজদিগের **কার্য্যেব** দোষ দেথাইতে শিথিয়াছেন। তাঁহাবা ইংবাজ-পূজা ৰূপ পৌত্তলিকতার মলচ্ছেদ-সাধনে বন্ধ-পবিকব হইযাছেন। সংক্ষেপতঃ তাঁহারা একনে মামুষ হইতে শিথিয়াছেন। এ স্লখ-সমাচাব শ্বেতপুক্ষদিগেব অসঙ্কনীয়। খেতপুরুষেরা ষডযন্ত্র কবিলেন যে, এই গুকতব প তাহাদিগকে প্রকৃত উচ্চশিক্ষা হইতে বঞ্চিত র দিগের চক্ষু ফুটিতে দেওয়া হইবে না! শিকা স্থিত কতিপর শ্বেতপুরুষ অপাব জলধি-পাবে বিপুল অর্থ-ব্যয়ে কতিপয় অসার গ্রন্থ প্রস্ব কা **. कार्डे इ कामन इ**नग्र विश् , क इहेन ! अङ পরতা ও কর্তব্য-জ্ঞান তিরোহিত হইল! সেই অসার গ্রন্থগুলি আপুনারা ক্রয় করিয়া গ্রন্থকার্দিগের উৎসাহ বর্দ্ধন করেন, স্বজাতি-

শক্ষপাতিতানলে আছতি প্রদান করেন, এরূপ রাধ্য নাই। এই জন্ত হতলাগ ভারত-যুবকের উপর সেই গুলির ক্রয়-ভার অর্পিত হইল। গুদ্ধ ইহাতেই নিস্তার নাই—হত-ভাগ্য ভারত-যুবক সেই অসার ত্রমাশি উদরস্থ করিতে আদিষ্ট হইলেন। ভারতবর্ষীয় যুবকের ক্ষীণ মস্তিক এই গুরুভারে প্রপীড়িত হইল, অর্দ্ধাশনে জীর্ণ দেহ ভাঙ্গিয়া পড়িল। বিশ্ব-বিদ্যালয় হইতে একটা অসার কন্ধাল বাহির হইল। শিরোবেদনায় আহ্রি—গৃহিণী-পাড়ায় প্রপীড়িত একটা অকাল-বুদ্ধ বিদ্যালয় হইতে কার্য্য-ক্ষেত্রে অবতারিত হইল। চির-ক্রম, জীর্ণ-কলেবর, অন্ধ-চিন্তায় সমাকুল, নিরুৎসাহ ও দয়ার পাত্র এই ভারত-যুবক হইতে ভারতের কি মঙ্গলের আশা ?

ভারতের বিংশতি কোটা অধিবাসীর মধ্যে দশ কোটীর অধিক স্ত্রী-জাতি। সেই দশাধিক কোটার প্রায় সমস্তই অনকর। যে হুই চারি জন লিখিতে পড়িতে শিখিয়াছে, তাহাদিগেরও কেহই উচ্চ শিক্ষা প্রাপ্ত হয় নাই। অশিক্ষিতা বা অর্দ্ধ-শিক্ষিতা রমণী-কুল যে ভারতের কলঙ্ক, তাহাতে আর সন্দেহ নাই। মানব-কুলের অদ্ধাঙ্গস্বরূপিণী স্ত্রী-জাতির পূর্ণ শিক্ষা বিনা জগতের কোনও গুরুতর মঙ্গল সংসাধিত হইবার যে সম্ভাবনা নাই তাহা বলা বাহুল্যমাত্র। ভারতের ললনা-কুল অশিক্ষিতা বা অৰ্দ্ধ-শিক্ষিতা থাকিতে ভারতের যে কোনও শুভ নাই, তাহা বলা দ্বিরুক্তিমাত্র। চতুর্দিকে অসংখ্য পাঠশালা, অসংখ্য স্কুল ও অনেক কালেজ সংস্থাপিত হইতেছে বটে, কিন্তু সে রমণী-কুলের জক্ত নহে—মানব-কুলের প্রবলতর শাখার জন্ত। আজ্ শতাধিক বৎসর ভারতে সভ্যতাভিমানী ইংরাজ-রাজ্য প্রতিষ্ঠাপিত হইরাছে, তথাপি-লজার কথা—ভারতে আজ পর্যান্ত রমণী-কুলের জন্ম একটীও উচ্চ विमानव প্রতিষ্ঠাপিত হইল না। যে কয়েকটা পাঠ-শালা ও বে করে-🖈 সামার্য স্থল তাহাদিগের জন্ম এতাবং কাল পর্যান্ত প্রতিষ্ঠাপিত হৈছে, তাহা অঙ্গুলিমাত্রে গণনীয়! হারা ভারতের ভাবী বংশধর-গণের জননী, থাঁহারা বর্ত্তমান ভারত-সংস্কারকদিগের হৃদয়ের অধিষ্ঠাত্রী দেবতা, যাহারা ভারতের গহের লন্দ্রী-মরপিণী, যাহারা তঃখ-ভারত প্রাপীড়িত ভারত-বাসীর ত্মসাচ্ছর হানরাকাশের একমাত্র জ্যোৎস্থা— সেই ভারত-ললনার অস্তর অজ্ঞানান্ধকারে আচ্ছর থাকিতে ভারতের কি মঙ্গলের আশা ?

ভারত! আর্য্য-জাতির প্রদীপ্ত প্রতিভার বিলসন-ভূমি! রামভার্গব, কর্ণার্জ্বন, ভীম-ক্ষের বিচিত্রবীর্য্য-প্রদর্শনাঙ্গন! ব্যাসবাল্মীকি ও কালিদাস-ভবভূতির কবিছ-সরোজ-সরোবর! শঙ্করভাঙ্করের ক্রীড়া-স্থল! মহু পরাশর ও বৃদ্ধ চৈতভোর জন্মভূমি!
লীলাবতীর লীলা-স্থল! হুর্গাবতী ঝান্সীর বীরস্ক-রঙ্গভূমি! বেদের
জননি! জগতের আরাধ্য! মানব-কুলের উপদেশক! তোমার
অদৃষ্টে শেষে কি এই ছিল? তোমার ভাবী পরিণামে কি হুইবে, এই
ভাবিয়া, আমাদিগের হৃদ্য আকুল! যে ঘোর হুর্দশা-পদ্ধে তৃমি এক্ষণে
পতিত, তাহা হুইতে তোমায় উদ্ধার করে, এমন লোক কই ?

জননি! আমরা তোমার অল্পে প্রতিপালিত, তোমার শোণিতে পরিপুষ্ট, তোমার মৃত্তিকায় গঠিত, তোমার মলয়-পবনে অন্প্রাণিত, তোমার নির্মাল জলে অভিসিঞ্চিত, তোমার বিশ্বব্যাপী ধবল যশে উজ্জ্ব-লিত-কিন্তু আমরা অক্ষম! সেই অনন্ত উপকারের একটীরও প্রতি-শোধ করিতে অক্ষম। অক্ষম-কিন্তু অকৃতজ্ঞ নহি! সেই অসংখ্য উপকারের প্রতিশোধ করিতে না পারি, তাহার জন্য ক্বতজ্ঞতা প্রকাশে কুঠিত নহি। জননি। সহস্র বৎসরের দাসত্বে আমাদিগের শোণিত শুক্ঞায়, দেহ মৃত্থায়, মন ভগ্নপ্রায়। জননি ! সহস্র বৎসরের দাসত্ত্ব তোমার বিপুল দেহ ঋশান-ভূমিতে পরিণত হইয়াছে। চতুর্দ্দিক্ তোমার অপোগও मञ्जानिएगत कन्मत्न आकृतिछ! ठजूमित्क मकृति शृथिनी, শুগাল কুরুরগণ বিকট শব্দ করিয়া তাহাদিগকে গ্রাস করিতে উদ্যত হইরাছে। এই ঘোর বিপৎ-কালে তাহারা কাহার শরণাপর হইবে ? বাহারই আত্রম গ্রহণ করে, সেই রক্ষক হইয়া, তাহাদিগকে ভক্ষণ करत। इर्कालत প্রতি উৎপীড়ন করা বলবানের স্বধর্ম। युगरानिक প্রতি উৎপীড়ন করে, কাহার সাধ্য ? জননি ! তোমার হর্মল সম্ভতি-গুণের বলাগমের উপায় কি ? কননি ! বছকালব্যাপী দাসতে জীর্ণ

কলেবরে প্রকৃত বলাগমের অনেক বিলম্ব। সে বিলম্ব অসহনীর।
একণে দাসত্ত্বে অবস্থায় বলাগমের উপায় কি ? জননি! তবে আমাদিগের কি কোন আশা নাই ? যেন কোন দেবতা গন্তীরস্বরে আমাদিগের এই প্রশ্নের উত্তরে বলিলেন, "আছে"। কি ?—এই প্রশ্নের
উত্তরে আবার বলিলেন, "একতা ও আত্মত্যাগ।"—ভারতের
উদ্ধার-সাধনের একমাত্র উপায় একতা ও আত্ম-ত্যাগ—ভারতের জীর্ণ
দেহে বল-সঞ্চারের একমাত্র উপায় একতা ও আত্ম-ত্যাগ।

"कृरेनर्श्व नव्यानरेवर्यग्रस्य यत्नस्थिनः।"

ত্তপেরও সমষ্টি দারা মত্ত হস্তী বন্ধন করা যায়। বিংশতি কোটী ভারত-বাসী একতা-বন্ধনে বন্ধ হইলে কাহাকে ভয় ? বিংশতি কোটী ভারত-বাদী স্বদেশের মঙ্গল-সাধন-ব্রতে আত্ম-বিসর্জন কবিলে ভাবতের কি অভাব ? বিংশতি কোটা ভারত-বাসীর নযনের জলেও খেতদ্বীপ সমুদ্র-গর্ভে নিমগ্ন হইতে পারে। বিংশতি কোটা ভারত-বাসীর দীর্ঘ নিশ্বাদেও ভারতের খেত পুরুষ কয়েকটা উড়িয়া যাইতে পারে। সমস্ত ভারত সমবেত হইলে, অস্ত্র-পারণের প্রয়োজন কি ? তুর্জলের মহাস্ত্র ক্রন্দন! আমরা বিংশতি কোটা হুর্বল ভারত-বাসী কাঁদিয়া ইংলণ্ডের উপর জয়-লাভ করিব। আমরা বিংশতি কোটা ভারত-বাসী কাদিয়া ইংলণ্ডের নিকট স্বাধীনতা ভিক্ষা করিব! হিন্দু, মুসলমান,— পারসী, গ্রিহুদী-ফিরিঙ্গী, সাঁওতাল-শিখ, বৌদ্ধ-আমরা সমস্ত ভারত-বাসী একতানে কাদিয়া, ইংলণ্ডের নিকট আমাদিগের প্রক্লতি-সিদ্ধ স্বত্ব ভিক্ষা করিব। আমাদিগের ঐকতানিক ক্রন্দনে ইংলণ্ডের ভারত-সিংহাসন টলিবে! যে জাতি স্বাধীনতাৰ নামে উন্মত্ত: যে कां जि व्याय-श्राधीन जा-तकांत जना तिर थान, धन मान ममस् विमर्द्धन দিতেও উদ্যত: যে জাতির রণতরি অসভ্য আফিক, তাতারদিগেরও দাস্ত্র-মোচনে সতত স্থসজ্জিত,—সেই জাতি যে—সভ্যতার দৈশব-দোৱা—সরস্বতীর জন্ম-ভূমি—ভারতের বিংশতি কোটা অধিবাসীর ক্রন্সনে विषेत्र थाकिरवन, विश्वाप द्य मा ! छात्राच्यत्र.विश्मिक द्यांनी व्यथवार्त्री

যদি প্রত্যেকে স্বাধীনতার মূল্য ব্রিতে শিথেন ; যদি প্রত্যেকে স্বদেশের মঙ্গল-সাধন-ব্রতে জীবন উৎসর্গীকৃত করিতে শিখেন : খদি প্রত্যেকে ভারতের একোনবিংশতি কোটা অধিবাসীকে সোদরোচিত স্নেছ করিতে শিখেন: যদি সকলে জাতি, ধর্মা, স্মাজ ভূলিয়া, এক রাজনৈতিক সম্বন্ধে সম্বন্ধ ইইতে শিখেন; তাহা হইলে, আমাদিগের দুঢ় বিশ্বাস, ইংলগু পুত্র-বৎদল পিতার স্থায় উপযুক্ত সন্তানদিগের হত্তে তাহাদিগের আত্ম-শাসন ও আত্ম-পালন-কার্য্যের ভার অর্পণ করিয়া, এই গুরুতর পালন-কার্য্য হইতে অবস্ত হইবেন ৷ যে দিন ইংলও ভারতের প্রতি এই উদার ও নিরভিদ্দি ব্যবহার করিবেন, সেই দিনই ইংলও ভারত-বাদীদিগের প্রক্লুত ভক্তি ও প্রক্লুত কুতজ্ঞতার আধার হইবেন! সেই দিনই ইংলও ও ভাবত এক সহামুভূতি-স্ত্রে সম্বদ্ধ হইবে ! পরস্পরের তঃখে পরস্পার তঃখী হইবে ! পরস্পারের স্থাপ পরস্পার স্থা হইবে ! পরস্পরের বিপদে পরস্পব প্রাণ্ড দিবে! স্বাধীনতা ও সমতা ব্যতীত দে সহাত্মভূতি ঘটে না। বর্ত্তমান অবস্থায় এক পকে সমতা ও স্বাধীনতার অভাব রহিয়াছে, স্বতরাং এ অবস্থায় সে সহামুদ্ধতি ঘটিবার সম্ভাবনা নাই।

যাহাতে ভারতের বিংশতি কোটী অবিবাসীর প্রত্যেকে স্বাধীনতার মৃল্য বৃক্তিতে শিথেন; যাহাতে ভারতের বিংশতি কোটী অধিবাসীর প্রতেকে স্বদেশের মঙ্গল-সাধন-ব্রতে জীবন উৎসর্গীরুত করিতে শিথেন; যাহাতে ভারতের বিংশতি কোটী অধিবাসী পরস্পরের প্রতি পরস্পার সোদরোচিত মেহ করিতে শিথেন; যাহাতে ভারতের বিংশতি কোটী অধিবাসী জাতি, ধর্ম, সমাজ ভূলিয়া এক রাজনৈতিক সম্বন্ধে সম্বন্ধ হইতে শিথেন; যাহাতে ভারতের বিংশতি কোটী অধিবাসী জাতি, ধর্ম, সমাজ ভূলিয়া এক রাজনৈতিক সম্বন্ধে সম্বন্ধ হইতে শিথেন; যাহাতে ভারতের বিংশতি কোটী অধিবাসী একবাক্যে সাধীনতা-প্রিয় বিটনের নিকটে আত্ম-তঃথ রাজক করিতে শিথেন; সেই সকল গুরুতর উদ্বেশ্য সাধন করিবার নিমিত্ত— স্বন্ধী ভারত-ভূমির প্রতি অসংখ্য উপকারের ক্রত্ত্ততা-চিক্ত স্বরূপ— ১২ই প্রাবণ ব্ধবার কলিকাতা-মহানগরী-স্বিত আল্বার্ট হলে "ভারত-স্বার্ট" বান্ধক ত্রক নৃতন স্যাজনৈতিক সমাজ প্রতিষ্ঠিত হইয়াছে।

এই দিন ভারতের পুনর্জন্ম দিন ৷ এই দিনে সমস্ত ভারতে এক অপুৰ্ব রাজনৈতিক বর্ম প্রতিষ্টাপিত হইল। পারলৌকিক ধর্ম পৃথক হউক, জাতি পৃথক হউক, সমাজ পৃথক হউক, তথাপি এ ধর্মের একতা পরিরক্ষিত হইবে। এ ধর্মে হিন্দু, মুসলমান; বৌদ্ধ, জৈন; সেখর, नित्रीश्वत; नाकात, निताकात; श्रीष्ठान, शिक्त-नकनरे नमान। সকলেই মির্কিরোধে এই ধর্মের আশ্রয় গ্রহণ করিতে পারেন। এই ধর্মে দীক্ষিত হওয়ার কেবল একটীমাত্র নিয়ম আছে-দীক্ষিতদিগের প্রত্যেকেই ভারত-বাসী হওয়া চাই। ইহাতে রাজা, জমিদার, প্রজা প্রভৃতি বিষাক্ত শ্রেণী-বিভাগ নাই। ইহা সাম্যাধাদী।, এই ধর্মই ভারত-সভার মূল-ভিত্তি। এই জন্য ভারত-সভা সকলকেই প্রাতৃ-ভাবে গ্রহণ করিতে প্রস্তুত আছে। ভারতবাসী! হিন্দু, মুদলমান, খীষ্টান, বৌদ্ধ, জৈন, শিখ। আপনারা সকলেই আসিয়া, এই সভায় (यांश मिछेन। (मिय्तिन, ভाরতের স্থ-সূর্যা অচিরাৎ সমুদিত হইবে। বৎসরে বৎসরে ভারতের প্রতি গৃহে যেন এই দিন-উপলক্ষে মহান উৎসব হয়। যেন এই দিনে হিমালয় হইতে সিংহল, এবং সিদ্ধু হইতে স্থদূর ব্রহ্মদেশে ভারতের যশোগান করে! ভারত এক দিন জগতের সভাতা-মার্গের নেতা ছিলেন, এক দিন সমস্ত জগতের শিক্ষক ছিলেন, এক দিন ইহার বীরত্বে মেদিনী বিকম্পিত হইয়াছিল, আবার এমন मिन व्यामित्य-एम मिन वहमूत्रवर्शी नम्र-एय मितन छात्रछ जारांत्र জগতের সভ্যতামার্গের নেতা হইবেন, যে দিনে ভারত আবার সমস্ত জগতের শিক্ষক হইবেন, যে দিনে ভারতের বীরত্ব জগতে পুনর্কার উদেবাবিত হইবে !!। ভারত-সভা। এই গভীর লক্ষ্য-সাধনের ভার তোঁমার অনতি-প্রোঢ় মন্তকে অর্পিত রহিল ! দেখিও, এই গুরুভার-ও এই গভীর বিশ্বাদের অপব্যবহার না কর।

ভারতে হুর্ভিক।

হায়! কি কুদিনে বৈদেশিক চরণ ভারত-বক্ষে অপিতি হয়। সেই দিনেই ভারতবাসীদিগের সৌভাগ্য-সূর্য্য অন্তমিত হইয়াছে। সেই দিন হইতেই ভারতবাসীদিগের ফ্লংথ যন্ত্রণা আরম্ভ হইয়াছে।

"ছিদ্ৰেম্বনৰ্থা বহুলীভবন্তি"

একটী ছিত্র ধরিয়া অনর্থ-রাশি জল-প্লাবনের স্থায় ভারতবর্ষকে প্লাবিত করিতেছে। আজ্ সাইক্লোন্ (ঝড়), আজ্ জল-প্লাবন, আজ্ ছভিক্ষ, আজু মহামারী-এইরপ প্রতিবৎসরেই শুনা যাইতেছে। আমাদিগের প্রাচীন গ্রন্থ সকলে, অম্বন্দেশীয় প্রচলিত জনশ্রতিতে এরপ ধারাবাহিক দৈবী আপৎ-পরম্পরার কোন উল্লেখ দেখিতে পাওয়া যায় না। তাহা যে কখন ঘটিত না এরপে বলিতেছি না, শত বা সহস্র বর্ষে এক আধ বার ঘটিত মাত্র। তাহাও বে রাজ-পাপ বিনা সংঘটিত হইত না, আর্য্যেরা তাহা মুক্তকঠে স্বীকার করিতেন। রাজ্যে কোন প্রকার দৈবী আপৎ উপস্থিত হইলে, তথনকার রাজারা আপনাদিগকে তুরাচার বলিয়া আশস্কা করিতেন। তাঁহোরা ভাবিতেন, অবশ্যই রাজ্যের শাদন-কার্য্যে তাঁহাদিগের কোন-প্রকার ঋলন হইয়া থাকিবে, নতুবা এক্লপ ঘটিবে কেন ? অধিক কি, প্রাক্তিক নিয়মের শুভ্যন-জনিত অকালমৃত্যু প্রভৃতিকেও রাজারা তাঁহাদিগের হঃশাসনের ফল বলিয়া মনে করিতেন। উত্তররামচরিতের এক হলে লিখিত আছে-'ভেতো ন রাজাপচারমন্তরেণ প্রজায়ামকালমৃত্যুক্রতীতি আত্মদোষং নিরূপয়তি করুণাময়ে রামভদ্রে**" অর্থাৎ ব্রাহ্মণ-বালকের অকাল-মৃত্যু ভনিয়া, করুণামর রামচক্র মনে মনে ভাবিতে-ছিলেন বে, রাজদোষ বিনা কথনই এরপ অকাল-মৃত্যু সন্তবে নাই। বস্তুতঃ প্রজাদিগের চুংধ-স্থাের মূল যে রাজা তহিষয়ে আর সন্দেহ । प्रोहे। प्रोक्षा जॉन रहेरच व्यक्तिराज्ञ जार्गिव ख्रु, प्रोको मन व्हरन

প্রজাদিগের ছাথের সীমা নাই। রাজা ভাল হইলে প্রজাদিগকে সর্বপ্রকার দৈবী আপৎ হইতে রক্ষা করিতে পারেন, এরপ আমরা विन ना। তবে आमता विन धहे या, त्रांका जान हरेटन टम खनित অনেক স্থলে পরিহরণ করিতে পারেন। যেখানে নিতান্ত অনিবার্য্য, সেখানে তজ্জনিত প্রজাদিগের হঃথের অনেক উপশমন করিতে পারেন। গবর্ণমেণ্ট ঝটিকা নিবারণ করিতে পারেন না বটে, কিন্তু ঝটিকা-জনিত প্রজাদিগের অশেষ যন্ত্রণা নিবারণ করিতে পারেন। গ্রর্থমেণ্ট উপ-যুক্ত বাঁধ বারা জলপ্লাবনের পরিহরণ করিতে পারেন, এবং যেখানে বাদ-ভক্ত বা জলোচ্ছাদের অসাধারণ উচ্চতানিবন্ধম জলপ্লাবন নিবা-রণে একান্তই অসমর্থ হযেন, সেখানে আন্তরিক চেষ্টা করিলেই জল-প্লাবন-জনিত অনিষ্টের অনেক পরিমাণে নিরাকরণ করিতে পারেন। গবর্ণমেণ্ট উৎকৃষ্ট পয়ঃপ্রণালী-নির্মাণ দারা অনাবৃষ্টি-জনিত ছর্ভিক্ষের পৌন:পুরে আবির্ভাব দুর-প্রদারিত করিতে পারেন; এবং জল-প্রদর্গ-পথ পরিষ্কৃত রাখিয়া ও অন্তান্য বৈজ্ঞানিক উপায় অবলম্বন করিয়া, অনেক পরিমাণে মহামারী নিবারণ করিতে পারেন। যেখানে সেই সেই উপায়ে, সেই সেই দৈবী আপৎ অনিবার্য্য, সেখানে রাজ-কর্মচারীদিগের যত্ত্বে সেই সেই অনিবার্য্য-আপৎ-জনিত প্রজাদিগের অশেষ ছাথের নিরাকরণ হইতে পারে। ইংলিশ গ্রণ্মেণ্ট যে, সেই দকল দৈবী আপৎ-পরম্পরার নিরাকরণে অথবা নিরাকরণ অসম্ভব হইলে তজ্জনিত প্রজাদিগের শোচনীয় হুরবস্থার উপশমনে বিন্দুমাত্রও চেষ্টা করেন না, এ কথা আমরা বলিতে পারি না। তবে আমরা এই বলি যে, ইংলিশ গবর্ণমেণ্ট আমাদিগের ছরদৃষ্টবশতঃ বৈদেশিক গবর্ণমেন্ট; স্বতরাং আন্তরিক ইচ্ছা সত্ত্বেও বৈদেশিক কর্মচারিদিগ্রের স্বার্থপরতাবশতঃ চেষ্টা করিয়াও, ফলে কিছুই করিয়া উঠিতে পারেন না।

কোন বৈদেশিক গবর্ণমেণ্ট যে ইংলিশ গবর্ণমেণ্ট অপেক্ষা ভারতের মকলাকাক্ষী হইবে," তাহা আমরা বিশ্বাস করি না। এই জন্ম আমরা প্ কারমনোবাক্যে প্রার্থনা করি, যত দিন্ আমাদিগকে বৈদেশিক শাস-বের অধীনে থাকিতে হইবে, তত দিন্ধন আমাদিগকৈ জানা কোন। গবর্ণমেণ্টের অধীনে ষাইতে না হয়। আমরা বৈদেশিক পুর্ব্যেশ্টনিচয়ের মধ্যে ইংলিশ গবর্গমেণ্টকেই সর্বশ্রেষ্ঠ গবর্গমেণ্ট বলি।
শ্রুতরাং আমরা বিশেষরূপে তাহারই পক্ষপাতী। কিন্তু তাহা
হইলে কি হইবে? বৈদেশিক শাসনের বিষময় ফল আমাদিগকে ভোগ করিতেই হইবে। বৈদেশিক শাসনের বিষময় ফল কি,
তাহা বর্ণনা করা এ প্রস্তাবের উদ্দেশ্য নহে। তবে কথা তুলিয়া ফ্রই
একটা না বলিয়া ক্লান্ত থাকা অনুচিত বোধে, যথাস্থানে সংক্ষেপে এ
প্রস্তাবের উপযোগী ছই একটা বলা যাইবে।

এক্ষণে দেখা যাউক, ছর্ভিক্ষের কারণ কি ; এবং ছর্ভিক্ষ-নিবারণের উপায়ই বা কি। ছর্ভিক্ষের কারণ কি ? এ প্রশ্নের উত্তরে আমা-দিগকে বলিতে হইবে—খাদ্যাভাবই ছর্ভিক্ষের কারণ অথবা খাদ্যাভা-বই ছর্ভিক। একণে দেখিতে হইবে, খাদ্যাভাব কত প্রকারে ঘটিতে পারে। যে সকল দেশের শ্সাদির উৎপত্তি পর্জনাদেবের দয়ার উপর নির্ভর করে, সে দকল দেশে রৃষ্টি না. হইলেই, শস্তাদি উৎপন্ন হয় না। ভারতবর্ষ নদীমাতৃক দেশ নহে, এজন্ত মধ্যে মধ্যে ইহার স্থানে স্থানে অনাবৃষ্টিনিবন্ধন শ্স্যাদি জন্মে না. এবং তজ্জনিত খাদ্যা-ভাব সংঘটিত হইয়া, সেই সেই প্রদেশে চুর্ভিক্ষ উপস্থিত হয়। আমরা জিজাসা করি, এই হর্ভিকের জন্ম দায়ী কে ? আমরা বলি দৈব ও রাজা। কিন্তু দৈবের প্রতি আমাদের কোন অভিমান ও কোন অনুযোগ চলে না বলিয়া, আমরা রাজ-ফলেই সমস্ত দোষ চাপাইব। হুর্ভিক্ষ ঘটতে না দেওয়া ও ঘটলে তাহার তৎক্ষণাৎ নিরাকরণ করা এ চুইই আনেক পরিমাণে রাজার করায়ত। যাহা তাঁহার করায়ত ও যত্নসাধ্য, তিনি যদি তংসাধনে উপেকা করেন, তাহা হইলে তিনি ধর্মের নিকটে ও সানবজাতির নিকটে পতিত।

্রামরা দেখাইব, গুর্ভিক্ষের অত্যন্তাভাব-সাধন ও উপশ্মন রাজার কর্মারত ও যদসাধ্য কিরপে। ভারতবর্ষ ত কোনা কালেই নদীমাতৃক দ্রেশ নুহে, স্ত্তরাং অনার্টিনিবন্ধন শস্যাদির অত্থপত্তি বা ধ্বংস ত চির কালই চ্নিয়া শাসিতেছে। তথাপ্তি পূর্বেই বা কালেভন্তে কথন ছার্ডিকের নাম প্রত হইত কেন, আর একণই বা বৎসরে বৎসরে ভারতের কোনু মা কোন প্রাদেশ ছর্ভিক-প্রপীড়িত হইতেছে কেন? দেবতারা কি একাণে ভারতের উপর অধিকতর কুপিত হইয়াছেন? তাহা নহে। ইহার অভ্যন্তরে মানব কাবণই নিহিত আছে। ভারতবর্ষের ফ্রায় শদ্যশালী দেশ পৃথিবীতে আর নাই। ইহাতে এত অপর্যাপ্ত শস্য জ্বে যে, এক বংসরের অনাবৃষ্টিতে ও তজ্জনিত অজন্মায় কখন শস্যা-ভাব ও তন্নিবন্ধন হর্ভিক সংঘটিত হইতে পাবে না। পুর্বের অধিবাসী-দিগের আহার যোজনা করিয়াও ইহা এত শস্য সঞ্চয় করিয়া রাখিত বে, উপযুগপরি তিন চারি বংসর অনার্ষ্টি হইলেও, শাস্যাভাব বা তজ্জ-নিত হুর্ভিক্ষ ঘটিতে পারিত না। কিন্তু একণে স্থসভা রাজার অধীনে ষাধীন বাণিজ্যের অতিশয় প্রাত্নভাব হইযাছে। খাদ্য-সঞ্চয় এ সভ্য-তার অহুনোদিত নহে। তোমাব এ বৎসবেব খোরাক চলিতে পাবে, এরপ রাখিয়া তুমি অবশিষ্ট সমস্ত বিক্রমার্থ বিদেশে প্রেরণ কর। বিদেশের থাদ্য-সৌকর্য্য ঘটুক, কিন্তু তুমি আগামী বৎসরে কি খাইবে, তাহা ভাবিও না। আগামী বংসর আসিল, বৃষ্টি হইল না, শস্য জন্মিল না, তুমি রাজার নিকট জিজ্ঞাসা কবিলে "কি থাইব ?" রাজা বলিলেন "তুমি কি থাইবে, তাহার ভাবনা ভাবিতে আমি বাধ্য নহি। তবে তোমা-দিগের সমূহ বিপৎ দেখিতেছি। আচ্ছা। কিঞ্চিৎ সাহায্য করা ষাইবে।" রাজা বস্তাকত চাউল আনিয়া, সেই অগণ্য মানবমগুলীর সম্মুখে ধারণ করিলেন। তাহারা অনাহারের জালায় অস্থির হইয়া তুই চারিটী করিয়া দানা খুঁটিয়া খাইল। আবার ক্রন্দন-রোল উঠিল! আবার গগন বিদারিয়া এই চীৎকাব-ধ্বনি উথিত হইল—''আমরা থাই কি, অনাহারে মরি বে!" অনাহারে অসংখ্য প্রজাব মৃত্যু হইতে আরভ ছইল। তথন রাজকর্মচারীদিগের চৈতন্য হইল। রাজ্ঞীর সিংহাসন হকুম হইল যে, হুর্ভিক্ষ-প্রপীড়িত প্রদেশে পর্যাপ্ত পরিমাণে আন্যানামগ্রী প্রেরিত হয়। রাজ-কোষ হইতে প্রচুর অর্থ প্রদন্ত হইল। कारान कर्दाक रेतरमानिक तिलीक् कर्यातिमित्रत जिनवस इरेन। कर-भिन्दे बार्क्टकत कित्रमध्य तिनीत तिनीत कर्याति तिनिरंगीत श्रीभ धननिर्मा চরিতার্থ করিল। বে বৎকিঞ্চিৎ অবশিষ্ট রহিল, তাহাতে ছর্ভিক্ষ-প্রপী-ড়িত ব্যক্তিদিগের হৃঃধের উপশ্যন হইল না। তাহারাদলে দলে মরিতে লাগিল। উপশ্যন-শিবির সকল তাহাদিগের সমাধি-মন্দির-রূপে পরিণত হইতে লাগিল। গ্রথমেণ্ট ইতিকর্ত্তব্য-বিমৃঢ় হইয়া তাকাইয়া রহিলেন।

প্রতি ছর্ভিক্ষের সময়েই ত এইরূপ প্রহণন অভিনীত হইরা খাকে। ইহার জন্ম দায়ী কে? আমরা বলি রাজা। রাজা ইচ্ছা ও যত্ন করিলে ছর্ভিক্ষের পরিহরণও করিতে পারেন, উপশমনও করিতে পারেন।

স্বাধীন বাণিজ্য ভাল বটে, কিন্তু তাহার নিয়ন্ত্রণ ও নিয়মন একান্ত প্রথাজনীয়। সেই নিয়মনের শক্তি রাজ-হস্তে নিহিত আছে; স্কৃতরাং রাজা যদি তাহার পরিচালন না করেন, এবং সেই পরিচালনাভাবে রাজ্যের যদি কোন অমঙ্গল ঘটে, তাহার জন্ত দায়ী রাজা।

এ স্থলে রাজার কর্ত্তব্য কি, তাহা আমরা বলিতেছি। উদ্বত্ত শশু বিদেশে প্রেরণ করিয়া তাহার বিনিময়ে মুদ্রা বা বৈদেশিক পণ্য আনয়ন করা প্রার্থনীয় বটে, কিন্তু কি পরিমাণ শস্য বিনা বিপদে প্রেরণ করা ঘাইতে পারে, তাহা নির্ণয় করা ও তদতিরিক্ত বিদেশে ঘাইতে না দেওয়া রাজার কর্ত্বা। এই কর্ত্বোর অকরণে রাজার গুরুতর প্রত্যবায় আছে। প্রত্যেক প্রদেশের, প্রত্যেক জেলার লোক-সংখ্যা গ্রহণ করিতে হইবে। প্রত্যেক দেশের প্রত্যেক জেলার লোক-সংখ্যা অমুসারে, তত্তংপ্রদেশের ও তত্তংজেলার খাদ্য-পরিমাণ নির্ণয় করিতে হইবে। সেই পরিমাণ অনুসারে ছই তিন বৎসরের খাদ্য রাখিয়া, অতি-রিক্ত অংশ প্রদেশান্তরে, জেলান্তরে বা দেশান্তরে যাইতে দিতে হইবে। যদি কোন প্রদেশে বা জেলায় শদ্য কম জন্মে, তাহা হইলে অন্ত প্রদেশ ধা জেলা হইতে শ্স্য আনিয়া সেই অভাব পূরণ করিয়া রাখিতে হইবে। যথন রাজা জানিতে পারিবেন যে, ভারতের সমস্ত প্রদেশে সমস্ত জেলায় এই রূপে তুই তিন বৎদরের থাদ্য মজুত হইয়াছে, তথন তিনি অতিরিক্ত শস্য বিদেশে চালিত করিতে অন্তমতি প্রদান করিতে পারেন। এরপ চালানী কার্য্যে ভারতের কোন অমকল না হইয়া বরং সৌভাগ্য-দীমা প্রবিদ্ধিত হইবে; এবং হর্তিঞ্চৈরও পরিহরণ হইবে।

কিন্ত বৈদেশিক বাণিজ্যের প্রীবৃদ্ধি-সাধন বাঁহাদিগের ইষ্ট, ভারতের মকল-সাধন বাঁহাদিগের একমাত্রও প্রধান কল্য নহে, ওাঁহারা যে ভারতের ভাবী অনিষ্ট আশক্ষা করিয়া বৈদেশিক বাণিজ্যের স্বাধীনতা সক্ষোচ করিবেন, এরূপ আশা করা যায় না। এই জন্যই বলিতেছিলাম, বৈদেশিক শাসনের বিষময় ফল আমাদিগকে ভোগ করিতেই হইবে।

অনাবৃষ্টিনিবন্ধন শদ্যের অহুৎপত্তি জন্য তুর্ভিক্ষের সম্ভাবনার পরিহরণ করার ইহাই সর্কোৎকৃষ্ট উপায়। কিন্তু অনার্ষ্টনিবন্ধন শশ্যের অমুৎপত্তি যাহাতে না ঘটে, আমরা পূর্কেই বলিয়াছি, তাহার উৎকৃষ্ট উপায় সর্বত্র পয়ঃ-প্রণালী-নির্মাণ। এইটা ভারতবর্ষে বিশেষ অভাব। ইংরাজ গবর্ণমেণ্ট যে ইহার আবশুকতা বুঝেন না, তাহ। নছে। কিন্তু আমাদিগের তুর্ভাগ্যবশতঃ শ্বেত ইঞ্জিনীয়ারগণের উদরের আয়তন এত বিস্তৃত হইয়াছে যে, সমস্ত ব্রহ্মাণ্ডই তাহার অভ্যন্তরে প্রবেশ করিতে পারে। পায়-প্রণালী-নিশ্মাণের জন্ম গ্রণমেণ্ট যত কেন অর্থবায় করুন না, অধিকাংশই শ্বেত ইঞ্জিনীয়ারদিগের উদরসাৎ ইইবে। অবশিষ্ট অর্থে যাহা সম্পন্ন হইবে, তাহাতে এই গুরুতর অভাবের কণা-মাত্র বিদূরিত হইবে। স্থতরাং পয়ঃ-প্রণালী-নির্মাণ দারা অনার্ষ্টি-নিবন্ধন শদ্যের অন্তৎপত্তি-নিবারণের আশাও স্তুদ্র-পরাহত। যদি আমরা এক টাকার কাজ লইতে পাঁচ টাকা থরচ করিতে পারি, তাহা হইলে, আমাদিগের দে আশা পূর্ণ হইতে পারে। কিন্তু আমরা এত দীন ও চঃস্থ যে, এক টাকা ব্যয় করাই আমাদিগের পক্ষে ছক্ষহ ব্যাপার, পাঁচ টাকার ত কথাই নাই। স্নতরাং ধরিয়া রাখিতে হইবে যে, পয়ঃপ্রণালী-নির্মাণ দারা ছর্ভিক্ষ নিবারণের আমাদিগের কোন वागारे नारे।

এই জন্মই বলিতেছিলাম, বৈদেশিক শাসনের বিষময় ফল আমা-দিগকে ভোগ করিতেই হইবে।

ছভিক্ষের পরিহরণের গ্রহটি উপায় বিবলাম। একণে গৃভিক্ষের
উপশমনের গ্রহ একটা উপায় বলিয়া প্রস্তাবের উপসংভার করিব।

क्रिंद्रक यति व्यक्तानान इत्र, ठार्डी क्य मात्री त्क ? आमामिरशत

মৃতে রাজা। বদি খোর বিপাকের সময়ে রাজা তাহাদিগের প্রাণরক্ষা না করিবেন, তাহা হইলে, রাজার সহিত তাহাদিগের সম্বন্ধ কি ? কি জন্ম তাহারা রাজাকে কর দিবে ? কি জন্মই বা তাহারা স্বাধীনভার বিনিময়ে তাঁহার নিকটে অধীনতা কিনিবে ? প্রজাদিগের প্রাণরক্ষা ব্যবন রাজার কর্ত্তব্য স্থির হইল, তথন দেখা যাউক, ত্রভিক্ষ অনিবার্য্য হইলে, রাজা কি কি উপায়ে তাহার উপশমন করিতে পারেন।

খাদ্যাভাবে ছর্ভিক্ষ উপস্থিত হয়। এক্ষণে সেই অভাব দুর করিলে ত্রভিক্ষের উপশমন হয়। এক্ষণে এই অভাবের দূবীকরণ বণিক-বৃদ্দ দারাও হইতে পারে, গবর্ণমেন্ট দারাও হইতে পারে। বণিকেরা নানা দেশ হইতে থাদ্য আহরণ করিয়া ছভিক্ষ-প্রাপীড়িত দেশে আনয়ন করেন. গবর্ণমেণ্টও ইচ্ছা করিলে তাহ। আনিতে পারেন। উভয়ই যদি দ্রব্যাদি আনিয়া উচ্চ মূল্যে বেচিতে বমেন, অতি অল্প লোককেই ভারতে ক্রেতা পাইবেন। কারণ, অর্থ-প্রাচুর্যা থাকিলে ছভিক্ষেব প্রভাব কথনই অন্তত্ত হয় না। দারিদ্রা চভিক্ষের একটা গৌণ কারণ। এই জন্ত আজ্কাল ভারতে এত গুভিক্ষ। স্বতরাং সে স্থলে বাণিজ্যের স্বাধীন তার যদি কিঞ্চিৎ সঙ্কোচ না ক্লা যায়, যদি দ্রব্যের মূল্য নির্দিষ্ট করিয়া না দেওয়া যায়, তাহা হইলে, দ্রবাদি বিক্রীত হওয়ার কোন আশা পাকে না। এই জন্ম গ্রণ্মেণ্ট নিজেই সংযোজক (Supplier) হউন, আর বণিক-বৃদ্দই সংযোজক হউন, গবর্ণনেণ্টকে একটা সম্ভনতঃ ন্যুন-তম মূল্য নিজিষ্ট করিয়া দিতে হইবে। সম্ভবতঃ ন্যুনতম মূল্য নির্জিষ্ট করিয়া দিলে ক্রেতার সংখ্যা বাড়িবে, মৃত্যু-সংখ্যার হ্রাস হইবে এবং গ্রর্ণমেন্টের স্বন্ধেও অল্লসংখ্যক কাঙ্গালীর ভার পড়িবে। কিন্ত ইংলিশ্ গ্রবর্ণমেন্টের একটা গুরুতর রোগ আছে। লক্ষ লক লোকের প্রাণনাশ হইবে সেও ভাল, তথাপি ইহারা বাণিজ্যের স্বাধীনভার উপর হস্তক্ষেপ किरिदन ना।

ছভিক্ষ-প্রশমনের দিতীম উপায় ছভিক্ষ-প্রশীড়িত প্রদেশে ছভিক্ষের সময় গুরুতররপে পূর্ত্তকার্য্যের অহন্ঠান। যত লোক উপস্থিত হউক্ না কেন. পূর্ব অধনে বা উপযুক্ত বেতনে, তাহাদিগের দারা কাঙ্গ লইলে অনাহার-জনিত মৃত্যু প্রায় ঘটিতে পারে না। অনুপযুক্ত বেতনে বা অর্দ্ধ অশনে তাহাদিগের ছারা ভাল কাজ লওয়া সম্ভব নহে, এবং অধিক দিন তাহাদিগকে জীবিত রাখাও সহজ নহে। লীটন্ ও টেম্পল্ এই অর্দ্ধ-অশন্ নীতি অবলম্বন করিয়া অসংখ্য লোকের প্রাণনাশ করিয়াছেন।

ষাহা হউক্, আমরা আব শুদ্ধ বৈদেশিক গ্রণমেণ্টকে গালি দিয়া দেশহিতৈষিতার পরাকাষ্ঠা দেখাইব না। মাল্রাজ ছভিক্ষের অবস্থা ও সেই ছভিক্ষ উপলক্ষে আমাদিগের কি কর্ত্তব্য —এবং ভবিষ্য ছভিক্ষ সকলের যথাসাধ্য পরিহরণ কবিতেই বা আমাদিগকে কি কি উপার অবলম্বন করিতে হইবে, দিতীয় প্রস্তাবে আমরা সেই সমস্তের আলোচনা করিব।

মাব্রাজ হুর্ভিক্ষ।

- Co- Canonia

আনরা পূর্ব্ব প্রস্তাবে রাজাব উপর অভিমান করিয়। অনেক তিরয়ার করিলাম—অনেক কাঁদিলাম। কিন্তু তাহাতেই আমাদিগের
জাতীয় কর্ত্তর্য পবিসমাপ্ত হইল না। আমাদিগের জানা উচিত যে,
ইংরাজেরা আমাদিগের জেতা অথবা জেতৃত্বাভিমানী। যাঁহাদিগের
মনে জেতৃত্বাভিমান প্রবল বহিয়াছে, তাহারা যে বিজিত দেশের প্রতি
যথোচিত কর্ত্তরা-সাধন—বিজিতদিগের স্থয় তঃখে পূর্ণ সহামুভূতি
প্রকাশ—করিতে পারিবেন, এরূপ আশা করা যায় না। যত দিন
ইংরাজদিগের মন হইতে সেই জেতৃত্বাভিমান অপনীত না হইবে,
যত দিন তাঁহারা আমাদিগকে অসভ্য বিজিত দাসজাতি বিদিয়া ঘণা
করিবেন, তাঁত দিন তাঁহাদিগের কাছে সমতঃথ্বস্থতা আশা করা
বাজুলভাষাত্র। স্বাঞ্চন জাতি তাঁহাদিগের গ্রন্থিকে নিকট বে

স্কৃত্য দাবী দাওয়া করিতে পারেন, আমাদিগের তাহা করিবার মধিকার নাই। আজ্ লর্ড লীটন ও টেম্পান সাহেবের অর্জাশননীতি অবলস্থন করার, মাক্রাজ-ছর্ভিক্ষে পাচ লক্ষ লোকের মৃত্যু হইল। এ সংবাদে
কেন আজ ভারত নীরবে নির্জনে কাঁদিল? ইহার একই উত্তর—
ভারত পরাধীন—ভারত বিজিত।

মান্ত্রাজের ছর্ভিক্ষে সহস্র সহস্র ভ্রাতাভগিনী মরিতে লাগিল, আর আমরা অমানবদনে দেখিতেছি—নির্ভাবনার খাইতেছি। এমন সহ্বদয় ব্যক্তি আমাদিগের মধ্যে এক জন আছেন, বাঁহারা দিনের মধ্যে অস্ততঃ একবারও সেই হতভাগ্য ও হতভাগিনীদের জন্ত ভাবিয়াথাকেন বা এক বিন্দু অক্রজন ফেলেন? ইতিহাসের অতীত ঘটনা ও নবন্তাসের কলনাসন্তুত উপাথ্যান আমরা যেরপ নির্লিপ্ত ও নির্জ্জীব ভাবে পাঠ করি, শাক্রাজের ছর্ভিক্ষ-প্রপীড়িত ব্যক্তিদিগের শোচনীয় অবস্থাও আমরা সেইরূপ ভাবে পাঠ করি। তাহাদিগের ছঃথে আমাদিগের জীবস্ত ও জলস্ত সহাত্রভূতি নাই। তাহা থাকিলে আমরা এরপ নিশ্চিন্ত থাকিতে পারিতাম না; আমরা গবর্ণমেন্টের উপর সমস্ত ভার—সমস্ত দায়িত্ব—চাপাইয়া স্কথে নিদ্রা যাইতে পারিতাম না; আমরা শুদ্ধ গবর্ণমেন্টকের্ গালি দিয়া স্বজাতি-প্রেমের পরাকাঠা দেথাইতে চাহিতাম না। গবর্ণমেন্টের অনবধানে—গবর্ণমেন্টের কর্তব্যের অক্রেণ্ডের অ্বলে—বিদ্ ছিল্ডকের ভীষণ পরিণাম ঘটে, পূর্ব্ধ হইতেই তাহার উপায় স্থির না করিয়া, এরপ নিশ্চন্ত থাকিতে পারিতাম না।

যদি স্বজাতির বিপদে—সহোদর, সহোদরার ছঃথে—আমরা কাতর বা হইলাম, তবে বিজাতিতে—বৈমাত্রের ভ্রাতা ভগিনীতে—কেন তাহাছিগের ছঃথে, তাহাদিগের বিপদে কাতর হইবে ? আমরা সহোদর-ক্রেহের অভাবের জন্ম আপনাদিগকে তিরস্কার করিব না, কিন্তু বিজাতীর্ষদিগের অন্তরে প্রবল মানব-প্রেমের অভাব দেখিলে তাহাদিগকে
তিরস্কার করিব। ক্লামরা রায় বাহাছর, রাজা বাহাছর প্রভৃতি উপাঞ্চি
রাইবার জন্ম লক্ষ লক্ষ টাকা ব্যয়,করিন, কিন্তু লক্ষ লক্ষ প্রতা-ভগিনীর
ভাগরকার্থে ভাহার কিয়্লিংশ । দিতেঃ পারিব না । ক্লোন্ স্মান্ত

লোক মরিলে আমরা তাঁহার স্থতি চিরন্থায়িনী করিবার জ্বন্ত সহস্ত্র মূদ্রা চাঁদা দিতে পারিব, কিন্তু সহস্র সহস্র সহোদর সহোদরার জীবন-রক্ষার্থে তাহাদিগের গ্রাসাচ্ছাদনোপযোগী যৎকিঞ্চিং অর্থ দিতেও কুন্তিত হইব। অতএব আইস, অথ্রে আমরা নিজের দোষ সংশোধন করি। তাহার পর পরকে গালি দিব। অথ্রে আমরা কার্য্যতঃ দেখাই যে, আমরা সমস্ত ভারতবাসী মিলিয়া মাল্রাজের ছর্ভিক্ষ-নিবারণ জন্ত প্রাণ্পণ চেষ্টা করিতেছি, তথন যদি দেখি, গ্রণ্মেন্ট তৎপক্ষে উদাসীন, আমরা গ্রণ্মেন্টের বিরুদ্ধে থভাহস্ত হইব।

একণে এতংসম্বন্ধে কোন কার্য্যে প্রবৃত্ত হওয়ার পূর্নের দেখা যাউক্, মাপ্রাজ-ছর্ভিক্ষের অবস্থা কি। আমরা স্বচক্ষে কিছুই দেখি নাই, স্থতরাং পরোক্ষে যাহা শুনিয়াছি বা পড়িয়াছি, তাহা হইতেই আমা-দিগকে প্রকৃত ঘটনার একটা চিত্র, একটা প্রতিবিম্ব গ্রহণ করিতে হইবে। আমরা পাঠকদিগের গোচরার্থে মান্দ্রাজ-ছভিক্ষ-নিবারণী সভায় দীনবন্ধ মহাত্মা ডিউক্ অব্ বকিম্থাম্ মাক্রাজ-গ্রভিক্ষ-বিষয়ে যাহা বলিয়াছিলেন, তাহার মর্মা নিমে প্রদান করিলাম:- "পূর্ব্বে ষেরূপ অমুমান করা গিয়াছিল, চুর্ভিক্ষ এক্ষণে তাহা অপেক্ষা অন্তত্তর মূর্ত্তি ধারণ করিয়াছে। এরপ মনে করা গিয়াছিল যে, সাময়িক জলবর্ষণে জনদাধারণ এই আক্ষিক বিপৎপাতের হস্ত হইতে মুক্তি লাভ করিবে; এবং যে সকল লোক উপশ্মনকেন্দ্র সকলে সমবেত হইয়াছে, তাহারাও চতুর্দিকে বিক্ষিপ্ত হইবে। কিন্তু বিধাতার ইচ্ছা অন্তরূপ। তাহারা একণে ছভিকের এমন একটা নব কলায় উপনীত হইয়াছে, যাহার প্রতাপ কৃষণ হইতে কুমারিকা পর্যান্ত প্রায় সমস্ত প্রদেশে অরুভূত হইতেছে। তুর্ভিক্ষের যন্ত্রণার পরিসর দিন দিন বর্দ্ধিত হইতেছে। থান্য-সংযোজনা কমিতেছে, গো-মেঘাদি কড়ঙ্গরীয় পালে পালে মরি-তেছে: শদ্য দকল শুকাইয়া যাইতেছে, অধিক কি, এই প্রদেশ দক-लंद कहे रह्मा वारका वर्गना कता अनाधा । आंत्रिमिक कर्मांठातीमित्मत কাৰ্য্য-বিবরণে অবগত হওয়া গিয়াছে যে. এক কোটা অশীতি লক্ষ লোক এই মুর্ভিকে প্রপীড়িত হইয়াছে: তাইাদিগের অবস্থা অতি শোচনীয়ন .

ইহাদিগকে একণে প্রধানতঃ গ্রন্মেন্টের দাতব্যের উপর নির্ভর করিতে হইয়াছে। কইমাটুর, আর্কট ও নীলগিরি প্রভৃতি প্রদেশে অনেক সপ্তাহ ধরিয়া বংসামান্ত শস্য-সংযোজনার উপর নির্ভর করিয়া লোকের প্রাণ-ধারণ করিতে হইমাছিল। এত শস্যের প্রয়োজন যে, ন্মাহা সংগৃহীত হইমা প্রেরিত হয়, তাহা আসিতে না আসিতেই যেন কোথায় চলিয়া যায়। যদিও এক্ষণে দিন দিন শস্যসংযোজনা বাড়ি-তেছে, তথাপি এখনও এত শদ্যের প্রয়োজন বে, ইহাতেও পর্যাপ্ত হইতেছে না। মহীস্থরেরও অবস্থা এত শোচনীয় যে, এখান হইতে শ্দ্য না পাঠাইলে চলিতেছে না। প্রাদেশিক কর্মচারীদিগের কার্য্য-বিবরণে আরও জানা গেল যে, নাক্রাজের কৃষিজীবী প্রজাগণ এই ছর্ভিক্ষে এতদূর ভগ্ন-হৃদয় হইয়াছে যে, তাহারা কৃষিকার্যো সম্পূর্ণরূপে অমনোযোগী হইয়া প্ডিয়াছে। গ্বর্ণনেণ্টের কর্ত্তব্য, এই শোচনীয় অবস্থা যতদূর সাধ্য নিবারণ করা এবং যাহাতে পর্য্যাপ্ত পরিমাণে থাদ্যের সংযোজন ও বিতরণ হয়, তাহার বন্দোবস্ত করা। যদিও এই কার্য্য নিতান্ত লঘু নহে, তথাপি কর্মচারীদিগের যত্নে ও ভারত-বাণিজ্যের গৌরবে, বৎসরের প্রথমার্দ্ধে অতি কটে কথঞ্চিৎ শস্যসংযোজনা করা গিয়াছিল। কিন্তু এক মাদ পূর্ব্বে হঠাৎ দেখা গেল যে, এক সপ্তাহের বই খাদ্যদামগ্রী নাই। শদ্যের মূল্য স্কুতবাং অসম্ভব বাড়িয়া উঠিল। সৌভাগ্যের বিষয় এই যে, এই সংবাদ চতুর্দ্দিকে ব্যাপ্ত হওয়ায় বাঙ্গালা এবং অন্তান্য প্রদেশ হইতে বণিক্দিগের অসাধারণ অধ্যবসায়ে প্রচুর শস্য আসিয়া পড়িল। কিন্তু খাদ্যাভাবই এখানকার প্রজাদিপের এক-মাত্র কষ্ট নহে। আমি একবার প্রদেশের অভ্যন্তরে নির্গত ইইয়া শ্রেথিলাম যে, প্রজাদিণের পরিধানবস্ত্র নাই, চালের থড় দিয়া অনাছারে মরণোকুথ গোমেষাদির উদরপূরণ করা হইয়াছে। এ শোচনীয় দৃত্তে পাৰণিও বিগলিত হয়। গ্ৰৰ্ণমেণ্ট-দাহায্যে ছৰ্ভিক্ষ-প্ৰপীড়িত প্ৰজা-দিগের সমস্ত অভাব পূরণ হওয়া হছর। যে দিকে দৃষ্টপাত করা যায়, কোন থানেই প্রফুলভার চিহ্ন পরিদৃষ্ট হয় না, প্রভ্যুত: সর্বতেই ছঃখ-'ৰম্বণা ও অভাব উপলক্ষিত হয়।' দীন ও দরিত্র প্রজাদিণার তৈজস পাত্র বিত্রীত হইমাছে, তাহাদিগের শেষ আশা—শস্যভাণ্ডার—ফুরাই-রাছে। তাহারা সমীপবর্জী উপশ্মন-শিবিরে আশ্রয় গ্রহণ করিয়াছে। তাহাদিগকে স্ব স্থ গ্রামে রাখিবার কোনপ্রকার প্রলোভন বস্তুই নাই। নৃতন তৈজদ পাত্র, গো-মেবাদি ও অঙ্গাচ্ছাদন ক্রম করিতে এবং ঘরের চাল প্রভৃতি প্রস্তুত করিতে প্রজাদিগের যে ব্যয়ের আন্মোজন, গ্রর্ণমেন্ট হইতে তাহার সমস্ত নির্কাহ হওয়া অসন্তব। এই জন্য আমরা ইংল-জীয় জনসাধারণের নিকটে অর্থ-সাহায্য চাহিতেছি। তাঁহাদের নিকটে ছুর্ভিক্ষের প্রকৃত অবস্থা ও প্রজাদিগের হুঃখ যন্ত্রণা শুদ্ধ ব্যক্ত করিলেও প্রচুর অর্থ-সাহায্য আসিবে। যথন ইংলপ্তের জনসাধারণ শুদ্ধ জানিতে পারিবেন বে, ভারতের বে খণ্ড ছর্ভিকে প্রপীড়িত হইয়াছে, তাহার পরিসর ইংলও অপেকাও অধিকতব, যথন তাঁহারা জানিতে পারিবেন যে, ইংলত্তে, ভীষণতম ছর্ভিক্ষের সমযেও শস্যেব মূল্য যেরূপ বাড়ি-য়াছিল, এথানে শদ্যের মূল্য তাহা অপেক্ষণ্ড অধিকতর দাঁড়াইয়াছে. এবং ভারতেও পূর্বে কথন শস্যের মূল্য এতদূব বাড়ে নাই, তখন সাহায্য আপনিই আসিয়া জুটিবে। বিগত তুর্ভিক্ষের সময়ে বঙ্গদেশে শদ্যের মূল্য যেরূপ বাড়িয়াছিল, মাক্রাজে এ বৎসবে তাহা অপেক্ষা অনেক গুণে অধিক বাড়িয়াছে। সমস্ত মাক্রাজ প্রেসিডেন্সির তিন ভাগের এক ভাগ এই ভীষণ হর্ভিক্ষে প্রপীড়িত হইয়াছে। এই অভাব বিদ্রিত করা মাক্রাজ প্রেসিডেন্সিব সাধ্যাতীত, এই জন্য আমাদিগের অন্যান্য প্রেসিডেন্সির নিকটে সাহায্যপ্রার্থী হইতে হইতেছে।"

আমরা ডিউক্ অব্ বিকিংছমের হাদরবিদারক বক্তার সারমর্ম প্রদান করিলাম; একণে মাজাজের স্বিখ্যাত ডাক্তার কর্নিস বেলারী ও কার্ণুল পর্যাবেক্ষণ করিয়া গবর্ণমেণ্টের নিকটে যে বিবরণ দিয়াছি-লেন, পাঠকদিগের গোচরার্থ তাহার এক স্থানের মর্ম্ম নিম্নে প্রদত্ত হইল:—তিনি প্রজাদিগের সাধারণ অবস্থা দেখিয়া নিতান্ত হুংখিত ও বিশ্মিক হইয়াছেন। তাহারা কল্পানাত্রে পরিণত হইয়াছে, এবং দলে উপশ্মন-শিবিরে বা অনাথ-নিবাসে গ্মন করিতেছে। হার্ভিক্ষের তীষ্ণ্তার এই আরক্তনার্মী। দিন দিন হুভিক্ষের পরিস্কী

বাংড়িতেছে। শুক শস্তের অবস্থা আরও শোচনীর হইতেছে। শীষ্ট যে উপশমন হইবে, তাহারও কোন আশা নাই। প্রজাসাধারণ এথন প্রদেশাস্তরানীত শস্তের উপরই নির্ভর করিতেছে, এবং আগামী জামুয়ারী ও ফেব্রুয়ারী পর্যান্ত তাহাদিগকে এই প্রদেশাস্তরানীত শস্তের উপর নির্ভর করিয়া-থাকিতে হইবে। অদ্যাপি পর্যান্ত পরিমাণে রাই হয় নাই, এবং অচিরাৎ পর্যাপ্ত রাই না হইলে রুই ভূমিতে চামের আশা পরিত্যাগ করিতে হইবে। আগামী পাঁচ ছয় মাস হর্ষহ কই যন্ত্রণা উপস্থিত হইবে। সেই ভীষণ সময়ে ছভিক্ক-প্রপীড়িত ব্যক্তি-দিগকে শমন-সদন হইতে রক্ষা করিবার জনা, গবর্ণমেন্টকে ও জন-দাধারণকে বছপরিকর থাকিতে হইবে।

সিবিল্ এবং মিলিটেরী গেজেটের মাক্রাজ-পত্রপ্রেবক মাক্রাজ-তুর্জিক-বিষয়ে যাহা লিথিয়াছেন, তাহারও মর্ম্ম নিমে প্রদক্ত হইলঃ—

"চতুর্দিকে খুষ্ট উপাসকমণ্ডলী রৃষ্টির জন্য প্রার্থনা আরম্ভ করিয়াছেন, কিন্তু আশ্চর্যোর বিষয় এই যে, তাঁহারা উপাসনায় বর্ত্তমান
ছর্তিক্ষ সম্বন্ধে কোন উল্লেখই করিতেছেন না। অথচ তাঁহারা এই
ছর্তিক্ষের ও এই মহামারীর অভ্যন্তরে উদ্দীপনার যথেষ্ট সামগ্রী
পাইতে পারেন। এই উপাসকমণ্ডলীর স্তোত্তে অদৃশ্য মানবশক্ত
শন্মতানের কথা অনেক শুনা বায়; কিন্তু মানবজাতির প্রত্যক্ষপরিদৃশ্রমান শক্র যে পীড়া, ছর্তিক্ষ, মৃত্যু প্রভৃতি—তাঁহাদিগের স্তোত্তসকলে তাহাদের ত কোন উল্লেখই দেখিতে পাই না।

"উৎকৃষ্ট চাউলের অভাবে ও শস্যের উচ্চমূল্য-নিবন্ধন চতুর্দিকে হাহাকার রব উঠিয়াছে। কোচিন হইতে যে সংবাদ আসিয়াছে, তাহা সাঁতিশয় মর্মোপঘাতী। বেলারইর অবস্থা আরও শোচনীয় এবং ইহা অপেক্ষাও অধিকতর শোচনীয় হইবার সন্তাবনা। সমন্ত মাল্রাজের অবস্থা ইহা অপেক্ষা আরও শোচনীয়তর দাঁড়াইবে। ইহা ভাবিতে গেলেও হাদয় কাটিয়া য়ায়। আমি এক জন উপশমন-কর্ম্বারীর মূথে তনিলাম যে, লোকে অনাহারে এরপ উন্মত্ত ও কাতাকাগুশ্মুয় ইইয়াছে যে, গুই সহল্ল কুলি অকারণে তাঁহাকে আক্রমণ করে। তিনি মতি কঠে তাহাদিগের হস্ত হইতে প্রাণ বাঁচাইয়া আসিয়াছেন, তিনিঁ
বলিলেন 'এক দিন আমি জমণে যাইবার সময়ে দেখিলাম, দাদশ জন
ব্যক্তি মরিয়া পড়িয়া রহিয়াছে। তাহাদিগের মাংসাদি শৃগাল
ক্রুরে ভক্ষণ করিয়াছে, কয়খানি কয়ালমাত্র অবশিষ্ট রহিয়াছে।
কোন কোন স্থলে দেখিতে পাওয়া যায়, শৃগাল ক্রুরে সমাধি-নিহিত
মানবদেহ উত্তোলিত করিয়া ভক্ষণ করিতেছে।' কল্য প্রভূাষে
মাজ্রাজনগরে অস্বারোহণে পরিভ্রমণ করিতে করিতে দেখিলাম,
গ্রবর্ণমেন্ট-প্রাসাদের রেলে পৃষ্ঠ দিয়া একটা কয়াল মরিয়া পড়িয়া
রহিয়াছে।"

এইরূপ অসংখ্য লোমহর্ষণ বিবরণ পাঠ করিয়া আমাদিগের হৃদর কাঁপিয়া উঠিতেছে। আমরা ইতিকর্ত্তব্যবিমৃত হইয়া জড়ের স্থায় অব-স্থিত রহিয়াছি।

আমরা শুনিয়া পরম আহলাদিত হইয়াছিলাম যে, মাক্রাজের ভুজিক উপশ্মিত হইয়াছে। কিন্তু সম্প্রতি মাক্রাজ হইতে প্রত্যাগত আমাদিগের এক জন বন্ধুর নিকট অন্তপ্রকার শুনিয়া শোকে অধীর হইলাম। তিনি ছর্ভিক্ষ-চিকিৎসক নিযুক্ত হইয়া মাল্রাজে গমন করিয়াছিলেন। তিনি স্বচক্ষে দেখিয়া আদিয়াছেন যে, মাক্রাজের ছর্ভিক কিছুমাত্র উপশমিত হয় নাই। যত দূর দৃষ্টি চলে, চতু-দিকেই মৃতদেহ অথবা অদ্ধৃত কঞ্চাল পরিদৃষ্ট হয়। শ্যাগত না হইলে পরিশ্রমের বিনিময় ব্যতীত উপশ্মন-শিবিরে কোনপ্রকার সাহায্য পাইবার আশা নাই। পরিশ্রমের বিনিময়েও যে সাহায্য পাওয়া যায়, তাহাও অতি সামান্য-প্রত্যেক ব্যক্তি ছয় প্রসা পরিমাণে। আমরা, আশ্চর্য্য হইলাম যে টেম্পেল সাহেবের অদ্ধাশন-নীতি অদ্যাপিও পরি-ত্যক্ত হয় নাই। যেথানে চাউল টাকায় আড়াই সের করিয়া, সেথানে ছয় পরসায় এক পোরা পরিমিত চাউলও পাওয়া যায় না। অন্ধ সের চাউ-লের কমে ছই বেলা এক জনের চলিতে পারে না। এতম্ভিম কিছু উপ-লক চাই। স্তরাং ন্যুনতঃ চারি আনার কমে ঐরপ ছর্ভিকের সন্যে এক জনের চলিতে পারে না। গবর্ণমেন্ট অর্দ্ধশিনে মালাজ-

বাঁসীদিগকে কন্ধালাবশিষ্ট করিয়া তুলিয়াছেন। এক্ষণে তাহারা এরপ অবস্থার দাঁড়াইয়াছে যে, ইংলওের অসামান্য বদান্যতাও বুঝি তাহাদিগকে আর রক্ষা করিতে পারিল না। যদি ভারতবর্ষীয় াবর্ণমেন্ট আর ছয় মাস পূর্ব্বে ইংলগুীয় ও ভারতবর্ষীয় জনসাধা-तरभव निकरं जाभनामिरभव जक्रमण जानादेश मादाया-आर्थी চ্ইতেন, তাহা হইলে, মাক্রাজ আজু মরুভূমি হইত না। ইংল্ডীয় জনসাধারণের আলোক-সামাস্ত বদান্যতা ব্রিটিশ গ্রণমেন্ট্রে এই অক্ষা-ননীয় পাপের যথোচিত প্রায়শ্চিত্ত করিতেছে বটে, এবং ভারতবর্ষীয় গবর্ণমেণ্টও পূর্বাকৃত পাপের গুরুতর প্রায়শ্চিত করিতেছেন বটে, কিন্তু তাহাতে ছর্ভিক-প্রপীড়িতদের মতি অন্নই উপকার হইতেছে। আমরা প্রত্যাগত বন্ধুর মুথে শুনিলাম যে, চুর্ভিক্পীড়িতগণ এরূপ অবস্থায় আনীত হইয়াছে যে, কোন দৈবী শক্তির সাহায্য ব্যতীত তাহাদের জীবনরকা কিয়ৎপরিমাণে অসাধ্যসাধন হইয়া উঠিয়াছে। বহু কালের অনশনে বা অর্দ্ধাশনে তাহাদের পাকস্থলী এরপ ক্ষীণ হইয়া পড়িয়াছে যে, শুদ্ধ অন্নও তাহারা জীর্ণ করিতে পারে না। অন্ন পাইতেছে, আর ওলাউঠারোগে আক্রাস্ত হইতেছে। উপশ্মন-শিবিরে এই জন্ম প্রধানতঃ অন্নের কাঁজি বিতরিত হইতেছে। অন্ন জীর্ণ করিতে পারে ना वर्ते, किन्न रेशांपत अब-म्पृश এতদূর वनवर्ती शरेशांष्ट (य, कान পথিক অন্নাহার করিতেছে দেখিলে অসংখ্য তর্ভিক্ষ-প্রসীড়িত আসিয়া তাঁহাকে বেষ্টন করে এবং তাঁহার মুথের গ্রাদ কাড়িয়া লইতে চেষ্টা করে। আমাদিগের মান্ত্রাজ-প্রত্যাগত বন্ধু এক দিন কোন রেলওয়ে ষ্টেশনের সমীপবন্তী বাজারে গমন করিয়া দেখেন যে, তথায় অন্ধ-কাঁকর-মিশ্রিত মোটা চাউল টাকার আড়াই সের করিয়া, কাঁচা লকা ও প্যাঞ্জ-মাত্র রহিয়াছে, আর কিছুই নাই। তিনি সে সকল লইয়াই কথঞিং আহারীয় প্রস্তুত করিয়া আহার করিতে বসিয়াছেন, এমন সময়ে অসংখ্য ছভিক্ষপ্রপীড়িত আসিয়া তাঁহার অরাগারের বারে দণ্ডা-রমান হইল। তাহাদিগের স্বাতরশ্বরে ব্যথিত হইয়া তিনি অন্ন পরি-ত্যাগ করিয়া উঠিলেন, এবং ভূজাবশিষ্ট অন্ন তাহাদিগকে প্রদান করি-

লেন। অমনি তাহাদিগের মধ্যে ঘোরতর সংঘর্ষ উপস্থিত হইল।
সকলেই সেই অয়ের প্রার্থী। পরস্পার সংঘর্ষে সেই তভুলরাশি
ধূলার পতিত হইল। অবশেষে সেই ধূলি-বিমিপ্রিত তভুল সকলেই
এক একটা করিয়া খুঁটিয়া থাইতে লাগিল। আমাদিগের বন্ধু অভুক্ত
ও অনিক্রিত অবস্থায় অতি কপ্তে তথায় রাত্রিযাপন করিয়া প্রভূতে
উঠিয়া দেখিলেন যে, রাত্রিতে যে সকল কল্পাল তাঁহার আহার কাড়িয়
লইতে অগ্রসর হইয়াছিল, তাহারা চিরনিলায় অভিভূত হইয়া ধরায়
পতিত রহিয়াছে। এইরূপ ঘটনা প্রায় প্রতিদিনই তাঁহার নয়নগোচর
হইত। উপশ্মন-শিবিরসকল এত দ্রে দূরে অবস্থিত যে, এই
সকল অর্জমৃত প্রভিক্ষ-পীড়িতগন যে, তথায় হাঁটিয়া গিয়া সাহায়্য লইবে,
তাহার কোন আশা নাই।

এইরূপ ভীষণ অবস্থায় আমাদিগের কি করা কর্ত্তব্য ? ইংলগু অসামান্ত বদান্ততা প্রদর্শন করিয়া জগতে অতুল কীর্ডি ও পরলোকে অক্ষম পুণ্য লাভ করিয়াছেন। ভারতবর্ষীয়েরা সে বদান্যতার এখনও একাংশও দেখাইতে পারেন নাই। কোন খেতাঙ্গের উপাসনার জন্য আছুত হইলে তাঁহারা এত দিন অজল মুদ্রা বর্ষণ করিতেন, সন্দেহ নাই; কিন্তু আজ্ তাঁহারা অসংখ্য লাতা ভগিনীগণকে কালের করাল প্রাস হইতে রক্ষা করিবার জন্ম তাহার শতাংশের একাংশ পরিমাণেও স্বর্থবায় করিতে নিতান্ত কুট্টিত। গবর্ণমেণ্ট যদি এই कार्यात जना जांशामित्वत निक्षे अर्थ-माश्या हाहित्वन, जांश शहेत्न, এত দিনে স্রোতঃসহস্রে চতুর্দিক্ হইতে অর্থরাশি আদিয়া উপস্থিত হইত; কারণ তাহা হইলে তাঁহাদিগের নিশ্ব বিশ্বাস হইত যে, দে অর্থের বিনিময়ে তাঁহারা অবশ্রই রাজা বাহাছর, রায় বাহাইর প্রভৃতি উপাধি ও রাজসন্মান পাইতে পারিবেন। কিন্তু অনা-হুত দ্বানে তাঁহাদিগের সে আশা-পূরণের সম্ভাবনা কোথায় ? আজু দে আশা নাই বলিয়াই ভারত নিশ্চেষ্ঠ, ভারত জড়- , পিঙের স্থায় এই ভীবণ লোমহর্ষণ ব্যাপার স্থিরভাবে দেখিতেছে। রাজসন্মান পাইবার জনা বা গবর্ণসৈন্টের প্রীতিভাজন হইবার জঞ্জ

দ্বিরীর দরবার ও যুবরাজের আগমন-উপলক্ষে প্রতি নগরে প্রতি গ্রামে ও প্রতি গৃহে উৎসবে কত লক্ষ মুদ্রা ব্যয়িত হইয়াছে; কিন্তু আজ্ লক্ষ লক্ষ লাতা-ভগিনী মরিতেছে, আর আজ্ কিনা ভারত নীরব, ভারত নিশ্চেষ্ট!

ভাতা-ভগিনীর মৃত্যুতে সমস্ত তুরক ও সমস্ত কশিয়া গভীর শোকচিত্র ধারণ করিয়াছে; আবাল-বৃদ্ধ-বনিতা কৃষ্ণ পরিছাদেশ পরিধান
করিয়াছে; রমণীরা বদন ভূষণ ও বিলাস-দ্রব্য পরিত্যাগ করিয়াছে;
বীররন্দ অধরে হাস্ত পরিহার করিয়াছেন; সমস্ত উৎসব আনন্দ পরিত্যক্ত হইয়াছে—তথাপি কৃশ্ কৃম্ যুদ্ধে মৃত্যুসংখ্যা অদ্যাপি এক লক্ষ্
অতিক্রম করে নাই। কিন্তু আজ্ সমস্ত মাল্রাজবাসী মৃত বা অর্কমৃত
স্থাবর বা জঙ্গম কন্ধাল—কিন্তু ভারত কি শোক-চিন্তু ধারণ করিয়াছেন ? আমরা হুর্গোৎসবের উৎসাহ ত এবৎসর কিছু ক্ম দেখিতেছি না। সমস্ত ভারতবাসী হুর্গাপূজার উৎসবে মাতিয়া উঠিয়াছেন।
তাহারা যদি এক দিনও মাল্রাজের জন্তা এরপ শোকোনাদ দেখাইতে পারিতেন, তাহা হইলেও ভাবিতাম, ভারতের আশা আছে;
তাহা হইলেও ভাবিতাম, স্বজাতিপ্রেম ও স্বদেশান্ত্রাগের ফ্রান্সও
ভারত-শরীরে অদ্যাপি বিদ্যান আছে। কিন্তু বখন এক অন্ধে এরপ
গুরুতর আঘাত লাগাতেও ভারতের চৈতন্ত হইল না, অঙ্গান্তরে যাতনা
অনুভূত হইল না, তথন আর ভারতের কি আশা ?

ভারতবাসিগণ! এখনও মোহনিদ্রা পরিত্যাগ করুন্। যে শ্বেতাঙ্গ জাতিকে আপনারা বিজেতা বলিয়া অন্তরের সহিত ম্বণা করেন, তাঁহাদিগের উদার দৃষ্টান্তের অনুসরণ করুন। মাল্রাজের সহিত তাঁহাদিগের জেত্বিজিত ভাবে মাত্র সহায়ভূতি। তাহাতেই তাঁহাদিগের বদায়তা সহস্র স্রোতে প্রবাহিত হইয়াছে। যে জাতি শত শত যোজন দ্রে সাগর-পারে অবস্থিত, এবং জাতি-ধর্ম-বর্ণে বিভিন্ন; হইয়াও, বৈদেশিক বিজিতগণের মৃথে এত দ্র কাতর হইতে পারেন, সে জাতি-চরণে আমাদিগের কোটা কোটা নমস্কার। কিন্তু যে জাতি অদ্রে ব্যিহিত, একা মাতুভূমির জোড়ে লালিত, এবং জাতি-ধর্ম-বর্ণে অভিন্ন,

লাতা ভগিনীগণের হৃঃথে ও মরণে উদাসীন—সে জাতি জগতের
হুণার পাত্র, সে জাতির ভার বস্ত্রন্ধরারও অসহ। স্বদেশীয় ল্রাভূগণ ।
বিদ হুরপনের কলঙ্কের অপনরন করার ইচ্ছা থাকে, ভবে আস্ত্রন,
আমরা সমস্ত ভারতবাসী অসংখ্য মাল্রাজবাসী লাতা-ভগিনীদিগের
অনশনের জালা অনুভব করিবার জন্ম অস্ত্রতঃ এক দিনও উপবাস
করি। তাহা হইলে, আমাদিগের অসন্ধৃত্যিত সহানুভূতি উদ্দীপিত
হুইবে এবং সমস্ত ভারতবাসীর এক দিনেরও আহার মাল্রাজে প্রেরিত
হুইয়া অসংখ্য প্রাণীর প্রাণরক্ষা করিবে।

মান্ত্রাজ পরিত্যাগ করিলেও ভারতে প্রায় ১৬ কোটা লোকের বাস। প্রত্যেক ব্যক্তির এক দিনের আহারের মূল্য গড়ে । আনা করিয়া ধরিলেও যোল কোটা লোকের আহারের মূল্য চারি কোটা হয়। চারি কোটা টাকা যদি প্রকৃত প্রস্তাবে উপশ্যনে ব্যয়িত হয, তাহা হইলে, अमःशा প্রাণীর প্রাণ-রকা হইতে পারে। বেতনভুক্ অথগুলু গ্রণ্মেন্টের কন্মাচারীর হস্তে সেই অর্থভার সন্মান্ত না করিয়া যদি কতিপর অবৈতনিক ধৃতত্রত মনীয়ীব হস্তে এই কার্য্যের ভার অর্পণ করা বায়, তাহা হইলেই, প্রকৃত ফল-লাভের সম্ভাবনা। ৫ই বিশাল ভারতক্ষেত্র—বেখানে পারলৌকিক ধর্মের জন্ত অসংখ্য মনীধা সর্যাস অবলম্বন করিতেছেন, অসংখ্য মনীধী অতীত-মানব সাত্মত্যাগ করিতেছেন—সেই বিশাল ভারতক্ষেত্রে কি এমন এক সহস্র মনীয়াও জন্ন ভ-বাহারা ঐহিক ধর্মের জন্ম-স্মাংখ্য ভাতা-ভাগনীর প্রাণরকার জন্ত-মন্ততঃ তিন মাদের জন্য ছভিক্ষ উপ-শমনরূপ পবিত্রতম ও গুরুতম ব্রত গ্রহণ করেন ? শাক্যসিংহ ও চৈতভোর জন্মভূমি কি সন্যাদিশূত হইবে ? একথা বিশ্বাস হয় না ' একথা ভাবিতেও কট হয়।

আর ভারত বিধবাগণ! আপনাদিগের চিরব্রহ্ম হর্যা ব্রতের উদ্যা-পনের এমন স্থযোগ আর কখন ঘটিবে না। আপনারা পুণ্য কার্যাের অনুষ্ঠানের জন্ম কখন অভিভাবকদিগেরও মুখাপেক্ষা করেন না। কাশা, গয়া, জগয়াথ প্রভৃতি শমনের সময় সহস্র সহস্র বা্ধা বিপতি ও মাপনাদিগের গতি-রোধ করিতে দক্ষম হয় না। তীর্থ-পর্য্যটনের জন্ত মাপনারা মৃত্যুমুথে পতিত হইতেও সঙ্কৃতিত হন না। মাল্রাজের ন্তায় তীর্থন্তন আপনাদিগের ভাগ্যে আর কথন জ্টিবেক না। আপনারা বলে দলে চির-সঞ্চিত সম্বল সহ তথায় উপস্থিত হউন্। আপনাদিগের মেহমর করম্পর্শে অসংখ্য বালক বালিকা, অসংখ্য যুবক যুবতী, ও মসংখ্য বৃদ্ধ বৃদ্ধা অন্ধ্রপ্রাণিত হইবে। আপনাদিগের দেবীমূর্ত্তি দেখিয়া চভিক্ষ-পীড়িতদিগের অস্তরে আবার জীবনাশা উদ্দীপিত হইবে। চাহারা যে এক্ষণে শুদ্ধ আহার-প্রার্থী এরূপ নহে, শুদ্রারাও এক্ষণে তাহা দিগের জীবন-রক্ষার প্রধান উপযোগী। যথন বিংশ সহস্র তুর্দ্ধ বমণা আহত তুর্দ্ধ সৈন্তগণেব শুদ্রমার নিমিত্ত সমরক্ষেত্রে গমনে উদ্যুত ইইরাছিলেন, তথন ব্রক্ষার্য্য ও সন্ন্যাসের আদর্শ-ভূমি ভারত-ক্ষেত্রে কি অন্যুন এক সহস্রও ব্রত্ধারিণী পাওয়া ঘাইবে না ? পাওয়া টেবৈ না—আমাদিগের এরূপ বিশ্বাস হয় না। আমাদিগের বিশ্বাস—এই ব্রতের গুরুত্ব তাহাদিগের হদমঙ্গম করাইতে পারিলেই, তাঁহারা সকুতোভারে ইহাতে আত্মসমর্পণ করিবেন।

এইরূপ অসংখ্য ব্রত্থারিণী মনীঘিণী ও অসংখ্য ব্রত্থারী মনীঘী দেশীয় কোষ হত্তে মাল্রাজ-ক্ষেত্রে অবতীর্ণ না হইলে, আর মাল্রাজ চভিক্ষ-উপশমনের কোন আশা নাই। গবর্গমেণ্ট নিজ কর্ম্মচারীদিগের রপোটের উপর বিশ্বাস করিয়া প্রচার করিতেছেন যে, মাল্রাজ-ছভিক্ষ মনেক পরিমাণে উপশমিত হইয়াছে। কিন্তু আমরা বিশ্বস্তম্বত্রে অব গত হইয়াছি বে, ছভিক্ষের কিছুমাত্র উপশমন হয় নাই। উপশমনকেল সকল এত দূরে দূরে অবস্থিত, যে অভ্যন্তর-স্থিত অধিবাসীয়া গো সকলের কোনও সাহায্য পাইতে পারে না। তাহারা অনশনেও দিনা শুর্রায় আপন আপন কুটারে সমাধি-নিহিত হইতেছে। এইরূপে কত লোক মরিতেছে, গবর্গমেণ্টের নিকট তাহার সংবাদ পর্যান্ত আদিতেছে না। উপশমন-কেন্দ্র সকলের মৃত্যু-সংখ্যা লইয়াই প্রায় গবর্গমেণ্ট ছভিক্ষের মৃত্যু-সংখ্যা নির্ণয় করিতেছেন।

আমাদিগের শেভীপিত ব্রত্থারী ও ব্রতথারিণীগণ জাতীয় ভাণ্ডার

হত্তে সেই সকল অভ্যন্তরবাসী ছর্ভিক্ষ-পীড়িতদিগের শুশ্রুষায় নির্ত হউন। যদি তাঁহারা এক শতের মধ্যে এক জনকেও বাঁচাইতে পারেন, তাহা হইলেও, তাঁহাদিগের পুণ্যের ইয়ন্তা নাই।

ভারতবাদী ধনিবৃদ্ধ ! আপনারা গবর্ণমেণ্টের রিপোর্টের উপর
নির্জর করিয়া এরূপ মুম্বু সময়ে নিদ্রিত থাকিবেন না। অক্ষয়
কীর্ত্তি-সঞ্চরের এমন স্থবিধা সহসা পাইবেন না। আপনাদিগের অর্থের
সন্ধায়ের এরূপ স্থযোগ সহসা জ্টিবে না। আপনারা ইংলভেরং ধনিরন্দের অত্যুদার দৃষ্টাস্তের অন্থর্তিন করুন্। আর্য্যনামের গৌরব রক্ষা
করুন্। ভারতের একাঞ্চ রসাতলে বাইতেছে—তাহার উদ্ধার সাধন
করুন্।

ভারত সভা 😹

~ુ~~§

ংগন ভারত-দভা প্রতিষ্টিত হয়, তথন আমরা 'ভারতের ভারী পরিণামে' ইহার ভারী পরিণাম কি হইবে, অগ্রেই বলিয়া দিয়া ছিলাম। অধুনা বিভিন্ন-ধর্মাবলম্বী, ভিন্ন-সমাজ-বন্ধন, অসংখ্য-ভাষাক্ষনশাল ও নানা-পরিচ্ছদ-পরিশোভিত ভারতের মিশ্র অধিবাসির্দেশ পরস্পর-মিলনের একমাত্র উপায় 'ভারত-সভা'। আমরা প্রথম হইতেই ইহার যে গতি নির্দেশ করিয়া দিয়াছিলাম, ইহা ধীর ও নিশ্চিত পদবিক্ষেপে ঠিক সেই গতি-পথে চলিতেছে। মমস্ত ভারতকে একটা কেন্দ্রীভূত রাজনৈতিক সমাজের সহিত গ্রথিত করিতে, ইহা বিবিধ চেষ্টা ও উপায় উদ্ভাবন করিতেছে। ইহার প্রচারকণণ নানা স্থানে গিয়া উদ্দাপনা-বাক্যে তত্রতা অধিবাসির্দক্তে কেন্দ্রীভূত

^{*} The Third Annual Report of the India Association, 1878-79

স্ভার সহিত হত্তবদ্ধ করিতেছেন। সমস্ত ভারত যেন ক্রমে খনীভূত इरेट्टि । कनिकाला, धनाहातान, नारहात, तारत ও मालाज-যেন এক স্ত্রে সম্বন্ধ হইতেছে। এ স্ক্রম্প্র স্ক্রদর্শী ব্যক্তি ভিন্ন এখনও সকলে দেখিতে পাইতেছেন না বটে, কিন্তু কালে যথন ইহা ল্ফুলতর ও বন্ধন-গাঢ়তর হইবে—তথন ইহা সকলেরই দৃষ্টিগোচর হইবে। ভারত-সভা বিলাতের হাউস্ অব্ কমন্দের প্রতিরূপ; এবং ব্রিটিশ ইণ্ডিয়ান সভা হাউস অব্লর্ডের প্রতিরূপ। যখন ইংলণ্ডে পার্লিয়া-মেণ্টের প্রথম সৃষ্টি হয়, তখন হাউদ্ অব্ কমন্দের অন্তিম্ব ছিল না। ইংলণ্ডের রাজারা কোন বিষয়ে কোন প্রামর্শ জিজ্ঞাসা করিতে হইলে, কেবল ব্যারণ্ বা ভূম্যাধিকারিগণকে ডাকিয়া তাঁহাদিগের সহিত পরা-মর্শ করিতেন। লোকসাধারণের প্রতিনিধিগণকে তাঁহারা প্রামর্শ করিবার যোগ্য-পাত্র বলিয়া মনে করিতেন না। কিন্তু প্রকৃতির গতি কে রোধ করিতে পারে ? অসংখ্য লোকের স্থথ-ছঃথের নিয়মন অতি অল্পংখ্যক লোকের হত্তে থাকা অস্বাভাবিক। তাহাতে অবিচার ও পক্ষপাত হইবেই হইবে। অসংখ্য লোকের রক্তশোষণ করিয়া অতি অল্পদংখ্যক ব্যক্তি বা পরিবার অস্বাভাবিকরপে পরিভুষ্ট হইবে এবং সাধারণ লোক অনাহারে জীর্ণ-শীর্ণ-কলেবর হইবে, এইরূপ অবস্থা অধিক দিন চলিতে পারে না। লোকে বহুকাল নিমীলিত নেত্রে থাকিতে পারে না। কুথার জালায় ও অবিচারের কশাঘাতে তাহারা উন্মত্ত-প্রায় হইয়া উঠে। তথন অন্তবিপ্লব অনিবার্য্য। এইরূপ নিরন্তর অন্তর্বিপ্লবে ইংলঞ্ডীয় প্রজাগণ ক্রমেই অপহত প্রাকৃতিক স্বন্ধ সকল পুনঃ প্রাপ্ত হইতেছেন। হাউদ্ অব্ কমন্স টিউডার রাজবংশীয়গণের শমর পদে পদে, অপমানিত ও তিরস্কৃত হইত। সেই হাউস্ অব্ কমন্সই এখন ইংলত্তে সর্কে-সর্কা। এখন ইহার প্রতাপে হাউস্ অব্লর্জন্ কম্পিত-কলেবর। অচিরকাল-মধ্যেই বোধ হয় হাউস্ অব্ লর্ডস্ হাউস্ অব কমনদের কুক্ষিগত হইবে। ,আমেরিকাতে হাউদ্ অব্ কমন্স ও হাউদ অবু লর্ডদ বলিয়া তুইটা স্বতম্ত্র সভা নাই। একটীমাত্র সভা পমস্ত জাতির প্রতিনিধি! ইহাতে সকল শ্রেণীর লোকই সমান ভাবে

বসিয়া স্বদেশের মঙ্গলসাধন ও ব্যবস্থাপন-কার্য্য-সম্পাদন করিয় থাকেন। ' ফান্সের গবর্ণমেণ্টও এই আদর্শে সংগঠিত হইয়াছে। বিশ্বজনীন সাম্যের ভাব সর্ধ-প্রথমে ফ্রান্সেই আবিভূতি হয়। ফ্রান্স হইতে আমেরিকার যাইয়া পরিশোধিত হইয়া আবার বিশুদ্ধ অবস্থায় ফাব্দে প্রত্যাবৃত্ত হইয়াছে। ইংলণ্ডের চিন্তাশীল ব্যক্তিরা জাতীয় গবর্ণমেণ্টকে আমেরিকা ও ফ্রান্সের আদর্শে গঠিত করিতে সমুৎস্থক হইয়াছেন। কতদিনে তাঁহারা যে, কৃতকার্য্য হইবেন, তাহা কেহ বলিতে পারে না। যাহা হউক, যখন সভ্যতায় অধিকতম সমুজ্জল জাতি-সকল বৈষম্যের ভিত্তিভূমি-স্বরূপ ব্যবস্থাপক ও নিয়ামক সভার ঐকতানিকতা সম্পাদন করিয়াছেন বা করিতে কৃতসংকল্ল হইয়াছেন, তথন ভারতবর্ষ সেই পরিত্যক্ত সৌধের উপর রাজনৈতিক প্রাসাদ নির্মাণ করিতে কেন ইচ্ছা করিতেছেন ? যথন বিশ্বজনীন এক-তার নিতাস্ত প্রয়োজন, তথন জমিদারগণ লৌকিক সমাজের সহিত মিলিত হইয়া কার্য্য করিতে স্বীকৃত না হন কেন? দাসগণের মধ্যে আবার ছোট বড় ভেদ কেন? জমিদারগণ ব্রিটিশ ইণ্ডিয়ান সভা নামক একটা স্বতন্ত্র সভা না রাখিয়া ভারতসভার সহিত সম্পূর্ণ মিলিত হইলে, জাতীয় উদ্দীপনাকার্য্য কত শীঘ্র সম্পাদিত হইতে পারে, তাহা বোধ হয়, তাঁহারাও বুঝেন। তবে আর কেন রুখা অভিমান-ভরে এরপ বিচ্ছিন্ন ভাবে কার্য্য করিয়া আপনাদিগের কার্যা-করণশক্তির অপব্যবহার করেন। তাঁহাদিগের অর্থ লোকভান্ত্রিক দলের অধ্যবসায় ও উৎসাহবত্তা একত্র সন্মিলিত হইলে, জাতীয় সমন্বয়-কার্য্য অতি শীঘ্র সম্পাদিত হইতে পারে। ভারতসভার অধ্যবসায় ও উৎসাহ অমিত, কিন্তু ইহার অর্থ নাই। জমিদারসভার অর্থ আছে. কিছ তত দূর উৎসাহ অধাবসায় নাই। এই ছুই একত্র মিলিত হইলে ভারতের আর কি অভাব ? প্রজাগণের সহিত-জনসাধারণের সহিত क्रिमात्रशर्भत প্রতিষ্পিতার তাঁহাদিগের উচ্ছেদ বৈ মঙ্গল নাই। লোকসাধারণ তাঁহাদিগের উক্তেদ-সাধ্ন করিতে পারিবে, কিছ তাঁহারা কথন লোকসাধার্মের উচ্ছেদ-সাধন করিতে প্রারিবেন না।

ভারতসভা সর্বান্তম পোনরটা শাখা প্রতিষ্ঠাপিত করিয়াছেন। তন্মধ্যে বারটা বঙ্গে, ছইটা উত্তর-পশ্চিম-বিভাগে ও একটা পঞ্জাবে। মাল্রাক্ত বােষে এখনও ভারত-সভার অন্তর্ভুক্ত হন নাই। কিন্তু তাঁহারা সকল সাধারণ-বিষয়েই ভারত-সভার সহিত ঐকতানে কার্য্য করিতেছেন। তাঁহাদিগের সহাম্নভূতির অপ্রত্ন নাই। তবে তাঁহারা প্রাদেশিক অভিনানের বশবর্তী হইয়া এখনও মাধ্যমিক সমাজের অধীনতা স্বীকার করিতে কুঠিত হইতেছেন। কিন্তু তাঁহাদিগের জানা উচিত বে, ভারতে পূর্ণ একতা সংস্থাপিত করিতে হইলে, আমাদিগকে সর্বাত্রে কোন মাধ্যমিক সভার অন্তর্ভুক্ত হইতে হইবে। জাতীয় শক্তির কেন্দ্রীকরণ ভিন্ন জাতীয় শৃজ্ঞলা ও একতা সম্ভবপর নয়।

গত বৎসর ভারতসভা কয়টী গুরুতর বিষয়ে হস্তক্ষেপ করিয়া-ছিলেন। বৈদেশিক শাসনের বিষময় ফলে আমরা সর্ব্বপ্রকার উচ্চ পদ হইতে বঞ্চিত। কোন বিভাগেরই শীর্ষস্থানীয় হইতে আমাদিগের কোন অধিকার নাই। যেন বিধাতা আমাদিগকে খেত পুরুষের অধীন ছইয়া থাকিবার নিমিত্তই সৃষ্টি করিয়াছেন। রোম যখন গ্রীদের স্বাধী-নতা হরণ করেন, তথন গ্রীদেরও এইরূপ তুরবস্থা ঘট্যাছিল। গ্রীকেরা বৃদ্ধিমন্তা ও পাণ্ডিত্যে রোমীয়গণ অপেক্ষা সর্কাংশে শ্রেষ্ঠ ছিলেন। তথাপি তাঁহাদিগের প্রতি অতি সামান্ত সামান্য কার্য্যের ভার ক্রস্ত থাকিত মাত্র। আমরা বৃদ্ধিমতা ও পাণ্ডিত্যে ইংরাজাদগের শ্রেষ্ঠ না हरे. स्मिकिं माल बार्या व्यानकरे जांशामिशात महिल खेलियां गिल করিতে সমর্থ। যদি সিবিল্ সার্কিস্ পরীক্ষা ভারতে গৃহীত হইত, यिन देश्ताकनिगरक ভातरा वानिया भतीका निर्छ दहेल, जादा दहेरन, বোধ হয়, তাকুবৃদ্ধি বাঙ্গালী কভেনেণ্টেড সার্বিস্ একচেটিয়া করিলা লইত। বিশাতে পরীক্ষা গৃহীত হওয়ায়, সে সার্বিসের হার অধিকাংশে-রই নিকট ক্ষ হইয়াছিল। ছই চারিজন করিয়া প্রতি বৎসর সার্বি-সের অন্ত যাইতেছিল। তাহারা প্রায় অধিকাংশই দেশীয় বিশ্ববিদ্যালয় স্কল হইতে পুরিকিপ্ত। যাহা হউক, পুর্ব্বে বয়সকাল একবিংশতি বৎসর निर्किष्ट थांकान, जद हरे ठाकि जन कवित्रा श्रीत वश्मन वारेटिहन, ववश

তাহার মধ্যে অনেকেই ক্তকার্য্যও হইতেছিল। কিন্তু এখন বয়সকাল আষ্টাদশ বংসর নির্দিষ্ট হইয়াছে। ইহার অর্থ, ভারতবর্ষীয়দিগকে আর কভেনেন্টেড্ সার্কিদ্দেওয়া হইবে না; কারণ কোন্ অভিভাবক সপ্তদশব্দীয়, একাকী ও অসহায় বালককে সেই দূর দেশে প্রেরণ করিবেন ? স্থতরাং সে দার ভারতবাসিগণের পক্ষে সম্পূর্ণরূপে বদ্ধ হইয়াছে বলিতে হইবে।

স্থিতিশীল গবর্ণমেণ্ট ব্যথিত ভারতবাসিগণকে ভুলাইবার জন্ম একটা উপায় উদ্ভাবন করিলেন। তাঁহার। বলিলেন, "ভারতবাসিগণকে অনেক অর্থ বাষে ও জাতীয় নির্যাতন সহিয়া বিলাত গমন করিতে হয়। লাভের সহিত তুলনায় যে ক্ষতি হ্য, তাহার পূরণ হয় না। অতএব এখন হইতে তাহাদিগকে আর সে কণ্ট লইতে হইবে না। এখন হইতে ভারতে থাকিয়াই তাহারা অভীষ্টলাভ করিবে।" এই কথায় প্রথম প্রথম অনে-কেই ভুলিয়াছিলেন, কিন্তু;ভারতসভা তাহাতে ভুলিবার বন। ভারত-সভা জানিতেন, ইহারই অভ্যন্তরে কোন গৃঢ় সভিসন্ধি প্রচন্ত্র আছে; তাঁহারা জানিতেন যে, আন্দোলনকারিগণের মুখবন্ধ করিবার নিমিত্তই তাঁহার। এই সাময়িক উপায় উদ্ভাবন করিয়াছেন। তাঁহারা জানি-তেন যে, ছুই একটা অযোগ্য পাত্রে সেই উচ্চ কার্য্যভার হাস্ত করিয়া তাহারা অক্ষম হইলে, তাহাদিগের অক্ষমতা লইয়া তাঁহারা বিশেষ আন্দোলন করিবেন এবং প্রমাণ করিতে চেষ্টা করিবেন যে, ভারতবাসী এখনও উচ্চ পদের যোগ্য হয় নাই। এই জন্ম ভারত-সভা প্রথম হইতেই এ প্রস্তাবে অসম্মতি প্রকাশ করিলেন। তাঁহারা অমু-গ্রহ চাহেন না, প্রতিঘন্দিতা চাহেন। কারণ, তাহাদিগের মতে অহ-গ্রহণৰ সৌভাগ্য, জাতীয় অধংপতনের লক্ষণমাত্র। বিজেগ্রী জাতির সহিত প্রতিবন্দিতা-সমরে অবতীর্ণ হইয়া বিজয়ী হইয়া—ভাঁহারা জাতীয় গৌরব রক্ষা করিতে চাহেন। এই জন্ম তাঁহারা স্থিতিশীল গবর্ণমেন্টের বিহুদ্ধে পার্লেমেণ্টে আবেদন করিবার নিমিত্ত এক জন প্রতিনিধি পাঠাইতে कुতमकन्न इन। मकरणरे जातनन, धीनिक्सामा नागस्यादन বোষ সেই প্রতিনিধিত্ব-পদে অভিষিক্ত ইন। প্রতিনিধি পাঠাইতে যে

পিবপুল অর্থব্যর হয়, তাহার জন্য ভারতসভাকে দ্বারে দ্বারে ভিক্ষা করিয়া বেড়াইতে হইয়াছিল। হিমালয় হইতে কুমারিকা, সিলু হইতে ব্রহ্ম-দেশ সমস্ত ভারত একবাক্যে ভারতসভার এই উদ্যোগের অন্থমোদন করেন। ইহার ফল আব কিছু না হউক, ভারতের গ্রন্থন স্থলতর ইয়াছে। ভারত যে একতানে কার্য্য করিতে পারেন, তাহার প্রমাণ হইয়াছে।

ভারত-সভা দ্বিতীয়তঃ মুদ্রাযন্ত্র বিধির বিরুদ্ধে স্বিশেষ আন্দোলন করিয়া উন্নতিশীল দলের অনেক সহায়তা করিয়াছিলেন। স্থিতিশীল দল ভারতে কিরূপ অপ্রিয় হইয়াছিলেন, ভারত-সভা এরপ আন্দোলন না করিলে ইংলণ্ডের নির্বাচকেরা কিছুতেই তাহা জানিতে পারিতেন না; তাহা হইলে, নির্বাচন-কালে তাহাদিগের হৃদয় কোন্ দিকে লীন হইত, কে বলিতে পারে? মুদ্রাযন্ত্র-বিধির ব্যবস্থাপনের পর ভারত-সভা ভারতের গগন বিদারিয়া এইরপ আন্দোলন না করিলে, ইহার পরিশোধন হইত কি না সন্দেহ। তাহা না হইলে সেই কঠোর বিধি কার্য্যে প্র্কু হইয়া দেশ রসাতলে দিত, নাহিত্য-রাজ্য ছার্থার করিত সন্দেহ নাই।

ভারত-সভা আক্গান-মুদ্ধের ব্যয়ভার ভারতের স্বন্ধে গ্রস্ত করা গ্রায়-বিগর্হিত—ইহা প্রতিপন্ন করিয়া পার্লেমেণ্টে আবেদন করেন। ভারত-সভার জন্দনে পার্লেমেণ্টের হ্বদর কাঁদিয়াছে কি না জানি না; তবে অস্ততঃ এই উপকার হইয়াছে বে, সেই মহতী সভার সভ্যেরা এখন জানিতে পারিয়াছেন, ভারতবাসীরা অস্তরের হৃঃথ সাহস করিয়া প্রকাশ করিতে শিথিয়াছে। সম্মুথে কাতরম্বরে কাঁদিলে অতি পায়াণহদয়ও বিগলিত হয়। এক বার ছই বার তিন বার—সে ক্রন্দন উপেক্ষা করিতে পারে, কিন্তু চতুর্থ বারে সে ক্রন্দন না শুনিয়া আর থাকিতে পারে না। স্ক্তরাং এইরূপ বারবার ক্রন্দন করিতে করিতে আমরা এক দিন নিশ্চয়ই সিদ্ধকাম হইব।

আমরা, বোধ হয়, অনেকেই জানি, আমাদের লজ্জানিবারণের মত ইংরাজেরঃ আমাদিগের দৈশ হইতে তুলা লইয়া গিয়া কাপড়

বুনিয়া আমাদিগের জন্ম ভারতে আনিয়া থাকেন। ইংরাজেরা আমা-निगरक कां भ ना मितन, आमानिगरक छनक थाकिरा इहेरव, हेरा অপেক্ষা আমাদিগের লজ্জার বিষয় আর কি কিছু আছে ? জাতীয় অধ্পতনের ইহা অপেক্ষা অধিকতর প্রমাণ আর কি হইতে পারে? কিম্ব অপ্রির হইলেও ইহা অকাট্য সত্য যে, আমরা এ বিষয়ে অতি অসভ্য জাতিরও অধম। ইংরাজেরা কলে কাপড় বুনিতে পারেন বলিয়া আমাদিগের তন্তবায়গণ অপেক্ষা অনেক সস্তায় কাপড় দিতে পারেন। এই জন্মই আমাদিগের তন্তবায়কুল ক্রমেই নির্মাণ হইয়া যাইতেছে। ভারতের তম্ভবায়কুলকে রক্ষা করিবার জন্ম একটা (Protection. Duty) সংস্থাপিত হয়। ভারত হইতে ম্যানচে প্রারে যত তুলা যায়, তাহার উপর কিঞ্চিং অধিক পরিমাণে ওক ধার্য্য করিলে বিলাতী কাপড়ের দর চড়িয়া যাইতে পারে, তাহা হইলেই দেশীয় কাপড় পূর্ব্বাপেক্ষা কিছু অধিক কাটিতে পারে, স্কুতরাং ভারতের তন্ত্রবায়-কুল একেবারে নিশাল হয় না, এবং রাজস্বেরও বিশেষ বৃদ্ধি হয়। এইরূপ মঙ্গত উপায়ে রাজস্ব-বৃদ্ধি হইলে প্রজাদিগের প্রতি অযথা কর-স্থাপনের প্রয়োজন হয় না। কোন চুর্বল জাতিকে ধ্বংস হইতে রক্ষা করিবার জন্ম স্বাধীন বাণিজ্যের গতি-রোধ করিয়া বহিবাণিজ্যের উপর যে করস্থাপন করা হয়, তাহারই নাম রক্ষাকর। যেমন কোন পাল-ওয়ানের সহিত মল্লগুদ্ধে তুকলের প্রাণসংশয়, সেইরূপ অতি উন্নতিশীল জাতিব সহিত স্বাধীন বাণিজ্যের প্রতিবন্দিতায় ভারতের মত হর্মণ জাতির প্রাণধ্বংসের সম্ভাবনা। এই জন্ম রক্ষাকর আমাদিগের পক্ষে একান্ত প্রয়োজনীয়। লর্ড নর্থক্রকের সময়ে স্যালিস বরী যথন রক্ষা-কব উঠাইয়া দিবার জন্ম বদ্ধপরিকর হন, তথন সেই সহ্বদয় গবর্ণর জেনেরল ভারতের ভাবী তঃথ অনিবার্য্য ভাবিয়া নিজের কর্ত্তব্য বুদ্ধিক প্ররোচনায় অসময়ে নিজের কার্য্য হইতে অবস্ত হন। যে ব্যক্তি সেই চুরুহ কার্য্য কার্য্যে পরিণত করিতে সক্ষম, ভাহারই হত্তে ভার-তের ত্রিশ কোটা অধিবাসীর অদৃষ্ট সমর্পিত হইল। সক্লেই জানেন, **এই नृगःम कार्या वर्ड वीर्धेन आर्मिया এक मित्न मन्पन्न कतित्विन।**

এই রক্ষাকর ভারতে পুনঃ-প্রতিষ্ঠাপিত করিবার জন্ম ভারত-সভা শোর্লেমেন্টে আবেদন করেন। ইহারও ফল অব্যবহিত কিছু না হউক, ব্যবহিত কিছু আছেই সন্দেহ নাই।

সমাপ্ত ।